

শ্রীশ্রীবাাসাবতার মহাকার

りとどの気をいり

# প্রীল রুক্রাবনদাস-চার্কুর-বির্চিত্র

আদি, মধা ও অন্ত্যথ 🖫 পী

হাওচা, **বাম**ককপুর ানবাস

### শ্রীষ্ঠরিচরণ মলিক দারা প্রকাশিত্র

- Marie

কালকাতা

৮ ন জ্যাকশন োন আইটাবিশ প্রিকিট প্রাক্ষ বজ্ঞে শ্রীনন্দলাল দত দ্বাবা মুদ্রিত।

সন ১৩০৫ সাল।

भूला ১ , छोका बाख



পরমারাধ্য পরমপূজণীয় পূজ্যপাদ শ্রীল' শ্রীযুক্ত নবদ্বীপচক্রবিদ্যারত্ন গোস্বামি ভট্টাচার্য্য প্রভূজীউর শ্রীচরণসরসীরুহ্রাজেয়ু।

#### अक्टमव!

কলিযুগের 'বেদব্যাস' শ্রীশ্রীচৈতন্যভাগবত প্রণেতা শ্রীলবুন্দাবনদাস-ঠাকুর বিরচিত "শ্রীশ্রীনিত্যানন্দচরিতামৃতগ্রন্থ" আপনার কুপাতেই আপনার দাসভক্তের দ্বারায় এতদিনে মুদ্রিত হইয়া সাধারণে প্রকাশিত হইল।

এই প্রস্থগত রসবোধে আপনিই প্রবীণ, গৌরপ্রেমার্ণবে সতত মগ্ন, পতিতেরে বড় স্মেহ এবং মাদৃশ পাতকীজনে সর্বদা এই উপদেশ দিয়া থাকেন—

"ভঙ্ক সবে শ্রীগোরাঙ্গ, কহ সবে শ্রীগোরাঙ্গ, লহ সবে শ্রীগোরাঞ্জের নাম।

গোর বিনা গতি নাই,

দৃঢ় করি ভজ তাই,

জপ জপ ইহা অবিরাম॥"

সেইহেতু, আপনার শ্রীকরকমলে ইহা ভক্তিভাবে প্রদত্ত হইল, সাদর-গ্রহণেই দাস কৃত-কৃতার্থ হইবে।



ভবদীয় সেবকান্মসেবক দাসভক্ত শ্রীহরিচরণ মল্লিক।



#### শীশ্রীগোরাঙ্গস্থনরো জয়তিতমাম্



এই উপাদের বৈষ্ণবগ্রন্থে কলিযুদ্ধের বৈষ্ণরাদি ক্রিকৈতি ছাভাগবত প্রণেতা শীল রন্দাবনদাস চাকুর বিরচিত কলিপাবনাবতার শীমনিত্যানন্দ প্রভুর চরিত্র সংগৃহীত ও প্রকাশিত হইল।
"বড় গঢ় নিত্যানন্দ এই অবতারে।

চৈতন্ত জানান্ যাবে সে জানিতে পারে ॥" চৈঃ ভাঃ

ইহা যে বৈষ্ণবসগুলীর আদরণীয় হইবে তাহা বলা বাহুল্য কারণ শ্রীশ্রীচৈতন্মচরিতামতে প্রকাশ আছে যে—

> "কৃষ্ণলীলা ভাগবতে কহে বেদব্যাস। চৈতন্মলীলার ব্যাস বৃন্দাবনদাস॥ মনুষ্যে রচিতে নারে ঐছে গ্রন্থ ধন্য। বৃন্দাবনদাসমুখে বক্তা শ্রীচৈতন্যা॥"

আর ও 'কবিকর্ণপূর ' গৌরগণোদ্দেশে বর্ণন করিয়াছেন,—

"বেদব্যাসে। য এবাসীদ্দাসরন্দাবনোহধুনা।

সুখা যঃ কুস্তুমাপীডঃ কার্যাত্ত্বং সুমাবিশ্র ॥''

যিনি দ্বাপরে বেদব্যাস ছিলেন, তিনি এক্সনে কলিতে 'দাস রুন্দাবন' হইয়া অবতীর্ণ হন। আবার যিনি ব্রজের কুস্থমাপীড় কুশ্বস্থা, তিনি কার্য্যবশত রুন্দাবনদাস ঠাকুরে প্রবেশ করিয়া ছিলেন। এতাবং ইহা মূদ্রিত হইয়া প্রকাশিত না হওয়ায় আমার প্রমাত্মীয় ভাগবতোত্তম্ শ্রীযুক্ত বাবু অমৃত লাল পাইন উকীল মহাশয়ের উৎসাহে ইহার সঙ্কলণ ও বৈষ্ণবমগুলীর পাঠোপযোগী করিয়া মুদ্রিত হইল।

পরিশের্ষ প্রিয় বৈষ্ণবমগুলী সমীপে সামুনয় প্রার্থনা যে, এই গ্রন্থ পাঠে যদি তাঁহাদের কথঞ্চিৎ আনন্দ উপলব্ধি হয় তাহা হইলেই প্রম ও ব্যয় সফল জ্ঞান করিব। ইতি—

হাওড়া, রামকৃষ্ণপুর. । ১৫ই জৈচি ১৩০৯ সাল।

প্রকাশক—

#### শ্ৰীশ্ৰীকৃষ্ণচৈতগুচন্দ্ৰায়নমঃ।

# শ্রীশ্রীনিত্যানন্দর্টরিতায়ত। .





বিষয়।			नृष्ठा।	•
🕮 নিত্যানন্দাষ্টকম্।				
€	মাদিখণ্ড।			
মঙ্গলাধরণ।	•••	•••	•••	>
নিত্যানন্দপ্রভুর আবির্ভাব ও	বাল্য-লীলা	•••	•••	8
নিত্যানন্দপ্রভুরতীর্থাদি <b>ভ্রমণ</b>	•••	• • •	•••	>>
নিত্যানন্দপ্রভুব মাধবেন্দ্রপুরী	র সহিত মিলন	•••	•••	29
:	মধ্যখণ্ড।			
মঙ্গলাচরণ ।				
নিত্যনন্দ ও গৌরাঙ্গমহাপ্রভু-	স্মিলন	•••	• • •	২৩
নিত্যানন্দপ্রভুর ব্যাসপৃঞ্চা	• • •	•••	••••	90
নিত্যানন্দপ্রভুর ষড় ভুজ-মূর্ত্তি	দর্শন ও স্তব	•••	•••	8२
শ্রীবাসের নিত্যানন্দ-প্রীতিরপ	রীক্ষাও শচীমা	তার অপূর্ক	স্থ	
র্ভান্ত	•••	•••	•••	8৯
নিত্যানন্দপ্রভর-নিমন্ত্রণ ও মহ	প্রভ-সহিত-ভে	জন	•••	60

विषय ।			পৃষ্ঠা ৷	1
নিত্যানন্দপ্রভুর শ্রীবাস-গঙ্গনে	অপূর্ববলীলা	ও শচীমাতায়	ছলনা	৫৬
মহাপ্রভু কর্তৃক নিত্যানন্দ-মহিমু	া ক্রীর্ত্তন	•••	• • •	৬২
জগাই, মাধাই উদ্ধার	•••	•••	•••	৬৭
শ্রীশ্রীনিতাই-গ্রোরযুগন স্থোত্র	*	• • •	•••	৮৩
শ্রীশ্রীনিত্যানন্দ স্থৈতি	• • •	•••	• • •	৮৬
নিত্যানন্দপ্রভুর সহিত, মহাপ্রভু	হুর সন্যাস গ্র	হণের যুক্তি		సల
•		•		
অ্	ন্ত্যখণ্ড।		*	
মঙ্গল্য চরণ ।				
মহাপ্রভুর ভক্তগণমিলন	* 6 9	* • •	•••	৯৬
মহাপ্রভুর-দণ্ড-ভঙ্গ	* * *	h d 0	•••	১০২
নিত্যানন্দপ্রভুর-সপরিকরে সার্ব	ৰ্বভোম-মিলন	ও জগরাথ-দ	ৰ্ণন	>09
নিত্যানন্দ প্রভুরসপরিকরে-গৌ	ড়গমন ও রা	ঘবগৃহে অভি	<b>য</b> ক	<b>&gt;</b> ><
নিত্যানন্দপ্রভুর-অলঙ্কারধারণ ও	ও গদাধর-মিল	ন	'	>২ o
শ্রীমদ্উদ্ধারণদত্ত ও শ্রীঅদৈতপ্র	গ্ৰভূমিলন	• • •	•••	১২৬
শ্রীশচীমাতা মিলন ও চৌরদস্থা	রউদ্ধার	•••	•••	১৩২
নিতাইচরিতে সন্দেহ এবং মহাব	প্রভুকর্তৃকভঞ্জ	·	•••	28¢
নীলাচলে মহাপ্রভু-সন্মিলন	• • •	• • •	•••	200
নিত্যানন্দপ্রভুর জগন্নাথ-দর্শন	_	-ভোজন	•••	১৬২
নিত্যানন্দপ্রভুর গোড়ে রাঘব-গ	∤হে-গমন	• • •	•••	১৬৭
নিত্যানন্দপ্রভুর-বিবাহ	• • •	• • •	•••	১৭২
বারচক্তপ্রভুরজন্ম ও নিত্যানন্দ	প্রভুর তিরোজ	চাব	•••	১৮৩
পবিশিষ্ট				

# শ্ৰীশ্ৰীনিত্যানন্দাইকম্।


শরচ্চদ্রজান্তিং স্ফুরদমলকান্তিং গজগতিং, হরিপ্রেমোন্মতঃ ধৃতপরমদত্বং স্মিতমুখং। • . সদাঘূর্ণমেত্রং করকলিতবেত্রং কলিভিদং, ভজে নিত্যানন্দং ভজনতরুকন্দং নিরবধি॥ ১॥ রসানামাগারং স্বজনগণস্ক্রমতুলং, তদাীয়কপ্রাণপ্রতিমবস্থধাজাহুবিপতিং। দদা প্রেমোন্মাদং পরম্বিদিতং মন্দমন্সাং. ভজে নিত্যানন্দং ভজনতব্রুকন্দং নিরবধি॥ ২॥ শচীসূনুপ্রেষ্ঠং নিথিলজগদিষ্টং স্থথময়ং, •কলো মজ্জজ্জীবোদ্ধারণকরণোদ্ধামকরুণং। হরেরাখ্যানাদা ভবজলধিগর্কোমতিহরং, ভাজে নিত্যানন্দং ভজনতব্রুকন্দং নিরবধি॥ ৩॥ यरथर्छेः (त जांजः कुकः इतिइतिध्वनिमनिःगः, ততো বঃ সংসারাম্ব্রধিতরণদায়ো ময়ি ভবেৎ। ইদং বাহুস্ফোটেঃ রটতি রটয়ন্ যঃ প্রতিগৃহং, ভজে নিত্যানন্দং ভজনতরুকন্দং নিরবধি॥ ৪॥ অয়ে ভ্ৰাতৰ্নৃণাং কলিকলুষিণাং কিং মু ভবিতা, তথা প্রায়শ্চিত্তং রচয় যদনায়াসত ইমে। ব্ৰজন্তি ত্বামিখং সহ ভগবতা মন্ত্ৰয়তি যো, ভজে নিত্যানন্দং ভজনতরুকন্দং নির্বিধ ॥ ৫॥

বলাৎ সংসারাস্ভোনিধিহরণকুস্ভোদ্ভবমহো, সতাং শ্রেয়ঃসিন্ধূনতিকুমুদবন্ধুং সমুদিতং। খলশ্রেণীস্ফু র্জ্জতিসিরইরসূর্য্যপ্রভমহং, ভজে নিত্যানন্দং ভজন্তরুকন্দং নিরব্ধি॥ ৬॥ নটন্ত গায়ন্তং হরিমনুবদন্তং পথি পথি, ব্ৰজন্তং পশ্যন্তং স্বমপি নদয়ন্তং জনগণং। ' প্রকুর্বস্তেং সন্তং সকরুণদৃগন্তং প্রকলনাদ্, ভজে নিত্যানন্দং ভজনতরুকন্দং নিরবধি॥ ৭॥ স্থবিভাণং ভাতৃঃ করসরসিজং কোমলতরং, মিথোবজ্রালোকোচ্ছলিতপরমানন্দ হৃদয়ং। ভ্রমন্তং মাধুর্ব্যেরহহ মদয়ন্তং পুরজনান্, ভজে নিত্যানন্দং ভজনতরুকন্দং নিরবধি॥৮॥ রসানামাধারং রসিকবরসদৈষ্ণবধনং, রসাগারং সারং পতিতততিতারং প্রবণতঃ। পরং নিত্যানন্দাফকমিদমপূর্ববং পঠতি য,— -স্তদঙ্গ্রিদ্বন্দাব্জং স্ফুরতি নিতরাং তস্য হৃদয়ে॥ ৯॥ ইতি শ্রীলবৃন্দাবনদাসঠাকুর বিরচিতং শ্রীশ্রীনিত্যানন্দাইকম্ সম্পূর্ণ

### **बी बीकृष्टरेठ ज्यनिज्ञानना दिन् उठ्छा यने**

# শ্রীশ্রীনিত্যানন্দচরিতামৃত।

#### আদিখণ্ড।



#### মঙ্গলাচরণ টি

আজানুলম্বিতভুজো কনকাবদাতো
সক্ষীর্ত্তনৈকপিতরো কমলায়তাক্ষো।
বিশ্বস্তরো দ্বিজ্বরো যুগধর্ম্মপালো
বন্দে জগৎপ্রিয়করো করুণাবতারো॥
নমস্ত্রিকালসত্যায় জগনাথস্থতায় চ।
সভ্ত্যায় সপুত্রায় সকলত্রায় তে নমঃ॥

শ্রীমুরারিগুপ্তস্ত শ্লোক:।

অবতীণোঁ সকারুণ্যো পরিচ্ছিন্নো সদীশরো।
শ্রীকৃষ্ণতৈত্ত্যনিত্যানন্দো দ্বো ভ্রাতরো ভজে ॥
স জয়তি বিশুদ্ধবিক্রমঃ কনকাভঃ কুমলায়তেক্ষণঃ।
বরজানুবিলম্বিষ্ড্ ভুজো বহুধা ভক্তিবসাভিনর্ত্তকঃ।

জয়তি জয়তি দেবঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রে। জয়তি জয়তি কীর্ত্তিস্তস্য নিত্যা পবিত্রা। জয়তি জয়তি ভূতাস্তস্য বিশ্বেশমূর্ত্তে— জয়তি জয়তি নৃত্যং তস্য সর্ব্বপ্রিয়াণাম্॥

আদ্যে শ্রীচৈতন্য-প্রিয়-গোষ্ঠীর চরণে। অশেষ-প্রকারে মোর দণ্ড-পরণামে॥ তবে বন্দ শ্রীকৃষ্ণচৈতন্য মহেশ্বর। নবদ্বীপে অবতার নাম বিশ্বস্তর॥ আমার ভক্তের পূজা আমা হৈতে বড়। সেই প্রভু বেদে ভাগবতে কৈলা দঢ়॥

তথাহি শ্রীভগবদ্বাক্যং। আদরঃ পরিচর্য্যায়াং সর্ব্বাক্তৈরভিবন্দনং। মন্তক্তপূজাভ্যাধিকঃ সর্ববভূতেযু সন্মতিঃ।

এতেক করিল আগে ভক্তের বন্দন অতএব আছে কাৰ্য্য-সিদ্ধির লক্ষণ॥ ই**ষ্টদে**ব বন্দ মোর নিত্যানন্দরায়। চৈতন্য-কীর্ত্তন স্ফুরে যাঁহার কুপায়॥ সহস্র-বদন বন্দ প্রভু বলরাম। যাঁহার সহত্র মুখ কৃষ্ণ-যশোধাম॥ মহারত্ন থুই যেন মহা-প্রিয়-স্থানে। যশরত্ব-ভাণ্ডার শ্রীঅনন্ত-বদনে॥ অভএব আগে বলরামের স্তবন। করিলে, সে মুখে স্ফুরে চৈতন্য-কীর্ত্তন ॥ সহস্রেক-ফণাধর প্রভু বলরাম। যতেক করয়ে প্রভু সকল উদ্দাম।। হলধর মহাপ্রভু প্রকাণ্ড-শরীর। চৈতন্য-চন্দ্রের যশে মত্ত মহাধীর॥ ততোধিক চৈতন্যের প্রিয় নাহি আর। নিরবধি সেই দেহে করেন বিহার॥ তাহান চরিত্র যেবা জনে শুনে গায়। শ্রীকৃষ্ণচৈতনা তাঁরে পরম সহায়॥

কহিলাম এই কিছু অনস্ত-প্রভাব। হেন প্রভু নিত্যানন্দে কর অমুরাগ ॥ সংসারের পার হই ভুক্তির সাগরে। যে ভূবিব সে ভজুক্ নিতাই-চাঁদেরে॥ বৈষ্ণৰ চরণে মোর এই মনস্কাম। ভজি যেন জন্মে জন্মে প্রভু বলরাম॥ দ্বিজ বিপ্রাহ্মণ যেহেন নাম-ভেদ। এই মত নিত্যানন্দ প্রভু বলদেব॥ অতএব যশোময়-বিগ্রহ অনস্ত। গাইল তাহান কিছ পাদপদ্ম-দ্বন্দ ॥ নিতাইচাঁদের পুণ্য-শ্রবণ চরিত। ভক্ত-প্রসাদে ফুরে জানিহ নিশ্চিত ॥ বেদগুহ্ম নিতাইচরিত কেবা জানে। তাই লিখি, যাহা শুনিয়াছি ভক্ত স্থানে নিতাই-চরিত্র আদি অস্ত নাহি দেখি। যেন মত দেন শক্তি তেন মত লিখি॥ কাষ্ঠের পুতলী যেন কুহকে নাচায়। এইমত নিতাই আমারে যে বলায়॥ সর্ব্ব-বৈষ্ণবের পায়ে মোর নমস্কার। ইথে অপরাধ কিছ নত্তক আমার॥ মন দিয়া শুন ভাই। শ্রীনিতাই কথা। ভক্ত-मरक रय (य नीना रेकना यथा यथा। ত্রিবিধ নিতাই-লীলা আনন্দের ধাম। আদিখণ্ড, মধ্যখণ্ড, শেষখণ্ড নাম॥ ধরণীধরেন্দ্র নিত্যানন্দের চরণ। দেহ প্রভু গৌরচন্দ্র আমারে শরণ॥ আদিখণ্ড-কথা ভাই। শুন এক-চিতে। শ্রীনিতাই অবতীর্ণ হৈল যেইমতে॥ শ্রীকৃষ্ণচৈতনা নিত্যানন্দ-চান্দ জান। বৃন্দাবন দাস তছু পদ্যুগে গান ॥

## নিত্যানন্দপ্রভুর আবির্ভাব ও বাল্য-লীলা।

\$\$OX

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য কুপাসিদ্ধ। জয় জয় নিত্যানন্দ অগতির বন্ধু॥ জয়াদ্বৈতচন্দ্রের জীবন ধন প্রাণ। জয় শ্রীনিবাস-গদাধরের জীবন ধন প্রাণ॥ জয় জগন্নাথ-শচী-পুক্র বিশ্বস্তর। জয় জয় ভক্তবৃন্দ প্রিয় অনুচর॥ রাচ দেশে একচাকা-নামে আছে গ্রাম। যঁহি জন্মিলেন নিত্যানন্দ ভগবান॥ সেই হৈতে রাচে হইল সর্বব স্থমঞ্চল। তুর্ভিক্ষ-দারিদ্র্য দোষ খণ্ডিল সকল॥ মৌড়েশ্বর-নামে দেব আছে কত দুরে। যাঁরে পুজিয়াছে নিত্যানন্দ হলধরে॥ সেই গ্রামে বৈসে বিপ্র হাড়াই-পণ্ডিত। মহা-বিরক্তের প্রায় দয়ালু-চরিত॥ তাঁর পত্নী-পদ্মাবতী-নাম পতিব্রতা। পরম-বৈষ্ণবীশক্তি-সেই জগন্মাতা॥ পরম-উদার তুই ত্রাহ্মণ ত্রাহ্মণী। তাঁর ঘরে নিত্যানন্দ জন্মিলা আপনি॥ भाघ गारम एक शत्क अरक अरवामनी एक मिरन। অবতীর্ণ হৈলা ধরি নিত্যানন্দ নামে॥ সকল-পুত্রের জ্যেষ্ঠ-নিত্যানন্দ-রায়। সর্ব্ব-স্থলক্ষণ দেখি নয়ন জুড়ায়॥ এইমত সর্ববলোক নানা কথা গায়। নিত্যানন্দে কেহ নাহি চিনিল মায়ায়॥ হেন-মতে আপনা লুকাই নিত্যানন্দ। শিশুগণ-সঙ্গে খেলা করেন আনন্দ।। শিশুগণ–সঙ্গে প্রাভু যত ক্রীড়া করে। শ্রীকৃষ্ণের কার্য্য বিনা আর নাহি স্ফুরে॥

দেব-সভা করেন মিলিয়া শিশুগণে। পৃথিবীর-রূপে কেহ করে নিবৈদনে। তবে পৃথী লৈয়া সূবে নদী তীরে ধায়। শিশুগণ মেলি স্তুতি করে উর্দ্ধ-রায়॥ কোন শিশু লুকাইয়া উর্দ্ধ করি বোলে। "জিন্মিবাঙ গিয়া আমি মথুরা গোকুলে॥" কোনদিন নিশাভাগে শিশুগণ লৈয়া। वञ्चरमव-रेमवकीत कतारम्न विग्रा ॥ বন্দি-ঘর করিয়া অত্যস্ত নিশাভাগে। কৃষ্ণ-জন্ম করায়েন, কেহ নাহি জাগে॥ গোকুল স্থাজিয়া তথি আনেন কুষ্ণেরে। মহামায়া দিলা লৈয়া ভাণ্ডিলা কংসেরে॥ কোন শিশু সাজায়েন পুতনার রূপে। কেহ স্তন পান করে উঠি তার বুকে॥ कानिमन शिक्ष-मर्क नलथिष् पिया। শকট গড়িয়া তাহা ফেলেন ভাঙ্গিয়া॥ নিকটে বসয়ে যত গোয়ালার ঘরে। অলক্ষিতে শিশু-সঙ্গে গিয়া চুরি করে॥ তানে ছাড়ি শিশুগণ নাহি যায় ঘরে। রাত্রিদিন নিত্যানন্দ-সংহতি বিহরে॥ যাহার বালক, তারা কিছু নাহি বলে। সবে স্নেহ করিয়া রাখেন লএগ কোলে॥ সবে বলে না দেখি এমত কৃষ্ণ-খেলা। কেমনে জানিল শিশু এত কৃঞ্জীলা॥ কোনদিন পত্রের গডিয়া নাগগণ। জলে যায় লইয়া সকল শিশুগণ॥ কাঁপ দিয়া পড়ে কেহ অচেফ হইয়া। চৈতন্য করায় পাছে আপনে আসিয়া।। কোনদিন ভালবনে শিশুগণ লইয়া। শিশু-সঙ্গে তাল খায় ধ**মুক** মারিয়া॥ শিশু-সঙ্গে গোষ্ঠে গিয়া নানা-ক্রীড়া করে বক, অঘু, বৎস, করিয়া তাহা মারে॥

বিকালে আইসে ঘরে গোষ্ঠীর সহিতে। শিশুগৰ-সঙ্গে শৃঙ্গ বাহিতে বাহিতে ॥ कानिमन करत शावर्षन-धात्रण नीना। রুন্দাবন রচি কোনদিন করে খেলা।। কোনদিন করে গোপীর বসন হরণ। কোনদিন করে যজ্ঞপত্নী দরশন ॥ ' কোন শিশু নারদ কাচয়ে দাড়ি দিয়া। কংস-স্থানে মন্ত্ৰ কহে নিভতে বসিয়া॥ কোনদিন কোন শিশু অক্ররের বেশে। লঞা যায় রামকুষ্ণ কংসের নিদেশে ॥ আপনেই গোপীভাবে যে করে ক্রন্দন। নদা বহে হেন, সব দেখে শিশুগণ॥ বিষ্ণু-মায়া-মোহে কেহ লখিতে না পারে নিত্যানন্দ-সঙ্গে সব বালক বিহরে॥ মধুপুরী রচিয়া ভ্রমেন শিশু-সঙ্গে। কেহ হয় মালী কেহ মালা পরে র**ঙ্গে**॥ কুজা-বেশ করি গন্ধ পরে কারো হানে। ধনুক ধরিয়া ভাঙ্গে করিয়া গর্জনে। কুবলয়, চানুর, মৃষ্টিক, মল্ল মারি। কংস করি কাহারে পাড়েন চুলে ধরি॥ কংসবধ করিয়া নাচয়ে শিশু-সঙ্গে। সর্বব-লোক দেখি হাসে বালকের রঙ্গে I এইমত যত যত অবতার-লালা। সব অন্তকরণ করিয়া করে খেলা॥ কোনদিন নিত্যানন্দ হইয়া বামন। বলি-রাজা করি, ছলে তাহার ভুবন ॥ বৃদ্ধ-কাচে শুক্ররূপে কেহ মানা করে। ভিক্ষা লই চড়ে প্রভু শেষে তার শিরে॥ কোনদিন নিত্যানন্দ সেতু-বন্ধ করে। বানরের রূপ সব শিশুগণ ধরে। ভেরা গ্রার গাছকাটি ফেলায়েন জলে। শিশুগণ মেলি "জয় রঘুনাথ" বলে॥

শ্রীলক্ষ্মণ-রূপ প্রভু ধরিয়া আপনে। ধমু ধরি কোপে চলে স্থগ্রীবের স্থানে ॥ "আরেরে বানরা !ুমোর প্রভু ছঃখ পায়। প্রাণ না লইমু যদি তবৈ ঝাট আয় H ঋষভ-পর্বতে মোরু প্রভু পায় হুঃখ। • নারীগণ লৈয়া বেটা ! তুমি কর স্থ্য।।" কোনদিন ক্রুদ্ধ হয়ে পরশুরামেরে। "মোর দোষ নাহি, বিপ্রা! পলাহ সম্বরে ॥" লক্ষ্মণের ভাবে প্রভু হয় সেইরূপ। বুঝিতে না পারে শিশু, মানয়ে কৌতুক॥ পঞ্চ-বানরের রূপে বুলে, শিশুগণ। বার্ত্তা জিজ্ঞাসয়ে প্রভু হইয়া লক্ষ্মণ ॥ "কে তোরা বানর-সব ! বুল বনে বনে। আমি রঘুনাথ-ভূত্য বল মোর স্থানে॥" তারা বলে "আমরা বালির ভয়ে বুলি। দেখাও <u>শ্রীরামচন্দ্র, লই পদধূলি।"</u> তা'সবারে কোলে করি আইসে লইয়া। শ্রীরাম-চরণে পড়ে দণ্ডবৎ হৈয়া॥ ইন্দ্রজিত-বধ-লীলা কোনদিন করে। কোনদিন আপনে লক্ষ্মণ-ভাবে হারে॥ বিভাষণ করিয়া আনেন রামস্থানে। লক্ষেশ্বর-অভিষেক করেন তাহানে॥ কোনশিশু বলে "মুঞি আইনু রাবণ। শক্তিশেল হানি এই, সম্বর লক্ষ্মণ "॥ এতবলি পদ্মপুষ্প মারিল ফেলিয়া। লক্ষাণের ভাবে প্রভু পড়িল ঢলিয়া॥ মূর্চিছত হইলা প্রভু লক্ষ্মণের ভাবে। জাগায়েন ছাওয়াল সব তবু নাহি জাগে॥ পরমার্থে ধাতু নাহি সকল শরীরে। কান্দয়ে সকল শিশু হাত দিয়া শিরে॥ শুনি পিতা মাতা ধাই আইলা সম্বরে। দেখয়ে পুত্রের ধাতু নাহিক শরীরে॥

بيا

মূর্চ্ছিত হইয়া দোঁহে পড়িলা ভূমিতে। **(मिथ नर्व-**त्नांक व्यानि इहेना विन्यारु। সকল বৃত্তান্ত কহিলেন শিশুগণ। কেছ বলে বুঝিলাম ভাবের কারণ।। পূর্বের দশরথ ভাবে এক নটবর। রামবনবাসে এড়িলেন কলেবর॥ কেহ বলে কাচ কাচিয়াছে এ ছাওয়াল। হনুমান ঔষধ দিলে হইবেক ভাল॥ পূর্বের প্রভু শিখাইয়াছিলেন সবারে। পড়িলে ভোমরা বেজি কান্দহ আমারে॥ ক্ষণেক বিলম্বে পাঠাইহ হনুমান। নাকে দিলে উষধ আসিব মোর প্রাণ। নিজভাবে প্রভু মাত্র হৈলা অচেতন। দেখি বড় বিকল হইলা শিশুগণ॥ ছন্ন হইলেন সবে শিক্ষা নাহি স্ফুরে। উঠ ভাই ! বলি মাত্র কান্দে উচ্চৈঃস্বরে লোক-মুখে শুনি কণা হইল স্মরণ। হনুমান-কাচে শিশু চলিলা তখন ॥ আর এক শিশু পথে তপস্থার বেশে। ফল মূল দিয়া হনুমানেরে আশংদে ॥ রহ বাপ। ধন্য কর আমার আশ্রম। বড় ভাগ্যে আসি মিলে তোমা হেন জন रनुमान वर्ल कांग्रारभोत्रत ठलिव। আসিবারে চাহি, রহিবারে না পারিব॥ শুনিয়াছ রামচন্দ্র-অমুজ লক্ষণ। শক্তিশেলে তাঁরে মৃচ্ছা করিল রাবণ॥ অতএব যাই আমি গন্ধমাদন। ওষধ আনিলে রহে তাঁহার জীবন॥ তপন্ধী বলয়ে যদি যাইবা নিশ্চয়। স্নান করি কিছু খাই করহ বিজয়॥ নিত্যানন্দ-শিক্ষায় বালকে কথা কয়। বিস্মিত হইয়া সর্ব্ব লোকে রহি চাম ॥

তপস্বীর বোলে সরোবরে গেলা স্নানে। জলে থাকি আর শিশু ধরিলা চরণে ॥ কুন্তীরের রূপ ধরি যায় জলে লৈয়া। হনুমান শিশু আনে কুলৈতে টানিয়া॥ ক্তক্ষণে রণ করি জিনিয়া কৃস্তীর। আঁসি দেখে হনুমান আর মহাবীর॥ আর এক শিশু ধরি রাক্ষসের কাচ। 🔭 হনুমানে খাইবারে যায় তার পাচ।। কুন্তীর জিনিলা, মোরে জিনিবা কেমনে। তোম। খাব, তবে কেবা জীয়াবে লক্ষ্মণে ॥ হনুমান বলে তোর রাবণ কুরুর। তারে নাহি বস্তু-বুদ্ধি, তুই পালা দূর॥ এইমত তুইজনে হয় গালাগালী। শেষে হয় চুলাচুলী. তবে কিলাকিলী। কতক্ষণে সে কৌতুকে জিনিয়া রাক্ষদে। গন্ধমাদনে আসি হইলা প্রবেশে॥ তঁহি গন্ধর্নের বেশ ধরি শিশুগণ। তা'সবার **সঙ্গে** যুদ্ধ হয় কতক্ষণ ॥ যুদ্ধে পরাজয় করি গন্ধর্বের গণ। শিরে করি আনিলেন গন্ধমাদন॥ আর এক শিশু তঁহি বৈদারূপ ধরি। উষধ দিলেন নাকে শ্রীরাম স্মঙরি॥ নিত্যানন্দ মহাপ্রভু উঠিলা তথনে। দেখি পিতা-মাতা-আদি হাসে সর্বজনে॥ কোলে করিলেন গিয়া হাড়াই-পণ্ডিত। সকল বালক হইলেন হর্ষিত। সবে বলে বাপ। ইহা কোণায় শিখিলা। হাসি বলে প্রভু মোর এ সকল লীলা॥ প্রথম-বয়স প্রভু অতি স্থকুমার। কোলে হৈতে কারো চিত্ত নাহি এড়িবার॥ সর্বালোকে পুক্র হৈতে বড় ক্ষেহ বাসে। চিনিতে না পারে কেহ বিফুমায়া-বশে॥

#### প্রীনিত্যানন্দচরিতামৃত।

হেনমতে শিশুকাল হৈতে নিত্যানন্দ।
কৃষ্ণলীলা বিনে আর না করে আনন্দ॥
পিতা মাতা গৃহ চ্লাড়ি সর্বব-শিশুগণ।
নিত্যানন্দ-সংহতি বিহরে সর্বক্ষণ॥
সে সব শিশুর পাৃ'য়ে বহু নমন্ধার।
নিত্যানন্দ-সঙ্গে যার এমত বিহার॥
এইমত ক্রীড়া করে নিত্যানন্দ-রায়।
শিশু হৈতে কৃষ্ণলীলা বিনে নাহি ভায়
অনস্তের লীলা কেবা পারে কহিবারে।
তাহান কৃপায় যেন-মত ক্ষুরে যারে॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বুন্দাবন দাস তছু পদ গুগে গান॥

ইতিশ্রীশ্রীনিত্যানন্দর্চারতামৃতে আদিখণ্ডে নিত্যানন্দপ্রভুর আবির্ভাব ও বাল্যলীলা নাম প্রথমোহধ্যায়॥

# নিত্যানন্দপ্রভুর্তীর্থাদিভ্রমণ।

#### দ্বিতীয়অধ্যায় ৷

এইমত কতদিন নিত্যানন্দ-রায়। হাড়াই-পণ্ডিতের যরে আছেন লীলায়॥ গৃহ ছাড়িবারে প্রভু করিলেন মন। না ছাড়ে জননী-তাত-ছঃখের কারণ॥ তিলমাত্র নিত্যানন্দ না দেখিলে মাতা। যুগপ্রায় হেন বাসে ততোধিক পিতা॥ তিল–মাত্র নিত্যানন্দ–পুক্রেরে ছাড়িয়া। কোথাও হাড়াই-ওঝা না যায় চলিয়া॥ কিবা কৃষিকর্মে, কিবা যজমান-ঘরে। কিবা হাটে. কিবা মাঠে যত কর্ম্ম করে পাছে যদি নিত্যানন্দচক্র চলি যায়। তিলার্দ্ধে শতেকবার উলটিয়া চায়॥ ধরিয়া ধরিয়া পুন আলিঙ্গন করে। নশীর পুতলি যেন মিলায় শরীরে॥ এই মত পুজ্ৰ-সঙ্গে বুলে সর্ব্ব-ঠাই। প্রাণ হৈলা নিত্যানন্দ, শরীর হাড়াই॥ অন্তর্যামী নিত্যানন্দ ইহা সব জানে। পিতৃত্বথ-ধর্ম্ম পালিয়াছে পিতা-সনে॥ দৈবে একদিন এক সন্ন্যাসী স্থব্দর। আইলেন নিত্যানন্দজনকের ঘর॥ নিত্যানন্দপিতা তানে ভিক্ষা করাইয়া। রাখিলেন পরম-আনন্দযুক্ত হৈয়া॥ সর্ব্ব-রাত্রি নিত্যানন্দপিতা তাঁর সঙ্গে। আছিলেন কৃষ্ণকথা-কথন-প্রসঙ্গে ॥

গস্ক্রকাম সন্ধ্যাসী হইলা উষাকালে। নিত্যানন্দপিতা-প্রতি ন্যাসীবর বলে। ন্যাসী বলে একু ভিক্ষা আছথে আমার। নিত্যানন্দপিত। বলে যে ইচ্ছা তোমার॥ ন্যাসী বলে করিবাঙ তীর্থ-পর্যাটন। সংহতি আমার ভাল নাহিক ব্রা**ক্ষ**ণ। এই যে সকল-জ্যেষ্ঠ-নন্দন তোমার। কতদিন লাগি দেহ' সংহতি আমার॥ প্রাণ-অতিরিক্ত আমি দেখিব উহানে। সর্ব্ব-তীর্থ দেখিবেন বিবিধ-বিধানে ॥ শুনিয়া ন্যাসীর বাক্য শুদ্ধ-বিপ্রবর। মনে মনে চিস্তে বড হইয়া কাতর॥ প্রাণভিক্ষা করিলেন আমার সন্ন্যাসী। না দিলেও 'সর্ববনাশ হয়' হেন বাসি॥ ভিক্কেরে পূর্বে মহাপুরুষ-সকল। প্রাণদান দিয়াছেন করিয়া মঙ্গল ॥ রামচন্দ্র পুত্র-দশরথের জীবন। পূর্বের বিশ্বামিত্র ভানে করিলা যাচন ॥ যদ্যপিহ রাম বিনে রাজা নাহি জাঁয়ে। তথাপি দিলেন-এই পুরাণেতে কহে॥ সেই ত বুতান্ত আজি হইল আমারে। এ ধর্মসঙ্কটে কৃষ্ণ। রক্ষা কর' মোরে॥ দৈবে সেই বস্তু, কেনে নহিব সে মতি। অন্যথা লক্ষণ যার গুহেতে উৎপত্তি॥ ভাবিয়া চলিলা বিপ্র ব্রাক্ষণীর স্থানে। আত্মপূর্বর কহিলেন সব-বিবরণে॥ শুনিয়া বলিলা পতিব্ৰতা জগন্মাতা। যে তোমার ইচ্ছা প্রভু! সেই মোর কথা। আইলা সন্ন্যাসী-স্থানে নিত্যানন্দপিতা। ন্যাসীরে দিলেন পুক্র, নোঙাইয়া মাণা ॥ নিত্যানন্দ লই চলিলেন ন্যাসিবর। হেনমতে নিত্যানন্দ ছাডিলেন ঘর॥

নিত্যানন্দ গেলে মাত্র হাড়াই-পণ্ডিত। ভূমিতে পড়িলা বিপ্র হইয়া মূর্চ্ছিত ॥ সে বিলাপ ক্রন্দন কহিব কোন জনে। বিদরে পাযাণ কান্ত<sup>্</sup>তাহার শ্রবণে ॥ ভক্তি-রসে জড়-প্রায় হইলা বিহবল। ধোকে বলে হাড়ো-ওঝা হইলা পাগল। তিন মাস না করিলা অন্নের গ্রহণ। চৈতন্যপ্রভাবে সবে রহিল জীবন ॥ প্রভুকে না ছাড়ে যার হেন অনুরাগ। বিষ্ণু-বৈষ্ণবের এই অচিস্ত্য-প্রভাব॥ স্বামীহীনা দেবহুতি-জননী ছাডিয়া। চলিলা কপিল-প্রভু নিরপেক্ষ হৈয়া॥ ব্যাস-হেন বৈষ্ণব জনক ছাডি শুক। চলিলা-উলটি নাহি চা'হিলেন মুখ। শচী-হেন জননী ছাড়িয়া একাকিনী। চলিলেন নিরপেক হই ন্যাসিমণি॥ পরমার্থে এই ত্যাগ-ত্যাগ কভু নহে। এ সকল কথা বুঝে কোন মহাশয়ে॥ এ সকল লীলা জাব-উদ্ধার-কারণে। মহাকাষ্ঠ দ্রবে' যেন ইহার শ্রবণে॥ যেন সাঁতা হারাইয়া শ্রীরঘুনন্দনে। নির্ভরে শুনিলে তাহা কান্দয়ে যবনে॥ হেনমতে গৃহ ছাড়ি নিত্যানন্দ-রায়। সামুভাবানন্দে তীর্থ করিয়া বেড়ায়॥ প্রথমে চলিলা প্রভু তীর্থ বক্তেশর। তবে বৈদ্যনাথ-বনে গেলা একেশ্বর ॥ গয়া গিয়া কাশী গেলা শিব-রাজধানী। যঁহি ধারা বহে গঙ্গা উত্তর-বাহিনী॥ গঙ্গা দেখি বড স্থা নিত্যানন্দ-রায়। স্থান করে পান করে আর্ত্তি নাহি যায়॥ প্রয়াগে করিলা মাঘ-মাসে প্রাতঃ স্নান। তবে মথুরায় গেলা পূর্বব-জন্ম-স্থান॥

यभूमा-विद्याम-घाटि कति जनत्कि। গোবৰ্দ্ধন-পৰ্ববত বুলেন কুতৃহলী॥ প্রীরন্দাবন-আদি যত দ্বাদশ বন। একে একে প্রভু সব করেন ভ্রমণ।। গোকুলে নন্দের ঘর-বসতি দেখিয়া। বিস্তর রোদন প্রভু করিলা বসিয়া॥ তবে প্রভু মদন-গোপাল নমস্করি। চলিলা হস্তিনাপুর-পাওবের পুরী॥ ভক্ত-স্থান দেখি প্রভু করেন ক্রন্দন। না বুঝে তৈথিক ভক্তি-শৃন্থের কারণ॥ বলরাম-কীর্ত্তি দেখি হস্তিনা-নগরে। "ত্রাহি হলধর!" বলি নমস্কার করে॥ তবে দ্বারকায় আইলেন নিত্যানন। সমুদ্রে করিলা স্নান হইলা আনন্দ।। সিদ্ধপুর গেলা যথা কপিলের স্থান। মৎস্য-তীর্থে মহোৎসবে করিলা অন্নদান ॥ শিব-কাঞ্চী বিষ্ণু-কাঞ্চী গেলা নিত্যানন্দ। দেখি হাসে তুইগণে মহা-মহা-দ্বন্দ॥ কুরুক্ষেত্রে পুণ্যোদক বিন্দু-সরোবর। প্রভা**সে** গেলেন স্থদর্শন-তীর্থবর ॥ ত্রিতকৃপ মহাতীর্থ গেলেন বিশালা। তবে ব্রহ্মতীর্থ চক্রতীর্থেরে চলিলা। প্রতিন্দ্রোতা গেলা যথা প্রাচী সরস্বতী। নৈমিষারণ্যে তবে গেলা মহামতি॥ তবে গেলা নিত্যানন্দ অযোধ্যা-নগর। রাম-জন্মভূমি দেখি কান্দিলা বিস্তর ॥ তবে গেলা গুহক-চণ্ডাল-রাজ্য যথা। মহা-মৃচ্ছ । নিত্যানন্দ পাইলেন তথা॥ গুহক-চণ্ডাল মাত্র হইল স্মরণ। তিন দিন আছিলা আনন্দে অচেতন। যে যে বনে আছিলা ঠাকুর রামচন্দ্র। দেখিয়া বিরহে গড়ি যায় নিত্যানন্দ।।

তবে গেলা সরযু কৌশিকী করি স্নান। তবে গেলা পোলস্থ-আশ্রম পুণ্যস্থান॥ গোমতী গগুকী শোণ তীর্থে স্থান করি। তবে গেলা মহেন্দ্র-পর্বত-চূড়োপরি॥ পরশুরামেরে তথা ক্রি নমস্কার। তবৈ গেলা গঙ্গা-জন্ম-ভূমি-হরিদ্বার॥ পপ্পা ভীমরথী গেলা সপ্ত-গোদাবরী। বেণা-তীর্থে বিপাশায় মর্জ্জন আচরি॥ কার্ত্তিক দেখিয়া নিত্যানন্দ মহামতি। শ্রীপর্বত গেলা যথা মহেশ-পার্বতী॥ ব্রাহ্মণ-ব্রাহ্মণী-রূপে মহেশ পার্ববতী। সেই শ্রীপর্বতে দোঁহে করেন বসতি॥ निজ-ইফ্টদেব চিনিলেন গুইজনে। অবধৃতরূপে করে তীর্থ-পর্য্যটনে॥ পরমসস্তোষে দোঁহে অতিথি দেখিয়া। পাক করিলেন দেবী হর্ষিত হৈয়া॥ পরম-আদরে ভিক্ষা দিলেন প্রভুরে। হাসি নিত্যানন্দ দোঁহাকারে নমস্করে॥ কি অন্তর-কথা হৈল, কৃষ্ণ সে জানেন। তবে নিত্যানন্দপ্রভু দ্রাবিড়ে গেলেন॥ **(मिथा दिक्ष देनाथ काम (काश्री श्रुती।** কাঞ্চী হরিদ্বার গিয়া গেলেন কাবেরী॥ তবে গেলা শ্রীরঙ্গনাথের পুণ্য স্থান। তবে করিলেন হরি-ক্ষেত্রেরে পয়ান। ঋষভ-পর্বত গেলা দক্ষিণ-মথুরা। কৃতমালা তাত্রপণী বমুনা-উত্তরা॥ মলয়-পর্ববত গেলা-অগস্ত্য-আলয়। তাহারাও হৃষ্ট হৈলা দেখি মহাশয়॥ তা'সবার অতিথি হইলা নিত্যানন্দ। বদরিকাশ্রম গেলা পরম-আনন্দ।। কতদিন নর-নারায়ণের আশ্রমে। আছিলেন নিত্যানন্দ পরম-নির্জ্জনে॥

তবে নিত্যানন্দ গেলা ব্যাসের আলয়। ব্যাদ চিনিলেন বলরাম মহাশয়॥ সাক্ষাৎ হইয়া ঝাৃাস আতিথ্য করিলা। প্রভুও ব্যাপেরে দণ্ড-প্রণত হইলা ॥ তবে নিত্যানন্দ গেলা বৌদ্ধের ভবন। দেখিলেন প্ৰভু, বসি আছে বৌদ্ধগণ ॥ জিজ্ঞাসেন প্রভু কেহ উত্তর না করে। ক্রেদ্ধ হই প্রভু লাথি মারিলেন শিরে॥ পলাইল বৌদ্ধগণ হাসিয়া হাসিয়া। বনে ভ্রমে নিত্যানন্দ নির্ভয় হইয়া ॥ তবে প্রভু আইলেন কন্যকা-নগর। कुर्शात्मवी (मिथ (शला मिक्कन-माशत ॥ তবে নিত্যানন্দ গেলা শ্রীঅনস্তপুরে। তবে গেলা পঞ্চঅপ্সরা-সরোবরে॥ গোকর্ণাখ্য গেলা প্রভু শিবের মন্দিরে। কুলাচলে ত্রিগর্ত্তকে বুলে ঘরে ঘরে ॥ দ্বৈপায়নী আর্য্যা দেখি নিত্যানন্দ-রায়। নিৰ্বিক্ষ্যা পয়োক্ষা তাপী ভ্ৰমেণ লীলায়। রেমা মাহেস্বতা পুরী মল্লভীর্থ গেলা। সূর্পারক দিয়া প্রভু প্রতীচা চলিলা ॥ এইমত অভয়-পরমানন্দ-রায়। ভ্ৰমে নিত্যানন্দ ভয় নাহিক কাহায়॥ নিরস্তর কৃষ্ণাবেশে শরীর অবশ। ক্ষণে কান্দে, ক্ষণে হাসে, কে বুঝে সে রস।। শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বৃন্দাবন দাস তছু পদ যুগে গান।

ইতিশ্রীনিত্যানন্দচরিতামতে আদিখণ্ডে নিত্যানন্দপ্রভুরতীর্থাদি ভ্রমণ নাম দ্বিতীয়োহধ্যায়ঃ॥

## নিত্যানন্দপ্রভুর মাধবেক্র-পুরীর সহিত মিলন।

#### তৃতীয়অধ্যায়

এইমত নিত্যানন্দ প্রভুর ভ্রমণ। रिप्तत्व भाषरविद्य-मञ् रेश्न प्रतम्बन ॥ মাধ্যবন্দ্র-পুরী প্রোমময়-কলেবর। প্রেমময় যত সব সঙ্গে অনুচর॥ কৃষ্ণ-রস বিন্যু আর নাহিক আহার। মাধবেন্দ্রপুরী-দেহে ক্নফের বিহার॥ যার শিষা মহা প্রভূ-আচার্য্যগোসাঞি কি কহিব আর তাঁর প্রেমের বডাই॥ মাধব-পুরারে দেখিলেন নিত্যানন । ততক্ষণে প্রেমে মুচ্ছা হইলা নিষ্পান্দ।। নিত্যানন দেখি মাত্র শ্রীমাধবপুরী। পড়িলা মৃচ্ছিত হই আপনা' পাসবি॥ 'ভক্তিরসে আদি মাধবেক্ত সূত্রধার।' শ্রীগোরচন্দ্র ইহা কহিয়াছেন বারে বার॥ দোঁতে মৃচ্ছ । হইলেন দোঁহা-দরশনে। কান্দয়ে ঈশ্বপুরা-আদি-শিষ্যগণে। **ক্ষণে**কে হইলা বাহ্য-দৃষ্টি তুই-জনে। অন্যান্থে গলায় ধরি করেন ক্রন্দনে॥ বনে গড়ি যায় হুই প্রভু প্রেমরসে। তৃষ্কার করয়ে কৃষ্ণ-প্রেমের আবেশে। প্রেম-নদী বহে চুই প্রভুর নয়ানে। পুথিবী হইল সিক্ত ধন্ম হেন মানে॥ ক**ম্প**, অশ্রু, পুলক, ভাবের **অন্ত** নাঞি। তুই-দেহে বিহরয়ে চৈতন্ম-গোসাঞি॥

নিত্যানন্দ বলে "তীর্থ করিলাম যত। সম্যক্ তাহার ফল পাইলাম তত ॥ नग्रत्न एमिश्रू भाषर्वत्यात हत्र। এ প্রেম দেখিয়া ধন্য হইল জীবন ॥" মাধবেন্দ্রপারী নিত্যানন্দ করি কোলে। উত্তর না ফ্রারে রুদ্ধকণ্ঠ প্রেম-জলে॥ হেন প্রীত হইলেন মাধবেন্দ্রপুরী। বক্ষ হৈতে নিত্যানন্দ বাহির না করি॥ ঈশ্বরপুরী ত্রন্ধানন্দপুরী আদি যত। সর্ব্ব শিষ্য হইলেন নিত্যানন্দে রত ॥ সবে যত মহাজন সম্ভাষা করেন। কুষ্ণ-প্রেম কাহারো শরীরে না দেখেন। সবেই পায়েন তুঃখ জন সম্ভাষিয়া। অতএব বন সবে ভ্রমেণ দেখিয়া॥ অক্যান্য সে সব তুঃখের হৈল নাশ। অস্থান্য দেখি কৃষ্ণ-প্রেমের প্রকাশ ॥ কতদিন নিত্যানন্দ মাধবেক্স-সঙ্গে। ভ্রমেণ শ্রীকৃষ্ণ-কথা-পরানন্দ-রঙ্গে॥ মাধবেন্দ্ৰ-কথা অতি অন্তত্ত-কথন। মেঘ দেখিলেই মাত্র হয় অচেতন। অহর্নিশ কুফ্রপ্রেমে মদ্যপের প্রায়। হাসে কান্দে হৈ হৈ করে হায় হায়॥ নিত্যানন্দ মহা-মন্ত গোবিন্দের রসে। ঢুলিয়া ঢুলিয়া পড়ে অট্ট অট্ট হাসে॥ দোঁহার অন্তত ভাব দেখি শিষ্যগণ। নিরবধি 'হরি' বলি করয়ে কীর্ত্তন ॥ রাত্রিদিন কেহ নাহি জানে প্রেমরসে। কত কাল যায়, কেহ ক্ষণ নাহি বাসে॥ মাধবেন্দ্ৰ-সঙ্গে যত হইল আখ্যান। কে জানয়ে তাহা, কৃষ্ণচন্দ্র সে প্রমাণ॥ মাধবেন্দ্র নিত্যানন্দে ছাড়িতে না পারে নিরবধি নিত্যানন্দ-সংহতি বিহরে॥

मांधरवस्त वरल "(श्रम ना रमिथन्" रकाथा। সেই মোর সর্বব তীর্থ হেন প্রেম যথা। জানিলুঁ কুষ্ণের কুপা আছে মোর প্রতি। নিত্যানন্দ-হেন বন্ধু পাইনু সংহতি॥ (य-সে-शास यिन निजानन-अञ इय । সেঁই স্থান সর্ববতীর্থ-বৈকৃষ্ঠাদি-ময়॥ নিত্যানন্দ-হেন ভক্ত শুনিলে প্রবণে। 🛰 অবশ্য পাইব কৃষ্ণচন্দ্র সেই জনে॥ নিত্যানন্দে যাহার তিলেক দ্বেষ রহে। ভক্ত হইলেও সে ক্ষের প্রিয় নহে॥" এই মত মাধবেন্দ্র নিত্যানন্দ প্রতি। অহনিশ বলেন করেন রতি মতি॥ মাধবেন্দ্র-প্রতি নিত্যানন্দ মহাশয়। গুরু-বুদ্ধি ব্যতিরিক্ত আর না করয়॥ এইমত অস্থান্থ তুই মহামতি। কৃষ্ণ-প্রেমে না জানেন কোথা দিবা-রাতি॥ কতদিন মাধবেন্দ্ৰ-সঙ্গে নিত্যানন্দ। থাকিয়া চলিলা শেষে যথা সেতুবন্ধ॥ माधरवन्त्र চिनना मत्यु प्रियोद्य । কৃষ্ণাবেশে কেহ নিজ দেহ নাহি স্মারে॥ অতএব জীবনের রক্ষা সে-বিরহে। বাহ্য থাকিলে কি সে-বিচ্ছেদে প্রাণ রহে ॥ নিত্যানন্দ-মাধবেন্দ্র-তুই-দরশন। যে শুনয়ে তারে মিলে কুফ্র-প্রেম-ধন॥ হেনমতে নিত্যানন্দ ভ্রমে প্রেম-রসে। সেতৃবন্ধে আইলেন কতেক দিবসে॥ ধনু-তীর্থে স্নান করি গেলা রামেশ্বর। তবে প্রভু আইলেন বিজয়া-নগর॥ মায়াপুরী অবন্তী দেখিয়া গোদাবরী। আইলেন জিওড়-নৃসিংহদেবপুরী॥ ত্রিমল্ল দেখিয়া কৃর্মনাথ পুণ্য-স্থান। শেষে নীলাচলচন্দ্ৰ দেখিতে পয়ান ॥

আইলেন নীলাচলচন্দ্রের নগরে। ধ্বজা দৈখি মাত্র মূচ্ছ । হইল শরীরে॥ দেখিলেন চতুর্বভূত্ত-রূপ জগন্নাথ। প্রকট পরমানন্দ ভক্তবর্গ সাথ। দেখি মাত্র হইলেন পুলকে মূচ্ছি তে। পুনঃ বাহ্য হয় পুনঃ পড়ে পৃথিবীতে॥ কম্প, স্বেদ, পুলকাশ্রু, আছাড়, হুস্কার। কে কহিতে পারে নিত্যানন্দের বিকার १ এইমত নিত্যানন্দ থাকি নীলাচলে। দেখি গঙ্গাসাগর আইলা কুতৃহলে॥ তাঁর তার্থ-যাত্রা সব কে পারে কহিতে। কিছু লিখিলাম মাত্র তাঁর কুপা হৈতে॥ এই মত তীর্থ-ভ্রমি নিত্যানন্দ-রায়। পুনর্বার আসিয়া মিলিলা মথুরায় ॥ নিরবধি বুন্দাবনে করেন বসতি। কুফের আবেশে না জানেন দিবারাতি॥ আহার নাহিক -- কদাচিত ত্রগ্ধ-পান। সেহ অ্যাচিত যদি কেহ করে দান॥ নবদ্বীপে গৌরচন্দ্র আছে গুপ্তভাবে। ইহা নিত্যানন্দ-স্বরূপের মনে জাগে॥ "আপন ঐশ্বর্য্য প্রভু প্রকাশিব যবে: আমি গিয়া করিমু আপন-সেবা তবে॥" এই মানসিক করি নিত্যানন্দ-রায়। মথুরা ছাড়িয়া নবদ্বীপে নাহি যায়॥ নিরব্ধি বিহরয়ে কালিন্দার জলে। **मिन्छ-मक्त वृन्नावतम युना-(थना (थतन ॥** যদ্যপিহ নিত্যানন্দ ধরে সর্ব্ব-শক্তি। তথাপিহ কারেও না দিলেন বিষ্ণু-ভক্তি। যবে গৌরচন্দ্র প্রভু করিব প্রকাশ। তাঁর সে আজ্ঞায় ভক্তি-দানের বিলাস।। কেহ কিছু না করে চৈতন্য আজ্ঞা বিনে। ইহাতে অল্পতা নাহি পায় প্রভূগণে।

কি অনস্ত, কিবা শিব, অজাদি দেবতা। চৈতন্য-আজ্ঞায় হর্ত্তা কর্ত্তা পালয়িতা ॥ ইহাতে যে পাপীগণ, মনে তুঃখ পায়। বৈষ্ণবের অদৃশ্য সেই পাঁপী সর্ববথায়॥ সাক্ষাতেই দেখ সরে এই ত্রিভূবনে। • নিত্যানন্দ-ছারে পাইলেন প্রেমধনে। চৈতন্মের আদি-ভক্ত নিত্যানন্দ-রায়। চৈতন্মের যশ বৈসে যাঁহার জিহ্বায়॥ অহর্নিশ চৈত্তগ্যের কথা প্রভু কহে। তাঁরে ভজিলে সে চৈতন্য-ভক্তি হয়ে॥ আদিদেব জয় জয় নিত্যানন্দ-রায়। চৈতন্য-মহিমা ক্রুরে যাঁহার কুপায়॥ চৈতন্ম কুপাতে হয় নিত্যানন্দে রতি। নিতাানন্দ জানিলে আপদ নাহি কতি॥ সংসারের পার হই ভক্তির সাগরে। যে ডুবিব সে ভজুক নিতাইচান্দেরে॥ কেহ বলে "নিত্যানন্দ যেন বলরাম।" কেহ বলে "চৈত্তের বড় প্রিয়ধাম॥" কিবা যতা নিত্যানন্দ, কিবা ভক্ত জ্ঞানী। যার যেন-মত ইচ্ছা না বলয়ে কেনি॥ যে সে কেনে চৈত্তের নিত্যানন্দ নহে। তবু সেই পাদ পদ্ম রহুক হৃদয়ে॥ কোন চৈতন্মের লোক নিত্যানন্দ প্রতি। মন্দ বলে হেন দেখ, সে কেবল স্তুতি॥ নিত্যসিদ্ধ জ্ঞানবস্ত বৈষ্ণব-সকল। **তবে যে কলহ দেখ, সব কুতৃহল**॥ ইথে একজনের হইয়া পক্ষ যে। অশ্য-জনে নিন্দা করে, ক্ষয় যায় সে॥ নিত্যানন্দ-স্বরূপে সে নিন্দা না লওয়ায়। তাঁর পথে থাকিলে সে গৌরচন্দ্র পায়॥ হেন দিন হৈব কি চৈতগু নিজ্যানন্দ। দেখিব বেপ্তিত চতুর্দ্দিকে ভক্তবুন্দ।।

সর্ববভাবে স্বামী যেন হয় নিজানন । তাঁর হৈয়া ভজি যেন প্রভু গৌরচন্দ্র॥ নিত্যানন্দ-স্থরূপের স্থানে ভাগবত। জন্ম জন্ম পডিবাঙ এই অভিমত ॥ জয় জয় জয় মহাপ্রভু গৌরচন্দ্র। দিলাও নিলাও তুমি প্রভু নিত্যানন্দ ॥ তথাপিহ এই কুপা কর মহাশয়। ভোমাতে তাহাতে যেন চিত্তবৃত্তি রয় ॥ তোমার পরম-ভক্ত নিত্যানন্দ-রায়। তুমি তাঁরে দিলে বিনা কোন জনে পায় ? वुन्नावन-व्यापि कवि खार निजानन । যাবত না আপনা' প্রকাশে গৌরচন্দ্র॥ নিত্যানন্দ-সরূপের তীর্থ-পর্যাটন। ষেই ইহা শুনে তারে মিলে প্রেমধন॥ প্রীক্ষাটেততা নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবনদাস তছ পদযুগে গান 🛚

ইতিশ্রীনিত্যানন্দচরিতায়তে আদিখণ্ডে নিত্যানন্দপ্রভুর মাধ্যেন্দ্র-পুরীর সহিত মিলন নাম তৃতীয়োহধ্যায়ঃ॥

স্দিখ্য স্মাপ্ত

#### শ্রীশ্রীকৃষ্ণচৈতগুনিত্যানন্দাদ্বৈতচন্দ্রায়নমঃ

# প্রীপ্রীনিত্যানন্দ চরিতামৃত।

#### মধ্যখণ্ড।

প্রথমঅধ্যায়

# নিত্যানন্দ ও গৌরাঙ্গমহাপ্রভু-সম্মিলন

#### মঙ্গলাচরণ।

আজাতুলম্বিভভুজো কনকাবদাতো সঙ্কীপ্তনৈকপিতরো কমলায়তাকো। বিশ্বস্তরো দ্বিজবরো যুগধর্ম্মপালো বন্দে জগৎপ্রিয়করো করুণাবতারো॥ নমন্ত্রিকালসত্যায় জগন্নাথস্কতায় চ। সভৃত্যায় সপুত্রায় সকলত্রায় তে নমঃ

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্ত নিত্যানন্দ।
জয়াদৈতচন্দ্র জয় গৌরভক্তবৃন্দ।
জয় নরহরি-গদাধর-প্রাণনাথ।
মোর প্রতি কর প্রভু শুভ দৃষ্টিপাত।
ভক্তগোষ্ঠি সহিত গৌরাঙ্গ জয় জয়।
শুনিলে নিতাই-কথা ভক্তি লভ্য হয়

মধাখণ্ড-কথা যেন অমৃতের খণ্ড। যে কথা শুনিলে ঘুচে অন্তর-পাষ্ড॥ দেখরে নয়ন ভর্মিন নিতাই স্থান্দর। "গৌরাঙ্গ-প্রণয়- রসময় পুরন্দর॥ আভোরা প্রণয়-রসে অঙ্গ গদগদ। চলিতে অথির ধরে আধ আধ পদ। এইমত বুন্দাবনে বৈসে নিত্যানন। নবদ্বীপে প্রকাশ হইলা গৌরচন্দ্র ॥ নিরস্তর সঙ্কীর্ত্তন-পরম আনন্দ। তুঃখ পায় প্রভু না দেখিয়া নিত্যানন্দ নিত্যানন্দ জানিলেন প্রভুর প্রকাশ। যে অবধি লাগি করে বুন্দাবনে বাস॥ জানিয়া আইলা ঝাট নবদ্বীপপুরে। আসিয়া রহিলা নন্দন-আচার্য্যের ঘরে নন্দন-আচার্য্য, মহাভাগবতোত্তম। দেখি মহাতেজোরাশি যেন সূর্যা-সম।। মহা-অবধৃত-বেশ-প্রকাণ্ড শরীর। নিরবধি গভীরতা দেখি মহা-ধার॥ অহর্নিশ বদনে বলয়ে ক্লফ্র-নাম। ত্রিভুবনে অদ্বিতীয় চৈতন্মের ধাম। নিজানন্দে ক্ষণে ক্ষণে করয়ে হুস্কার। মহা মত্ত যেন, বলরাম-অবতার ॥ কোটি চক্র জিনিয়া, বদন মনোহর। জগত-জীবন হাস্ত, স্থন্দর অধর॥ মুকুতা জিনিয়া, শ্রীদশনের জ্যোতি। আয়ত অরুণ, তুই লোচন-স্বভাঁতি॥ আজামুলম্বিত ভুজ, স্থপীবর বক্ষ। চলিতে কোমল বড় পদযুগ দক্ষ॥ পরম-কুপায় করে সবারে সম্ভাষ। শুনিতে শ্রীমুখ-বাক্য, কর্ম্ম-বন্ধ-নাশ ॥ আইলা নদীয়াপুরে নিত্যানন্দ-রায়। সকল ভবনে, জয় জয় ধ্বনি গায়॥

সে মহিমা বলে হেন কে আছে প্রচণ্ড। ষে প্রভু ভাঙ্গিল গৌরস্থন্দরের দণ্ড॥ বণিক অধম মূর্থ, কে করিল পার। ব্ৰহ্মাণ্ড পবিত্ৰ হয় নাম লইলে যাঁর ॥ পাইয়া নন্দনাচার্য্য হর্ষাত হয়।। রাখিলেন নিজঘরে. ভিক্ষা করাইয়া॥ নবদ্বীপে নিত্যানন্দচন্দ্র-আগমন। ইহা যেই শুনে. তারে মিলে প্রেমধন॥ নিত্যানন্দ-আগমন, জানি বিশ্বস্তর। অনস্ত হরিষ প্রাভু হইলা অস্তর॥ পূর্বের ব্যপদেশে, সর্বর বৈষ্ণবের স্থানে। ব্যঞ্জিয়া আছেন, কেহ মর্ম্ম নাহি জানে॥ ( আরে ) ভাই সব, তুই তিন দিনের ভিতরে। কোনো মহাপুরুষ এক আসিব এথারে॥ দৈবে সেই দিন বিষ্ণু পূজি বিশ্বস্তর। সকল বৈষ্ণব যথা মিলিলা সত্বর ॥ সবাকার স্থানে প্রভু কহয়ে আপনে। আজি আমি অপরূপ দেখিতু সপনে॥ তালধ্বজ এক রথ সংসারের সার। আসিয়া রহিল রথ আমার তুয়ার ॥ তার মাঝে দেখি এক প্রকাণ্ড-শরীর। মহা এক স্তম্ভ ক্ষন্ধে, গতি নহে স্থির॥ বেত্র-বান্ধা-কাণা, এক কুন্তু, বামহাতে। নীলবন্ত্র-পরিধান, নীলবন্ত্র মাথে॥ বাম-শ্রুতি-মূলে, এক কুণ্ডল বিচিত্র। হলধর-ভাব, হেন বুঝিয়ে চরিত্র॥ এই বাড়ী নিমাই পণ্ডিতের হয় হয়। দশবার বিশবার (আমায়) এই কথা কয়॥ মহা-অবধৃত-বেশ পরম প্রচণ্ড। আর কভু নাহি দেখি এমন উদ্দণ্ড॥ দেখিয়া সম্ভ্রম বড় পাইলাম আমি। জিজ্ঞাসিত্ব আমি, কোন মহাজন তুমি॥

হাঁসিয়া আমারে বলে, এই ভাই হয়। তোমায় আমায় কালি হবে পরিচয়॥ হরিষ বাডিল শুনি তাহার বচন। আপনারে বাসোঁ মুঞি, যেন সেই সম॥ কহিতে প্রভুর বাহ্য সব গেল দুর। হলধর-ভাবে, প্রভু গর্জ্জয়ে প্রচুর॥ মদ আনো, মদ আনো, বলি প্রভু ডাকে। হুষ্কার শুনিতে যেন চুই কর্ণ ফাটে ॥ শ্রীবাস-পণ্ডিত কহে শুনহ গোসাঞি। যে মদিরা চাহ তুমি, সে তোমার ঠাঞি তুমি যারে বিলাও, সেই সে তাহা পায়। কম্পিত সকল গণ, দুরে রহি চায়॥ मत्न मत्न हित्छ, मत तिक्षतित्र भग। অবশ্য ইহার কিছু, আছয়ে কারণ॥ আর্য্যা-তর্জ্জা পড়ে প্রভু, অরুণ-নয়ন। হাসিয়া দোলায় অঙ্গ, যেন সন্ধর্ণ॥ ক্ষণেকে হইলা প্রভু, স্বভাব-চরিত্র। স্বপ্র-অর্থ-স্বভাবে, বাখানে রাম-মাত্র ॥ হেন বুঝি মোর চিত্তে, লয় এক কথা। কোনো মহাপুরুষ যে আসিয়াছে হেথা॥ পূর্বের আমি বলিয়াছি তোমা সবা-স্থানে। কোনো মহাজন-সঙ্গে হৈব দরশনে ॥ চল হরিদাস চল শ্রীবাস পণ্ডিত। চাহ গিয়া দেখ, কে আইদে কোন ভিত দুই মহাভাগবত প্রভুর আদেশে। मर्व-नवधीएभ চाহि वुलएय रुतिरव॥ চাহিতে চাহিতে, কথা কহে ছুই জনে। এ বুঝি আইলা কিবা প্রভু সঙ্কর্মণে ॥ আনন্দে বিহ্বল দুই চাহিয়া বেড়ায়। তিলার্দ্ধেক উদ্দেশ কোথাও নাহি পায়॥ সকল নদীয়া, তিন প্রহর চাহিয়া। আইলা প্রভুর স্থানে কাহো না দেখিয়া॥ নিবেদয়ে দোঁহে আসি প্রভুর চরণে। উপাধিক কোথাও নহিল দরশনে॥ कि मन्नामी, कि तिक्षत, किवा छानी छल। পাষণ্ডীর ঘর আদি, দেখিমু সকল ॥ চাহিলাম সর্বব নবদ্বীপ যার নাম। সবে না চাহিল প্রভু গিয়া অন্য গ্রাম॥ তুহার বচন শুনি হাসে গৌরচন্দ্র। ছলে বুঝাইল, বড় গৃঢ় নিত্যানন্দ॥ এই অবভারে কেহ, গৌরচন্দ্র রায়। নিত্যানন্দ-নাম শুনি উঠিয়া পলায়॥ পুজ্ঞায়ে গোবিন্দ যেন না মানে শক্ষর। এই পাকে অনেক যাইবে যম ঘর॥ বড় গৃঢ় নিত্যানন্দ এই অবতারে। চৈতন্য দেখায় যারে সে দেখিতে পারে॥ না বঝিয়া নিন্দা তাঁর চরিত্র অগাধ। পাইলেও কৃষ্ণভক্তি হয় তার বাধ। সর্ববথা শ্রীবাস আদি তাঁর তত্ত্ব জানে। না হইল দেখা কোনো কৌতৃক কারণে॥ ক্ষনেকে ঠাকুর বোলে ঈসৎ হাসিয়া। আইস আমার সঙ্গে সবে দেখি গিয়া॥ উল্লাসে প্রভুর সঙ্গে সর্বভক্তগণ। "জয় কৃষ্ণ" বলি সবে করিল। গমন॥ পথে যাইতে "মুরারি মুরারি!" ডাকে পঁত। "না দেখিলা অবধৃত" বলি হাসে লহু॥ নন্দন-আচার্যা-ঘরে আছে মহাশয়। আইস যাইব তথা, কহিলা নিশ্চয়॥ পথে যাইতে ঘন ঘন "হরি হরি বোল''। শ্রীঅঙ্গে পুলক কণ্ঠে গদ গদ রোল ॥ নয়নে গলয়ে নীর সাত পাঁচ ধারা। চলিতে না পারে পথ সোনার কিশোরা॥ ক্ষণে সিংহ-পরাক্রমে পদ চারি যায়। মত্ত্র করিবর ধেন উলটি না চায়॥

नव-४त-जन (यन शखीत निनाद । ঘন ঘন হুত্কার আনন্দ-উন্মাদে॥ সবা লই প্রভু, ৰন্দন-আচার্য্যের ঘর। যাইয়া উঠিল গিয়া এগৌরস্থন্দর। বসিয়াছে এক মহাপুরুষ-রতন। সবে দেখিলেন যেন কোটি-সূর্যাসম।। অলক্ষিত আবেশ বুঝন নাহি যায়। ধ্যান-স্থাথে পরিপূর্ণ, হা**সয়ে সদা**য়॥ মহা-ভক্তি-যোগ, প্রভু বুঝিয়া তাঁহার। গণ-সহ-বিশ্বস্তর কৈলা নমস্কার ॥ সম্রমে রহিলা সর্বব-গণ দাঁড়াইয়া। কেহ কিছু না বলেন, রহিলা চা'হিয়া॥ সম্মুখে রহিলা মহাপ্রভু বিশ্বস্তর। চিনিলেন নিত্যানন্দ (আপন) প্রাণের ঈশ্বর বিশ্বস্তর-মৃর্ত্তি যেন মদন-সমান। मिता-शक्त-भाला-मिता-ताम-शतिधान ॥ কি হয় কনক-ত্যুতি সে দেহের আগে। সে বদন দেখিতে চাঁদের সাধ লাগে ॥ সে দন্ত দেখিতে কোথা মুকুতার দাম। সে কেশ-বন্ধন দেখি না রহে গেয়ান। দেখিতে আয়ত তুই-অরুণ-নয়ান। আর কি 'কমল আছে' হেন হয় জ্ঞান॥ সে আজামু দুই ভুজ হৃদয় স্থপীন। তঁহি শোভে সূক্ষা-যজ্ঞ-সূত্ৰ অতিকাণ ॥ ললাটে বিচিত্র উদ্ধ তিলক স্থান্দর। আভরণ বিনা সর্বব অঙ্গ মনোহর॥ কিবা হয় কোটি মণি, সে নখে চাহিতে। সে হাস্থ দেখিতে কিবা করিব অমতে॥ নিত্যানন্দ সম্মুখে রহিলা বিশ্বস্তর। চিনিলেন নিত্যানন্দ (আপন) প্রাণের ঈশ্বর। হরিষে স্তম্ভিত হৈলা নিত্যানন্দ-রায়। একদৃষ্টি হই বিশ্বস্তর-রূপ চা'র॥

রসনায় লিহে যেন দরশনে পান।
ভূজে যেন আলিঙ্গন নাসিকার আগ।
এইমত নিত্যানন্দ, হইলা স্বস্থিত।
না বোলে না করে কিছু, সবেই বিস্মিত।
বুকিলেন সর্ব্ব-প্রাণ্-নাথ গোররায়।
নিত্যানন্দ জানাইতে স্বজিলা উপায়।
ইঙ্গিতে শ্রীবাস প্রতি বলিলেন ঠারে।
ভাগবতে (র) এক শ্লোক পাঠ করিবারে।
প্রভুর ইঙ্গিত বুঝি শ্রীবাস পণ্ডিত।
কুষ্ণ-ধ্যান-এক শ্লোক পড়িলা স্বরিত।

বহাপীড়ম্ নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারম্, বিজ্ঞদ্বাসঃ কনককপিশম্ বৈজয়ন্তাঞ্চ মালাম্। রস্কুান্ বেণোরধরস্থধয়া পূরয়ন্ গোপরন্দৈ,-র্ন্দারণাম্ স্বপদরমণম্ প্রাবিশদ্ গীভকীর্ত্তিঃ॥ শ্রীমন্তা, ১০ ক্ষন্ম॥

শুনিমাত্র নিত্যানন্দ শ্লোক উচ্চারণ। পড়িলা মূৰ্চিছত হয়া নাহিক চেতন ॥ সানন্দে মূৰ্চ্ছিত হৈলা নিত্যানন্দ-রায়। "পড় পড়" শ্রীবাসেরে গৌরাঙ্গ শিখায় **দ** শ্লোক শুনি কতক্ষণে হইলা চেতন। তবে প্রভু লাগিলেন করিতে রোদন॥ পুনঃ পুনঃ শ্লোক শুনি বাড়য়ে উন্মাদ। ব্ৰহ্মাণ্ড ভেদয়ে হেন শুনি সিংহনাদ॥ অলক্ষিতে অন্তরীক্ষে পাড়য়ে আছাড়। সবে মনে ভাবে কিবা চূর্ণ হৈল হাড়॥ অন্মের কি দায়! বৈষ্ণবের লাগে ভয়। "রক্ষ কৃষ্ণ, রক্ষ কৃষ্ণ' সবে সঙ্রয়॥ গড়াগড়ি যায়, প্রভু, পৃথিবীর তলে। কলেবর পূর্ণ হৈল নয়নের জ**লে**॥ বিশ্বস্তর রূপ চাহি ছাড়ে ঘন-শাস। অন্তর-আনন্দ ক্ষণে, ক্ষণে মহা হাস 🛭

ক্ষণে নৃত্য, ক্ষণে গান, ক্ষণে বাহু-ভাল। ক্ষণে জোড়ে জোড়ে লক্ষ দেই দেখি ভাল।। আরক্ত-গোরাঙ্গণান্তি পরমস্থন্দর। বলমল অলঙ্কার অঞ্চ মনোহর॥ কটিতটে পীতবাস বিরাজিত শোভা। শিরে লটপটি-পাগ চম্পকের আভা। চলিতে নৃপুর পদে ঝন্ঝনি শুনি। কুরঞ্জনয়নী-চিত্ত-তরল-সন্ধানি॥ হাসিতে বিজুলি যেন খসিয়া পড়িছে। কামিনী আপন লাজ, তাহাতেই দিছে॥ মেঘ জিনি গরজে, গম্ভীর শব্দ শুনি। কলি-মন্ত-হাতির দমন সিংহ-ধ্বনি ॥ মাতিল কুঞ্জর যেন গমন স্থানর। প্রসন্ন-বদনে প্রেম-ধারা নিরন্তর ॥ পুলকে আকুল তনু প্রেমে ডগমগী। কম্প স্বেদ আদি ভাবে রসে অমুরাগী॥ किल-मर्श-ममन केशक-मे धरत। রাতা-উৎপল-করতল মনোহরে॥ অঙ্গদ কন্ধণ হার কেয়ূর কিন্ধিণী। গণ্ডযুগে কুণ্ডল যেমন দৈনমণি॥ পড়িয়া গড়িয়া উঠে বোলয়ে সামাল। সবাকে বোলয়ে কাঁহা কানাঞা গোয়াল। অলৌকিক বাক্য-ভাব ক্ষণে কাঁদে হাসে। মধু দেহ বলি ক্ষণে রেবতি প্রশংসে॥ कर्त यूराशम कति, लाटक लाटक यात्र। এক কহে, আর বলে, বুঝনে না যায়॥ অঙ্গের সৌরভে যত যুবতীর গণ। কুলবতী-গৃহ তারা ছাড়িল তখন ॥ ভূমিতে পড়িয়া প্রভু পরণাম করে। করিল বিনয়-স্তুতি মধুর অক্ষরে॥ পড়িলেন প্রভু-পদে নিত্যানন্দ-রায়। তুঁহার চরণদোঁতে ধরিবারে চায়॥

(माँटि व्यानिकन कड़ काँमिया काँमिया। কতি ছিলা বলি হাসে শ্রীম্থ চাহিয়া॥ সকল জগত চাহি ফ্রিরিয়া আইমু। কোথাও তোমার লাগ, মুই না পাইসু॥ শুনিলাম গৌড়দেশে নবদ্বীপ-পুরে। লুকাঞা রয়েছে আসি, নন্দের কুমারে॥ চোর ধরিবারে মুই আইলাম হেথা। ধরিলাম চোর আজি পলাইবে কোথা॥ ইহা বলি নিত্যানন্দ হাসে কাঁদে নাচে। গৌরাঙ্গ আনন্দে নাচে নিত্যানন্দ-কাছে॥ দেখিয়া অন্তত কৃষ্ণ-উন্মাদ-আনন্দ। সকল বৈষ্ণৰ সহ কান্দে গৌরচন্দ্র ॥ পুনঃ পুনঃ বাঢ়ে স্থখ অতি অনিবার। ধরেন সবেই, কেহ নারে ধরিবার॥ धतिएक नातिला यमि देवक्षव-मकरल। বিশ্বস্তর করিলেন আপনার কোলে॥ বিশ্বস্তর-কোলে মাত্র গেলা নিত্যানন। সমর্পিয়া প্রাণ তাঁরে, হইলা নিষ্পান ॥ যার প্রাণ তারে নিত্যানন্দ সমর্পিয়া। আছেন প্রভর কোলে অচেষ্ট হইয়া॥ ভাসে নিত্যানন্দ চৈত্তগ্রের প্রেম-জলে। শক্তি-হত লক্ষ্যণ যেন শ্রীরামের কোলে। প্রেম-ভক্তি-বাণে মুচ্ছা গেলা নিত্যানন্দ। নিতাইরে কোলে করি কান্দে গৌরচক্র॥ कि ञानम विदय, उदेल छूटे खरन। পূর্বেব যেন শুনিয়াছি শ্রীরাম-লক্ষ্মণে ॥ গৌরচন্দ্র-নিত্যানন্দ-স্নেহের যে সীমা। শ্রীরাম-লক্ষ্মণ বই নাহিক উপমা॥ বাহ্য পাইলেন নিত্যানন্দ কতক্ষণে। হরি বলি জয়ধ্বনি করে ভক্তগণে॥ নিতাইরে কোলে করি আছে বিশ্বস্তর। বিপরীত দেখি। মনে হাসে গদাধর॥

্যে অনস্থ নিরব্ধি ধরে বিশ্বস্তর। আর্জি তাঁর গর্বব চুর্ণ কোলের ভিতর ॥ নিত্যানন্দ-প্রভাবের জ্ঞাতা গদাধর। নিত্যানন্দ জ্ঞাতা গদাধরের অস্তর ॥ নিত্যানন্দ দেখিয়া সকল ভক্তগণ। নিতাানন্দময় হৈল সবাকার ম**ন** ॥ নিত্যানন্দ গৌরচক্র দোঁহে দোঁহা দেখি। কেছ কিছু না বোলয়ে ঝোরে মাত্র আঁখি। দোঁহে দোঁহা দেখি বড বিবশ হইলা। দোঁহার নয়ন-জলে পৃথিবী ভাসিলা॥ বিশ্বস্তর বলে শুভ দিবস আমার। দেখিলাম ভক্তিযোগ, চারি বেদ সার॥ এ কম্প, এ অশ্রু, এ গর্জ্জন-হত্তক্ষার। ইহা কি ঈশ্বর-শক্তি বিনা হয় আর॥ সকৃত এ ভক্তিযোগ নয়নে দেখিলে। তাহারেও কৃষ্ণ নাহি ছাডে কোন কালে। বুঝিলাম ঈশ্বরের তুমি পূর্ণ-শক্তি। তোমা ভজিলে সে জীব পায় কৃষ্ণ-ভক্তি॥ ' তুমি কর, চতুর্দ্দশ ভূবন পবিত্র। অচিন্তা, অগমা. গৃঢ, তোমার চরিন॥ তোমা লখিবেক হেন আছে কোন জন। মূৰ্ত্তিমন্ত তুমি কৃষ্ণ-প্ৰেম-ভক্তি-ধন॥ তিলার্দ্ধ তোমার সঙ্গ যে জনার হয়। কোটি পাপ থাকিলেও তার মন্দ নয়॥ বুঝিলাম কৃষ্ণ মোর করিব উদ্ধার। তোমা হেন সঙ্গ আনি দিলেন আমার॥ মহাভাগো দেখিলাম তোমার চরণ। তোমা ভজিলে সে পাই কৃষ্ণ-প্রেম-ধন। আবিষ্ট হইয়া প্রভু গৌরাঙ্গ স্থন্দর। নিত্যানন্দ-স্তুতি করে নাহি অবসর॥ নিত্যানন্দ-চৈত্তস্থের অনেক সম্ভাষ। সব কথা ঠারে ঠোরে নাহিক প্রকাশ ॥

প্রভু বলে জিজ্ঞাসা করিতে করি ভয়। কোন্দিক হইতে শুভ করিলে বিজয় ? শিশুমতি নিত্যানন্দ পরম বিহবল। বালকের প্রায় যেন বচন চঞ্চল। এই প্রভু অবতীর্ণ জানিলেক মর্ম্ম। কর যোড় করি বলে হই অতি নম্র॥ প্রভু করে স্তুতি, শুনি লঙ্ক্তিত হইয়া। ব্যপদেশে সব কথা কহেন ভাঙ্গিয়া॥ নিত্যানন্দ বলে তীর্থ ভ্রমিলাম অনেক। দেখিলাম কুষ্ণের স্থান ষ্তেক যুত্তক॥ স্থানমাত্র দেখি কৃষ্ণ দেখিতে না পাই। জিজ্ঞাসা করিনু তবে ভাল লোক ঠাই॥ সিংহাসন সব, কেন দেখি আচ্ছাদিত। কহ ভাই সব, কুষ্ণ গেলা কোন ভিত॥ তারা বলে কৃষ্ণ গিয়াছেন গৌড়দেশে। গয়া করি গিয়াছেন কতেক দিবসে। নদিয়ায় শুনি বড় নাম-সঞ্চার্ত্তন। কেহ বলে এথায় জন্মিলা নারায়ণ॥ পতিতের ত্রাণ বড় শুনি নদিয়ায়। শুনিয়া আইনু মুই পাতকী এথায়॥ প্রভু বলে আমরা সকলে ভাগ্যবান্। তোম। হেন ভক্তের হইল উশস্থান॥ আজি কৃত-কৃত্য হেন মানিল আমরা। দেখিল যে তোমার আনন্দ বারিধারা॥ হাসিয়া মুরারি বোলে, তোমরা তোমরা। ইহাতো না বুঝি কিছু আমরা সবারা॥ শ্রীবাস বোলয়ে উহা আমরা কি বুঝি। মাধব শঙ্কর যেন দোঁহে দোঁহা পূজি॥ গদাধর বলে ভালো বলিলা পণ্ডিত। সেহ বুঝি যেন, রাম-লক্ষ্মণ-চরিত। কেহ বলে তুইজন যেন তুই কাম। কেহ বলে তুইজন যেন কৃষ্ণ-রাম।

क्ट वर्ल आमि किছ विस्थय ना जानि। কুষ্ণ-কোলে যেন শেষ, আইলা আপনি॥ কেহ বলে पुटे, मशा (यन कृष्ण र्ज्जून। সেইমত দেখিলাম স্লেহ-পরিপূর্ণ॥ কেহ বলে হুইজনে বড় পরিচয় : কিছুই না বুঝি সব ঠারে ঠোরে কয়॥ এইমত হরিষে সকল ভক্তগণ। নিত্যানন্দ-দরশনে করেন কথন ॥ নিতাইচাঁদ গৌরচন্দ্র চুই দরশন। ইহার প্রবণে হয় বন্ধ বিমোচন। সঙ্গি-স্থা-ভাই-ছত্র-শ্যুন-বাহন। নিত্যানন্দ বিনা নহে অন্ত কোনো জন। নানা রূপে সেবে প্রভু আপন ইচ্ছায়। যারে দেন অধিকার সেই তাহা পায়॥ आि प्रतिपार के बार के ब মহিমার অন্ত ইহা না জানেন সব॥ না জানিয়া নিন্দে তান, চরিত্র অগাধ। পাইয়াও কৃষ্ণ-ভক্তি হয় তার বাধ ॥ চৈতত্ত্যের প্রিয়-দেহ নিত্যানন্দ-রাম। হউ মোর প্রাণ-নাথ এই মনস্কাম॥ তাঁহার প্রসাদে হৈল চৈতন্যতে মতি। তাঁহার আজ্ঞায় লিখি চৈতন্যের স্তুতি॥ রঘুনাথ যতুনাথ যেন নাম ভেদ। এইমত নিত্যানন্দ আর বলদেব॥ সংসারের পার হঞা ভক্তির সাগরে। ষে ডুবিবে, সে ভজুক নিতাই-চাঁদেরে॥ জয় জয় ঐাগৌরস্থন্দর মহেশর। জয় জয় নিত্যানন্দ, অনস্ত ঈশ্বর॥ শ্রীকৃষ্ণ চৈত্রন্য নিত্যানন্দ চান্দ জান। রন্দাবনদাস তছু পদযুগে গান ॥

ইতিশ্রীশ্রীনিত্যানন্দর্চরিতামূতে মধ্যখণ্ডে নিত্যানন্দ ও গৌরাঙ্কমহা প্রভু সন্মিলন নাম প্রথমোহধ্যায়ঃ॥

## নিত্যানন্দ-প্রভুরব্যাসপূজা।

হেনমতে নিত্যানন্দ-ুসঞ্চে কুভূহলে। কৃষ্ণ-কথা-রসে সবে হইলা বিহ্বলে॥ সবে মহাভাগবত পরম-উদার। কৃষ্ণ-রসে মত্ত সবে করেন হুঙ্কার॥ হাসে প্রভু নিত্যানন্দ চারি-দিকে দেখি। বহুয়ে আনন্দ-ধারা স্বাকার আঁখি॥ দেখিয়া আনন্দ মহাপ্রভু বিশ্বস্তর। নিত্যানন্দ-প্রতি কিছু করিলা উত্তর॥ "শুন শুন নিত্যানন্দ শ্রীপাদ গোসাত্রি। ব্যাসপূজা ভোমার হইব কোন্ ঠাঞি ? কালি হৈব পৌর্ণমাসী-ব্যাসের পুজন। আপনে বুঝিয়া বল, যারে লয় মন ॥" নিত্যানন্দ জানিলেন প্রভুর ইঙ্গিত। হাতে ধরি আনিলেন শ্রীবাসপণ্ডিত॥ হাসি বলে নিত্যানন্দ "শুন বিশ্বস্তর! ব্যাসপূজা এই মোর বামনার ঘর ॥'' শ্রীবাসের প্রতি বলে প্রভু বিশম্ভর। "বড় ভার লাগিল যে ভোমার উপর ॥" পণ্ডিত বলেন "প্রভু! কিছু নহে ভার। তোমার প্রসাদে সব ঘরেই আমার॥ বস্ত্র, মুদগ, যজ্জসূত্র, ঘৃত, গুয়া, পান। বিধিযোগ্য যত সজ্জ-সব বিদ্যমান॥ পদ্ধতি-পুস্তক মাত্র মাগিয়া আনিব। কালি মহাভাগ্যে ব্যাস-পূজন দেখিব॥" প্রীত হৈলা মহাপ্রভু শ্রীবাসের বোলে। र्ह्यत-रहि-ध्वनि करत्र देवखव-**म**करल ॥ বিশ্বস্তর বলে "শুন শ্রীপাদ গোসাঞি। শুভ কর' সবে পণ্ডিতের ঘর যাই॥"

আনন্দিত নিত্যানন্দ প্রভুর বচনে। সেইর্কণে আজ্ঞা লই করিলা গমনে॥ সর্বব-গণে চলিলা ঠাকুর বিশ্বস্তর। রাম-কৃষ্ণ বৈড়ি ষেন গোকুলকিঙ্কর ॥ প্রবিষ্ট হইলা মাত্র শ্রীবাস-মন্দিরে। বড় কৃষ্ণানন্দ হৈল সবার শরীরে॥ কপাট পড়িল তবে প্রভুর সাজ্ঞায়। আপ্তগণ বিনা আর যাইতে না পায়॥ কীর্ত্তন করিতে আজ্ঞা করিলা ঠাকুর। উঠিল কীর্ত্তন-ধ্বনি, বাছ্য গেল দূর॥ ব্যাসপূজা-অধিবাস উল্লাস কীর্ত্তন। তুই প্রভু নাচে, বেড়ি গায় ভক্তগণ॥ চির-দিবসের প্রেমে চৈতন্য নিতাই। দোঁহে দোঁহা ধ্যান করি নাচে এক-ঠাঁই॥ হুষ্কার করয়ে কেহ, কেহ বা গর্জ্জন। কেহ মৃচ্ছ । যায়, কেহ করয়ে ক্রন্দন ॥ কম্প, স্বেদ, পুলক, আনন্দ মৃচ্ছ। যত। ঈশ্বরের বিকার—কহিতে জানি কত॥ সামুভাবানন্দে নাচে প্রভু চুই জন। ক্ষণে কোলাকুলি করি করয়ে ক্রন্দন॥ দোঁহার চরণ দোঁহে ধরিবারে চায়। পরম চতুর দোঁহে—কেহ নাহি পায়॥ পরম-আনন্দে দোঁহে গড়াগড়ি যায়। আপনা' না জানে দোঁহে আপন-লীলায়॥ বাহ্য দুর হইল, বসন নাহি রয়। ধরয়ে বৈষ্ণবগণ, ধরণ না যায়॥ যে ধরয়ে ত্রিভূবন, কে ধরিব তারে। মহামত্ত তুই প্রভু কীর্ত্তনে বিহরে॥ 'বোল বোল' বলি ডাকে শ্রীগৌরস্থন্দর। সিঞ্চিত আনন্দ-জলে সর্ব্ব-কলেবর॥ চির-দিনে নিত্যানন্দ পাই অভিলাষে। বাহ্য নাহি, আনন্দ-সাগরে-মাঝে ভাসে॥

বিশ্বস্তুর নৃত্য করে অতি-মনোহর। নিজ শির লাগে গিয়া চরণ-উপর 🛭 টলমল ভূমি নিতাানুন্দ-পদ তালে। ভূমিকম্প-হেন মানে' বৈঞ্চব-সকলে॥ এইমত আনন্দে নাচেন তুই নাথ। সে উল্লাস কহিবারে শক্তি আছে কা'ত ? নিত্যানন্দ প্রকাশিতে প্রভু বিশ্বন্তর। বলরাম-ভাবে উঠে খট্টার উপর॥ মহামত্ত হৈল। প্রভু বলরাম-ভাবে। "মদ আন' মদ আন'" বলি ঘন ডাকে॥ নিত্যানন্দ প্রতি বলে শ্রীগৌরস্থন্দর। "ঝাট দেহ' মোরে হল মুখল সত্বর॥" পাইয়া প্রভুর আজ্ঞা প্রভু নিত্যানন্দ। করে দিলা, কর পাতি লৈলা গৌরচন্দ্র ॥ কর দেখে কেহ আর কিছুই না দেখে। কেহ বা দেখিল হল মুষল প্রত্যক্ষে॥ যারে কৃপা করে সেই ঠাকুরে সে জানে। দেখিলও শক্তি নাহি কহিতে কথনে॥ এ বড় নিগুড় কথা কেহ মাত্র জানে। নিত্যানন্দ ব্যক্ত সেই সর্বব জন-স্থানে ॥ নিত্যানন্দ-স্থানে হল মুষল লইয়া। "বারুণী বারুণী'' প্রভু ডাকে মত্ত হৈয়া॥ কারে বুদ্ধি নাহি স্ফুরে, না বুঝে উপায়। অন্যান্য স্বার বদন সবে চা'য়॥ যুকতি করয়ে সবে মনেতে ভাবিয়া। ঘট ভরি গঙ্গাজল সবে দিল লৈয়া॥ সর্ব্ব-গণে দেয় জল, প্রভু করে পান। সত্য যেন কাদস্বরা পীয়ে-হেন জ্ঞান॥ চতুর্দ্দিকে রামস্তুতি পড়ে ভক্তগণ। "নাড়া নাড়া নাড়া" প্রভু বলে অনুক্ষণ।। সঘনে ঢুলায় শির "নাড়া নাড়া'' বোলে। নাড়ার সন্দর্ভ কেহ্ না বুঝে সকলে॥

সবে বলিলেন "প্রভু! 'নাড়া' বল কা'রে ?" প্রভু বলে "আইলুঁ মুঞি যাহার হুষ্কারে ॥ 'অদৈত-আচার্য্য' বলি কথা কহ যার। সেই নাড়া লাগি মোর এই অবতার॥ মোহারে আনিলা নাড়া বৈকুণ্ঠ গাকিয়া। নিশ্চিন্তে রহিল গিয়া হরিদাস লৈয়া॥ সঙ্কীর্ত্তন-আরম্ভে মোহার অবতার। ঘরে ঘরে করিমু কীর্ত্তন-পরচার॥ বিদ্যা, ধন, কুল, জ্ঞান, তপস্থার মদে। মোর ভক্ত-স্থানে যার আছে অপরাধে॥ সে অধ্য-সবারে না দিয় প্রেম্যোগ। নগরিয়া প্রতি দিমু ব্রহ্মাদির ভোগ।।" শুমিয়া আনন্দে ভাসে স্ব-ভক্তগণ। ক্ষণেকে স্থান্থির হৈলা শ্রীশচী নন্দন॥ "কি চাঞ্চল্য করিলাঙ ?" প্রভু জিজ্ঞাসয়। ভক্ত-সব বলে "কিছু উপাধিক নয় ॥ সবারে করেন প্রভু প্রেম-আলিঙ্গন। "অপরাধ মোর না লইবা সর্বব-ক্ষণ ॥" **হাসে সব-ভক্তগণ প্রভু**র কথায়। নিত্যানন্দ-মহাপ্রভু গড়াগড়ি যায় **॥** সম্বরণ নহে নিত্যানন্দের আবেশ। প্রেম-রদে বিহবল হইলা প্রভু 'শেষ'। कर्ण हारम, कर्ण कार्त्म, कर्ण मिश्रयत । বাল্য-ভাবে পূর্ণ হৈল সর্ব্ব-কলেবর॥ কোথা বা থাকিল দণ্ড, কোণা কমণ্ডল। কোথা বা বসন গেল, নাহি আদি মূল॥ **एक्ष**ल रहेला निजानिक मश-धीत । আপনে ধরিয়া প্রভু করিলেন স্থির॥ চৈ চন্যের বচন-অঙ্কুশ সবে মানে'। নিত্যানন্দ মত্ত-সিংহ আর নাহি জানে॥ "স্তির হও, কালি পূজিবারে চাহ ব্যাস।" স্থির করাইয়া প্রভু গেলা নিজ-বাস॥

ভক্তগণ চলিলেন আপনার ঘরে। নিত্যানন্দ রহিলেন শ্রীবাসমন্দিরে॥ কত রাত্রে নিত্যানন্দ হুক্কার করিয়া। নিজ দণ্ড কমণ্ডলু ফেলিলা ভাঙ্গিয়া। কে বুঝয়ে ঈশ্বরের চরিত্র অখণ্ড। কেনে ভাঙ্গিলেন নিজ কমগুলু দণ্ড॥ প্রভাতে উঠিয়া দেখে রামাই-পণ্ডিত। ভাঙ্গা দণ্ড কমণ্ডলু . দেখিয়া বিশ্মিত ॥ পণ্ডিতের স্থানে কহিলেন ততক্ষণে। শ্রীবা**স** বলেন "যাও ঠাকুরের স্থানে॥" রামাইর মুখে শুনি আইলা ঠাকুর। বাহ্য নাহি নিত্যানন্দ হাসেন প্রচুর॥ দণ্ড লইলেন প্রভু শ্রীহন্তে তুলিয়া। চলিলেন গঙ্গাস্থানে নিত্যানন্দ লৈয়া ৷ শ্রীবাসাদি সবাই চলিলা গঙ্গাস্বানে। দগু থুইলেন প্রভু গঙ্গায় আপনে।। চঞ্চল সে নিত্যানন্দ. না মানে বচন । তবে এক-বার প্রভু করয়ে তর্জ্জন। কুন্তীর দেখিয়া তারে ধরিবারে যায়। গদাধর শ্রীনিবাস করে 'হার হায়'॥ সাঁতারে গঙ্গার মাঝে নির্ভয়-শরীর। চৈতন্যের বাক্যে মাত্র কিছু হয় হির॥ নিত্যানন্দ প্রতি ডাকি বলে বিশ্বস্তর। "ব্যাস পূজা আজি তুমি করহ সম্বর ॥" শুনিয়া প্রভুর বাক্য উঠিল। তথনে। স্নান করি গৃহে আইলেন প্রভু-সনে।। আসিয়া মিলিলা সব-ভাগবভগণ। নিরবধি 'কৃষ্ণ কৃষ্ণ' করিছে কীর্ত্তন ॥ শ্রীবাসপণ্ডিত ব্যাসপূজার আচার্য্য। চৈত্তত্থের আজ্ঞায় করেন **সর্ব্ব-কা**র্য্য । মধুর মধুর সবে করেন কীর্ত্তন। শ্রীবাসমন্দির হৈল বৈকুণ্ঠভবন ॥

সর্বশান্তজ্ঞাতা সেই ঠাকুর-পণ্ডিত। করিলা সকল কার্য্য বিধি ও বোধিত। দিব্য-গন্ধ-সহিত স্থন্দর বনমালা। নিত্যানন্দ-হাঁতে দিয়া কহিতে লাগিলা।। "শুন শুন নিত্যানন্দ। এই মালা ধর। বচন পড়িয়া ব্যাসদেবে নমস্কর ॥ শান্তবিধি আছে মালা আপনে সে দিবা' ব্যাস তুষ্ট হৈলে, সর্ব্ব-অভীষ্ট পাইবা ॥'' যত শুনে নিত্যানন্দ করে 'হয় হয়'। কিসের বচন-পাঠ-প্রবোধ না লয় ॥ किंवा वर्ल शिद्ध शिद्ध, वूक्षम मा गारा। মালা হাতে করি পুনঃ চারিদিকে চা'য়॥ প্রভুরে ডাকিয়া বলে শ্রীবাস উদার। "না পুজেন ব্যাস এই শ্রীপাদ তোমার॥" শ্রীবাসের বাক্য শুনি শ্রীগৌরস্থন্দর। ধাইয়া সম্মুখে প্রভু আইলা সত্বর॥ প্রভু বলে "নিত্যানন্দ! শুনহ বচন। মালা দিয়া কর' ঝাট ব্যাদের পূজন ॥" দেখিলেন নিত্যানন্দ-প্রভু বিশ্বস্তর। মালা তুলি দিলা তাঁর মস্তক-উপর। मकल रेनकव रेहला आनर्म निह्तल। ব্যাসপূজা-মহোৎসব মহা-কুতৃহল ॥ কেহ নাচে কেহ গায় কেহ গড়ি-যায়। সবাই চরণ ধরে. যে যাহার পায়॥ চৈতন্য প্রভুর মাতা-জগতের আই। **নিভূতে** বসিয়া রঙ্গ দেখেন তথাই।। বিশ্বস্তর নিত্যানন্দ দেখি তুইজনে। "তুইজন মোর পুত্র" হেন বাদে' মনে॥ ব্যাসপূজা-মহোৎসব পরম উদার। অনন্ত-প্রভু সে পারে ইহা বর্ণিবার॥ সূত্র করি কহি কিছু নিতাই চরিত। যে-তে-মতে কৃষ্ণ গাইলেই হয় হিড॥

मिन यवर्गिय देश वामशृका-त्रकः। নাচেন বৈফবগণ বিশ্বস্তর-সঙ্গে॥ পরম আনন্দে মত্ত ভ্রাগবতগণ। "হা কৃষ্ণ।" বলিয়া সবৈ করেন ক্রন্দন। এইমতে নিজ ভক্তিযোগ প্রকাশিয়া। স্থির হৈলা বিশ্বস্তর সর্বব-গণ লৈয়া॥ ঠাকুর-পণ্ডিত প্রতি বলে বিশ্বস্তর। "ব্যাদের নৈবেদ্য সব আনহ সত্বর ॥" ততক্ষণে আনিলেন সর্বব-উপহার। আপনেই প্রভু হস্তে দিলেন সবার॥ প্রভুর হস্তের দ্রব্য পাই ততক্ষণ। আনন্দে ভোজন করে ভাগবতগণ ॥ যতেক আছিল সেই বাড়ীর ভিতরে। সবারে ডাকিয়া প্রভু দিলা নিজ-করে। ব্রক্ষাদি পাইয়া যাহা ভাগ্য-হেন মানে। তাহা পায় বৈষ্ণবের দাস-দাসীগণে॥ এসব কৌতুক যত শ্রীবাসের ঘরে। এতেকে শ্রীবাস-ভাগ্য কে বলিতে পারে॥ এইম্ভ নানা দিন নানা সে কৌতুকে। নবদ্বীপে হয়, নাহি জানে সর্ব্ব-লোকে। সবা প্রতি মহাপ্রভু বলিলা বচন। পূর্ণ হৈল ব্যাসপূজা করহ কীর্ত্তন। শ্ৰীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবনদাস তছু পদযুগে গান।

ইতিশ্রীনিত্যানন্দচরিতামতে মধাখণ্ডে নিত্যানন্দপ্রভুর শ্রীব্যাস-পূজানাম দ্বিতীয়োগ্ধায়ঃ।

# নিত্যানন্দপ্রভুর; ষড়ভুজমৃত্তি দর্শন ও স্তব

- mosson

#### তৃতীয়্বধ্যায়।

আর দিন শ্রীবাস পণ্ডিত ভিক্ষা দিল ! তাহার আশ্রমে অবধৃত ভিক্ষা কৈল। মনেক সন্তোষ পাইল পণ্ডিতের ঠাঞি। ভিক্ষা করি সেই দিন রহিল তথাই ॥ সেইক্ষণে মহাপ্রভু গৌর-ভগবান। শ্রীবাস আশ্রমে গেলা প্রসঃ-বয়ান ॥ দেবালয়ে প্রবেশিয়া বৈসি দিব্যাসনে কহিলা, আমারে এই দেখহ নয়নে॥ পরিশ্রম কৈলে তুমি আমার কারণে। এখন আমারে এই দেখা নয়নে ॥ এ বোল শুনিয়া নিত্যানন্দ ন্যাসি-বর। **माम्दर्ज नित्रीएथ विश्वखद-कल्यद्व ॥** তত্ব না জানিলা কিছু বিশেষ তাহার। কি কায়ে কহিলা প্রভু ইঙ্গিত-আকার 🛭 তবে পুনরপি মহাপ্রভু বিশ্বস্তর। নিজ-জন দেখি কিছু কহিলা অস্তর ॥ সব জন হও, এই মন্দির বাহির। শুনিয়া বিস্মিত সব বৈষ্ণব স্থধীর॥ মন্দির-বাহির হৈল আজ্ঞা পালিবারে। ইঙ্গিতে কহিল কর্ম্ম কে জানিবে তাঁরে ॥ সবিশেষ কথা কিছু কহে আপনার। নিভূতে করয়ে কর্ম্ম কে জানিবে তার। দেখিলেন নিত্যানন্দ প্রভু বিশ্বস্তর। ছয়-ভুক্ত বিশ্বস্তর হৈলা ততঃপর॥

শব্দ, চক্রন, গদা, পদ্ম, শ্রীহল, মুষল। দেখিয়া মুচ্ছিত হৈলা নিতাই বিহবল॥

স জয়তি বিশুদ্ধবিক্রমঃ কনকগভঃ কমলায়তেক্ষণঃ। পরজাস্বলিম্বিষড়্ভুজো বহুধা ভক্তিরসাভিনর্ত্তকঃ॥ শ্রীমু, গুপু, কড়চা।

> ষড্ভুজ দেখি মুচ্ছা পাইলা নিতাই ৷ পড়িলা পৃথিবী-তলে—ধাতু মাত্র নাই॥ ভয় পাইলেন সব বৈষ্ণবের গণ। 'রক্ষ কৃষ্ণ ! রক্ষ কৃষ্ণ !' করেন স্মরণ ॥ ত্ত্বার করেন জগনাথের-নন্দন। কক্ষে তালি দেন ঘন বিশাল গৰ্জ্জন ॥ মৃচ্ছা গেলা নিত্যানন্দ ষড্ভুজ দেখিয়া। আপনে চৈতন্য তোলে গা'য়ে হাত দিয়া। "উঠ উঠ নিত্যানন্দ। স্থির কর' চিত। সঙ্কীর্ত্তন শুনহ তোমার সমীহিত। যে কাঁন্তন নিমিত্ত করিলা অবতার। সে তোমার সিদ্ধ হৈল. কি বা চাহ আর १ h ভোমার সে প্রেম-ভক্তি. তুমি প্রেমময়। নাহি তুমি দিলে, কারু ভক্তি নাহি হয়॥ আপনা' সম্বরি উঠ, নিজ-জন চাহ। যাহারে তোমার ইচ্ছা. তাহারে বিলাহ। তিলার্দ্ধেক তোমারে যাহার দ্বেষ রহে। ভজিলেও, সে আমার প্রিয় কভু নহে॥" পাইলা চৈতন্ত্য, প্রভু, প্রভুর বচনে। হইলা আনন্দময় ষড্ভুজ-দর্শনে। যে অনন্ত-হৃদয়ে বৈসেন গৌরচন্দ্র। সেই প্ৰভু অবিশ্বয় জান' নিত্যানন্দ ॥ ছয়-ভুজ-দৃষ্টি তানে এ কোন্ অন্তুত। অবতার অনুরূপ এসব কৌতুক॥ দোখয়া ঐছন রূপ অতি অদ্ভুত। পূর্বব সম্ভরিলা নিত্যানন্দ অবধৃত।

জয় জয় বিশ্বস্তর জনক সবার। জয় জয় সঙ্কীর্ত্তন-হৈতু অবতার॥ জয় জয় বেদ-ধূর্ম্ম-সাধু-বিপ্র-পাল। জয় জয় অভিক্ত-দমন-মহাকাল। জয় জয় সর্বব–সত্যময়-কলেবর। জয় জয় ইচ্ছাময় মহা-মহেশ্ব॥ যে তুমি অনন্তকোটি ব্রক্ষাণ্ডের বাস। সে তুমি শ্রীশটা-গর্ব্বে করিলা প্রকাশ। তোমার যে ইচ্ছা, কে বুঝিতে তার পাত্র। স্ষ্ঠি-স্থিতি-প্রলয় তোমার লীলা মাত্র॥ সকল সংসার যাঁর ইচ্ছায় সংহারে। সে কি কংস রাবণ বধিতে বাকো নারে॥ তথাপিও দশরথ-বস্তদেব ঘরে। অবতার্ণ হইয়া সে বধ তা'সবারে॥ এতে কে বুঝিতে পারে তোমার কারণ। আপনি সে জান তুমি আপনার মন ॥ তোমার আজ্ঞায় এক সেবকে তোমার। অনস্ত ব্রহ্মাও পারে করিতে উদ্ধার॥ তথাপিও তুমি সে আপনে অবতরি। সর্বব-ধর্মা-বুঝাও পৃথিবী ধনা করি। সত্যযুগে তুমি প্রভু শুভ্রবর্ণ ধরি। তপোধশ্ম বুঝাও আপনে তপ করি। কৃষ্ণাজিন-দণ্ড-কমণ্ডলু-জট। ধরি। ধর্ম্মস্থাপ ব্রহ্মচারী-রূপে অবতরি॥ ত্রেতাযুগে ধরিয়া স্থন্দর রক্তবর্ণ। হয়ে যজ্ঞপুরুষ বুঝাও যজ্ঞ-ধর্ম্ম॥ ব্রুকু ব্রুব হস্তে যজ্ঞ আপনে করিয়া। সবারে লওয়াও যজ্ঞ যাজ্ঞিক হইয়া॥ দীব্য-মেঘ-শ্যাম-বর্ণ হইয়া দ্বাপরে। পূজা-ধর্মা বুঝাও আপনে ঘরে ঘরে॥ পীতবাস-শ্রীবৎসাদি নিজ চিহু ধরি। পূজাকর মহারাজরূপে অবতরি॥

কলিযুগে বিপ্ররূপে ধরি পীতবর্ণ। বুঝাবারে বেদ-গোপ্য সন্ধীর্ত্তন ধর্ম্য ॥ কতেক বা তোমার অনস্ত অবতার : কার শক্তি আছে তাহা সংখ্যা করিবার ॥ মৎস্তরূপে তুমি জলে প্রলয়ে বিহার। কৃষ্মরূপে তুমি সর্বব জীবের আধার। হয়গ্রীব-রূপে কর বেদের উদ্ধার। আদিদৈত্য তুই, মধু কৈটভ সংহার॥ 🔊 বরাহরূপে কর পৃথিবা-উদ্ধার। শ্রীনৃসিংহরূপে কর হিরণ্য বিদার । বলি ছল অপূর্বর বামনরূপ হই। পরশুরাম-রূপে কর নিঃক্ষজ্রিয়া মহা।। রামচন্দ্রূপে কর রাবণ সংহার। হলধররূপে কর অনস্ত বিহার॥ বুদ্ধ-রূপে দ্য়া-ধর্ম্ম করহ প্রকাশ। কল্কি-রূপে কর মেচ্ছগণের বিনাশ ॥ ধন্বস্তরি-রূপে কর অমৃত প্রদান। হংস-রূপে ব্রহ্মাদিরে কহ তত্ত্ব-জ্ঞান। শ্রীনারদ-রূপে বীণা ধরি কর গান। ব্যাস-রূপে কর নিজ তত্ত্বের ব্যাখ্যান ॥ भववनीना-नावना **रेवम्**श्री कवि भक्ति । ক্রম্ণ-রূপে গোকলে করিলা বছরজে॥

অখিলরসামৃতমূর্ত্তিঃ প্রস্থমরক্রচিদ্ধতারকাপালিঃ। কলিতশ্যামাললিতে। রাধাপ্রেয়ান্ বিদূজয়তি॥ ভ, র, সি।

বলয়ানাং নুপূরাণাং কিঞ্কিণীনাঞ্চ যোবিতাম্। স্প্রিয়ানা-মভূচ্ছক-স্তমূলো রাসমগুলে॥ ইতি-(শ্রীমন্তাগবতীয় দশমস্কন্ধে শ্রীমহারাস-শ্লোকঃ।)

> এই অবতারে ভাগবত-রূপ-ধরি। কীর্ত্তন করিবা সর্বব শক্তি পরচারি॥

সঙ্কীর্ত্তন পূর্ণ হৈব সকল সংসার।

ঘরে ঘঁরে হৈব প্রেম-ভক্তির প্রচার ॥

কি কহিব পৃথিথার আনন্দ প্রকাশ।

তুমি নৃত্য করিবা মিলিয়া সর্বর দাস ॥

যে তোমার পাদপদ্ম-ধ্যান নিত্য করে।

তা-সবার প্রভাবেই অমঙ্গল হরে ॥

পদ-তালে খণ্ডে পৃথিবীর অমঙ্গল।

দৃষ্টি-মাত্রে দশ দিক্ হয় স্থানির্মাল॥

বাহুতুলি নাচিতে স্বর্গের বিদ্ব-নাশ।

হেন যশ, হেন নৃত্য, হেন তোর দাস॥

তথাহি শ্রীপদ্মপুরাণে—তথৈব চ শ্রীক্ষমপুরাণে। পদ্মাং ভূমেদিশে। দৃগ্ভ্যাং, দোর্ভ্যাঞ্চামঙ্গলং দিক্ বহুধোৎসাধ্যতে রাজন্, কুঞ্চক্তস্য নৃত্যতঃ॥

সে প্রভু আপনে তুমি সাক্ষাৎ হইয়া। করিবা কার্ত্তন প্রেম-ভক্ত-গোষ্টী লৈঞা।। এ মহিমা প্রভু বর্ণিবার-কার শক্তি। তুমি বিলাইবা বেদ-গোপ্য বিষ্ণু-ভক্তি 🖟 মুক্তি দিয়া যে ভক্তি রাখহ গোপা করি। আমি-সব যে নিমিত্ত অভিলাষ করি॥ জগতেরে. প্রভু, তুমি দিবা হেন ধন। ভোমার করুণা. সবে, ইহার কারণ। যে তোমার নামে প্রভু সর্ব্ব-ষজ্ঞপূর্ণ। সে তুমি হইলা নবদ্বীপে অবতীৰ্ণ ॥ যে তোমারে যোগেশ্বর, সবে, দেখে ধ্যানে। সে তুমি বিদিত হৈল। নবদ্বীপ-গ্রামে॥ **নবদ্বাপ প্রতিও থাকুক নমস্কার**। শচী-জগন্নাথ-গৃহে যথা অবতার ॥ "জয় জয় সর্বব-প্রাণ-নাথ বিশ্বস্তর। জয় জয় গৌরচন্দ্র করুণা সাগর। জয় জয় ভকত-বচন-সত্যকারী। জয় জয় মহাপ্রভু মহা-অবতারী ॥

জয় জয় সিন্ধু-স্থতা-রূপ-মনোরম। জয় জয় শ্রীবৎস-কৌস্তুভ-বিভূষণ ॥ জয় জয় হরেকৃষ্ণ-মন্ত্রের প্রকাশ। জয় জয় নিজ-ভক্তি-গ্রহণ-বিলাস॥ জয় জয় মহাপ্রভু অনন্তশয়ন। জয় জয় জয় সর্ববর্জাবের শরণ ॥ তুমি বিষ্ণু, তুমি কৃষ্ণ, তুমি নারায়ণ। তুমি মৎস্য, তুমি কুশ্ম, তুমি সনাতন ॥ তুমি সে বরাহ, প্রভু, তুমি সে বামন। ভূমি কর' যুগে যুগে বেদের পালন ॥ তুমি রক্ষঃকুল-হস্তা-জানকী-জাবন। তুমি গুহ-বরদাতা অহল্যা-মোচন॥ তুমি সে প্রহলাদ লাগি কৈলে অবতার। হিরণ্য বধিয়া নরসিংহ-নাম যাঁর॥ সর্ববদেবচুড়ামণি তুমি দ্বিজরাজ। তুমি সে ভোজন কর' নীলাচল-মাঝ ॥ তোমারে সে চারি-বেদে বুলে অম্বেষিয়া। তুমি হেথা আদি রহিয়াছ লুকাইয়া॥ লুকাইতে বড় প্রভু, তুমি মহাধার। (কিন্তু) ভক্তজনে ধরি তোমা করয়ে বাহির॥ সঙ্কীর্ত্তন-আরম্ভে তোমার অবতার। অনস্ত-ব্ৰহ্মাণ্ডে তোমা' বই নাহি আর ॥ এই তোর তুইখানি চরণকমল। ইহার সে রুসে গৌরী-শঙ্কর বিহ্বল ॥ এই সে চরণ রমা সেবে এক-মনে। ইহার সে যশ গায় সহস্রবদনে॥ এই সে চরণ ব্রহ্মা পুজয়ে সদায়। শ্রুতি পুরাণে ইহার যশ গায়। সত্যলোক আক্রমিল এই সে চরণে। বলি-শির ধন্ম হৈল ইহার স্পর্শনে ॥ এই সে চরণ হৈতে গঙ্গার জনম। মস্তকে ধরিয়া শিব আনন্দে মগন॥

ভোমারে সে বস্থদেব-নন্দ-স্থত বলি। এবে অবতীর্ণ হঞা উদ্ধারিলে কলি।। তব পদস্পর্শে প্রভু, কাষ্ঠ হয় সোণা। পাষাণ মানবা হয়, জগতে ঘোষণা ॥ কর যুড়ি নিত্যানন্দ করে নিবেদন। ত্রিভুবন করে প্রভু তোমার সেরন॥" (তথন) হরিষে নাচয়ে নিতাই আনন্দ অপার। দিগু বিদিগ্ নাহি জ্ঞান, প্রেমের পাথার ॥ যেবা গায় এই কথা হইয়া তৎপর। সগোষ্ঠীরে প্রেমদাতা তারে বিশ্বস্তর ॥ জগতে তুর্ল ভ বড় বিশ্বস্তর নাম। যিনি প্রভু চৈতন্য সবার ধন প্রাণ॥ এই নিত্যানন্দের ষড় ভুজ দর্শন। ইহা যে শুনয়ে—তার বন্ধ-বিমোচন ॥ শ্ৰীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবন্দাস তছু পদ্যুগে গান ॥

ইতিশ্রীশ্রীনিত্যানন্দচরিতায়তে মধ্যথণ্ডে নিত্যানন্দপ্রভুর, সড়্ভুজ-মূর্ত্তিদর্শন ও স্তব নাম তৃতায়োহধ্যায়ঃ॥

### শ্রীবাসের নিত্যানন্দ-প্রীতিরপরীক্ষা ও শচী-মাতার অপূর্বী স্বপ্নবৃত্তান্ত।

#### চতুর্থঅধ্যায় ৷

নিত্যানন্দ রহিলেন শ্রীবাসের ঘরে। নিরস্তর বাল্যভাব, আর নাহি ক্যারে॥ আপনে তুলিয়া হাতে ভাত নাহি খায়। পুক্ত-প্রায় করি অন্ন মালিনী যোগায়। নিত্যানন্দ-অনুভব জানে পতিব্ৰতা। নিত্যানন্দ সেবা করে- যেন পুত্র মাতা। একদিন প্রভু শ্রীনিবাসের সহিত। বসিয়া কহেন কথা—কুঞ্জের চরিত ॥ পণ্ডিতেরে পরীক্ষয়ে প্রভ বিশ্বস্তর। "এই অবধৃত কেন রাখ নিরস্তর॥ কোন জাতি কোন কুল কিছুই না জানি। পরম-উদার তুমি-বলিলাম আমি ॥ আপনার জাতি-কুল যদি রক্ষা চাও। ত্রে ঝাট এই অবধৃতেরে ঘুচাও॥" ঈষৎ হাসিয়া বলে শ্রীবাস-পণ্ডিত। "আমারে পরীক্ষ' প্রভু! এ নহে উচিত। দিনেক যে তোমা' ভজে, সে আমার প্রাণ নিতানিক তোর দেহ—মো হতে প্রমাণ। মদিরা যবনী যদি নিত্যানন্দ ধরে। জাতি প্রাণ ধন যদি মোর নাশ করে॥ ত্যাপি আমার চিত্তে নহিব অন্যথা। সতা সতা তোমারে কহিন্দু এই কথা।"

এতেক শুনিলা যবে শ্রীবাসের মুখে। হুষ্ণুর করিয়া প্রভু উঠে তার বুকে॥ প্রভু বলে "কি,বলিলা পণ্ডিত শ্রীবাস! নিত্যানন্দ প্রতি তোর এতই বিশ্বাস।। মোর গোপ্য নিত্যানন্দ জানিলা সে তুমি তোমারে সম্বর্ফ হঞা বর দিব স্নামি॥ যদি লক্ষ্মী ভিক্ষা করে নগরে নগরে। তথাপি দারিদ্র তোর নহিবেক ঘরে॥ বিড়াল-কুকুর-আদি তোমার বাড়ীর। সবার আমাতে ভক্তি হইবেক স্থির॥ নিত্যানন্দ সমর্পিল আমি তোমা' স্থানে। সর্ববমতে সংবরণ করিবা আপনে॥" শ্রীবাসেরে বর দিয়া প্রভু গেলা ঘর। নিত্যানন্দ ভ্রমে সব-নদীয়া-নগর ॥ ক্ষণেকে গঙ্গার মাঝে এডেন সাঁতার। মহাস্রোতে লই যায় -সস্তোষ অপার॥ বালক-সবার সঙ্গে ক্ষণে ক্রীডা করে। কণে যায় গঙ্গাদাস মুরারির ঘরে॥ প্রভুর বাড়ীতে ক্ষণে যায়েন ধাইয়া। বড স্নেহ করে আই তাহানে দেখিয়া॥ বাল্যভাবে নিত্যানন্দ আইর চরণ। ধরিবারে যায়—আই করে পলায়ন॥ একদিন আই কিছু দেখিল সপনে। নিভূতে কহিলা পুক্র-বিশ্বস্তর-স্থানে॥ "নিশি-অবশেষে মৃত্রি দেখিমু স্বপন। তুমি আর নিত্যানন্দ—এই তুই জন॥ বৎসর-পাঁচের তুই ছাওয়াল হৈয়া। মারামারি করি দোঁহে বেড়াও ধাইয়া॥ ছুইজনে সাস্তাইলা গোসাঞির ঘরে। রাম কৃষ্ণ লই দোঁহে হইলা বাহিরে॥ তাঁর হাতে কুষ্ণ, তুমি লই বলরাম। চারিজনে মারামারি মোর বিদামান ॥

রাম-কৃষ্ণ-ঠাকুর বলয়ে ক্রুদ্ধ হৈয়া। কে তোরা ঢাঙ্গাতি ছুই বাহিরাও গিয়া॥ এ বাড়ী এ ঘর সব মামা' দোঁহাকার। এ সন্দেশ দধি তুগ্ধ যত উপহার॥ নিত্যা**নন্দ** বলয়ে সে কাল গেল বয়ে। . (य-क्रोटन थाडेना पिंध नवनी नुष्टिस ॥ ঘুচিল গোয়ালা- – হৈল বিপ্র-অধিকার। আপনা চিনিয়া সব ছাড' উপহার॥ প্রীতে যদি না ছাডিবা, খাইবা মারণ। লুটিয়া খাইলে বা রাখিবে কোন জন। রাম কুষ্ণ বলে আজি মোর দোষ নাএ। বান্ধিয়া এড়িমু তুই ঢক্ষ এই ঠাঞি॥ দোহাই কুফের যদি আজি কর আন। নিত্যানন্দ প্রতি তর্জ্জ-গর্জ্জ করে রাম॥ নিত্যা**নন্দ** বলে তোর ক্লফেরে কি ভর। গৌরচন্দ্র বিশ্বস্তর—আমার ঈশ্বর॥ এইমত কলহ করহ চারিজন। কাড়াকাডি করি সব করয়ে ভোজন ॥ কাহার হাতের কেহ কাডি লই যায়। কাহার মুখের কেহ মুখ দিয়া খায়॥ 'জননী' । বলিয়া নিত্যানন্দ ডাকে মোরে। অন্ন দেহ' মাতা ! মোরে, কুধা বড় করে ॥ এতেক বলিতে মুঞি চেতন পাইসু। কিছু না বুঝিসু আমি তোমারে কহিন্তু॥ হাসে প্রভু বিশ্বস্তর শুনিয়া সপন। জননীর প্রতি বলে মধুর বচন॥ "বড়ই স্থপ্নপ্ৰ তুমি দেখিয়াছ মাতা! আর কার ঠাঞি পাচে কহ এই কণা। তোমার ঘরের মূর্ত্তি পরতেখ বড়। মোর চিত্ত তোমার স্বগ্নেতে হৈল দড়॥ মুঞি দেখো বারেবারে নৈবেদ্যের সাজে। আধা-আধি না থাকে, না কহি কারে লাজে॥ তোমার বধুরে মোর সন্দেহ আছিল।
আজি সে আমার মনে সন্দেহ ঘুচিল॥"
হাসে লক্ষ্মী জ্বগন্মাতা—স্বামীর বচনে।
অন্তরে থাকিয়া সব স্বপ্ন-কথা শুনে॥
বিশ্বস্তর বলে "মাতা! শুনহ বচন।
নিত্যানন্দে আনি শীঘ্র করাহ ভোজন॥"
পুত্রের বচনে শচী হরিষ হইলা।
ভিক্ষার সামগ্রী যত করিতে লাগিলা॥
শ্রীকৃষ্ণ-চৈতন্য নিত্যানন্দ চান্দ জান।
বন্দাবন দাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দ চরিতামতে মধ্যমখণ্ডে শ্রীবাসের নিত্যানন্দ-প্রীতির পরীক্ষা ও শচীমাতার অপূর্ব্ব স্বপ্নযুত্তান্ত নাম চতুর্থোহধ্যায়ঃ॥

### নিত্যানন্দপ্রভুর-নিমন্ত্রণ ও মহাপ্রভু-সহিত-ভোজন ।

#### পঞ্চমঅধ্যায়

নিত্যানন্দ-স্থানে গেলা প্রভু বিশ্বস্তর। নিমন্ত্রণ গিয়া তানে করিলা সত্বর॥ "আমার বাড়াতে আজি গোসাঞির ভিক্ষা চঞ্চলতা না করিবা—করাইলা শিকা॥" কর্ণ ধরি নিত্যানন্দ 'বিষ্ণু বিষ্ণু' বলে। **"চঞ্চলতা করে যত পাগল-সকলে**॥ এ বুঝিয়ে মোরে তুমি বাসহ চঞ্চল। আপনার মত তুমি দেখহ সকল॥'' এত বলি তুইজনে হাসিতে হাসিতে ক্লম্ব-কথা কহি কহি আইলা বাড়ীতে॥ আসিয়া বসিলা এক ঠাই তইজন। গদাধর-আদি পরমাত্রায়গণ । ঈশান দিলেন জল ধুইতে চরণ। নিত্যানক-সঙ্গে গেলা করিতে ভোজন।। বসিলেন দুই প্রভু করিতে ভোজন। কৌশল্যার ঘরে যেন শ্রীরাম-লক্ষণ। এইমত তুই প্রভু করয়ে ভোজন। সেই ভাব সেই প্রেম সেই হুই জন। পরিবেষণ করে আই মনের সভোষে। ত্রিভাগ হইল ভিক্ষা - গুইজন হাসে॥ আর বার আসি আই হুইজনে দেখে। বৎসর-পাঁচের শিশু দেখে পরতেখে॥

কৃষ্ণ-শুক্ল-বর্ণ দেখে তুই মনোহর। তুই জন চতুর্ভুজ—তুই দিগম্বর॥ শঙ্খ, চক্ৰ, গদা, পদা, শ্ৰীহল মুধল। শ্রীবৎস, কৌস্তভ দেখে মকরকুগুল।। আপনার বধু দেখে পুত্রের হৃদয়ে। সকৃত দেখিয়া আর দেখিতে না পায়ে॥ পড়িলা মূর্চিছতা হৈয়া পৃথিবীর তলে। তিতিল বসন সব নয়নের জলে॥ অন্নয় সব ঘর হইল তখনে। অপূর্ব্ব দেখিয়া শচী বাহু নাহি জানে ॥ আথে-ব্যথে মহাপ্রভু আচমন করি। গায়ে হাত দিয়া জননীরে তোলে ধরি॥ "উঠ উঠ মাতা ! তুমি স্থির কর' চিত। কেন বা পড়িলা পৃথিবাতে আচম্বিত॥" বাহ্য পাই আই আথে-ব্যথে কেশ বান্ধে না বলয়ে কিছু আই গৃহ মধ্যে কান্দে॥ মহাদীর্ঘশাস ছাড়ে, কম্প সর্ব্ব-গায়। প্রেমে পরিপূর্ণ হৈলা, কিছু নাহি ভায়। ঈশান করিলা স্ব-গৃহ-উপস্কার। যত্তিল অবশেষ—সকল তাঁহার॥ সেবিলেন সর্ববকাল আইরে ঈশান : চতুদ্দশ-লোক-মধ্যে মহাভাগ্যবান॥ এইমত অনেক কোতুক প্রতিদিনে। মশ্ম-ভূত্য বই ইহা কেহ নাহি জানে॥ ভিক্ষা অন্তে দোঁহা অঙ্গে লেপিয়া চন্দন দিব্য-মালা নিবেদিলা পূজার বিধান॥ নিত্যানন্দ দেখি শচীর জুড়াল নয়ান। পিরীতি-পাগল হৈঞা হেরয়ে বয়ান॥ প্রভু বলে নিজ পুত্র বলিয়া জানিবে। আমার অধিক করি ইহারে পালিবে। পুক্ত-ভাবে শচী, নিত্যানন্দ মুখ চাহে। মোর পুত্র তুমি হৈলা শর্চা দেবী কহে॥

মোর বিশ্বস্তবে কুপা করিবে আপনে। আজি হৈতে তোমরা হুই আমার নন্দনে॥ বলিতে বলিতে শচীৰ অশ্রু নেত্রে করে। পুত্র-ভাবে শর্চা নিত্যানন্দ কোলে করে॥ নিত্যানন্দ মাতৃ-ভাবে শর্চার চরণে। দণ্ডৰৎ করি বলে মধুর বচনে। যে কহিলে মাতা তুমি সেই সত্য হয়। তোর পুত্র হই আমি কহিল নিশ্চয়॥ পুক্র-অপরাধ কিছু না লইহ মাতা। তোর পুক্র বটেঁ। মুই জানিহ সর্ববথা।। নিত্যানন্দ-মাতৃ-ভাব পাই শচী রাণী। নয়নে গলয়ে ধারা গদ-গদ-বাণী। এইমতে স্নেহ-রুসে সবে গর গর। তুই পুক্র দেখি শচীর জুড়াল অন্তর। শ্ৰীকৃষ্ণ-চৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবন দাস তছু পদ্যুগে গান ॥

ইতিশ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে মধ্যখণ্ডে নিত্যানন্দপ্রভুর নিমন্ত্রণ ও মহাপ্রভু-সহিত-ভোজন নাম পঞ্চমোহধ্যায়ঃ॥

### নিত্যানন্দপ্রভুর, শ্রীবাস-অঙ্গনে-অপূর্বলীলা ও শচীমাতায় ছলনা।

#### ষষ্ঠঅধ্যায়

শ্রীবাসের ঘরে নিত্যানন্দের বসতি। 'বাপ।' বলি শ্রীবাসেরে করয়ে পিরীতি॥ অহর্নিশ বাল্য-ভাবে বাহ্য নাহি জানে। নিরবধি মালিনীর করে স্তন-পানে॥ কভু নাহি ছুগ্ধ,—পরশিলে মাত্র হয়। এ সব অচিন্ত্য-শক্তি মালিনী দেখয়॥ চৈতত্তের নিবারণে কারে নাহি কহে। নিরবধি শিশু-রূপ মালিনী দেখয়ে॥ প্রভু বিশ্বস্তর বলে "শুন নিত্যানন্দ! কাহার সহিত পাছে কর' তুমি দ্বন্দ। চঞ্চলতা না করিবা শ্রীবাসের ঘরে।" শুনিয়া শ্রীনিত্যানন্দ শ্রীকৃষ্ণ সঙ্রে॥ "আমার চাঞ্চল্য তুমি কভু না পাইবা। আপনার মত তুমি কারে না বাসিবা॥" বিশ্বস্তর বলে "আমি তোমা' ভালে জানি। নিত্যানন্দ বলে "দোষ কহ দেখি শুনি ॥" হাসি বলে গৌরচন্দ্র "কি দোষ তোমার গ সব ঘরে অমবৃষ্টি কর' অবতার ॥" নিত্যানন্দ বলে "প্রভু পাগলে সে করে। এ ছলায়ে ঘরে ভাত না দিবে আমারে॥ আমারে না দিয়া ভাত স্থথে তুমি খাও ৷ অপকীত্তি আর কেনে বলিয়া বেড়াও ॥"

প্রভু বলে "তোমার অপকীর্দ্তে লাজ পাই। সেই সে কারণে আমি তোমাকে শিখাই ॥" হাসি বলে নিভ্যানন্দু "বড ভাল ভাল। চাঞ্চল্য দেখিলে শিখাইখা সর্ববকাল॥ নিশ্চয় বুঝিলা তুমি আমি সে চঞ্চল।" এত, বলি প্রভু চা'হি হাসে' খল-খল।। আনন্দে না জানে বাহ্য কোন কর্ম্ম করে। দিগন্ধর ছুই বস্ত্র বান্ধিলেন শিরে॥ জোড়ে জোড়ে লম্ফ দিয়া হাসিয়া। সকল অঙ্গনে বুলে ঢুলিয়া ঢুলিয়া॥ গদাধর শ্রীনিবাস হাসে' হরিদাস। শিক্ষার প্রসাদে সবে দেখে দিগবাস ॥ ডাকি বলে বিশ্বস্তর "এ কি কর' কর্ম। গৃহস্থের ঘরেতে এমত নহে ধর্মা॥ এখনি বলিলা তুমি 'আমি কি পাগল 🥍 এইক্ষণে নিজ বাক্য ঘুচিল সকল ॥" যার বাহ্য নাহি, তার বচনে কি লাজ। নিত্যানন্দ ভাসয়ে আনন্দ-সিন্ধু-মাঝ॥ আপনে ধরিয়া প্রভু পরায় বসন। এমত অচিন্তা নিত্যানন্দের কথন॥ চৈতভোৱ বচন-অঙ্কশ সবে মানে'। নিত্যানন্দ মত্ত-সিংহ আর নাহি জানে॥ আপনি তুলিয়া হাতে ভাত নাহি খায়। পুক্ত-প্রায় করি অন্ন মালিনী যোগায়॥ নিত্যানন্দ-অনুভব জানে পতিব্ৰতা। নিত্যানন্দ-সেবা করে—যেন পুত্র মাতা॥ একদিন পিতলের বাটি নিল কাকে। উড়িয়া চলিল কাক্ যে বনেতে থাকে॥ অদৃশ্য হইয়া কাক্ কোন্ রাজ্যে গেল। মহা-চিন্তা মালিনীর চিত্তেতে জন্মিল।। বাটা থুই সেই কাক্ আইল আর-বার। মালিনী দেখয়ে শৃত্য বদন তাহার॥

"মহা-তীত্র ঠাকুর-পণ্ডিত-ব্যবহার। 'শ্রীকৃষ্ণের ঘ্নত-পাত্র হৈল অপহার'॥ শুনিলে প্রমাদ হৈব" হেন মনে গণি'। নাহিক উপীয় কিছু, কান্দয়ে মালিনী॥ হেন-কালে নিত্যানন্দ আইলা সেই-স্থানে। **८५४८** मानिनो कात्म, नाहिक कात्रण ॥ হাসি বলে নিত্যানন্দ "কান্দ কি কারণ ? কোন্ ছঃখ বল, সব করিব খণ্ডন ॥" মালিনী বলয়ে "শুন শ্রীপাদ গোসাঞি। ঘুতপাত্ৰ কাকে লই গেল কোন ঠাঞি॥" নিত্যানন্দ বলে "মাতা! চিন্তা পরিহর। আমি দিব বাটি, তুমি ক্রন্দন সম্বর' ॥" কাক্ প্রতি হাসি প্রভু বলয়ে বচন। "কাক তুমি বাটি ঝাঁট আনহ এখন ॥" সবার হৃদয়ে নিত্যানন্দের বসতি। তাঁর আজ্ঞা লজ্মিবেক—কাহার শক্তি॥ শুনিয়া প্রভুর সাজ্ঞা কাক্ উড়ি যায়। শোকাকুলী মালিনী কাকের দিকে চা'য়॥ ক্ষণেকে উড়িয়া কাক অদৃশ্য হইল। বাটি মুখে করি পুনঃ সেইখানে আইল॥ व्यानिया थूरेन वार्षि भानिनीत द्यारन। নিত্যানন্দ-প্ৰভাব মালিনা ভাল জানে। আনন্দে মৃচ্ছিতা হৈলা অপূর্বব দেখিয়া। নিত্যানন্দ-প্রতি স্তুতি করে দাণ্ডাইয়া॥ "যে জন আনিল মৃত গুরুর নন্দন। (य जन भानन करत मकल जूनन॥ যমের ঘরেতে হৈতে যে আনিতে পারে। কাক্-স্থানে বাটি আনে' কি মহত্ব তাঁরে॥ যাঁহার মস্তকোপরি অনস্ত-ভুবন। লীলায় না জানে ভব, করয়ে পালন। অনাদি-অবিদ্যা-ধ্বংস হয় যাঁর নামে। কি মহত্ব তাঁর—বাটি আনে কাক্-স্থানে॥

যে তুমি লক্ষ্মণ-রূপে পূর্বেব বনবাসে। নিরবধি রক্ষক আছিলা সীতা-পাশে ॥ তথাপিও মাত্র তুমি সীতার চরণ। ইহা বই, দীতা নাহি দেখিলে কেমন॥ তোমার সে বাণে রাবণের বংশ-নাশ। সে তুমি যে বাটি আন'—এ কোন প্রকাশ। যাঁহার চরণে পূর্বের কালিন্দী আসিয়া। স্তবন করিল মহা-প্রভাব জানিয়। ॥ চতুর্দ্দশভুবন-পালন-শক্তি যাঁর। কাকু স্থানে বাটি আনে' কি মহত্ব তাঁর। তথাপি তোমার কার্য্য অল্প নাহি হয়। 'যেই কর', সেই **স**ত্য চারি-বেদে কয়॥'' হাসে' নিত্যানন্দ তান শুনিয়া স্তবন। বাল্য-ভাবে বলে "মুঞি করিব ভোজন ॥" নিত্যানন্দ দেখিলে তাঁহার স্তন ঝরে। বাল্যভাবে নিত্যানন্দ স্তনপান করে। এইমত অচিন্ত্য নিত্যানন্দের চরিত। আমি কি বলিব—সর্বব-জগতে বিদিত॥ করয়ে **তু**ভ্জেয়-কর্ম্ম অলৌকিক থেন। যে জানয়ে তত্ত্ব, সে মানয়ে সত্য হেন। অহর্নিশ ভাবাবেশে পরম-উদ্দাম। সর্ব্ব-নদীয়ায় বুলে জ্যোতির্ম্ময়-ধাম ॥ কিবা যোগী নিত্যানন্দ, কিবা তত্বজ্ঞানী। যাহার যেমত ইচ্ছা না বলয়ে কেনি। যে সে কেনে নিত্যানন্দ চৈতন্তের নহে। তবু সে চরণ-ধন রহুক হৃদয়ে॥ এইমত আছে প্রভু শ্রীবাসের ঘরে। নিরবধি আপনে গৌরাঙ্গ রক্ষা করে॥ একদিন নিজ-গৃহে প্রভু বিশ্বস্তর। বসি আছে লক্ষ্মী-সঙ্গে পর্ম-স্থন্দর॥ যোগায় তাস্থূল লক্ষ্মী পর্ম-হরিষে। প্রভুর আনন্দে না জানয়ে রাত্রি-দিশে ॥

যথন থাকয়ে লক্ষী-সঙ্গে বিশ্বস্তর। শচীর চিত্তেতে হয় আনন্দ বিস্তর॥ মা'য়ের চিত্তের স্থখ ঠাকুর জানিয়া। লক্ষীর সঙ্গেতে প্রভু থাকেন বসিয়া॥ হেনকালে নিজ্যানন্দ আনন্দ-বিহবল। আইলা প্রভুর বাড়ী--পরম-চঞ্চল 🛭 বাল্য-ভাবে দিগম্বর র**হি**লা দা গ্রাইয়া। কাহারে না করে লাজ প্রেমাবিষ্ট হৈয়া॥ প্রভু বলে ''নিত্যানন্দ ! কেনে দিগপর 🗡 নিত্যানন্দ "হয় হয়" করয়ে উত্তর ॥ প্রভু বলে "নিত্যানন্দ। পরহ বসন।" নিত্যানন্দ বলে "আজি আমার গমন॥" প্রভূ বলে "নিত্যানন্দ! ইহা কেনে করি ?" নিতাই বলেন "আজ থাইতে না পারি॥'' প্রভু বলে "এক কহি কহ কেনে আর 🤊' নিত্যানন্দ বলে "আমি গেন্মু দশবার॥" ক্রন্দ্র হই বলে "প্রভু! মোর দোষ নাই।" নিত্যানন্দ বলে "প্রভু! হেথা নাহি আই ॥" প্রভু বলে "রুপা করি পরহ বসন।" নিত্যানন্দ বলে "আমি করিব ভোজন॥" চৈতন্য আবেশে মক্ত নিত্যানন্দ–রায়। এক শুনে, আর কছে, হাসিয়া বেড়ায়॥ আপনে উঠিয়া প্রভু পরায় বসন। বাহ্য নাহি, হাদে' পদ্মাবতার নন্দন॥ নিত্যানন্দ-চরিত্র দেখিয়া আই হাসে'। বিশ্বরূপ পুত্র হেন মনে মনে বাসে'॥ সেইমত বচন শুনয়ে সব মুখে। মাঝে মাঝে সে-ই রূপ আই মাত্র দেখে। কাহারে না কহে আই, পুক্ত-স্নেহ করে। সম-স্নেহ করে নিত্যানন্দ-বিশ্বস্তরে॥ বাহ্য পাই নিত্যানন্দ পরিলা বসন। সন্দেশ দিলেন আই করিতে ভোজন॥

আই-স্থানে পঞ্চ ক্ষীর-সন্দেশ পাইয়া। এক খায়, আর চারি ফেলে ছড়াইয়া॥ "হায় হায়" বলে আই" কেনে ফেলাইলা 🤫 নিত্যানন্দ বলে "কেনে একঠাঞি দিলা ॥" আই বলে "আর নাহি, আর কি খাইবা 🤫" নিত্যানন্দ বলে "চাহ, অবশ্য পাইবা॥" ঘরের ভিতরে আই অপরূপ দেখে। সেই চারি সন্দেশ দেখয়ে পরতেখে। আই বলে "সে সন্দেশ কোথায় পড়িল। ঘরের ভিতরে কোন প্রকারে আইল ?" ধূলা যুচাইয়া সেই সন্দেশ লইয়া। হরিষে আইলা আই অপূর্বব দেখিয়া। আসি দেখে নিত্যানন্দ সেই লাড়, খায়। আই বলে ''বাপ! ইহা পাইলা কোথায় 🥍 নিত্যানন্দ বলে "যাহা ছডাইয়া ফেলিসু। তোর দুঃখ দেখি তাই চাহিয়া আনিমু॥" অন্তত দেখিয়া আই মনে মনে গণে'। "নিত্যানন্দ মহিমা না জানে কোন জনে॥" আই বলে ''নিত্যানন্দ। কেনে মোরে ভাঁড়'। জানিল ঈশর তুমি, মোরে মায়া ছাড়'॥'' এইমত নিত্যানন্দ-চরিত অগাধ। স্থকুতির ভাল, তুদ্ধতির কার্যা-বাধ ॥ निजानम-निमा करत य পांशिष्ठे जन : গঙ্গাও তাহারে দেখি করে পলায়ন। বৈফাবের অধিরাজ অনস্ত ঈশর: নিত্যানন্দ মহাপ্রভু 'শেষ' মহাধর 🖟 বৈষ্ণবের পা'য়ে মোর এই মনস্কাম। মোর প্রভু নিত্যানন্দ হউ বলরাম। শ্ৰীক্ষণৈ চৈত্য নিত্যানন্দ চান্দ জান বৃন্দাবনদাস ভছু পদ্যুগে গান !!

' ইতিশ্রীশ্রীনিত্যানন্দচরিতায়তে মধ্যথণ্ডে নিত্যানন্দপ্রভূর শ্রীবাস অঙ্গনে-অপূর্ববলীলা ও শচীমাতায় চলনা নাম ষষ্ঠোহধ্যায়ঃ।

## মহাপ্রভু কর্ভৃক নিত্যানন্দ-মহিমা কীর্ত্তন।

->-040

#### সপ্তর্মঅধ্যায়।

হেন লীলা নিত্যানন্দ বিশ্বস্তর সঙ্গে। নবদ্বীপে **তুইজনে** করে বহু-রঙ্গে ॥ ক্ষপানন্দে অলোকিক নিত্যানন্দ-রায়। নিরবধি বালকের প্রায় ব্যবসায় ॥ সবারে দেখিয়া প্রীত মধুর-সম্ভাষ। আপনা-আপনি নৃত্য, গীত, বাদ্য, হাস ॥ সামুভাবাননে কণে করেন হুক্ষার। শুনিলে অপূর্বর বুদ্ধি জন্ময়ে সবার॥ বর্ষায় গঙ্গায় ঢেউ কুন্তারে বেপ্টিত। তাহাতে ভাসয়ে, তিলার্দ্ধেক নাহি ভীত। সর্বলোক দেখি তবে করে 'হায় হায়'। তথাপি ভাসেন হাসি নিত্যানন্দ-রায়॥ অনন্তের ভাবে প্রভু ভাসেন গঙ্গায়। না বুঝিয়া সর্ববলোক করে 'হায় হায়'॥ আনন্দে মূৰ্চিছত বা হয়েন কোন কণ। তিন-চারি-দিবসেও না হয় চেতন ॥ এইমত আর কত অচিন্ত্য-কথন। অনন্ত-মুখেও নারি করিতে বর্ণন ॥ দৈবে একদিন যথা প্রভু বসি আছে। আইলেন নিত্যানন্দ ঈশ্বরের কাছে॥ বাল্যভাবে দিগম্বর, হাস্য শ্রীবদনে। সর্ববদা আনন্দধারা বহে শ্রীনয়নে ॥ নিরবধি এই বলি করেন হুক্কার। ''মোর প্রভু নিমাই-পণ্ডিত নদীয়ার॥''

হাসে' প্রভু দেখি তান মূর্ত্তি দিগন্বর। মহা-জ্যোতির্ম্ময় তন্তু দেখিতে স্ইন্দর॥ আথে-বাথে প্রভু নিজ-মস্তকের বাস। পরাইয়া থুইলেন, তথার্পিও হাস॥ আপনে লেপিলা তান অঙ্গ দিব্য-গন্ধে।. শেষে মাল্য পরিপূর্ণ দিলেন শ্রীঅঙ্গে॥ বসিতে দিলেন নিজ-সন্মুখে আসন। স্তুতি করে প্রভু, শুনে সর্ব্ব-ভক্তগণ॥ ''नार्य निज्ञानम जूमि ऋर्थ निज्ञानम । এই তুমি নিত্যানন্দ—রাম মূর্ত্তিমন্ত॥ নিত্যানন্দ-পর্য্যটন ভোজন ব্যবহার। নিত্যানন্দ বিনে কিছু নাহিক তোমার॥ তোমারে বুঝিতে শক্তি মসুষ্যের কোথা ? পরম স্থসত্য—তুমি যথা কৃষ্ণ তথা॥" চৈতন্মের রুসে নিত্যানন্দ মহা-মতি। যে বলেন, যে করেন,- - সর্বত্ত সম্মতি॥ প্রভু বলে "একখানি কৌপীন তোমার। দেহ' ইহা বড় ইচ্ছা আছুয়ে আমার॥'' এতবলি প্রভু তাঁর কৌপীন আনিয়া। ছোট করি চিরিলেন অনেক করিয়া॥ भकल-देवश्ववमश्वलीत **जान जान**। খানি খানি করি প্রভু দিলেন আপনে ॥ প্রভু বলে "এ বন্ত্র বান্ধহ সবে শিরে। অন্সের কি দায়, ইহা বাঞ্ছে যোগেশ্বরে॥ নিত্যানন্দ-প্রসাদে সে হয় বিষ্ণু-ভক্তি। জানিহ কৃষ্ণের নিত্যানন্দ পূর্ণ-শক্তি॥ কুষ্ণের দ্বিতীয় নিত্যনন্দ বই নাই। সঙ্গী-সথা-শয়ন-ভূষন-বন্ধু-ভাই॥ বেদের অগম্য-নিত্যানন্দের চরিত্র। সর্বব-জীব-জনক-রক্ষক সর্বব-মিত্র॥ ইহান ব্যভার সব কৃষ্ণ-রসময়। ইহানে সেবিলে কুঞে প্রেম-ভক্তি হয়॥

ভক্তি করি ইহান কৌপীন বান্ধ' শিরে। মহা-যত্নে ইহা পূজা কর' গিয়া ঘরে ॥" পাইয়া প্রভুর গাজ্ঞা সর্বব-ভক্তগণ। পরম-আদর্টের শিরে করিলা বন্ধন ॥ প্রভু বলে "শুনুহ সকল ভক্তগণ! নিত্যানন্দ-পাদোদক করহ গ্রহণ॥ করিলেই মাত্র এই পাদোদক পান। কুষ্ণে দৃঢ়-ভক্তি হয়, ইথে নাহি আন।" আজ্ঞা পাই সবে নিত্যানন্দের চরণ। পাখালিয়া পাদোদক করয়ে গ্রহণ ॥ পাঁচবার সাতবার একো জনে খায়। বাহ্য নাহি নিত্যানন্দ হাসয়ে সদায়॥ আপনে বসিয়া মহাপ্রভু গৌররায়। নিত্যানন্দ-পাদোদক কৌতুকে লোটায়॥ সবে নিত্যানন্দ-পাদোদক করি পান। মত্ত-প্রায় 'হরি' বলি করয়ে আহ্বান॥ কেহ বলে "আজ ধন্য হইল জীবন।" কেহ বলে "আজি সব খণ্ডিল বন্ধন॥" কেহ বলে ''আজি হইলাম কুষ্ণ দাস।" কেহ বলে ''আজি ধন্য দিবস প্রকাশ ॥'' কেহ বলে "পাদোদক বড় স্বাতু লাগে। এখনও মুখের মিষ্টতা নাহি ভাগে'॥'' কি সে নিত্যানন্দ-পাদোদকের প্রভাব। পান-মাত্র সবে হৈলা চঞ্চল-সভাব॥ কেহ নাচে, কেহ গায়, কেহ গড়ি যায়। ত্রুরার গর্জ্জন কেহ করয়ে সদায়॥ উঠিল পরমানন্দ কুফের-কীর্ত্তন। বিহ্বল হইয়া নৃত্য করে ভক্তগণ॥ ক্ষণেকে শ্রীগৌরচন্দ্র করিয়া হস্কার। উঠিয়া লাগিলা নৃত্য করিতে অপার॥ নিত্যানন্দ-স্বরূপ উঠিলা <mark>ততক্ষণে</mark>। নৃত্য করে **হু**ই প্রভু বেড়ি <del>ভক্তগণে</del> ॥

কার গা'রে কে বা পড়ে, কে বা কারে ধরে। কে বা কার চরণের ধূলি লয় শিরৈ॥ কে বা কার গলা ধরি করয়ে রোদন। কে বা কোন্ রূপ করে, না যায় বর্ণন। 'প্রভু' করিয়াও কারো কিছু ভয় নাঞি 🖡 প্রভু-ভূত্য নাচয়ে সকলে এক-ঠাঞি॥ निज्ञानम-रिज्ञा कतिया कालारकालि। আনন্দে নাচেন ছই প্রভু-কুতৃহলী॥ পৃথিবী কম্পিতা নিত্যানন্দ-পদতালে। দেখিয়া আনন্দে সর্ববগণ 'হরি' বলে॥ প্রেম-রঙ্গে মত্ত হই বৈকুণ্ঠ-ঈশ্বর। নাচেন লইয়া সব-প্রেম-অস্কুচর। এ সব লীলার কভু নাহি পরিচেছদ। 'আবিৰ্ভাব' 'ভিরোভাব' মাত্র কহে বেদ।। এই মত সর্ব্ব-দিন প্রভু নৃত্য করি। বসিলেন সর্ববগণ-সঙ্গে গৌরহরি॥ হাতে তিন তালি দিয়া শ্রীগৌর-স্থন্দর। সবারে কহেন অতি-অমায়া-উত্তর॥ প্রভু বলে "এই নিত্যানন্দস্বরূপেরে। যে করয়ে ভক্তি শ্রদ্ধা, সে করে আমারে॥ ইহান চরণ শিব ব্রক্ষার বন্দিত। অতএব ইহানে করিহ সবে প্রীত॥ তিলার্দ্ধেক ইহানে যাহার দ্বেষ রহে। ভক্ত হইলেও সে আমার প্রিয় নহে॥ ইহান বাতাস লাগিবেক যার গা'য়। তাহারেও কৃষ্ণ না ছাড়িবে সর্ববথায়॥'' শুনিয়া প্রভুর বাক্য সর্বব-ভক্তগণ। মহা-জয়-জয় ধ্বনি করিলা তখন॥ ভক্তি করি যে শুনয়ে এ সব আখ্যান। তার স্বামী হয় গৌরচক্র ভগবান্॥ নিত্যানন্দ স্বরূপের এ সকল কথা। যে দেখিল, তাঁহারে সে জানয়ে সর্বথা।।

এইমত কত নিত্যানন্দের প্রভাব। জানে যত চৈতন্মের প্রিয় মহাভাগ॥
শ্রীকৃষ্ণচৈতন্ম দিত্যানন্দ চান্দ জান।
বুন্দাবনদার্স তছু পদযুগে গান॥

ইতি শ্রী শ্রীনিত্যানন্দচরিতামূতে মধ্যমখণ্ডে মহাপ্রভুকর্তৃকনিত্যানন্দ মহিমাকীর্ত্তন নাম সপ্তমোহধ্যায়ঃ॥

## জগাই, মাধাই উদ্ধার।

### অফীমঅধ্যায়

এক দিন আচম্বিতে হৈল হেন মতি। আজ্ঞা কৈল নিত্যানন্দ-হরিদাস-প্রতি॥ "শুন শুন নিত্যানন। শুন হরিদাস। সর্ববত্র আমার আজ্ঞা করহ প্রকাশ। প্রতি ঘরে ঘরে গিয়া কর' এই ভিক্ষা। 'বল কুষ্ণ, ভজ কুষণ, কুষণ কর' শিক্ষা॥ ইহা বহি আর, না বলাবে, না বলিবা। দিন-অবসানে আসি আমারে কহিবা॥ তোমরা করিলে ভিক্ষা, যেই না বলিব। ভবে আমি চক্র-হস্তে সকলে কাটিব॥'' আজ্ঞা শুনি হাসে সব বৈঞ্চৰমণ্ডল। অন্যথা করিতে আজ্ঞা আছে কার বল।। আজ্ঞা শিরে করি নিত্যানন্দ হরিদাস। সেইক্ষণে চলিলেন পথে আসি হাস॥ হেন আজ্ঞা যাহা নিত্যানন্দ শিরে বহে। ইথে অপ্রতীত যার, সে স্কুবুদ্ধি নহে॥ করয়ে অদ্বৈত-সেবা চৈতন্য না মানে।' অদ্বৈত ভাহারে সংহারিবে ভাল মনে॥ আজ্ঞা পাই চুইজনে বুলে ঘরে ঘরে। "বল কৃষ্ণ, গাও কৃষ্ণ, ভজহ কৃষ্ণেরে॥ কুষ্ণ প্রোণ, কুষ্ণ ধন, কুষ্ণ সে জীবন। হেন ক্লয় বল ভাই! হই এক-মন॥" এইমত নদীয়ায়—প্রতি ঘরে ঘরে। বলিয়া বেড়ান ছুই জগত-ঈশ্বরে॥

দোহান সম্যাসী-বেশ, যান ঘরে ঘরে। আথে-ব্যথে আসি ভিক্ষা-নিমন্ত্রণ করে॥ নিত্যানন্দ হরিদ্বাস বলে "এই ভিক্ষা। বল কৃষ্ণ, ভজ কৃষ্ণ, কর' কৃষ্ণশিক্ষা u" এই বোল বলি তুইজন চলি যায়। যে হয় স্থজন, সৈ বড় স্থখ পায় ॥ অপরপ শুনি লোক চুজনার-মুখে। নানা-জনে নানা-কথা কহে নানা-স্তুখে॥ "করিব করিব" কেহ বলয়ে সস্তোষে। কেহ বলে "ক্ষিপ্ত তুইজন মন্ত্ৰ-দোষে॥ যে-গুলা চৈতন্য-নৃত্যে না পাইল দার। তার বাড়ী মাত্র গেলে বলে "মার মার॥ তোমরা পাগল হইলা দুফ্ট সঙ্গ দোযে। আমা' স্বা' পাগল করিতে আইস কিসে ?" ভবা সভা লোক সব হইলা পাগল। নিমাইপণ্ডিত নফ্ট করিল সকল। কেহ বলে "এ দুজন কিবা চোর-চর। ছলা করি চর্চিচয়া বুলয়ে ঘরে-ঘর॥ এমত প্রকট কেন করিবে স্বজনে। আর-বার আসে যদি লইব দেয়ানে॥" শুনি শুনি নিত্যানন্দ-হরিদাস হাসে'। চৈতন্যের আজ্ঞা-বলে না পায় তরাসে॥ এইমত ঘরে ঘরে বুলিয়া বুলিয়া। প্রতিদিন বিশ্বস্তর-স্থানে কহে গিয়া॥ একদিন পথে দেখে তুই মাতোয়াল। মহা-দস্থ্য-প্রায় তুই মদ্যপ বিশাল ॥ সে চুই জনার কথা কহিতে অপার। তারা নাহি করে, হেন পাপ নাহি আর। ব্রাক্ষণ হইয়া মদ্য-গোমাংস-ভক্ষণ। ঢাকা, চুরি, পরগৃহ দাহে' সর্বক্ষণ ॥ (मियादन ना (मिय (मिथा (वानाय 'कार्षान'। মত্য মাংস বিনা আর নাহি যায় কাল।

হুইজন পথে পড়ি গড়াগড়ি যায়। যাহারেই পায় সেই তাহারে কিলায়॥ দুরে থাকি লোকসব পথে দেখে রঙ্গ। সেই-খানে নিত্যানন্দ হারদাস-সঙ্গ। ক্ষণে হুইজনে প্রীত, ক্ষণে ধরে চূলে। 'চকার বকার' শব্দ উচ্চ করি বলে॥ নদীয়ার বিপ্রের করিমু জাতি নাশ। মতের বিক্ষেপে কারে করয়ে আখাস॥ সর্ব-পাপ সেই তুই শরীরে জন্মিল। বৈষ্ণবের নিন্দা পাপ সবে না হইল।। অহর্নিশ মভাপের সঙ্গে রঙ্গে থাকে। নহিল বৈঞ্চব-নিন্দা এই সব পাকে॥ যে সভায় বৈষ্ণবের নিন্দামাত্র হয়। সর্ব্ব-ধর্ম্ম থাকিলেও তার হয় ক্ষয়। সন্ন্যাসী-সভায় যদি হয় নিন্দা-কর্ম্ম। মগ্রপের সভা হৈতে দে সভা অধর্ম ॥ মগ্রপের নিষ্কৃতি আছুয়ে কোনু কালে। পর-চর্চ্চকের গতি কভু নাহি ভালে॥ শাস্ত্র পড়িয়াও কারো কারো বুদ্ধিনাশ। নিত্যানন্দ-নিন্দা করে, হবে সর্ববনাশ। ছুই-জনে কিলাকিলি গালাগালি করে। নিত্যানন্দ-হরিদাস দেখে থাকি দুরে॥ লোক-স্থানে নিত্যানন্দ জিজ্ঞাসে আপনে। "কোন্ জাতি হুইজন, এ মত বা কেনে ?" লোকে বলে "গোসাঞি ! ব্রাহ্মণ তুইজন। দিব্য পিতা মাতা, মহা-কুলেতে উৎপন্ন॥ मर्विकाल नमीयाय श्रुक्तरम श्रुक्तरम । তিলার্দ্ধেকে দোষ নাহি এ দোঁহার বংশে॥ এই তুই গুণবস্ত পাসরিল ধর্ম। জন্ম হইতে করয়ে এই পাপ-কর্মা॥ ছাড়িল গোষ্টীয়া বড় ত্ৰৰ্জ্জন দেখিয়া। মদ্যপের সঙ্গে বুলে স্বতন্ত্র হইয়া॥

এই তুই দেখি সব নদীয়া ডরায়। পার্টেছ কারো কোন দিন বসতি পোড়ায় ৷৷ হেন পাপ নাখি, যাহা না করে ছইজন। ডাকা, চুরি<mark>, মদ্য-মাংস করয়ে ভোজন ॥</mark>'' শুনি নিত্যানন্দ বড় কারুণা-হৃদয়। তুইয়ের উদ্ধার চিল্ডে' হইয়া সদয়॥ "পাতকী তারিতে প্রভু কৈলে অবতার। এমত পাতকী কোথা পাইবেন আব॥ লুকাইয়া করে প্রভু আপনা' প্রকাশ। প্রভাব না দেখি লোকে করে উপহাস॥ এ তুইয়েরে প্রভু যদি অনুগ্রহ করে। তবে সে প্রভাব দেখে সকল-সংসারে॥ তবে হঙ নিত্যানন্দ—হৈতন্যের দাস। এ তুইয়েরে করেঁ। যদি চৈতন্য-প্রকাশ। এখন যেমন মত্ত আপনা না জানে। এইমত হয় যদি শ্রীক্লফের নামে॥ 'মোর প্রভু' বলি যদি কান্দে তুইজন। তবে সে সার্থক মোর যত পর্যাটন। যে যে জন এ ত্রয়ের ছায়া পরশিয়া। বস্ত্রের সহিত গঙ্গাস্নান করে গিয়া॥ সেই সব জন যদি এ দোঁহারে দেখি। গঙ্গা-স্নান হেন মানে, তবে মোরে লিখি॥" শ্রীনিত্যানন্দপ্রভুর মহিমা অপার। পতিতের ত্রাণ লাগি যাঁর অবতার॥ এতেক চিন্তিয়া প্রভু হরিদাস-প্রতি। বলে "হরিদাস। দেখ দোঁহার দুর্গতি॥ ব্রাহ্মণ হইয়া হেন তুষ্ট-ব্যবহার। এ দোঁহার যম-ঘরে নাহিক নিস্তার॥ প্রাণাস্তে মারিল তোমা' যবনের গণে। তাহারও করিলা তুমি ভাল মনে মনে॥ যদি তুমি শুভানুসন্ধান কর' মনে মনে। তবে সে উদ্ধার পায় এই চুইজনে॥

তোমার সঙ্কল্ন প্রভু না করে অন্যথা। আপনে কহিলা প্রভু এই তত্ত্ব-কথা।। প্রভুর প্রভাব সব দ্বেখুক সংসার। চৈতন্য করিল হেন-চুইর্র উদ্ধার॥ যেন গায় অজামিল-উদ্ধার পুরাণে। সাক্ষাতে দেখুক এবে এ-তিন-ভুবনে ॥" নিত্যানন্দ-তত্ত্ব হরিদাস ভাল জানে। 'পাইল উদ্ধার তুই' জানিলেন মনে॥ হরিদাস প্রভু বলে "শুন মহাশয়! তোমার যে ইচ্ছা, সে-ই প্রভুর নিশ্চয়। আমারে ভাণ্ডাও যেন পশুরে ভাণ্ডাও। আমারে সে ভূমি পুনঃ পুনঃ যে শিখাও॥ হাসি নিত্যানন্দ তানে করি আলিজন। অত্যন্ত কোমল হই বলেন বচন।। "প্রভুর যে আজ্ঞা লই আমরা বেড়াই। তাহা কহি এই তুই মদ্যপের ঠাঁই॥ সবারে ভজিতে 'কৃষ্ণ' প্রভুর আ**দেশ**। তার মধ্যে অতিশয়-পাপীরে বিশেষ॥ বলিবার ভার মাত্র আমা দোহাকার। বলিলে না লয়, তবে সেই ভার তাঁর॥ বলিতে প্রভুৱ আজ্ঞা সে ছয়ের স্থানে। নিত্যানন্দ-হরিদাস করিলা গমনে॥ সাধু-লোকে মানা করে "নিকটে না যাও। নাগালি পাইলে পাছে পরাণ হারাও॥ আমরা অন্তরে থাকি পরম-তরাসে : তোমরা নিকটে যাহ কেমন সাহসে॥ কিসের সন্ন্যাসী-জ্ঞান ও' দুইর ঠাঁই। ব্লব্যে গোবধে যাহার অন্ত নাই ॥" তথাপিও দৃইজন 'কৃষ্ণ কৃষ্ণ' বলি। নিকটে চলিলা, দোঁহে মহা কুতৃহলী।। শুনিবারে পায় হেন নিকটে গাকিয়া। কহেন প্রভুর প্রাক্তা ডাকিয়া ডাকিয়া।

"বল কুষ্ণ, ভজ কুষ্ণ, লহ কুষ্ণনাম। কুষ্ণ-মাতা, কৃষ্ণ পিতা, কৃষ্ণ ধন প্রাণ ॥ তোমা' দবা' লাগিয়া কৃষ্ণের অবতার। হেন কৃষ্ণ ভজ, সব ছাড় অনাচার॥'' ডাক্ শুনি মাথা ভুলি চা'হে ছুইজন। মহা-ক্রোধে তুইজন অরুণ-নয়ন॥ সন্ন্যাসী-আকার দেখি মাথা তুলি চা'য়। "ধর ধর ধর" বলি ধরিবারে যায় **॥** আথে-ব্যথে নিত্যানন্দ-হরিদাস ধায়। "রহ রহ" বলি তুই দম্যু পাছে যায়॥ ধাইয়া আইসে পাছে তর্জ্জ-গর্জ্জ করে। মহা-ভয় পাই দুই প্রভু ধায় ডরে॥ লোকে বলে ''তখনেই যে নিষেধ করিল। এ দুই সন্ন্যাসী আজি সঙ্কটে পড়িল।" যতেক পাষ্ডী-সব হাসে' মনে মনে। "ভণ্ডের উচিত শাস্তি কৈল নারায়ণে॥" "রক্ষ কৃষ্ণ। রক্ষ কৃষ্ণ।" সুব্রাক্ষণে বলে। সে-স্থান ছাডিয়া ভয়ে চলিলা সকলে॥ দুই দস্থা ধায়, দুই ঠাকুর পলায়। "ধরিনু ধরিনু" বলি লাগি নাহি পায় ॥ নিত্যানন্দ বলে "ভাল হইল বৈষ্ণব। আজি যদি প্রাণ বাঁচে. ভবে পাই সব॥ হরিদাস বলে "ঠাকুর! আর কেনে বল। তোমার বৃদ্ধিতে অপমৃত্যে প্রাণ গেল॥ महार्भात किर्न (यन कृष्ध-छेभरहरू। উচিত তাহার শাস্তি—প্রাণ-অবশেষ॥" এত বলি ধায় প্রভু হাসিয়া হাসিয়া। দুই দহ্য পাছে ধায় তৰ্জ্জিয়া গৰ্জ্জিয়া॥ দোঁহার শরীর স্থল—না পারে চলিতে। তপাপিহ ধায় দুই মদ্যপ ত্বরিতে॥ দৃই দস্তা বলে "ভাই! কোণারে যাইবা। জগা-মাধার ঠাঞি আজি কেমতে এড়াইবা ?

তোমরা না জান' এথা জগা-মাধা আছে। খানি রহ উলটিয়া হের্-দেখ পাঠে ॥'' ত্রাসে ধায় দুই প্রভু ৰচন শুনিয়া। "तक कृष्ण ! तक कृष्ण ! रंगाविन्म !" विनया॥ হরিদাস বলে ''আমি.না পারি চলিতে। . জানিয়াও আসি আমি চঞ্চল-সহিতে॥ রাখিলেন কৃষ্ণ কাল যবনের ঠাঁই। চঞ্চলের বুদ্ধ্যে আজি পরাণ হারাই॥" নিত্যানন্দ বলে "আমি নহি যে চঞ্চল। মনে ভাবি দেখ তোমার প্রভু যে বিহ্বল ॥ ব্রাহ্মণ হইয়া যেন রাজ-আজ্ঞা করে। তান বোলে বুলি সব প্রতি ঘরে ঘরে॥ কোথাও যে নাহি শুনি,—সেই আজ্ঞা তান। 'চোর ঢঙ্গ' বহি লোকে নাহি বলে আন॥ না করিলে আজ্ঞা তান সর্ববনাশ করে। করিলেও আজ্ঞা তান এই ফল ধরে।। আপন প্রভুর দোষ না জানহ ভূমি। দুই-জনে বলিলাম, দোষভাগী আমি ?" হেনমতে দুই-জনে আনন্দ-কন্দল। দুই দস্থ্য ধায় পাছে, দেখিয়া বিকল। ধাইয়া আইলা নিজ ঠাকুরের বাড়ী। মদ্যের বিক্ষেপে দস্থ্য পড়ে রড়ারড়ি ॥ দেখা না পাইয়া তুই মছাপ রহিল। শেষে হুড়াহুড়ি দুইজনেই বাজিল। মছের বিক্ষেপে ছই কিছু না জানিল। আছিল বা কোন্ স্থানে, কোথা বা রহিল। কতক্ষণে দুই প্রভু উলটিয়া চা'য়। কতি গেল দুই দহ্যা দেখিতে না পায়॥ স্থির হই দুইজনে কোলাকোলি করে। হাসিয়া চলিলা যথা প্রভু-বিশ্বস্তরে॥ বসিয়াছে মহাপ্রভু কমল-লোচন। সর্ববাঙ্গস্থব্দর রূপ মদন-মোহন।।

**চতু**र्फिरक तरिशार्ह रिक्थवम्थल। অস্তান্তে কৃষ্ণকথা যে কহেন সকল।। কহেন আপন জত্ত্ব সভা' মধ্যে রঙ্গে। শ্বেতদ্বীপপতি যেন সনকাদি-সঙ্গে॥ নিত্যানন্দ-হরিদাস হেনই সময়। দিবস-বৃত্তান্ত যত সম্মুখে কহয়॥ "অপরূপ দেখিলাম আজি ছুইজন। পরম মদ্যপ, পুনঃ বলয়ে 'ব্রাহ্মণ'॥ ভাল রে বলিল তারে 'বল কুফ্র-নাম'। খেদাডিয়া আইল, ভাগ্যে রহিল প্রাণ ॥" প্রভু বলে "কে সে চুই, কিবা তার নাম। ব্রাহ্মণ হইয়া কেনে করে হেন কাম ?" সম্মুখে আছিলা গঙ্গাদাস শ্রীনিবাস। কহয়ে যতেক তার বিকর্ম-প্রকাশ। "সে তুইয়ের নাম প্রভু !—জগাই মাধাই। সুবান্দা-পুত্র চুই, জন্ম এই সাঁই। সঙ্গ-দোষে সে দোহাঁর হৈল হেন মতি। আজন্ম মদিরা বই আন নাহি গতি॥ সে তুইর ভয়ে নদীয়ার লোক ডরে'। হেন নাহি, যার ঘরে চুরি নাহি করে॥ সে তুইর পাতক কহিতে নাহি ঠাঞি। আপনে সকল দেখ, জানহ গোসাঞি!" প্রভু বলে "জানোঁ জানো সেই ছুই বেটা। খণ্ড খণ্ড করিমু আইলে মোর হেথা॥" নিত্যানন্দ বলে "খণ্ড খণ্ড কর' তুমি। সে ছুই থাকিতে কোথা না যাইব আমি॥ কিসের বা এত তুমি করহ বড়াই। আগে সেই তুইজনে 'গোবিন্দ' বলাই॥ স্বভাবে ত ধার্ম্মিক বলয়ে ক্লম্থ-নাম। এ তুই বিকর্ম্মে বই নাহি জানে আন॥ এ তুই উদ্ধার' যদি দিয়া ভক্তি-দান। তবে জানি 'পাতকী-পাবন' হেন নাম।

আমারে তারিয়া যত তোমার মহিমা। ততোধিক এ তুয়ের উদ্ধারের সীমা।।'' হাসি বলে বিশ্বস্তর "ইইল উদ্ধার। যেইক্ষণে দরশন পাইল তোমার॥ বিশেষে চিন্তহ তুমি এতেক মঙ্গল। অচিরাতে কৃষ্ণ তার করিব কুশল ॥'' শ্রীমুখের বাক্য শুনি ভাগবতগণ। জয়-জয়-হরি-ধ্বনি করিলা তখন ॥ "হইল উদ্ধার" সবে মানিলা হৃদয়। অদ্বৈতের স্থানে হরিদাস কথা কয়॥ **"চঞ্চলের সঙ্গে প্রাভু, আমারে পাঠা**র। আমি থাকি কোণা, সে বা কোন দিগে যায়॥ বর্নাতে জাহ্নবী জলে কুঞ্জার বেড়ায়। সাঁতার এড়িয়া তারে ধরিবারে যায়॥ কুলে থাকি ডাক পাড়ি, করি 'হায় হায়'। সকল-গঙ্গার মাঝে ভাসিয়া বেড়ায়। যদি বা কূলেতে উঠে বালক দেখিয়া। মারিবার তরে শিশু, যায় খেদাড়িয়া। তার পিতা মাতা আইসে হাতে ঠেকা লৈয়।। তা' সবা' পাঠাই আমি চরণে ধরিয়া॥ গোয়ালার দ্বত দধি লইয়া পলায়। আমারে ধরিয়া তারা মারিবারে চায়। त्म हे त्म कद्राद्य कन्द्रां, त्यहे यूक्ति नरह। কুমারী দেখিয়া বলে করিব বিবাহে॥ চড়িয়া ষাঁড়ের পিঠে 'মহেশ' বলায়। পরের গাভীর চুগ্ধ—তুহি তুহি' খায়॥ আমি শিখাইলে গালি পাড়য়ে তোমারে। "কি করিতে পারে তোর অদ্বৈত আমারে। চৈতন্য—বলিস্ যারে ঠাকুর করিয়া। সে বা কি করিতে পারে আমারে আসিয়া ॥'` কিছুই না কহি আমি ঠাকুরের স্থানে। দৈব যোগে আজি রক্ষা পাইল পরাণে॥

মহা-মাতোয়াল তুই পথে পড়িয়াছে। কর্ম্ব-উপদেশ গিয়া কহে তার কাছে॥ মহা-ক্রোধে ধাইয়া আইসে মারিবার। জীজন-রক্ষার হেতু-প্রসাদ তোমার ॥" হাসিয়া অদ্বৈত্ত বলৈ "কোন চিত্ৰ নয়। মতাপের উচিত—মত্যপ সঙ্গ হয়॥ তিন-মাতোয়াল-সঙ্গ একত্র উচিত। নৈষ্ঠিক হইয়া কেনে তুমি তার ভিত 🤊 নিত্যানন্দ করিবে—সকলে মাতোয়াল। উহান চরিত্র আমি জানি ভালে ভাল। এই দেখ তুমি, দিন-ছুই-তিন ব্যাজে। সেই তুই মত্তপ আনিবে গোষ্ঠী—মাঝে ॥' বলিতে অদ্বৈত হইলেন ক্রোধাবেশ। দিগদার হই বলে অশেষ-বিশেষ॥ "শুনিব সকল চৈত্যের কুষ্ণভক্তি। কেমনে নাচয়ে গায় দেখোঁ তান শক্তি॥ দেখ কালি সেই তুই মগুপ আনিয়া। নিমাই নিতাই চুই নাচিবে মিলিয়া। একাকার করিবেক সেই-ছুই-জনে। জাতি লই তুমি আমি পলাই যতনে॥" অদ্বৈতের ক্রোধাবেশে হাসে' হরিদাস। 'মত্মপ উদ্ধার' চিত্তে হইল প্রকাশ। অদৈতের-বাক্য বুঝে কাহার শক্তি। বুঝে হরিদাস প্রভু, যার যেন মতি। এবে পাপী-সব অদ্বৈতের পক্ষ হৈয়া। গদাধর-নিন্দা করে, মরয়ে পুড়িয়া॥ যে পাপিষ্ঠ এক বৈফ্তবের পক্ষ হয়। অশ্য-বৈষ্ণবেরে নিন্দে,' সেই যায় ক্ষয়॥ সেই তুই মগুপ বেড়ায় স্থানে স্থানে। আইল—যে ঘাটে প্রভু করে গঙ্গাস্নানে। দৈবযোগে সেই স্থানে করিলেক থানা। বেড়াইয়া বুলে সর্ব্ব-ঠাঞি দেই হানা॥

সকল-লোকের চিত্ত হইল সশঙ্ক। কিবা বড়, কিবা ধনী, কিবা মহারুজ ॥ নিশা হৈলে কেহ নাহি যায় গঙ্গাস্থানে। যদি যায়, তবে দশ-বিশের গমনে॥ প্রভুর বাড়ীর কাছে থাকে নিশা-ভাগে।<u>.</u> সর্বব-রাত্রি প্রভুর কীর্ত্তন শুনি জাগে॥ মৃদঙ্গ মন্দিরা বাজে কীর্ত্তনের সঙ্গে। মছের বিক্ষেপে তারা শুনি নাচে রঙ্গে॥ দুরে থাকি সব ধ্বনি শুনিবারে পায়। শুনিলেই নাচিয়া অধিক মদ খায়॥ যখন কীর্ত্তন করে, তুই জন রয়। শুনিয়া কার্ত্তন পুনঃ উঠিয়া নাচয়॥ মদ্যপানে বিহ্বল, কিছুই নাহি জানে। আছিল বা কোথায়, আছয়ে কোন্ স্থানে॥ প্রভুরে দেখিয়া বলে "নিমাই-পণ্ডিত! করাইলা সংপূর্ণ মঙ্গলচণ্ডী-গীত॥ গায়েন সব ভাল মুই দেখিবারে চাই। সকল আনিয়া দিব, যথা যেই পাই ॥" ত্রুজন দেখিয়া, প্রভু নূরে দূরে যায়। আর পথ দিয়া লোক সবাই পলায়॥ একদিন নিত্যানন্দ নগর ভ্রমিয়া। নিশায় আইসে দোঁহে ধরিলেক গিয়া॥ "কে রে, কে রে" বলি ডাকে, জগাই মাধাই। নিত্যানন্দ বলেন "প্রভুর বাড়ী যাই॥" মদ্যের বিক্ষেপে বলে "কিবা নাম তোর ?" নিত্যানন্দ বলে "অবধৃত নাম মোর॥" বাল্য-ভাবে মহা-মন্ত নিত্যানন্দ-রায়। মদাপের সঙ্গে কণা কহেন লীলায়॥ 'উদ্ধারিব তুইজন' হেন আছে মনে। অতএব নিশায় আইলা সেই-স্থানে॥ 'অবধৃত' নাম শুনি মাধাই কুপিয়া। মারিল প্রভুর শিরে মুট্কী ভুলিয়া॥

कृष्टिन भूष्को भित्त, त्रख्न भए भारत । নি**ত্যানন্দ মহাপ্রভু 'গোবিন্দ' স**ঙরে॥ দয়া হৈল জগাইর, রক্ত দেখি মাথে। আর-বার-মারিতে—ধরিল তার-হাতে॥ क्ता रहन क्रिल निर्मय क्रिम प्र দেশান্তরী মারিয়া কি হৈবা তুমি বড়॥ এড এড - অবধৃত না মারিহ আর। সন্যাসী মারিয়া কোন ভালাই ভোমার ॥"' আথে-ন্যথে লোক গিয়া প্রভুরে কহিলা। সাঙ্গোপাঙ্গে ততক্ষণে ঠাকুর আইলা॥ নিত্যানন্দ-অঙ্গে সব রক্ত পড়ে ধারে। হাসে' নিত্যানন্দ সেই-দুয়ের ভিতরে॥ রক্ত দেখি ক্রোধে প্রভু বাহ্য নাহি মানে'। "চক্রণ চক্রণ চক্রণ প্রস্থা ডাকে ঘনে ঘনে। আথে-বাথে চক্র আসি উপসন্ন হৈল। জগাই মাধাই তাহা নয়নে দেখিল। প্রমাদ গণিলা সব-ভাগবভগণ। আথে-ব্যথে নিত্যানন্দ করে নিবেদন ॥ "মাধাই মারিতে প্রভু! রাখিল জগাই। দৈবে সে পড়িল রক্ত. দুঃখ নাহি পাই ॥ মোরে ভিক্ষা দেহ' প্রভু! এ গুই শরীর। কিছু তুঃখ নাহি মোর, তুমি হও স্থির ॥" "জগাই রাখিল" হেন বচন শুনিয়া। জগাইরে আলিজন কৈলা স্থথী হৈয়া॥ জগাইরে বলে "কুফ কুপা করু তোরে। নিত্যানন্দ রাখিয়া, কিনিলা তুমি মোরে॥ যে অভীষ্ট চিত্তে দেখ, তাহা তুমি মাগ'। আজি হৈতে হউ তোর প্রেম-ভক্তি-লাভ॥" জগাইর বর শুনি বৈফবমগুল। জয়-জয়-হরি-ধ্বনি করিলা সকল ॥ "প্রেম-ভক্তি হউ" বলি যখন বলিলা। তখন জগাই প্রেমে মুচ্ছিত হইলা॥

প্রভু বলে "জগাই! উঠিয়া দেখ মোরে। সত্য আমি প্রেম-ভক্তি-দান দিলা তোরে ॥" চতুর্ভ্ জ---শব্খ-চক্র-গদা-পদ্মধর। জগাই দেখিল সেই প্রভু বিশ্বস্তর॥ দেখিয়া মুর্চ্ছিত হৈয়া পড়িল জগাই। বক্ষে শ্রীচরণ দিলা গৌরাঙ্গ-গোঁসাই।। পাইয়া চরণ-ধন লক্ষীর জীবন। ধরিল জগাই সেই অমুল্য-রতন ॥ চরণে ধরিয়া কান্দে স্কৃত্তি জগাই। এমন অপূর্বব করে গৌরা**ঙ্গ-**গোঁসাই॥ এক জীব, হুই দেহ,—জগাই মাধাই। এক পুণ্য, এক পাপ, বৈসে এক-ঠাই॥ জগাইরে প্রভু যবে অনুগ্রহ কৈল। মাধাইর চিত্ত ততক্ষণে ভাল হৈল॥ আথে-ব্যথে নিত্যানন্দ-বসন এড়িয়া। পড়িল চরণ ধরি দগুবত হৈয়া॥ ''ছইজনে এক-ঠাঞি কৈলা প্রভু! পাপ। অনুগ্রহ কেনে প্রভু! কর তুই ভাগ ? মোরে অমুগ্রহ কর,' লও তোর নাম। আমারে উদ্ধার করিবারে নাহি আন ॥" প্রভু বলে "তোর ত্রাণ নাহি দেখি মুই। নিত্যানন্দ-অঞ্চে রক্তপাত কৈলি তুই॥ মাধাই বলে ''ইহা বলিতে না পার। আপনার ধর্ম্ম সে আপনি কেন ছাড় ? বাণে বিন্ধিলেক তোমা' অস্থরেরগণে। নিজ-পদ তা' সবারে তবে দিলে কেনে ?'' প্রভু বলে "তাহা হৈতে তোর অপরাধ। নিত্যানন্দ-অঙ্গেতে করিলি রক্তপাত।। আমা' হৈতে এই নিত্যানন্দ-দেহ বড়। তোর স্থানে এই সত্য করিলাম দড়॥'' "সত্য যদি কহিলা ঠাকুর! মোর স্থানে। বলহ নিষ্ণতি—মুঞি পাইব কেমনে ?

সর্বব-রোগ নাশ'—বৈত্যচূড়ামণি ভূমি। তুমি রোগ চিকিচ্ছিলে স্বস্থ হই আমি॥ না কর' কপট প্রভু ! সংসারের নাথ ! বিদিত হইলাঁ, আর লুকাইবা কা'ত ?" প্রভু বলে "অপ্রাধ কৈলে ভুমি বড়! নিত্যানন্দচরণ ধরিয়া তুমি পড়॥" পাইয়া প্রভুর আজ্ঞা মাধাই তখন। ধরিল অমূল্যধন নিতাইচরণ॥ যে চরণ ধরিলে না যায় কভু নাশ। রেবতী জানেন সেই চরণ-প্রকাশ॥ বিশ্বস্তর বলে "শুন নিত্যানন্দ-রায়! পড়িলে চরণে—কুপা করিতে যুয়ায়॥ তোমার অঙ্গেতে যেন কৈল রক্তপাত। তুমি সে ক্ষমিতে পার, পড়িল তোমা'ত॥' নিত্যানন্দ বলে "প্রভু! কি বলিব মুই। রক্ষ-দারে কুপা কর' সেহ-শক্তি তুই॥ কোন জন্মে থাকে যদি আমার স্তকৃত। সব দিতু মাধাইরে শুনহ নিশ্চিত॥ মোর যত অপরাধ—কিছু দায় নাই। মায়া ছাড়, কুপা কর,' তোমার মাধাই॥" বিশ্বস্তর বলে ''যদি ক্ষমিলা সকল। মাধাইরে কোল দেহ,' হউক সফল॥" প্রভুর আজ্ঞায় কৈল দৃঢ়-আলিঙ্গন। মাধাইর হৈল সব-বন্ধন-মোচন ॥ মাধাইর দেহে নিত্যানন্দ প্রবেশিলা। সৰ্ব্ব-শক্তি-সমন্বিত মাধাই হইলা॥ হেনমতে ছুইজনে পাইলা মোচন। ত্বই-জনে স্তুতি করে ছয়ের চরণ॥ প্রভু বলে "তোরা আর না করিস্ পাপ।" জগাই মাধাই বলে "আর না রে বাপ ॥" প্রভু বলে "শুন শুন তোরা-ছুই-জন! সত্য সত্য আমি তোরে করিলা মোচন।

কোটি কোটি জন্মে যত আছে পাপ তোর। আর যদি না করিস, সব দায় মৌর ॥ তো' দোঁহার মুখে মুঞি করিব আহার। তোর দেহে হইবেক মোর অবভার ॥'' প্রভুর শুনিয়া বাক্য ক্লগাই-মাধাই। আনন্দে মুৰ্চ্ছিত হই পড়িলা তথাই॥ মোহ গেল, তুই বিপ্র আনন্দ-সাগরে। বুঝি আজ্ঞা করিলেন প্রভু বিশ্বস্তরে॥ ''দুইজনে তুলি লহ আমার বাড়ীতে। কীর্ত্তন করিব তুইজনের সহিতে॥ ব্রহ্মার তুর্ল ভ আজি এ-দোঁহারে দিব। এ-দোঁহারে জগতের উত্তম করিব॥ এ-তুই-পরশে যে করিল গঙ্গাস্থান। এ-দোঁহারে বলিবে সে গঙ্গার সমান ॥ নিত্যানন্দ-প্রতিজ্ঞা অন্তথা নাহি হয়। নিত্যানন্দ-ইচ্ছা এই জানিহ নিশ্চয়॥" জগাই-মাধাই সব বৈফবে ধরিয়া। প্রভুর বাড়ীর ভিতর গেলা লইয়া॥ আপ্তগণ সাম্ভাইলা প্রভুর সহিতে। পডিল কপাট, কারো শক্তি নাহি যেতে॥ বসিলা আসিয়া মহাপ্রভু বিশ্বস্তর। তুই-পাশে শোভে নিত্যানন্দ-গদাধর॥ সন্মথে অদৈত বৈসে মহাপাত্র-রাজ। চারিদিকে বৈসে সব বৈষ্ণব-সমাজ॥ পুগুরীকবিদ্যানিধি, প্রভু হরিদাস। গরুডাই, রমাই, শ্রীবাস, গঙ্গাদাস ॥ বক্রেশ্ব-পণ্ডিত, চক্রশেখর-আচার্য্য। এ সব জানয়ে চৈত্তের সব-কার্য্য॥ অনেক মহাস্ত আর চৈতন্য বেড়িয়া। আনন্দে ভাসিলা জগাই মাধাই লইয়া। লোমহর্ষ, মহা-অশ্রু, কম্প সর্ব্ব-গা'য়। জগাই মাধাই দোঁহে গড়াগড়ি যায়॥

কার্ শক্তি বুঝে চৈতন্যের-অভিমত। তুই দত্ম্য করে—তুই মহাভাগবত॥ প্রভু বলে "এ**ঃগু**ই মদ্যপ নহে আর। আজি হৈতে এই তুই সেবক আমার॥ সবে মিলে অনুগ্রহ কর এ-ছুয়েরে। জন্মে জন্মে আঁর যেন আমা' না পাসরে॥ যে রূপে যাহার ঠাঁই আছে অপরাধ। ক্ষমিয়া এ তুই প্রতি করহ প্রসাদ ॥" শুনিয়া প্রভুর বাক্য জগাই-মাধাই। সবার চরণ ধরি পড়িলা তথাই॥ সর্ব্ব-মহাভাগবতে কৈলা আশীর্বাদ। জগাই-মাধাই হইলা নির-অপরাধ॥ প্রভু বলে "উঠ উঠ জগাই-মাধাই! হইলা আমার দাস, আর চিন্তা নাই ॥ এ-ছুয়ের পাপ মুই না লইনু আপনে। এ-ছুয়েরে পাপী হেন না করিহ মনে।। সশরীরে কভু কারো হেন নাহি হয়। নিত্যানন্দ-প্রসাদে সে জানিহ নিশ্চয়॥ তো' সবার যত পাপ মুঞি নিমু সব। সাক্ষাতে দেখহ ভাই! এই অনুভব॥" চুইজনের দেহে পাতক নাহি আর। ইহা বুঝাইতে হৈলা কালিয়া-আকার॥ দুই দস্মা ছুই মহাভাগবত করি। গণ-সহে নাচে প্রভু গোরাঙ্গ শ্রীহরি। হেনমতে জগাই-মাধাই-পরিত্রাণ। করিলা শ্রীগৌরচক্র জগতের প্রাণ॥ যেই শুনে এই তুই-দস্কার উদ্ধার। তারে উদ্ধারিবে গৌরচন্দ্র অবতার॥ শ্রীকৃষ্ণ চৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বৃন্দাবনদাস তছু পদয়ুগে গান।

ইতিশ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে মধ্যখণ্ডে জগাই-মাধাই-উদ্ধার নাম অন্তমোহধ্যায়ঃ॥

# শ্রীশ্রীনিতাই-গৌরযুগল স্ভোত্ত।

( জগাই মাধাই কুৰ্তৃক )

#### নবমঅধ্যায়।

জগাই মাধাই দুইজনে স্তুতি করে। সবার সহিত শুনে গৌরা**স**স্থন্দরে॥ শুদ্ধাস্বরস্বতী দুইজনের জিহ্বায়। বসিলা চৈতন্যচন্দ্রপ্রভুর আজ্ঞায় ॥ "জয় জয় মহাপ্রভু জয় বিশ্বস্তর। জয় জয় নিত্যানন্দ - বিশ্বস্তরাধর॥ জয় জয় নিজ-নামাবিনোদ-আচার্য্য। জয় নিত্যানন্দ চৈতন্তের সর্বব-কার্য্য। জয় জয় জগনাথমিশ্রের নন্দন। জয় জয় নিত্যানন্দ চৈতন্য-শরণ।। জয় জয় শচীপুত্র করুণার সিন্ধু। জয় জয় নিত্যানন্দ চৈতন্মের বন্ধ। জয় রাজপণ্ডিতদুহিতা-প্রা**ণেশ**র। জয় নিত্যানন্দ কুপাময়-কলেবর॥ সেই জয় জয় তুমি কর' যত কাজ। জয় নিত্যানন্দচন্দ্র বৈষ্ণবাধিরাজ ॥ জয় জয় শঙ্খ-চক্র-গদা-পদাধর। প্রভুর বিগ্রহ জয় অবধৃত-বর ॥ জয় জয় অদ্বৈত-জীবন গৌরচন্দ্র। জয় জয় সহস্রবদন নিত্যানন্দ ॥ জয় গদাধর-প্রাণ মুরারি-ঈশর। জয় হরিদাস-বাস্থদেব-প্রিয়কর ॥

পাপী উদ্ধারিলে যত নানা-অবতারে। 'পরম অভুত' তাহা ঘোষয়ে সংসারে॥ আমা-ছুই-পাতকীর দেখিয়া উদ্ধার। অল্লত্ব পাইলী পূর্বব-মহিমা ভোমার॥ অজামিল-উদ্ধারের যতেক মহত্ব। আমার উদ্ধারে সেহো পাইল অল্লন্ত ॥ সত্য কহি, আমি কিছু স্তুতি নাহি করি। উচিতেই অজামিল মুক্তি-অধিকারী ॥ কোটি-ব্ৰহ্ম-বধী যদি তব নাম লয়। সভা মোক্ষ-পদ তার বেদে সভ্য কয়॥ হেন নাম অজামিল কৈল উচ্চারণ। তেঞ্জি চিত্র নহে অজামিলের মোচন। বেদ-সতা স্থাপিতে তোমার অবতার। মিথ্যা হয় বেদ তবে না কৈলে উদ্ধার॥ মোরা দ্রোহ কৈল প্রিয় শরীরে ভোমার। তথাপিও আমা-তুই করিলা উদ্ধার॥ এবে বুঝি দেখ প্রভু! আপনার মনে। কত কোটি অস্তর আমরা তুইজনে॥ 'নারায়ণ' নাম শুনি অজামিল-মুখে। চারি মহাজন আইলা সেই জন দেখে॥ আমি দেখিলাম তোমা' রক্ত পাডি অঙ্গে সাঙ্গোপাঙ্গ, অস্ত্র, পারিষদ—সব সঙ্গে॥ গোপ্য করি রাখিছিলা এ সব মহিমা। এবে ব্যক্ত হইল প্রভু! মহিমার সীমা॥ এবে সে হইল বেদ মহাবলবস্ত। এবে সে বডাঞি করি গাইব অনস্ত। এবে সে বিদিত হৈল গোপ্য-গুণগ্রাম। 'নির্লক্ষ্য-উদ্ধার' প্রভু ! ইহার সে নাম॥ যদি বল কংস-আদি যত দৈত্যগণ। তাহারাও দ্রোহ করি পাইল মোচন॥ কত লক্ষ্য আছে তথি দেখ নিজ-মনে। নিরস্তর দেখিলেক সে নরেন্দ্রগণে ॥

তোমা'সনে যুঝিলেক ক্ষত্রিয়ের ধর্ম্মে। ভয়ে তোম। নিরবধি চিন্তিলেক মর্ম্যে॥ তথাপি নারিল দ্রোহস্পাপ এডাইতে। পড়িল নরেন্দ্র-সব বংশের সহিতে ॥ তোমারে দেখিয়া নিজ জীবন ছাডিল। তবে কোন্ মহাজনে তারে পরশিল 🤋 আমারে পরশে' এবে ভাগবতগণে। ছায়া ছুঞি যে জন করিলা গঙ্গাস্নানে॥ সর্ববমতে প্রভু! তোর এ মহিমা বড়। কাহারে ভাণ্ডিবে, সবে জানিলেক দঢ়॥ মহাভক্ত গজরাজ করিল স্তবন। একান্ত-শরণ দেখি করিলা মোচন। দৈবে সে উপমা নহে আস্কুরী পূতনা। অঘ-বক-আদি যত কেহ নহে সীমা॥ ছাড়িয়া সে দেহ তারা গেল দিব্য-গতি। বেদে বিনা তাহা দেখে কাহার শক্তি॥ যে করিলা এই চুই পাতকী-শরীরে। সাক্ষাতে দেখিল ইহা সকল সংসারে। যতেক করিলা তুমি পাতকী-উদ্ধার। কারো কোনো রূপ লক্ষ্য আছে সবাকার॥ নিলক্ষ্যে তারিল। ব্রহ্ম-দৈত্য তুইজন। তোমার করুণা, সবে, ইহার কারণ॥ वृलिया वृलिया कारा जगार-माधारे। এমত অপূর্বব করে চৈতন্ত-গোসাঞি॥ যতেক বৈষ্ণবগণ অপূৰ্বৰ দেখিয়া। জোড়হাতে স্তুতি করে সবে দাণ্ডাইয়া॥ তোমার অচিস্ত্য শক্তি কে বুঝিতে পারে। যখন যে-রূপে কুপা করহ যাহারে॥" শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বৃন্দাবনদাপ তছু পদযুগে গান।

হৈতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামৃতে মধ্যখণ্ডে শ্রীশ্রীনিতাইগোর যুগল-স্তোত্র নাম নবমোহধ্যায়ঃ॥

# শ্ৰীশ্ৰীনিত্যানন্দ-স্তোত্ত। ( শাধাই কৰ্তৃক )

#### দশমঅধ্যায়।

জগাই মাধাই তুই—হৈতন্য কুপায় ৷ পরম ধার্ম্মিক রূপে বৈসে নদীয়ায়। উষঃকালে গঙ্গা-স্নান করিয়া নির্জ্জনে। তুইলক্ষ কৃষ্ণ-নাম লয় প্রতিদিনে॥ আপনারে ধিকার করয়ে অনুক্ষণ। নিরবধি 'কুষ্ণ' বলি করয়ে ক্রন্দন ॥ পাইয়া কুষ্ণের রস পরম উদার। 'কুষ্ণের দয়িত' দেখে সকল সংসার॥ পুর্বের যে করিল হিংসা, তাহা সঙ্রিয়া। কান্দিয়া ভূমিতে পড়ে মূর্চ্ছিত হইয়া॥ "গৌরচন্দ্র আরে বাপ পতিতপাবন !" সঙ্রি সঙ্রি পুনঃ কর্য়ে রোদন ॥ আহারের চিন্তা গেল ক্লয়েব আনন্দে। সঙ্রি চৈত্যকুপা তুইজন কান্দে॥ সর্ববজনসহিত ঠাকুর বিশ্বস্তর। অমুগ্রহ আশ্বাস করয়ে নিরস্তর 🛭 আপনে বসিয়া প্রভু ভোজন করায়। তথাপিহ দোঁহে চিত্তে সোয়াস্তি না পায় বিশেষে মাধাই নিত্যানন্দেরে লজ্যিয়া। পুনঃ পুনঃ কান্দে বিপ্র তাহা সঙ্রিয়া॥ নিত্যানন্দ ছাডিল সকল অপরাধ। তথাপি মাধাই চিত্তে না পায় প্রসাদ।

"নিত্যানন্দ-অঙ্গে মুই কৈমু রক্তপাত।" ইহা বলি নিরস্তর করে আত্মঘাত៕ "যে অঙ্গে চৈতন্যচন্দ্র করয়ে বিহার। হেন অঙ্গে মুই পাপী করিন্তু প্রহার। মৃচ্ছাগত হুয় ইহা সঙ্রি মাধাই। অহর্নিশ কান্দে, আর কিছু চিন্তা নাই॥ নিত্যানন্দ মহাপ্রভু বালক-আবেশে। অহর্নিশ নদীয়ায় বুলেন হরিষে। সহজে পরমানন্দ নিত্যানন্দ-রায়। অভিমান নাহি—সর্বব-নগরে বেডায় ॥ একদিন নিত্যানন্দে নিভূতে পাইয়া। পড়িলা মাধাই ছই-চরণে ধরিয়া॥ প্রেমজলে ধোয়াইল প্রভুর চরণ। দত্তে তৃণ ধরি করে প্রভুর স্কবন। "বিষ্ণুরূপে তুমি প্রভু! করহ পালন। তুমি সে ফণায় ধর অনস্ত ভুবন॥ ভক্তির সরূপ প্রভু! তোর কলেবর। তোমারে চিন্তয়ে মনে পার্বতী-শঙ্কর॥ তোমার সে ভক্তিযোগ, তুমি কর' দান। তোমা' বই চৈতন্মের প্রিয় নাহি আন ॥ তোমার সে প্রসাদে গরুড় মহাবলী। नीनाग्न वहरम् कृष्ठ इहे कू जू इनी ॥ ... তুমি সে অনন্ত-মুখে কৃষ্ণগুণ গাও। সর্বব-ধর্ম্ম-শ্রেষ্ঠ 'ভক্তি' তুমি সে বুঝাও। তোমার সে গুণ গায় ঠাকুর নারদ। ভোমার সে যত কিছু চৈতন্যসম্পদ। 'কালিন্দীভেদনকারী' তোমার সে নাম। তোমা' সেবি জনক পাইল দিবাজ্ঞান॥ मर्वत-धर्या-भग्न जूमि भूतन्य भूता। বেদে সে বলয়ে তোমা আদি-দেব-নাম। তুমি সে জগৎ পিতা মহাযোগেশ্বর। তুমি সে লক্ষ্মণচন্দ্র মহাধনুর ॥

তুমি সে পাষগু-ক্ষয় রসিক-আচার্য্য। তুমি সে জানহ চৈত্তগ্রের সর্ববকার্য্য॥ তোমারে সেবিয়া পূজ্যা হৈলা মহামায়া। অনস্ত-ব্ৰহ্মাণ্ড চাহে তোমা' পদ-ছায়া ॥ তুমি চৈতন্মের ভক্ত, তুমি মহাভক্তি। যত কিছু চৈতন্তের—তুমি সর্বাশক্তি॥ তুমি সঙ্গী, তুমি সখা, তুমি সে শয়ন। তুমি চৈতন্তের ছত্র, তুমি প্রাণ ধন ॥ তোমা' বই কুষ্ণের দ্বিতীয় নাহি আর। তুমি গৌরচন্দ্রের সকল অবতার॥ তুমি সে করহ প্রভু! প**তিতের** ত্রাণ। তুমি সে সংহার' সর্বব-পাষণ্ডীর প্রাণ॥ তুমি সে করহ সর্বব বৈঞ্চবের রক্ষা। তুমি সে বৈষ্ণবধর্ম্ম করাহ যে শিক্ষা॥ তোমার কৃপায় স্পষ্টি করে অজ-দেবে। তোমারে সে রেবতী বারুণী সদা সেবে ॥ তোমার সে ক্রোধে মহারুদ্র-অবতার। সেই দ্বারে কর' সর্বব-স্প্তির-সংহার॥

তথাহি শ্রীমন্তাগবতে---"সম্বর্ষণাত্মকো রুদ্রো নিন্ধাম্যেতি জগত্রয়ম্॥" ইতি।

সকল করিয়া তুমি কিছু নাহি কর'।

সনস্তত্রক্ষাণ্ড নাথ ! তুমি বক্ষে ধর ॥
পরম-কোমল স্থখ-বিগ্রহ তোমার।
যে বিগ্রহে করে কৃষ্ণ যশের বিহার ॥
সে-হেন শ্রীঅঙ্গে মুঞি করিমু প্রহার।
মোরে ধিক্ দারুণ পাতকী নাহি আর ॥
পার্ববর্তী-প্রভৃতি নবার্ববুদ নারী লৈয়া।
যে অঙ্গ পূজ্যে শিব—জীবন করিয়া॥
যে অঙ্গ পূজ্যে শব্ব-বন্ধ-বিমোচন।
হেন সঙ্গে রক্ত পড়ে আমার কারণ॥

চিত্রকে**তু-মহারাজ যে অঙ্গ** সেবিয়া। স্থে বিহরয়ে বৈষ্ণবাগ্রগণ্য হৈয়া ॥ হেন অঙ্গ মুই পাপী করিনু' লজ্বন। অনন্ত-ব্রহ্মাণ্ড করে যে **এজ স্ব**রণ ॥ যে অঙ্গ সেবিয়া শৌনুকাদি ঋষিগণ। পাইল নৈমিষারণ্যে বন্ধ-বিমোচন॥ যে অঞ্চ লজ্বিয়া ইন্দ্রজিৎ গেল ক্ষয়। যে অঞ্চলভিষয়। স্বিরদের নাশ হয়॥ যে অঙ্গ লঙ্ঘিয়া জরাসন্ধ নাশ গেল। আর মোর কুশল নাহি সে অঙ্গ লজিল লজ্ঞানের কি দায় যাঁহার **অপ**মানে। কুষ্ণের শ্যালক 'রুকী' ত্যজিল জীবনে। দীর্ঘ-আয়ু ব্রহ্মাসম পাইয়াও সূত। তোমা দেখি না উঠিল, হৈল ভস্মীভূত॥ যাঁর অপমান করি রাজা হুর্য্যোধন। সবংশেতে প্রাণ গেল নহিল রক্ষণ॥ দৈবযোগে ছিলা তথা মহাভক্তগণ। তাঁরা সব জানিলেন তোমার কারণ। কুন্তী, ভীষ্ম, যুধিষ্ঠির, বিছুর, অর্জ্জুন। তাঁ' সবার বাক্যে পুর পাইলেন পুন॥ যাঁর অপমান-মাত্র জীবনের নাশ। মুই দারুণের কোন লোকে হবে বাস।" বলিতে বলিতে প্রেমে ভাসয়ে মাধাই। বক্ষে দিয়া শ্রীচরণ পড়িলা তথাই॥ "যে চরণ ধরিলে না যাই কভু নাশ। পতিতের ত্রাণ লাগি ঘাঁহার প্রকাশ। শরণাগতেরে বাপ ! কর' পরিত্রাণ । মাধাইর তুমি সে জীবন ধন প্রাণ॥ জয় জয় জয় পদ্মাবতীর নন্দন। জয় নিত্যানন্দ--সর্ববৈষ্ণবের ধন॥ জয় জয় অক্রোধ পরমনেন্দ রায়। শরণাগতের দোষ ক্ষমিতে যুয়ায়॥

দারুণ চণ্ডাল মুই কুতন্ন-গো-খর। সব-অপরাধ প্রভু! মোর ক্ষমা কর' ॥" মাধাইর কাকু প্রৈম শুনিয়া স্তবন। হাসি নিত্যানন্দ-রায় বলিলা বচন ॥ "উঠ উঠ মাধাই। আমার তুমি দাস। তোমার শরীরে হৈল আমার প্রকাশ। শিশু-পুত্রে মারিলে কি বাপে ছঃখ পায় 🔊 এইমত তোমার প্রহার মোর গা'য়॥ তুমি সে করিলে স্তুতি, ইহা যেই শুনে। সেহ ভক্ত হইবেক আমার চরণে।। আমার প্রভুর তুমি অনুগ্রহপাত্র। আমাতে তোমার দোষ নাহি তিল-মাত্র॥ যে জন চৈতন্য ভজে, সেই মোর প্রাণ। যুগে যুগে আমি তার করি পরিত্রাণ। না ভজি চৈতন্ম যবে মোরে ভজে গায়। মোর তুঃথে জন্মে জন্মে সেহো তুঃখ পায়॥ এত বলি তুষ্ট হৈয়া কৈল। আলিঙ্গন। সর্বব দুঃখ মাধাইর হৈলা বিমোচন । পুনঃ বলে মাধাই ধরিয়া শ্রীচরণ। "আর এক প্রভু! মোর আছে নিবেদন॥ পৰ্ব্ব-জীব-হৃদয়ে বসহ প্ৰভু! তুমি। সেই সব জীব হিংসা করিয়াছি আমি॥ কারে বা করিমু হিংসা, তারে নাহি চিনি। চিনিলে বা অপরাধ মাগিয়ে আপনি॥ যা' সবার স্থানে করিলাম অপরাধ। কোন্রূপে ভারা মোরে করিব প্রসাদ। যদি মোরে প্রভু । তুমি হইলা সদয়। ইথে উপদেশ মোরে কর' মহাশয়॥" প্রভু বলে "শুন কহি তোমার উপায়। গঙ্গাঘাট তুমি সজ্জ করহ সদায়॥ স্ত্রে লোক যথন করিবে গঙ্গাস্থান। তখন তোমারে সবে করিবে কল্যাণ ॥

অপরাধ-ভঞ্জনী গঙ্গার সেবা কার্য্য। ইহাতে অধিক বা তোমার কোন ভাগ্য॥ কাকু করি সভারে করিহ নমস্কার। তবে সব অপরাধ ক্ষমিবে তোমার॥" উপদেশ পাইয়া মাধ্সই ততক্ষণে 🖟 চলিলা প্রভুরে করি বহু প্রদক্ষিণে ॥ 'কৃষ্ণ কৃষ্ণ' বলিতে নয়নে বহে জল। গঙ্গাঘাট সজ্জ করে, দেখয়ে সকল ॥ লোকে দেখি করে বড অপূর্বর গেয়ান। সবারে মাধাই করে দণ্ডপরণাম ॥ "জ্ঞানে বা অজ্ঞানে যত কৈনু অপরাধ। সকল ক্ষমিয়া মোরে করহ প্রসাদ ॥" মাধাইর ক্রন্দনে কান্দয়ে সর্ব্ব-জন। আনন্দে 'গোবিন্দ' সবে করেন স্মারণ॥ ক্ষ্মিল সকল লোকে "নিমাই-পণ্ডিত। জগাই-মাধাইর কৈল উত্তম চরিত ॥" শুনিয়া সকল লোক হইলা বিস্মিত। সবে বলে "নর নহে নিমাই-পণ্ডিত। না বুঝি নিন্দুয়ে যত সকল চুৰ্জ্জন। নিমাই-পণ্ডিত সত্য করেন কীর্ত্তন ॥ নিমাই-পণ্ডিত সত্য শ্রীকুষ্ণের দাস। নষ্ট হৈবে—যে তাঁরে করিবে পরিহাস। এ ছুরের বুদ্ধি ভাল যে করিতে পারে। সেই বা ঈশ্বর, কি ঈশ্বর-শক্তি ধরে॥ প্রাকৃত মনুষ্য নহে নিমাই-পণ্ডিত। এবে সে মহিমা তান হইল বিদিত॥" এইমত নদীয়ার লোকে কহে কথা। আর লোক না মিশায়—নিন্দা হয় যথা॥ পর্ম-কঠোর তপ কর্য়ে মাধাই। 'ব্রহ্মচারী' হেন খ্যাতি হইল তথাই॥ নিরবধি গঙ্গা দেখি থাকে গঙ্গাঘাটে। স্বহস্তে কোদালি লই আপনই খাটে॥

অদ্যাপহি চিহ্ন আছে চৈতন্য-কৃপায়।
'মাধাইর ঘাট' বলি সর্বলোকে গায়॥
এইমত সৎকীর্ত্তি হৈল দোঁহাকার।
চৈতন্যপ্রসাদে ছই-দস্থার উদ্ধার॥
মধ্যখণ্ডকথা যেন অমৃতের খণ্ড।
যাহাতে উদ্ধার ছই পরম-পাষণ্ড॥
মহাপ্রভু গৌরচন্দ্র সবার কারণ।
ইহা শুনি যার ছঃখ, খল সেই জন॥
চারিবেদ-গুপ্ত-ধন চৈতন্যের কথা।
মন দিয়া শুন যে করিল যথা যথা॥
শীকৃষণচৈতন্য নিত্যানন্দচানদ জান।
বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতায়তে মধাখণ্ডে শ্রীশ্রীনিত্যানন্দ-স্তোব-নাম দশমোহধ্যায়ঃ॥

## ় নিত্যানন্দপ্রভুরসহিত, মহাপ্রভুর-সন্ন্যাস গ্রহণেরযুক্তি।

#### একাদশঅধ্যায়

এক**দিন মহাপ্রভু আছেন** বসিয়া। চতুৰ্দ্দিকে সকল পাৰ্যদগণ লৈয়া॥ এক বাক্য অদ্ভুত বলিলা আচম্বিত। কেহো না বুঝিল অর্থ, সবে চমকিত॥ নিত্যানন্দ বুঝিলেন প্রভুর অন্তর। জানিলেন—'প্রভু শীত্র ছাড়িবেন ঘর॥' বিষাদে হইলা মগ্ন নিত্যানন্দ-রায়। হইব সন্ন্যাসী-রূপ প্রভু সর্ব্বথায়॥ এ স্তুন্দর কেশের হইব অন্তর্জান। তুঃখে নিত্যা**নন্দে**র বিকল হৈল প্রাণ॥ ক্ষণেকে ঠাকুর নিত্যানন্দ-হাতে ধরি। নিভতে বসিলা গিয়া গৌরাঙ্গ শ্রীহরি॥ প্রভু বলে "শুন নিত্যানন্দ মহাশয়। তোমারে কহি যে নিজ হৃদয়-নিশ্চয়॥ ভাল সে আইলাম আমি জগত তারিতে। তরণ নহিল আইলাম সংহারিতে॥ আমারে দেখিয়া কোথা পাইব বন্ধ-নাশ একগুণ বন্ধ আরো হৈল কোটি-পাশ। আমারে মারিতে যবে করিলেক মনে। তখনেই পড়ি গেল অশেষ বন্ধনে॥ ভাল লোক তারিতে করিমু অবতার। আপনে করিত্ব সর্বজীবের সংহার॥

দেখ কালি শিখা সূত্র সব মুণ্ডাইয়া। ভিক্ষা করি বেড়াইমু সন্ন্যাস করিয়া॥ যে যে জনে চাহিয়াছে মোরে মারিবারে ভিক্ষক হইমু কালি তাহার হুয়ারে ৷ তবে মোরে দেখি সে-ই ধরিব চরণ। এইমতে উদ্ধারিব সকল ভ্রন ॥ সন্ন্যাসীরে সর্বলোকে করে নমস্কার। সন্নাসীরে কেহ আরু না করে প্রহার॥ সন্ন্যাসী হইয়া কালি প্রতি-ঘরে-ঘরে। ভিক্ষা করি বুলি দেখ আমারে কে মারে তোমারে কহিনু এই আপন হৃদয়। গারিহস্ত বাস আমি ছাডিব নিশ্চয়॥ ইথে তুমি কিছু তুঃখ না ভাবিহ মনে। বিধি দেহ' তুমি মোরে সন্ন্যাস-করণে ॥ যে-রূপ করাহ তুমি, সেই হই আমি। এতেকে বিধান দেহ' অবতার জানি॥ জগত উদ্ধার যদি চাহ করিবারে। ইহাতে নিষেধ নাহি করিবে আমারে॥ ইথে মনে তঃখ না ভাবিহ কোন-ক্ষণ। তুমিত জান অবতারের কারণ ॥ আর শুন নিভ্যানন্দ শ্রীপাদ গোসাঞি! এ কথা কহিবা সবে পঞ্চজনা ঠাঞি ॥ এই সংক্রমণ-উত্তরায়ণ দিবসে। নিশ্চয় চলিব আমি করিতে সন্নাসে॥ 'ইন্দ্রাণি' নিকটে কাটোয়া-নামে গ্রাম। তথা আছে কেশবভারতী শুদ্ধ নাম॥ তাঁর স্থানে আমার সন্ন্যাস স্থানশ্চিত। এই পাঁচ-জনা মাত্র করিবা বিদিত। আমার জননী, গদাধর, ব্রহ্মানন্দ। শীচন্দ্রশেখরাচার্যা, অপর-মুকুন্দ।" শুনি নিত্যানন্দ শ্রীশিথার অন্তর্জান। অন্তরে বিদীর্ণ হৈল মন দেহ প্রাণ॥

কোন্ বিধি দিব কিছু না আইসে বদনে। অবশ্য করিব প্রভু জানিলেন মনে॥ নিত্যানন্দ বলে "প্রভু! তুমি ইচ্ছাময়। যে তোমার ইচ্ছা প্রভু ! দৈই সে নিশ্চর ॥ বিধি বা নিষেধ কে, তোমারে দিতে পারে। সেই সত্য, যে তোমার আছয়ে অস্তরে॥ সর্ববলোকপাল তুমি সর্ববলোকনাথ। ভাল হয় যেমতে সে বিদিত ভোমা'ত ॥ যেরূপে করিবে তুমি জগত-উদ্ধার। তুমি সে জানহ তাহা কে জানিয়ে আর॥ স্বতন্ত্র পরমানন্দ তোমার চরিত। তুমি যে করিব সে-ই হইব নিশ্চিত॥ তথাপিহ কহ সর্ব্ব-সেবকের স্থানে। কে বা কি বলেন তাহা শুনহ আপনে॥ তবে যে তোমার ইচ্ছা করিব তাহারে। কে তোমার ইচ্ছা প্রভু! বিরোধিতে পারে॥" নিত্যানন্দ-বাক্যে প্রভু সম্ভোষ হইলা। পুনঃ পুনঃ আলিঙ্গন করিতে লাগিলা॥ এইমত নিত্যানন্দ-সঙ্গে যুক্তি করি। চলিলেন বৈষ্ণব-সমাজে গৌর-হরি॥ গৃহ ছাড়িবেন প্রভু জানি নিত্যানন্দ। वोका नाहि क्युत्त, (पर रहेल निम्भन्म ॥ স্থির হই নিত্যানন্দ মনে মনে গণে'। "প্রভু গেলে আই প্রাণ ধরিব কেমনে। কেমতে বঞ্চিব আই কাল—দিন-রাতি।" এতেক চিস্তিতে মৃচ্ছ । পায় মহামতি॥ ভাবিয়া আইর তুঃখ নিত্যানন্দরায়। নিভূতে বসিয়া প্রভু কান্দয়ে সদায়॥ শ্ৰীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান।

ইতিশ্রীনিত্যানন্দচরিতামূতে মধ্যখণ্ডে নিত্যানন্দপ্রভুরসহিত,

### ্ৰী শ্ৰীকৃষ্ণচৈতম্বনিত্যানন্দাদ্বৈতচন্দ্ৰায়নমঃ ॥

# শ্রীশীনত্যানন্দচরিতামৃত

### অন্ত্যুখণ্ড।

প্রথমঅধ্যায়।

### মহাপ্রভুর ভক্তগণ্যিলন।

#### মঙ্গলাচরণ।

অবতীর্ণো স্বকারুণ্যো পরিচ্ছিন্নো সদীর্থরো। শ্রীকৃষ্ণচৈতন্ম-নিত্যানন্দো দ্বো ভ্রাতরো ভজে নমস্ত্রিকালসত্যায় জগন্নাথস্থতায় চ। সভৃত্যায় সপুক্রায় সকলত্রায় তে নম ॥

জয় জয় শ্রীকৃষণটৈততা লক্ষ্মীকান্ত।
জয় জয় নিত্যানন্দ-বল্লভ-একান্ত॥
জয় জয় বৈকুণ্ঠ-ঈশ্বর ন্যাসিরাজ।
জয় জয় জয় শ্রীভকতসমাজ॥
জয় জয় পতিতপাবন গৌরচন্দ্র।
দান দেহ' হৃদয়ে তোমার পদ-দুন্দ॥

শেষখণ্ড-কথা ভাই! শুন এক-চিত্তে। নিত্যানন্দ, ভক্তগণ মিলিলা যেমতে॥ তবে প্রভু সর্ববভক্তগণ করি সঙ্গে। নীলাচল-প্রতি শুভ করিলেন রঙ্গে॥ প্রভু বলে "শুন নিত্যানন্দ মহামতি! সত্বরে চলহ তুমি নবদীপ-প্রতি॥ শ্ৰীবাসাদি যত আছে ভাগবতগণ। সবার করহ গিয়া তুঃখ-বিমোচন ॥ এই কথা ভূমি গিয়া কহিও সবারে। আমি যাই নীলাচলচন্দ্র দেখিবারে॥ সবার অপেক্ষা আমি করি শান্তিপুরে। রহিবাঙ শ্রীঅদ্বৈত-আচার্য্যের ঘরে॥ তা 'সবা' লইয়া তুমি আসিবা সম্বরে। আমি যাই হরিদাসের ফুলিয়া-নগরে॥" প্রভুর আজ্ঞায় মহামল্ল নিত্যানন্দ। নবদ্বীপে চলিলেন হইয়া আনন্দ।। প্রেম-রসে মহামত্ত নিত্যানন্দ-রায়। হুষ্কার গর্জ্জন প্রভু করয়ে সদায়॥ মন্ত-সিংহ-প্রায় প্রভু আনন্দে বিহবল। বিধি-নিষেধের পার বিহারসকল। ক্ষণেকে কদম্বরক্ষে করি আরোহণ। বাজায় মোহন বেণু ত্রিভঙ্গ-মোহন॥ ক্ষণেকে দেখিয়া গোষ্ঠে গড়াগড়ি যায়। বৎস-প্রায় হইয়া গাভীর হ্রশ্ধ খায়॥ আপনা-আপনি সর্ব্ব-পথে নৃত্য করে। বাহ্য নাহি জানে ডুবে আনন্দ-সাগরে॥ কখন বা পথে বসি করয়ে রোদন। হৃদয় বিদরে তাহা করিতে শ্রবণ ॥ কখন হাসেন অতি মহা অট্টহাস। কখন বা শিরে বস্ত্র বান্ধি দিগবাস। কখন বা স্বানুভাবে অনন্ত-আবেশে। সর্প-প্রায় হইয়া গঙ্গার স্রোতে ভাসে॥ ব্দনস্তের ভাবে প্রভু গঙ্গার ভিতরে। ভার্সিয়া যায়েন অতি দেখি মনোহরে॥ অচিন্ত্য অগম্য নিত্যানন্দের মহিমা। ত্রিভুবনে অদ্বিতীয় কারুণ্যের সীমা॥ এইমত গঙ্গা-মধ্যে ভাসিয়া ভাসিয়া। নবদ্বীপে প্রভুষাটে মিলিলা আসিয়। ॥ আপনা' সম্বরি নিত্যানন্দ-মহাশয়। প্রথমে উঠিলা আসি প্রভুর আলয়॥ আসি দেখে আইর দ্বাদশ-উপবাস। সবে কৃষ্ণ-শক্তি-বলে দেহে আছে শ্বাস।। যশোদার ভাবে আই পরম বিহবল। নিরবধি নয়নে বহুয়ে প্রেম-জল। যারে দেখে আই তাহারেই বার্ত্তা লয়। "মথুরার লোক কি তোমরা সব হয় ? কহ কহ রাম-কৃষ্ণ আছেন কেমনে ?" বলিয়া মুৰ্চিছত হই পড়ায়ে তখনে॥" ক্ষণে বলে আই "ওই শুনি শিঙ্গা বাজে।" অক্রে আইল কিবা পুনঃ গোষ্ঠ-মাঝে ?" এইমত আই কৃষ্ণ-বিরহ-সাগরে। ভুবিয়া আছেন বাহ্য নাহি কলেবরে॥ নিত্যানন্দ মহাপ্রভু হেনই সময়। আইর চরণে আসি দগুবত হয়॥ নিত্যানন্দ দেখি সব ভাগবভগণ। উচ্চঃস্বরে লাগিলেন করিতে ক্রন্দন॥ "বাপ! বাপ!" বলি আই হইলা মুচ্ছিত। না জানিয়ে কে বা বা পড়য়ে কোন ভিত॥ নিত্যানন্দ মহাপ্রভু সবা' করি কোলে। সিঞ্চিলেন সবার শরীর প্রেমজলে॥ শুভ-বাণী নিত্যানন্দ কহেন সবারে। "সন্ধরে চলহ সবে প্রভু দেখিবারে॥ শান্তিপুর গেলা প্রভু আচার্য্যের ঘরে। আমি আইলাম, তোমা' সবারে নিবারে॥"

চৈতন্য-বিরহে জীর্ণ সর্ববভক্তগণ। পূর্ণ হৈলা শুনি নিত্যানন্দের বর্চন ॥ সবেই হইলা অতি আনন্দে বিহবল। উঠিল পরমানন্দ কুষ্ণ-কৌলাহল ॥ যে দিবসে গেলা প্রভু করিতে সন্ন্যাস। সে দিবস অবধি আইর উপবাস ॥ দ্বাদশ-উপাস তান--নাহিক ভোজন। চৈতন্য-প্রভাবে সবে আছয়ে জীবন। দেখি নিত্যানন্দ বড় ছঃখিত-অন্তর। আইরে প্রবোধি বলে মধুর উত্তর॥ "কুষ্ণের রহস্য কোন্না জান' বা তুমি। তোমারে বা কিবা কহিবারে জানি আমি॥ তিলাদ্ধেকো চিত্তে নাহি করিহ বিষাদ। বেদে ও কি পাইবেন তোমার প্রসাদ॥ বেদে যারে নিরবধি করে অন্বেষণ। সে প্রভু তোমার পুত্র—সবার জীবন ॥ হেন প্রভু বক্ষে হাত দিয়া আপনার। আপনে সকল ভার হইল তোমার॥ 'ব্যবহার প্রমার্থ যতেক তোমার। মোর দায়' প্রভু বলিয়াছে বার বার॥ ভাল হয় যেমতে, প্রভু সে সব জানে। স্থুখে থাক তুমি দেহ সমর্পিয়া তানে ॥ শীঘ্র গিয়া কর' মাতা ! কুফের রন্ধন। আনন্দিত হউক সকল ভক্তগণ॥ ভোমার হস্তের অন্নে স্বাকার আশ। তোমার উপাসে হয় কৃষ্ণ-উপবাস॥ कृति य निर्दिष्मा कद्र' कविद्या वस्त्रन । মোহার একান্ত তাহা খাইবারে মন॥" তবে আই শুনি নিত্যানন্দের বচন। পাসরি বিরহ গেলা করিতে রন্ধন। ক্লফ্রের নৈবেদ্য করি আই পুণ্যবতী। অগ্রে দিয়া নিত্যানন্দসরূপের প্রতি॥

তবে আই সর্ব্ব-বৈষ্ণবেরে আগে দিয়া। করি**লেন ভোজন স্বারে সন্তোষিয়া**॥ পরম-আনন্দ হইলেন ভক্তগণ। দাদশ-উপাশে আই করিলা ভোজন। তবে সর্বভক্তগণ নিত্যানন্দ-সঙ্গে। প্রভু দেখিবারে সজ্জ হইলেন রঙ্গে॥ এ সব আখ্যান যত নবদ্বীপবাসী। শুনিলেন "গৌরচক্র হইলা সরাসা॥" শুনিয়া অদ্ভত নাম 'শ্রীকৃষ্ণচৈতন্য'। সর্বলোক হরিবলি বলে 'ধন্য ধন্য'॥ পূর্বের যে পাষণ্ডা সব করিল নিন্দন। তারাও সপরিকরে করিল গমন॥ গৃঢ় রূপে নবদ্বীপে লইলেন জন্ম। "না জানিয়া নিন্দা করিলাম তান ধন্ম ॥ এবে লই গিয়া তান চরণে শরণ। তবে সব অপরাধ হইবে খণ্ডন॥<sup>2</sup> এইমত বলি লোক মহানন্দে ধায়। হেন নাহি জানি লোক কত পথে যায়॥ আইল সকল লোক 'ফুলিয়া' নগরে। ব্রক্ষাণ্ড স্পশিয়। 'হরি বলে উচ্চঃস্বরে। শুনিয়া অপূর্বর অতি উচ্চ হরিধ্বনি। বাহির হৈল। সর্বব সন্ন্যাসা-শিরোমণি॥ সর্বদা শ্রীমুখে 'হরে কৃষ্ণ হরে হরে'। বলিতে আনন্দ ধার। নিরবধি ঝরে॥ সর্ববলোক 'ত্রাহি ত্রাহি' বলে হাত তুলি এইমত করে গৌরচক্র কতুহলী॥ দেখি গৌরচন্দ্রের শ্রীমুখ মনোহর। সর্বলোক পূর্ণ হৈল বাহির অস্তর॥ হেনই সময়ে শ্রীঅনন্ত নিত্যানন্দ। আইল। নদীয়া হৈতে সঙ্গে ভক্ত-বুন্দ ॥ **শ্রীবাসাদি-ভক্তগণ দেখি**য়া ঠাকুর। লাগিলেন হরিধ্বনি করিতে প্রচুর॥

দণ্ডবত হইয়া সকল ভক্তগণ। , ক্রন্দন করেন সবে ধরি শ্রীচরণ। সবারে করিলা প্রভু' আলিঙ্গন-দান। সবেই প্রভুর নিজ-প্রাণের সমান॥ অর্ত্তিনাদ ক্রন্দন কন্ধেন ভক্তগণ। শুনিয়া পবিত্র হয় সকল ভুবন। সত্বরে গাইতে লাগিলেন ভক্তগণ। 'বোল বোল' বলি প্রভু গর্জ্জে ঘনে-ঘন॥ কি কহিব সে বা প্রেম-রসের মাধুরী। আনন্দে তুলিয়া বাছ বলে 'হরি হরি'॥ রসময় নৃত্য অতি-অদ্ভুত-কথন। দেখিয়া পরমানন্দে ডুবে ভক্তগণ। হারাইয়াছিলা প্রভু, সর্ববভক্তগণ। হেন প্রভু পুনরায় দিলা দরশন॥ আনন্দে নাহিক বাহ্য কাহারে। শরীরে। প্রভু বেড়ি সবেই উল্লাসে নৃতা করে ৷ কে বা কার গা'য়ে পড়ে, কে বা কারে ধরে। কে বা কার চরণ ধরিয়া বক্ষে করে॥ নিত্যানন্দ মহাপ্রভু পরম-উদ্দাম। চৈতন্ম বেড়িয়া নাচে মহাজ্যোতিধাম॥ আনন্দে অধৈত নাচে-করয়ে হুস্কার। সবেই চরণ ধরে যে পায় যাহার॥ যে স্থকৃতি জন শুনে এসব আখ্যান। তাহারে মিলয়ে গৌরচন্দ্র-ভগবান॥ পুনঃ প্রভু-সঙ্গে ভক্তগণ-দরশন। পুনরায় ঐশ্বর্য্য-আবেশে সংকীর্ত্তন ॥ সর্বব বৈঞ্চবের সহিত প্রভুর মিলন। ইহা যে শুনয়ে তারে মিলে প্রেমধন।। শ্ৰীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ চান্দ জান। বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অস্তগণ্ডে মহাপ্রভুরভক্তগণ-মিলন নাম প্রথমোহধ্যায়ঃ॥

### মহাপ্রভুর-দণ্ড-ভঙ্গ।

### দ্বিতীয়অধ্যায়

এইমতে মহাপ্রভু চলিয়া আসিতে। কত-দিনে উত্তরিলা স্থবর্ণরেখাতে॥ স্থবর্ণরেখার জল পরম-নির্ম্মল। স্নান করিলেন প্রভু বৈঞ্চব-সকল॥ স্নান করি স্বর্ণরেখা-নদী ধন্য করি। চলিলেন এীগৌরস্থন্দর নরহরি॥ রহিলা অনেক পাছে নিত্যানন্দ চন্দ্র। সংহতি তাঁহার সবে শ্রীজগদানন্দ ॥ কত-দুরে গৌরচন্দ্র বসিলেন গিয়া। নিত্যানন্দস্বরূপের অপেক্ষা করিয়া॥ চৈতন্য-আবেশে মত্ত নিত্যানন্দ-রায়। বিহ্বলের প্রায় ব্যবসায় সর্ববিথায়॥ কখন হুহ্বার করে, কখন রোদন। ক্ষণে মহা অট্ট হাস, ক্ষণে বা গৰ্জন॥ ক্ষণে বা নদীর মাঝে এড়েন সাঁতার। ক্ষণে সর্ব্ব-অঙ্গে ধূলা মাখয়ে অপার॥ ক্ষণে বা যে আছাড় খায়েন প্রেম-রসে চূৰ্ণ হয় অঞ্চ হেন সৰ্বব লোক বাসে'॥ আপনা' আপনি নৃত্য করে কোনক্ষণে টল-মল করয়ে পৃথিবী সেইক্ষণে॥ এ সকল কথা তানে কিছু চিত্ৰ নয়। অবতীর্ণ আপনে অনস্ত মহাশয়॥ নিত্যানন্দ-কুপায় এ সব শক্তি হয়। নিরবধি গৌরচন্দ্র যাঁহার হৃদয়।

নিত্যানন্দস্বরূপে থুইয়া এক-স্থানে । চলিলা জগদানন্দ ভিক্ষা-অন্বেষ্ণে। ঠাকুরের দণ্ড শ্রীজগদানন্দু বহে। দণ্ড থুই নিত্যানন্দসরূপেরে কহে॥ "ঠাকুরের দণ্ডে মন দিহু সাবধানে। ভিক্ষা করি আমিহ আসিব এইক্ষণে ॥" আথে-ব্যথে নিত্যানন্দ দণ্ডধরি করে। বসিলেন সেই স্থানে বিহবল অস্তারে॥ দণ্ড হাতে করি হাসে' নিত্যানন্দ-রায়। দণ্ডের সহিত কথা কহেন লীলায়॥ "ওহে দণ্ড। আমি যারে বহিয়ে হৃদয়ে। সে তোমারে বহিবেক এ-ত যুক্তি নহে॥" এত বলি বলরাম পরম প্রচণ্ড। ফেলিলেন দণ্ড ভাঙ্গি করি তিন খণ্ড॥ ঈশ্বরের ইচ্ছা, মাত্র ঈশ্বর সে জানে। কেনে ভাঙ্গিলেন দণ্ড, জানিব কেমনে॥ নিত্যানন্দ জ্ঞাতা গৌরচন্দ্রের অন্তর। নিত্যানন্দেরও জানে শ্রীগোরস্থন্দর॥ আগে যেন তুই ভাই শ্রীরাম-লক্ষাণ। দোঁহার অন্তর দোঁহে জানে অমুক্ষণ।। এক বস্তু তুই ভাগ, ভক্তি বুঝাইতে। গৌরচন্দ্র জানি সবে নিত্যানন্দ হৈতে ॥ বলরাম বিনে অন্য চৈতন্মের দণ্ড। ভাঙ্গিবারে পারে হেন কে আছে প্রচণ্ড ? সকল বুঝায় ছলে এীগোরস্থন্দরে। যে জানয়ে মর্ম্ম, সেই জন স্থথে তরে'॥ দণ্ড ভাঙ্গি নিত্যানন্দ আছেন বসিয়া। ক্ষণেকে জগদানন্দ, মিলিলা আসিয়া॥ ভগ্ন-দণ্ড দেখি মহা হইলা বিস্মিত। অন্তরে জগদানন্দ হইলা চিস্তিত॥ বাৰ্ত্তা জিজ্ঞাদেন "দণ্ড ভান্সিলেক কে ?" নিত্যানন্দ বলে "দণ্ড ধরিলেক যে ম

আপনার দণ্ড প্রভু ভাঙ্গিলা আপনে। তাঁর দণ্ড ভাঙ্গিতে কি পারে অন্য জনে॥'' শুনি বিপ্র আর না করিলা প্রভ্যান্তর। ভাঙ্গা দণ্ড লই মাত্র চলিলা সত্বর॥ বসিয়া আছেন স্থা শ্রীগৌরস্থন্দর। ভাঙ্গা দণ্ড ফেলি দিল প্রভুর গোচর॥ প্রভু বলে "কহ দণ্ড ভাঙ্গিলে কেমনে। পথে না কি কন্দল করিলা কারো সনে ?" কহিলা জগদানন্দ-পণ্ডিত সকল। "ভান্সিলেন দণ্ড নিত্যানন্দ স্থবিহ্বল ॥" . নিত্যানন্দ প্রতি প্রভু জিজ্ঞামে' আপনি। "কি লাগি ভাঙ্গিলা দণ্ড কহ দেখি শুনি॥" নিত্যানন্দ বলে "ভাঙ্গিয়াছি বাঁশ-খান। না পার ক্ষমিতে, কর যে শাস্তি প্রমাণ॥ প্রভু বলে "যাহে সর্বব-দেব-অধিষ্ঠান। সে তোমার মতে কি হইল বাঁশ-খান ?" কে বুঝিতে পারে, গৌরস্থন্দরের লীলা। মনে করে এক, মুখ পাতে' আর খেলা। এতেকে যে বলে বুঝি কুঞ্চের হৃদয়': সে-ই সে অবুধ ইহা জানিহ নিশ্চয়॥ মারিবেন কেন যারে আছয়ে অস্তরে। তাহারেও দেখি যেন মহা প্রীতি করে। প্রাণ-সম অধিক বা যে সকল জন। তাহারেও দেখি যেন নিরপেক্ষ-মন॥ এইমত অচিন্ত্য অগম্য লীলা মান। তান অনুগ্ৰহে বুঝে তান কৃপাপাত্ৰ॥ प्र **ভाঙ্গিলেন আপনেই ইচ্ছা** করি। শেষে ক্রোধ ব্যঞ্জিতে লাগিলা গৌরহরি॥ প্রভু বলে "সবে দণ্ড মাত্র ছিল সঞ্চ। তাহা আজি কুঞ্জের ইচ্ছাতে হৈল ভঙ্গ। এতেকে আমার সঙ্গে কারো সঙ্গ নাই। ভোমরা বা আগে চল, কিবা আমি যাই ॥''

মুকুন্দ বলেন তবে "তুমি চল আগে। আমরা-সবার কিছু কৃত্য আছে পাছে॥'' "ভাল!" বলি চলিলেন শ্রীগৌরস্থন্দর। মত্ত-সিংহ-প্রায় গতি লখিতে তুক্ষর॥ মুহুর্ত্তেকে গেলা প্রভু জলেশ্বর-গ্রামে। বরাবর গেলা জলেশ্বর-দেব-স্থানে॥ দেখি শিবদাস সব হইলা বিশ্মিত। সবেই বলেন "শিব হইলা বিদিত॥" আনন্দে অধিক সবে করে গীতবাদ্য। প্ৰভুও নাচেন তিলাৰ্দ্ধেক নাহি বাছ ॥ কতক্ষণে ভক্তগণ আসিয়া মিলিলা। আসিয়াই মুকুন্দাদি গাইতে লাগিলা॥ প্রিয়গণ দেখি প্রভু অধিক আনন্দে। নাচিতে লাগিলা, বেড়ি গায় ভক্ত-বুন্দে॥ **সে বিকার কহিতে বা শক্তি আছে কার**। নয়নে বহয়ে স্থরধুনী-শত-ধার॥ এবে সে শিবের-পুর হইল সফল। যাহে নৃত্য করে বৈকুপ্তের অধীশ্বর। কতক্ষণে প্রভু পরানন্দ প্রকাশিয়া। স্থির হই রহিলেন প্রিয়গোষ্ঠী লৈয়া॥ সবা' প্রতি করিলেন প্রেম-আলিঙ্গন। সবেই নির্ভয় হৈলা পরানন্দ-মন॥ নিত্যানন্দ দেখি প্রভু লইলেন কোলে। বলিতে লাগিলা তাঁরে কিছু কুতৃহলে ॥ "কোথা তুমি আমারে করিবে সম্বরণ। যেমতে আমার হয় সন্ন্যাস-রক্ষণ ॥ আর আমা' পাগল করিতে তুমি চাও। আর যদি কর' তবে মোর মাথা খাও। যেন কর' ভূমি আমা' তেন আমি হই। সত্য সত্য এই আমি পবা' স্থানে কই ॥" সবারে শিখায় গৌরচন্দ্র-ভগবান্। "নিত্যানন্দ প্ৰতি সবে হও সাবধান॥

### ১০৬ • শ্রীশ্রীনিত্যানন্দচরিতামৃত।

মোর দেহ হৈতে নিত্যানন্দদেহ বড়।
সক্ত সত্য সবারে কহিনু এই দঢ়॥
নিত্যানন্দ স্থানে যার হয় অপরাধ।
মোর দোষ্ণ নাহি তার প্রেমভক্তি বাধ॥
নিত্যানন্দে যাহার তিলেক দ্বেষ রহে।
ভক্ত হইলেও সে আমার প্রিয় নহে॥"
আত্মস্তুতি শুনি নিত্যানন্দ মহাশয়।
লজ্জায় রহিলা প্রভু মাথা না তোলয়॥
পরম-আনন্দ হৈলা সর্ববভক্তগণ।
হেন-লীলা করে প্রভু শ্রীশচীনন্দন॥
শ্রীকৃষ্ণচৈতন্ম নিত্যানন্দচান্দ জান।
বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অস্ত্যথণ্ডে মহাপ্রভুর-দণ্ডভঙ্গ নাম দ্বিতীয়োহধ্যায়ঃ॥

### নিত্র্যানন্দ-প্রভুর-সপরিক্রে সার্ক্তোম-মিলন ও জগন্নাথ-দর্শন।

#### তৃতীয়অধ্যায়

"তোমরা ত আমার করিলা বন্ধু-কাজ। দেখাইলা আনি জগনাথ মহারাজ ॥ এবে আগে তোমরা চলহ দেখিবারে ৷ বা আমি যাইব আগে, তাহা বল মোরে॥ মুকুন্দ বলেন তবে "তুমি আগে যাও।" "ভাল।" বলি চলিলেন শ্রীগোরাঙ্গরাও। মন্ত-সিংহ গতি জিনি চলিলা সত্তর। প্রবিষ্ট হইলা আসি পুরার ভিতর॥ ঈশ্বর-ইচ্ছায় সার্ববভৌম সেইকালে। জগন্নাথ দেখিতে আছেন কুতৃহলে।। হেনকালে গৌরচন্দ্র জগত-জীবন। দেখিলেন জগন্নাথ স্থভদ্রা সঙ্কর্ষণ ॥ দেখি মাত্র প্রভু করে পরম হুঙ্কার। ইচ্ছা হৈল জগন্নাথ কোলে করিবার॥ ক্ষণেকে পড়িলা হই আনন্দে মূর্চিছত। কে বুঝয়ে ঈশ্বরের অগাধ চরিত্র॥ প্রভু সে হইয়াছেন অচেতনপ্রায়। দেখিমাত্র জগন্নাথ—নিজ-প্রিয় কায়॥ আবরিয়া সার্ব্বভৌম আছেন আপনে। প্রভুর আনন্দমূচ্ছা না হয় খণ্ডনে ॥ শেষে সার্ব্বভৌম যুক্তি করিলেন মনে। প্রভু লই যাইবারে আপন ভবনে।

সার্ব্বভৌম বলে 'ভাই! পড়িহারীগণ! সবৈ তুলি লহ এই পুরুষরতন ॥" পাণ্ড বিজয়ের যত নিজ ভৃত্যগণ। সবে প্রভু কোলে করি করিলা গমন ॥ চভুদ্দিকে হব্লিধ্বনি করিয়া করিয়া। বহিয়া আনেন সবে হরিষ হইয়া॥ হেনই সময়ে সর্ব্ব-ভক্ত সিংহদারে। আসিয়া মিলিলা সবে হরিষ-অস্তরে॥ পরম অন্তত সবে দেখেন আসিয়া। পিপীলিকাগণে যেন অন্ন যায় লৈয়া। এইমত প্রভুকে অনেক লোক ধরি। লইয়া যায়েন সবে মহানন্দ করি॥ সিংহদার নমস্করি সর্ববভক্তগণ। হরিষে প্রভুর পাচে করিলা গমন ॥ সর্ববলোকে ধরি সার্ববভোমের মন্দিরে: আনিলেন, কপাট পড়িল তবে দ্বারে॥ প্রভুর আসিয়া যে মিলিলা ভক্তগণ। দেখি হৈলা সার্ব্বভৌম হর্ষিত-মন॥ যথাযোগ্য সম্ভাষা করিয়া সবা' স্থানে। বসিলেন, সন্দেহ ভাঙ্গিল ততক্ষণে 🖟 বড় সুখী হৈলা সার্ব্বভৌম মহাশয়। আর তাঁর কিবা ভাগ্যফলের উদয়॥ যার কীর্ত্তি মাত্র সর্বব বেদে ব্যাখ্যা করে অনায়াদে দে ঈশ্বর আইলা মন্দিরে॥ নিত্যানন্দ দেখি সার্ব্বভৌম মহাশয়। লইলা চরণধূলি করিয়া বিনয়॥ মনুষ্য দিলেন, সার্ব্বভৌম সবা' সনে। চলিলেন সবে জগরাথ দরশনে॥ যে মনুষ্য যায় দেখাইতে জগন্নাথ। নিবেদন করে সে করিয়া জোড়হাত ॥ "স্থির হই জগন্নাথ সবেই দেখিবা। পূর্বন-গোসাঞির মত কেহো না করিবা। কিরূপ তোমরা, কিছু না পারি বুঝিতে। স্থির হই দেখ, তবে যাই দেখাইতে॥ যেরূপ তোমার করিলেন একজনে। জগরাথ দৈবে রহিলেন সিংহাসনে। বিশেষ বা কি কহিব যে দেখিল তান। সে আছাড়ে অন্সের কি দেহে রহে প্রাণ ॥ এতেকে তোমরা সব—অচিন্তাকথন। সম্বরিয়া দেখিবা, করিমু নিবেদন ॥" শুনি সবে হাসিতে লাগিলা ভক্তগণ। "চিন্তা নাহি" বলি সবে করিলা গমন॥ আসি দেখিলেন চতুর্ব্যাহ জগন্নাথ। প্রকট-পরমানন্দ ভক্তগণ-সাথ ॥ দেখি সবে লাগিলেন করিতে ক্রন্দন। দগুবত প্রদক্ষিণ করেন স্তবন॥ শ্রীচৈতন্যরসে নিত্যানন্দ মহাধীর। পরম উদ্দাম—কোনস্থানে নহে স্থির॥ জগন্নাথ দেখিয়া যায়েন ধরিবারে। পডিহারীগণে কেহ রাখিতে না পারে ॥ একেবারে উঠিয়া স্থবর্ণসিংহাসনে। বলরাম ধরিয়া করিলা আলিজনে ॥ উঠিতেই পডিহারী ধরিলেক হাত। ধরিতে পডিল গিয়া হাত পাঁচ সাত ॥ নিত্যানন্দ প্রভু বলরামের গলার। মালা লই পরিলেন গলে আপনার॥ প্রভুর গলার মালা ব্রাহ্মণ আনিয়া। দিলেন সবার গলে সস্তোষিত হৈয়।। আজ্ঞা-মালা পাই সবে আনন্দিত মনে। আইলা-সত্বরে সার্ব্বভৌমের ভবনে॥ মালা পরি চলিলেন গজেন্দ্রগমনে। পডিহারী উঠিয়া চিস্তয়ে মনে মনে ॥ "এ অবধৃতের কভু মানুষী শক্তি নয়। বলরাম-স্পর্শে কি অন্তের দেহ রয়॥

মতহন্তী ধরি মুঞি পারেঁ। রাখিবারে। মুঞি ধরিলেও কি মনুষ্য যাইতে পারে। হেন মুঞি হস্ত দৃঢ় করিয়া ধরিনু। তৃণ প্রায় হই গিয়া কোথায় পডিন্থ ॥" এইমত চিন্তি পড়িহারী মহাশয়। নিত্যানন্দ দেখিলেই করয়ে বিনয়॥ নিত্যানন্দস্বরূপ স্বভাব-বাল্যভাবে। আলিঙ্গন করেন পরম-অনুরাগে॥ প্রভুর আনন্দ-মূচ্ছ । হইল যেমতে। বাহ্য নাহি তিলেক, আছেন সেইমতে॥ বসিয়া আছেন সার্ব্বভোম পদতলে। চতুদ্দিকে ভক্তগণ 'রাম-কৃষ্ণ' বলে॥ অচিন্ত্য অগম্য গৌরচন্দ্রের চরিত। তিন-প্রহরেও বাহ্য নহে কদাচিত॥ ক্ষণেকে উঠিলা সর্বব-জগত জীবন। হরিধ্বনি করিতে লাগিলা ভক্তগণ॥ স্থির হই প্রভু জিজ্ঞাসেন সবা' স্থানে। "কহ দেখি আজি মোর কোন্ বিবরণে 🖓" শেষে নিত্যানন্দপ্রভু কহিতে লাগিলা। "জগন্নাথ দেখি মাত্র তুমি মুচ্ছ। গেলা। দৈবে সার্বভৌম আছিলেন সেই স্থানে : ধরি তোমা' আনিলেন আপন-ভবনে॥ আনন্দ-আবেশে তুমি হই পরবশ। বাহ্য না জানিলা তিন-প্রহর দিবস॥ এই সার্ব্বভোম নমস্করেন তোমারে।" আথে-ব্যথে প্রভু সার্ব্বভোমে কোলে করে। প্রভু বলে "জগন্নাথ বড় কুপাময়। আনিলেন মোরে সার্ব্বভৌমের আলয়॥ পরম সন্দেহ চিত্তে আছিলা আমার। কিরূপে পাইব আমি সংহতি তোমার॥ কৃষ্ণ তাহা পূর্ণ করিলেন অনায়াসে।" এত বলি সার্ববভোমে চা'হি প্রভু হাসে'॥

প্রভু বলে "শুন আজি আমার আখ্যান। জগনাণ আমি দেখিলাম বিছামান। জগন্নাথ দেখি চিত্ত স্ইল আমার। ধরি আনি বক্ষ-মাঝে থুই আপনার॥ ধরিতে গেলাম মাত্র জগরাথ আমি। তবে কি হইল শেষে আর নাহি জানি॥ দৈবে সার্বনভৌম আজি আছিলা নিকটে। অতএব রক্ষা হৈল এ-মহা-সক্ষটে ॥ আজি হৈতে আমি এই বলি দঢ়াইয়া। **জগনা**থ দেখিবাঙ বাহিরে থাকিয়া॥ অভ্যন্তরে আর আমি প্রবেশ নহিব। গরুড়ের পাছে রহি ঈশ্বর দেখিব॥ ভাগ্যে আমি আজি না ধরিনু জগন্নাথ। তবে ত সঙ্কট আজি হইত আমা'ত।।'' নিত্যানন্দ বলে "বড় এডাইলে ভাল। বেলা নাহি এবে, স্নান করহ সকাল॥" প্রভু ''বলে নিত্যানন্দ! সম্বরিবা মোরে। দেহ আমি এই সমর্পিলাম তোমারে ॥" তবে কতক্ষণে স্নান করি প্রেম-স্থাথ। বসিলেন স্বার সহিত হাস্ত মুখে॥ ব্রুবিধ মহা-প্রসাদ আনিয়া সম্বরে। সার্ব্যভোম থুইলেন প্রভুর গোচরে॥ মহা-প্রসাদ দেখি প্রভু করি নমস্কার। বসিলা ভুঞ্জিতে লই সব পরিবার॥ নীলাচলে প্রভুর ভোজন মহারঙ্গ। ইহার শ্রবণে হয় নিতাইর সঙ্গ॥ শেষখণ্ডে নিতাই আইলা নীলাচলে। এ আখ্যান শুনিলে ভাসয়ে প্রেমজলে। শ্ৰীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান। বৃন্দাবনদাস তছু পদযুগে গান।

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামতে অস্তাখণ্ডে নিত্যানন্দ-প্রভুর-সপরি-করে সার্ব্বভৌম-মিলন ও জগন্নাথ-দর্শন নাম তৃতীয়োহধ্যায়ঃ॥

## নিত্যানন্দপ্রভুর-সপরিকরে-গোড়েগমন ও রাঘবগৃহেঅভিষেক।

### চতুর্থঅধ্যায়।

শেষ খণ্ডকথা ভাই। শুন একমনে। শ্রীনিতাইচাঁদ বিহরিলেন যেমনে॥ একদিন শ্রীগৌরস্থন্দর নরহরি। নিভতে বসিলা নিত্যানন্দ সঙ্গে করি॥ প্রভু বলে "শুন নিত্যানন্দ মহামতি! সত্বরে চলহ তুমি নবদ্বীপ প্রতি॥ প্রতিজ্ঞা করিয়া আছি আপনার মুখে। 'মূর্গ নীচ দরিদ্র ভাসাব প্রেমমুখে॥' তুমি ও থাকিলা যদি মুনিধন্ম করি। আপন-উদ্দাম-ভাব সব পরিহরি। তবে মূর্থ নীচ যত পতিত সংসার। বল দেখি আর কেবা করিব উদ্ধার॥ ভক্তিরসদাতা তুমি, তুমি সম্বরিলে। তবে অবতার বা কি নিমিত্তে করিলে। এতেকে আমার বাক্য যাদ সতা চাও। তবে অবিলম্বে তুমি গৌড়দেশে যাও॥ মূৰ্থ নীচ পতিত ছঃখিত যত জন। ভক্তি দিয়া কর' গিয়া পবারে মোচন ॥" আজ্ঞা পাই নিত্যানন্দচক্র ততক্ষণে। চলিলেন গৌড়দেশে লই নিজগণে॥ রামদাস গদাধরদাস মহাশয়। রঘুনাথ-বৈদ্য-ওঝা ভক্তিরসময় ॥

কৃষ্ণদাসপণ্ডিত পরমেশ্বদাস। পুরন্দরপণ্ডিতের পরম উল্লাস ॥' নিত্যানন্দসরূপের যত আগুগণ। নিত্যানন্দ সঙ্গে সবে কশ্বিলা গমন॥ চলিলেন নিত্যানন্দ গৌড়দেশ-প্রতি। সর্ববপারিষদগণ করিয়া সংহতি॥ পথে চলিতেই নিত্যানন্দ মহাশয়। সর্বপারিষদ আগে কৈলা প্রেমময়॥ সবার হইল আতাবিশ্বতি অত্যন্ত। কার দেহে কত ভাব নাহি তার অস্ত ॥ প্রথমেই বৈষ্ণবাগ্রগণ্য রামদাস। তান দেহে হইলেন গোপাল-প্রকাশ॥ মধ্যপথে রামদাস ত্রিভঙ্গ হইয়া। আছিলা প্রহর-তিন বাহ্য পাসরিয়া॥ হইলা রাধিকাভাব—গদাধরদাসে। ্দিধি কে কিনিবে বলি অট্ট অট্ট হাসে॥' রঘুনাথ-বৈছ্য উপাধ্যায় মহামতি। হইলেন মূৰ্ত্তিমতী যে-হেন রেবতী॥ ' কৃষ্ণদাস পরমেশ্রদাস—তুইজন। . গোপাল-ভাবে হৈ হৈ করে অনুক্ষণ॥ পুরন্দরপণ্ডিত গাছেতে গিয়া চড়ে। 'মুইরে অঞ্চদ' বলি লাফ দিয়া পড়ে॥ এইমত নিত্যানন্দ—শ্রীঅনস্তধাম। সবারে দিলেন ভাব পরম-উদাম॥ দণ্ডে পথ চলে সবে ক্রোশ তুই-চারি। যায়েন দক্ষিণ-বামে আপনা' পাসরি ॥ কতক্ষণে পথ জিজ্ঞাসেন লোকস্থানে। "বল ভাই ! গঙ্গাতীরে যাইব কেমনে॥" लाएक वर्ल "हाग्र हाग्र शथ शामतिला। তুই-প্রহরের পথ ফিরিয়া আইলা॥" লোকবাক্যে ফিরিয়া যায়েন যথা-পথ। পুনঃ পণ ছাড়িয়া যায়েন সেইমত।

পুনঃ পথ জিজ্ঞাসা করয়ে লোকস্থানে। লোক বলে "পথ রহে দশক্রোশ বামে॥" পুনঃ হাসি সকেই চলেন পথ যথা। নিজ দেহ म। জানেন, পথের কি কথা। যত দেহধর্ম - কুধা তৃষ্ণা ভয় তুঃখ। কাহার নাহিক –পাই পরানন্দস্তথ ॥ পথে যত লীলা করিলেন নিত্যানন্দ। কে বর্ণিবে—কেবা জানে—সকলি অনস্ত হেনমতে নিত্যানন্দ শ্রীঅনস্তধাম। আইলেন গঙ্গাতীরে পাণিহাটী গ্রাম ॥ রাঘবপণ্ডিভগুহে সর্ববাত্তে আসিয়া। রহিলেন সকল পার্ষদগণ লৈয়। ॥ পরম আনন্দ হৈলা রাঘবপণ্ডিত। শ্রীমকরধ্বজ-কর গোষ্ঠীর সহিত॥ হেনমতে নিত্যানন্দ পাণিহাটী গ্রামে। বহিলেন সকল - -পার্যদগণ-সনে॥ নিরস্তর পরানদে করেন হুস্কার। বিহ্বলতা বই দেহে বাহ্য নাহি আর॥ নৃত্য করিবারে ইচ্ছা হইল অন্তরে। গায়ক সকল আসি মিলিল সম্বরে॥ স্কৃতি মাধবঘোষ—কার্ত্তনে তৎপর। তেন কার্ন্তনীয়া নাহি পৃথিবীভিতর ॥ যাহারে কহেন- বুন্দাবনের গায়ন। নিত্যানন্দসরূপেরে মহাপ্রিয়তম॥ মাধব, গোবিন্দ, বাস্তদেব-তিন ভাই। গাইতে লাগিলা, নাচে ঈশ্বর-নিতাই ॥ হেন সে নাচেন অবধৃত মহাবল। পদভরে পৃথিবী করয়ে টলমল॥ नित्रविध 'इति विल' करतन एकात। আছাড় দেখিতে লোকে লাগে চমৎকার॥ যাহারে করেন দৃষ্টি নাচিতে নাচিতে। সে-ই প্রেমে ঢালিয়া পড়েন পৃথিবাতে॥

পরিপূর্ণ প্রোমরসময় নিত্যানন্দ। সংসার তারিতে করিলেন শুভার**ন্ত** ॥ ষতেক আছয়ে প্রেমভক্তির বিকার। সব প্রকাশিয়া নৃত্য করেই অপার॥ কভক্ষণে বসিলেন খটার উপরে। আজ্ঞা হৈল অভিষেক করিবার ভরে॥ রাঘবপশ্ভিত-আদি পারিষদ-গণে। অভিষেক করিতে লাগিলা সেইক্ষণে॥ সহস্ৰ সহস্ৰ ঘট আনি গঙ্গাজল। নানাগন্ধে স্থবাসিত করিয়া সকল। সজোবে সবেই দেন শ্রীমস্তকোপরি। চতুদ্দিগে সবেই বলেন 'হরি হরি'॥ সবেই পড়েন অভিষেকমন্ত্ৰ-গীত। প্রমসম্ভোষে সবে হৈলা পুলকিত। অভিষেক করাইয়। নৃতন বসন। পরাইয়া লেপিলেন শ্রীঅঙ্গে চন্দন।। मिवा मिना वनमाना जूनमी-महिटा । পান-বক্ষ পূর্ণ করিলেন নানামতে॥ তবে দিবা-খট্টা সর্পে করিয়া ভূষিত। সন্মুখে আনিয়া করিলেন উপনীত॥ খট্টায়ে বসিলা মহাপ্রভু নিত্যানন্দ। ছত্র ধরিলেন শিরে শ্রীরাঘবান<del>ন</del> ॥ জয়ধ্বনি করিতে লাগিলা ভক্তগণ। চতুদ্দিগে হৈল মহা-আনন্দ-ক্রন্দন॥ "<u>এাহি তাহি" সভেই বলেন বাহু তুলি।</u> কার বাহ্য নাহি, সবে মহাকুতৃহলী॥ সামুভাবানন্দে প্রভু নিত্যানন্দ-রায়। প্রেমদৃষ্টি বৃষ্টি করি চারিদিকে চা'য়॥ আজ্ঞা করিলেন "শুন রাঘবপণ্ডিত! কদন্বের মালা গাঁথি আনহ স্বরিত॥ বড় প্রাত আমার কদম্বপুপ্প প্রতি। কদন্বের বনে নিত্য আমার বসতি॥"

করজোড় করিয়া রাঘবানন্দ কহে। "কদস্বপুষ্পের যোগ এ সময়ে নহে॥" প্রভু বলে "বাড়ী গিয়া চাহ ভাল-মনে। কদাতিত ফুটিয়া বা থাকে কোনস্থানে॥' বাড়ীর ভিতরে, গিয়া চাহেন রাঘব। বিস্মিত হইলা দেখি মহা-অমুভব। জন্বীরের বৃক্ষে সব কদন্তের ফুল। ফুটিয়া আছয়ে অতি-পর্ম-অতুল।। কি অপূর্বব বর্ণ সে বা, কি অপূর্বব গন্ধ। সে পুষ্প দেখিলে ক্ষয় যায় সর্বব বন্ধ ॥ দেখিয়া কদম্বপুষ্প রাঘবপণ্ডিত। বাহ্য দূরে গেল, হৈলা মহা-আনন্দিত॥ আপনা' সম্বরি মালা গাঁথিয়া সম্বরে। আনিলেন নিত্যানন্দপ্রভুর গোচরে॥ কদম্বের মালা দেখি নিত্যানন্দ-রায়। পরমসন্তোষে মালা দিলেন গলায়। কদম্বমালার গন্ধে সকল বৈঞ্চব। বিহ্বল হইলা দেখি মহা-অনুভব॥ সার মহা-আশ্চয়া হইল কভক্ষণে। অপূর্বব দোনার গন্ধ পায় সর্ববজনে॥ দমনকপুপোর স্থগঙ্গে মন হরে। দশদিগ ব্যাপ্ত হৈল সকল মন্দিরে॥ হাসি নিত্যানন্দ বলে "শুন ভাই সব! বল দেখি কি গদ্ধের পাও **অনুভ**ব॥" করজোড় করি সবে লাগিলা কহিতে। "অপূর্ব্ব দোনার গন্ধ পাই চারি-ভিতে। সবার বচন শুনি নিত্যানন্দ-রায়। কহিতে লাগিলা গোপা পরমকুপায়॥ প্রভু বলে "শুন সবে পরম রহস্য। তোমরা সকলে ইহা জানিবা অবশ্য॥ চৈতন্মগোসাঞি আজি শুনিতে কীৰ্ত্তন নীলাচল হৈতে করিলেন আগমন॥

সর্ববাক্তে পরিয়া দিব্য দমনক-মালা। একরুকে অবলম করিয়া রহিলা ॥ সেই শ্রীঅঙ্গের দিব্য-দমনক-গঙ্গে। চতুর্দ্দিগে পূর্ণ হই আছয়েঁ আনন্দে। তোমা' সবাকার নৃত্যু কীর্ত্তন দেখিতে। আপনে আইলা প্রভু নীলাচল হৈতে। এতেকে তোমরা সর্বব কার্য্য পরিহরি। নিরবধি 'কৃষ্ণ গাও' আপনা' পাসরি॥ নিরবধি শ্রীক্লফটেতন্যচন্দ্র-যশে। সবার শরীর পূর্ণ হউ প্রেমরসে ॥" এত কহি "হরি" বলি করয়ে হুস্কার। সর্ববিদিগে প্রেমরৃষ্টি করিলা বিস্তার ॥ নিত্যানন্দস্তরপের প্রেম-রুপ্টিপাতে। সবার হইল আত্মবিশ্যতি দেহেতে॥ শুন শুন আরে ভাই ৷ নিত্যানন্দ শক্তি যে রূপে দিলেন সর্ববজগতেরে ভক্তি॥ যে ভক্তি গোপীকাগণে কহে ভাগবতে। নিত্যানন্দ হৈতে তাহা পাইল জগতে। নিত্যানন্দ বসিয়া আছেন সিংহাসনে। সনাুথে করয়ে নৃত্য পারিষদগণে ॥ কেহ গিয়া বুক্ষের উপর-ডালে চড়ে। পাতে পাতে বেড়ায়, তথাপি নাহি পড়ে॥ কেহ কেহ প্রেম-স্থাথে হুঙ্কার করিয়া। রুক্ষের উপরে থাকি পড়ে লাফ্ দিয়া॥ কেহ বা হুস্কার করে বৃক্ষমূল ধরি। উপাডিয়া ফেলে বুক্ষ বলি 'হরি হরি'॥ কেহ বা গুৱাক বনে যায় রড় দিয়া। গাছ-পাঁচ-সাত গুয়া একত্র করিয়া॥ হেন সে দেহেতে জিনায়াছে প্রেম-বল। তৃণপ্রায় উপাড়িয়া ফেলায় সকল। তাত্রু, কম্প, স্তম্ভ, ঘশ্ম, পুলক, হুষ্কার। স্বরভঙ্গ, বৈবর্ণ্য, গর্জ্জন, সিংহসার ॥

শ্ৰীআনন্দ মুচ্ছ1-আদি যত প্ৰেমভাব। ভাগবতে কহে যত কৃষ্ণ-অনুরাগ॥ সবার শরীরে শূর্ণ হইল সকল। হেন নিত্যানন্দস্বরূপের প্রোম-বল।। যে-দিগে দেখেন নিত্যানন্দ মহাশয়। সেই-দিগে মহাপ্রেমভক্তিবৃষ্টি হয়। যাহারে চা হৈন, সে-ই প্রেমে মুচ্ছ। পায়। বস্ত্র না সম্বরে', ভূমি পড়ি গড়ি যায়॥ নিত্যানন্দস্বরূপেরে ধরিবারে যায়। হাসে' নিত্যানন্দ প্রভু বসিয়া খট্টায়॥ যত পারিষদ নিত্যানন্দের প্রধান। সবাতে হইল সৰ্ব্ব-শক্তি-অধিষ্ঠান॥ সর্ববজ্ঞতা বাক-সিদ্ধি হইল সবার। সবে হইলেন যেন কন্দর্প-আকার॥ সবে যারে পরশ করেন হস্ত দিয়া। সে-ই হয় বিহ্বল. সকল পাসরিয়া॥ এইমত পাণিহাটী গ্রামে তিন-মাস। করে নিত্যানন্দপ্রভু ভক্তির বিলাস।। তিন-মাস কারো বাহ্য নাহিক শরীরে। দেহ-ধর্মা তিলাদ্ধেক কারো নাহি ক্ষুরে॥ তিন-মাস কেহ নাহি করিল আহার। **স**বে প্রেমস্থণে নৃত্য বহি নাহি আর॥ পাণিহাটী গ্রামে যত হৈল প্রেমস্থগ চারিবেদে বর্ণিবেন সে সব কৌতুক ॥ এক দণ্ডে নিত্যানন্দ করিলেন যত। তাহা বর্ণিবার শক্তি আছে কার কত॥ ক্ষণে ক্ষণে আপনে করেন নৃত্যরঞ্চ। চতুর্দ্দিগে লই সব পারিষদসঙ্গ ॥ কখন বা আপনে বসিয়া বীরাসনে। নাচায়েন সকল ভকত জনে জনে॥ এক সেবকের নৃত্যে হেন রঙ্গ হয়। চতুদ্দিগে দেখি যেন প্রেমবস্থাময়॥

মহাঝড়ে পড়ে যেন কদলক-বন। এইমত প্রেমস্থাং পড়ে সর্বজন I আপনে যে-হেন মহাপ্রভু নিত্যানন্দ। সেইমত করিলেন সর্বভক্তবুন্দ।। নিরবধি ঐক্লেফটেতন্য, সংকীর্ত্তন। করায়েন করেন লইয়া ভক্তগণ। হেন সে লাগিলা প্রেম প্রকাশ করিতে। সে-ই হয় বিহ্বল যে আইসে দেখিতে॥ (य (मदक यथान (य हेम्हा करत मान। সে-ই আসি উপসন্ন হয় সেইক্ষণে॥ এইমত পরানন্দ ভক্তিস্থখরসে। ক্ষণপ্রায় কেহ না জানিল তিন-মাসে॥ <u> ঐকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান।</u> বুন্দাবনদাস তছু পদযুগে গান।

ইতিঐ শ্রীনিত্যানন্দচরিতামৃতে অস্ত্যখণ্ডে নিত্যানন্দপ্রভুর-সপরিকরে-গোড়েগমন ও রাঘব-গৃহেঅভিষেক নাম চতুর্থোহধ্যায়ঃ॥

# নিত্যানন্দপ্রভুর-অল্ফারধারণ ও গদাধর-মিলন।

#### পঞ্চমঅধায়।

তবে মহাপ্রভু নিত্যানন্দ কত দিনে। অলঙ্কার পরিতে হইল ইচ্ছা মনে॥ ইচ্ছামাত্র সর্বব-অলঙ্কার সেইক্ষণে। উপসন্ন আসিয়া হইল বিদামানে ॥ স্থবর্ণ রঞ্জত মরকত মনোহর। নানাবিধ বহুমুল্য কতেক প্রস্তর॥ মণি স্থপ্রবাল পট্টবাস মুক্তাহার। স্থকৃতিসকলে দিয়া করে নমস্কার॥ কত বা নিশ্মিত কত করিয়া নিশ্মাণ। পরিলেন অলফার---যেন ইচ্ছা তান। তুই হল্ডে স্থবর্ণের অঙ্গদ বলয়। পুষ্ট করি পরিলেন আত্ম-ইচ্ছাময়॥ স্থবর্ণমুদ্রিকা রত্নে করিয়া খিচন। দশ-অঙ্গুলিতে শোভা করে বিভূষণ ॥ কণ্ঠে শোভা করে বহুবিধ দিব্য-হার। মণি-মুক্তা-প্রবালাদি--্যত সর্ববসার ॥ রুদ্রাক্ষ বিরাল-অক্ষ স্থবর্ণ রজতে। বান্ধিয়া ধরিলা কণ্ঠে মহেশের প্রীতে॥ মুক্তা-কসা-স্তবর্ণ করিয়া স্থরচন। তুই শ্রুতিমূলে শোভে পরম শোভন । পাদপদ্মে রঞ্জত-নৃপুর বিলক্ষণ। তহুপরি মল শোভে জগতমোহন ॥

শুক্ল পট্ট নীল পীত—বহুবিধ বাস। অপূর্ব্ব শোভয়ে পরিধানের বিলাস॥ মালতী মল্লিকা জুগী চুম্পকের মালা। শ্রীবক্ষে করয়ে দৌল-আন্দোলন-খেলা।। গোরোচন-সহিত চশ্দন দিবাগন্ধে। বিচিত্র করিয়া লেপিয়াছেন শ্রীঅঙ্গে ॥ শ্ৰীমস্তকে শোভিত বিবিধ পট্টবাস। ততুপরি নানাবর্ণ-মাল্যের বিলাস।। প্রসন্ন শ্রীমুখ—কোটি শশধর জিনি। হাসিয়া করেন নিরবধি হরিধ্বনি॥ (य-पिर्ण ठा'रहन छुटे कमल-नग्रत्न। সেই-দিগে প্রেমবর্ষে ভাসে সর্ববজনে ॥ রজতের প্রায় লৌহদণ্ড স্থশোভন। তুই দিগে করি তথি স্থবর্ণ বন্ধন॥ নিরবধি সেই লোহদণ্ড শোভে করে। মুষল ধরিলা যেন প্রভু হলধরে॥ পারিষদ সব ধরিলেন অলঙ্কার। অঙ্গদ, বলয়, মল্ল, নৃপুর, স্থ-হার ॥ শিঙ্গা, বেত্র, বংশী, ছাঁদ-দড়ি, গুঞ্জামাল।। সবে ধরিলেন গোপালের অংশ-কলা॥ এইমত নিত্যানন্দ স্বামুভাবরক্ষে। বিহরেন সকল পার্ষদ করি সঙ্গে॥ তবে প্রভু সকল পার্যদগণ মেলি। ভক্ত-গৃহে-গৃহে করে পর্য্যটনকেলি॥ জাহ্নবীর তুই কুলে যত আছে গ্রাম। সর্ববত্র ভ্রমেণ নিত্যানন্দ জ্যোতির্ধাম॥ দরশন-মাত্র সর্বজীব মুগ্ধ হয়। নাম তত্ত্ব জুই—নিত্যানন্দরসময়॥ পাষণ্ডীও দেখিলেই মাত্র করে স্তুতি। সর্ববস্থ দিবারে সেইক্ষণে হয় মতি॥ নিত্যানন্দস্বরূপের শরীর মধুর। সবারেই কুপাদৃষ্টি করেন প্রচুর॥

কি ভোজনে কি শয়নে কি বা পর্য্যটনে। ক্ষণেক না যায় বার্থ সঙ্কীর্ত্তন বিনে ॥ যেখানে করেন নৃত্য কৃষ্ণসঙ্গীর্ত্তন। তথায় বিহ্বল হয় কত শত জন।। शृहत्युत भिन्छ मृतं किছूहे ना जाता। তাহারা ও মহা-মহা-বুক্ষ ধরি টানে॥ তৃষ্কার করিয়া রক্ষ ফেলে উপাডিয়া। "মুঞি রে গোপাল" বলি বেডায় ধাইয়া হেন সে সামর্থ্য এক শিশুর শরীরে। শতজনে মিলিয়াও ধরিতে না পারে॥ "শ্রীকৃষ্ণচৈতন্ম জয় নিত্যানন্দ" বলি। সিংহনাদ করে শিশু হই কুতৃহলী। এইমত নিত্যানন্দ—বালকজীবন। বিহ্বল করিতে লাগিলেন শিশুগণ॥ মাদেকেও এক শিশু না করে আহার। দেখিতে লোকের চিত্তে লাগে চমৎকার॥ হইলেন বিহবল সকল ভক্তবন্দ। সবার রক্ষক হইলেন নিত্যানন্দ।। পুত্রপ্রায় করি প্রভু সবারে ধরিয়া। করায়েন ভোজন আপন হস্ত দিয়া॥ কারে ও বা বান্ধিয়া রাখেন নিজ-পাশে। মারেন বান্ধেন—তবু অট্ট অট্ট হানে'॥ একদিন গদাধরদাসের মন্দিরে। আইলেন, তানে প্রীতি করিবার তরে॥ গোপীভাবে গদাধর দাস মহাশয়। হইয়া আছেন অতি পরানন্দময়॥ মস্তকে করিয়া গঙ্গাজলের কলস। নিরবধি ডাকেন "কে কিনিবে গো-রস ॥' শ্রীবালগোপালমূর্ত্তি তান দেবালয়। আছেন পরমলাবণ্যের সমুচ্চয়॥ দেখি বালগোপালেরমূর্ত্তি মনোহর। প্রীতে নিত্যানন্দ লৈলা বক্ষের উপর॥

অনন্তহাদয়ে দেখি শ্রীবালগোপাল। সর্ব্ব-গণে হরিধ্বনি করেন বিশাল ॥ ভঙ্কার করিয়া নিত্যাদন্দ-মল্ল-রায়। করিতে লাগিলা নৃত্যু গোপাল-লীলায়॥ দানখণ্ড গায়েন মাধবানন্দ্রোষ। শুনি অবধৃতসিংহ পরমসস্টোষ॥ ভাগাবস্ত মাধবের হেন কণ্ঠ-ধ্বনি। শুনিতে আবিষ্ট হয় অবধৃতমণি॥ স্থকৃতি শ্রীগদাধরদাস করি সঙ্গে। দানখণ্ড-নৃত্য প্রভু করে নিজরঙ্গে॥ গোপীভাবে বাহ্য নাহি গদাধরদাসে। নিরবধি আপনারে 'গোপী' হেন বাসে'॥ দানখণ্ডলীলা শুনি নিত্যানন্দরায়। যে নৃত্য করেন, তাহা বর্ণন নাযায়॥ প্রেমভক্তিবিকারের যত আছে নাম। সব প্রকাশিয়া নৃত্য করে অনুপাম॥ বিছ্যুতের প্রায় নৃত্যুগতির ভঙ্গিমা। কিবা সে অদ্ভত ভুজ-চালন-মহিমা॥ কিবা সে নয়নভঙ্গী, কি স্তন্দর হাস। কিবা সে অদ্তুত শির-কম্পন-বিলাস॥ একত্র করিয়া ছুই চরণ স্থন্দর। কিবা জোডে জোডে লাফ দেন মনোহর। যে-দিগে চা'হেন নিত্যানন্দ প্রেমরসে। সেই-দিগে স্ত্র<del>া</del>-পুরুষে ক্রফন্তুখে ভাসে॥ হেন সে করেন কুপা-দৃষ্টি অতিশয়। পরা**নন্দে দেহ-**স্মৃতি কারো না থাকয়। य ভক্তि वार्ष्क्ष्म रयाशीन्तामि-मूनि गर। নিত্যানন্দপ্রসাদে তা' ভুঞ্জে যে-তে-জনে হস্তি সম জন না খাইলে তিন দিন। চলিতে নাপারে, দেহ হয় অতি ক্ষীণ॥ একমাস এক শিশু না করে আহার। তথাপিও সিংহ প্রায় সব ব্যবহার॥

হেন শক্তি প্রকাশেন নিত্যানন্দরায়। তথাপি না বুঝে কেহ চৈতশ্রমায়ায়॥ এইমত কতদির প্রেমানন্দ-রসে। গদাধরদান্তের মন্দিরে প্রভু বসে॥ বাহ্য নাহি গদাধরদাসের শরীরে। ি নিরবধি "হরি বোল" বলায় সবারে ॥ সেই গ্রামে কাজী আছে পরম দুর্ববার। কীর্ত্তনের প্রতি দ্বেষ করয়ে অপার॥ পরাননে মত্ত গদাধর মহাশয়। নিশাভাগে গেল সেই কাজীর আলয়॥ যে কাজীর ভয়ে লোক পলায় অন্তরে। নির্ভযে চলিলা নিশাভাগে তার ঘরে॥ নিরবধি হরি-ধ্বনি করিতে করিতে। প্রবিষ্ট হইলা গিয়া কাজীর বাড়ীতে॥ দেখে মাত্র বসিয়া কাজীর সর্ববগণে। বলিবারে কার কিছু না আইসে বদনে॥ গদাধর বলে "আরে। কাজী বেটা কোথা। ঝাট 'কুফ্ড' বল, নহে ছিণ্ডি তোর মাথা॥ ' অগ্নি হেন ক্রোধে কাজী হইলা বাহির। গদাধরদাস দেখি মাত্র হৈলা স্থির॥ কাজী বলে "গদাধর! তুমি কেন এগা ?" গদাধর বলেন "আছয়ে কিছু কথা।। শ্রীচৈতন্য নিত্যানন্দ প্রভু অবতরি। জগতের মুখে বলাইলা 'হরি হরি'॥ সবে তুমি মাত্র নাহি বল হরিনাম। তাহা বলাইতে আইলাম তোমা' স্থান ॥ পরম-মঙ্গল হরি-নাম বল তুমি। তোমার সকল পাপ উদ্ধারিব আমি॥" যত্তপিও কাজী মহা-হিংসক-চরিত। তথাপি না বলে কিছু, হইলা স্তম্ভিত ॥ হাসি কাজী বলে "শুন দাস-গদাধর! কালি বলিবাঙ 'হরি' আজি যাহ ঘর॥"

হরি-নাম মাত্র শুনিলেন তার মুখে। গদাধরদাস পূর্ণ হৈলা প্রেম-স্থাে॥ शनाधरामात्र वर्त "आर्त कृति रकता। এই ত বলিলা 'হরি' আপন বদনে ॥ আর তোর অমঙ্গল নাহি কোন কণ। যখন করিলা হরিনামের গ্রহণ॥" এত বলি পরম-উন্মাদে গদাধর। হাতে তালি দিয়া নৃত্য করে বহুতর ॥ কতক্ষণে আইলেন আপন মন্দিরে। নিত্যানন্দ-অধিষ্ঠান যাঁহার শরীরে॥ এইমত গদাধরদাসের মহিমা। চৈতন্য-পাষদ-মধ্যে যাঁহার গণনা ॥ যে কাজীর বাতাস না লয় সাধুজনে। পাইলেই জাতি মাত্র লয় সেইক্ষণে॥ হেন কাজী তুর্ববার দেখিলে জাতিলয়। হেন জনে কুপাদৃষ্টি কৈলা মহাশয়॥ হেন জন পাসরিল সব হিংসাধর্ম। ইহারে সে বলি—কৃষ্ণ-আবেশের কর্ম্ম ॥ সত্যক্ষভাব হয় যাহার শরীরে। অগ্নি-সর্প-ব্যান্ত্রেও লজ্মিতে না পারে॥ ব্রহ্মাদির অভাষ্ট যে সব কৃষ্ণভাব। গোপীগণে ব্যক্ত যে সকল অনুরাগ। ইঙ্গিতে সে সব ভাব নিত্যানন্দরায়। দিলেন সকল প্রিয়গণেরে রুপায়। ভজ ভাই। হেন নিত্যানন্দের চরণ। যাঁহার প্রসাদে হয় চৈতন্য-শর্ণ ॥ শ্ৰীকৃষ্ণচৈতনা নিত্যানন্দচান্দ জান। বৃন্দাবন্দাস তছু পদ যুগে গান।

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অন্ত্যুখণ্ডে নিত্যানন্দপ্রভুর অলঙ্কার-ধারণ ও গদাধর্মিলন নাম পঞ্চমোহধ্যায়ঃ॥

# \*শ্রীমদ্**উ**দ্ধারণদত্ত ও শ্রীঅদৈতপ্রভু মিলন।

### ন**ষ্ঠ'অধ্যা**য়

কত দিন থাকি নিত্যানন্দ খুড়দহে।
সপ্তপ্রাম আইলেন সর্ব্বগণ-সহে॥
সেই সপ্তপ্রামে আছে সপ্ত-ঋষি-স্থান।
জগতে বিদিত সে 'ত্রিবেণীঘাট' নাম॥
সেই গঙ্গাঘাটে পূর্বেব সপ্ত-ঋষিগণ।
তপ করি পাইলেন গোবিন্দচরণ॥
তিন দেবা সেই-স্থানে একত্রে মিলন।
জাহ্নবা, যমুনা, সরপতার সঙ্গম॥
প্রসিদ্ধ 'ত্রিবেণীঘাট' সকল-ভুবনে।
সর্ব্বপাপ কর হয় যার দরশনে॥
নিত্যানন্দ-মহাপ্রভু পরম-আনন্দে।
সেই ঘাটে স্নান করিলেন সর্ব্ব-রুন্দে॥

\* ১৪০০ শকে গঙ্গা, যমুনা ও সরস্বতার মুক্ত-বেণী স্থান, তিবেণীর তারবর্তী হুগলি জেলার অন্তঃর্গত সপ্তপ্রাম নগরে, (ত্রিশবিঘা ফেসনের সিরকট) বৈশ্য-জাতায় স্তবর্ণবাণিক বর্ণসম্ভূত শ্রীল শ্রীযুক্ত শ্রীশ্রীধর চন্দ্র দন্ত মহাশয়ের ওরসে ও শ্রীমতা ভদ্রাবর্তার গর্ভে মহাত্মা শ্রীমদ্ উদ্ধারণ দন্ত ঠাকুর জন্ম গ্রহণ করেন। ইনি শ্রীশ্রীমিরিত্যানন্দ প্রভুর মহাঅন্তরক্ষ অভিশয় প্রিয়-ভক্ত এবং প্রিয়পার্শ্বদ ছিলেন ইনিই শ্রীশ্রীকৃষ্ণাবতারে শ্রীশ্রীকৃষ্ণের প্রিয়-সথা শ্রীদাম, স্তবল প্রভৃতি দ্বাদশ গোপালের মধ্যে স্থবাহু নামক পঞ্চম গোপাল রূপে অবতার্ণ হয়েন।

"শ্রীদামাচ স্থদামাচ স্থবলশ্চ মহাবলঃ। স্থবার্ল্ ভদ্রসেনশ্চ স্থোককৃষ্ণস্থরামকৌ। লবঙ্গশ্চ মহাবার্ল্থগিন্ধর্বব বারবাল্থকৌ॥" বৃহৎ, গণঃ দীপিকা। উদ্ধারণদত্ত ভাগাবস্তের মন্দিরে। রহিলেন মহাপ্রভু ত্রিবেণীর তীরে॥ কায়-মনো-বাক্যে নিজ্যানন্দের চর্ণ। ভজিলেন অকৈতবে দত্ত-উদ্ধারণ ॥ নিত্যানন্দসরূপের সেরা-অধিকার। পাইলেন উদ্ধারণ, কিবা ভাগ্য আর ॥ জনাজনা নিত্যানন্দস্বরূপ ঈশ্বর। জন্মজন্ম উদ্ধারণ তাঁহার কিঙ্কর ॥ যতেক বণিক্-কুল উদ্ধারণ হৈতে। পবিত্র হইলা, দিধা নাহিক ইহাতে॥ বণিক ভারিতে নিত্যানন্দ-অবতার। বণিকেরে দিলা প্রেম-ভক্তি-অধিকার ॥ সপ্তগ্রামে প্রতি-বণিকের ঘরে ঘরে। আপনে শ্রীনিত্যানন্দ কীর্ত্তন বিহরে॥ বণিকসকল নিত্যানন্দের চরণ। সূর্বভাবে ভজিলেন লইয়া শরণ॥ বণিক সবের কৃষ্ণভজন দেখিতে। মনে চমৎকার পায় সকল জগতে॥ নিত্যানন্দমহাপ্রভুর মহিমা অপার। বণিক্ অধুম মূর্খ যে কৈলা উদ্ধার॥

শ্রীশ্রীকৃষ্ণের প্রিয়-সথা উক্ত দাদশ গোপালের মধ্যে "স্থবান্তর্যো ব্রজে গোপো দত্ত উদ্ধারণাখাক" অর্থাৎ ব্রজলীলায় যিনি "স্থবান্ত?' নামে গোপাল সখা দিলেন। তিনিই শ্রীগোরাঙ্গ অবতারে শ্রীমদ্ উদ্ধারণ দত্ত ঠাকুর নামে আবিভূতি হন। শ্রীমদ্উদ্ধারণদত্ত ঠাকুর মহাশয় গ্ যুবা বয়সেই নিজপুক্ত শ্রীশ্রীনিবাসচন্দ্র দত্ত মহাশয়কে গার্হ স্থ্যে শ্রীশ্রীভ প্রভুর সেবাদি কার্য্যে নিযুক্ত রাখিয়া বৈরাগাবশতঃ, শ্রীশ্রীমন্নিত্যানন্দ প্রভুর একাস্ত শরণাগত হইয়া, সর্ব্বাস্তঃকরণে তদীয় সেবা করিতে করিতে তীর্থ পর্যাটনে বহির্গত হন।

, "মহাভাগৰত শ্রেষ্ঠ দত্ত উদ্ধারণ। সর্ববভাবে সেবে নিত্যানন্দ চরণ॥"

শ্রীচৈতনা চরিতাঃ গ্রন্থ।

সপ্তথামে মহাপ্রভু নিত্যানন্দরায়। গণ-সহ সংকীর্ত্তন করেন লীলায়॥ সপ্তগ্রামে যত হৈল কীর্ত্তনবিহার। শতবৎসর্বেও তাহা নারি বর্ণিবার॥ शुर्वव रयन स्थू रहल नमीयानगरत । সেইমত স্থুখ হৈল সপ্তগ্রাম-পুরে॥ রাত্রিদিনে ক্ষুধা তৃষ্ণা নাহি নিদ্রা ভয়। সর্বব-দিগ হৈল হরিসঙ্কীর্ত্তনময়॥ প্রতি-ঘরে-ঘরে প্রতি-নগরে-নগরে। নিত্যানন্দমহাপ্রভু কীর্ত্তন বিহরে॥ নিত্যানন্দস্বরূপের আবেশ দেখিতে। হেন নাহি যে বিহ্বল না হয় জগতে॥ অত্যের কি দায়, বিষ্ণুদ্রোহী যে যবন। তাহারাও পাদপদ্মে লইল শরণ॥ যবনের নয়নে দেখিতে প্রেমধার। ব্রাহ্মণের আপনারে জন্ময়ে ধিকার॥ জায় জায় অবধৃতচন্দ্র মহাশায়। যাঁহার কুপায় হেন সব রঙ্গ হয়। এইমতে সপ্তগ্রামে আম্বুয়া-মুলুকে। বিহরেন নিত্যানন্দসরূপ কৌতুকে॥

এমন কি তিনি নিত্যানন্দ-প্রভুৱ এত প্রিয়-ভক্ত হইয়াছিলেন যে:

"একদিন বিপ্র সব একত্র হইয়া।
হাস পরিহাস রূপে প্রভুৱে স্থধায়া॥
শ্রীপাদের নিতি নিতি ভিক্ষা আয়োজন।
স্থপাক করয়ে কিন্ধা আছয়ে ব্রাহ্মণ॥
প্রভু বলে কখন বা আমি পাক করি।
না পারিলে 'উদ্ধারণ' রাখয়ে উতারি॥
এইমত পরিবর্ত্ত রূপে পাক হয়।
শুনিয়া সবার মনে লাগিল বিস্ময়॥
তারা কহে এ বৈফব হয় কোন্ জাতি।
পূর্ববাশ্রমে কোন্ নামে কোথায় বসতি॥

প্রভু কহে 'ত্রিবেণীতে' বসতি উহার।

তবে কত দিনে আইলেন শান্তিপুরে। আচার্য্যগোসাঞি প্রিয়বিগ্রহের ঘুঁরে॥ দেখিয়া অদ্বৈত নিত্যাদন্দের শ্রীমুখ। হেন নাহি জানেন জিন্মলু কোন স্থুখ।। "হরি" বলি লাগিলেন, করিতে ভঙ্কার। প্রদক্ষিণ দণ্ডবত করেন অপার॥ নিত্যানন্দস্তরূপে অদ্বৈত করি কোলে। সিঞ্চিলেন অঙ্গ তান প্রেমানন্দজলে। (मैं। दि एमें। एमिंग विष इटेन-विवन। জন্মিল অতান্ত অনির্বচনীয় রস॥ দোঁহে দোঁহা ধরি গড়ি যায়েন অঙ্গনে। দোঁতে চাতে ধরিবারে দোঁহার চরণে। কোটি সিংহ জিনি দোঁহে করে সিংহনাদ। সম্বরণ নহে ছুই-প্রভুর উন্মাদ ॥ তবে কতক্ষণে তুই-প্রভু হৈলা স্থির। বসিলেন একস্থানে হই মহাধীর॥ করজোড করিয়া অদ্বৈত মহামতি। সন্তোষে করেন, নিত্যানন্দ প্রতি স্তুতি॥ "তুমি নিত্যানন্দ-মূর্ত্তি নিত্যানন্দ-নাম। মুর্ত্তিমন্ত তুমি চৈতন্যের গুণধাম। স্তবর্ণ-বণিক দেখি করিত্ব স্বীকার॥ এত শুনি সব বিপ্র হাসিতে লাগিল। ঈশবের স্বেচ্ছাময় আচার জানিল॥" শ্রীনিত্যাঃ বংশঃ বিস্তারঃ গ্রন্থ।

তিনি কয়েক বৎসর শ্রীশ্রীমন্নিত্যানন্দ-প্রভুর সেবা করিতে করিতে নীলাচল, শ্রীরন্দাবন-ধাম প্রভৃতি নানা তার্থস্থান পর্য্যান করিয়া অবশেষে কাটোয়ার উত্তর "উদ্ধারণ পুরে" শ্রীশ্রীতমহাপ্রভুর প্রতিমৃত্তি স্থাপন পূর্ববক সেবা করেন। এইরূপ কিছু কাল যাপন করিয়া অগ্রহায়ণ মাসের কৃষ্ণা-এয়োদশী-তিথিতে তিরোভূত হইয়াছিলেন।

উক্ত দিবস বৈষ্ণবগণের এক মহাপর্বাহ। কিন্তু হায়! কএকজন প্রাচীন ভাগবভ মহাশয় ব্যতীত কাহারও মনে এ বিষয়ের পবিত্র স্মৃতি জাগরুক নাই। এমনই কাল মাহাত্ম!!!

সর্ব্ব-জীব-পরিত্রাণ তুমি মহাহেতু। মহাপ্রলয়েতে তুমি সত্য ধর্ম্মসেতু॥ তুমি সে বুঝাও চৈতন্যের প্রেমভক্তি। তুমি সে চৈভন্য বক্ষে ধর পূর্ণ শক্তি॥ ব্রহ্মা-শিব-নারদাদি 'ভক্ত' নাম যার। তুমি সে পরম উপদেক্টা সবাকার॥ বিষ্ণুভক্তি সবেই পায়েন তোমা' হৈতে। তথাপিও অভিমান না স্পর্শে' তোমাতে॥ পতিতপাবন তুমি দোষদৃষ্টিশূন্য। তোমারে সে জানে যার আছে বহু পুণ্য॥ সর্ববহুত্তময় এই বিগ্রাহ তোমার। অবিদ্যাবন্ধন খণ্ডে স্মরণে যাহার ॥ যদি তুমি প্রকাশ না কর' আপনারে। তবে কার্ শক্তি আছে, জানিতে ভোমারে অক্রোধ পরমানন্দ তুমি মহেশ্বর। সহস্রবদন আদিদেব মহীধর॥ त्रक्षकृत्रस्था जुमि श्रीनक्मगठन्त्र । তুমি গোপপুক্ত হলধর মুর্ত্তিমন্ত ॥ মূর্থ নাচ অধম পতিত উদ্ধারিতে। তুমি অবতার্ণ হইয়াছ পৃথিবাতে॥ যে ভক্তি বাঞ্চয়ে যোগেশ্বর মুনিগণে। তোমা হৈতে তাহা পাইবে যে-তে-জনে॥" কহিতে অদ্বৈত নিত্যানন্দের মহিমা। আনন্দ-আবেশে পাসরিলেন আপনা'॥ অদ্বৈত সে জ্ঞাতা নিত্যানন্দের প্রভাব। এ মুর্ম্ম জানয়ে কোন কোন মহাভাগ।। তবে যে কলহ হের অন্যান্য বাজে। (म (कवल श्रवानम, यि भत्न वृत्व ॥ অদৈতের বাক্য বুঝিবার শক্তি কার। জানিহ-স্থার-সনে ভেদ নাহি যার॥ হেনমতে হুই মহাপ্রভু নিজর**ঙ্গে**। বিহরেন কৃষ্ণকথা-মঙ্গল-প্র**সঙ্গে**॥

অনেক রহস্থ করি অদ্বৈত-সহিত।
অশেষপ্রকারে তান জন্মাইয়া প্রতি।
তবে অদ্বৈতের স্থানে লই অনুমতি।
নিত্যানন্দ আইলেন নবদ্বীপ-প্রতি।
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যান্ন্দচান্দ জান।
বৃন্দাবনদাস তচু পদ্যুগে গান॥

্ ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অন্তাখতে শ্রীমদ্উদ্ধারণ দত্ত ও শ্রীঅদ্বৈতপ্রভূমিলন নাম ষষ্ঠোহধায়েঃ॥

## শ্রীশচীমাতামিলন ও চৌরদস্থার উদ্ধার।

### সপ্রথঅধায়।

しゅうかがんかしゅー

তবে নিত্যানন্দমহাপ্রভু কতদিনে। শচী-আই দেখিবারে ইচ্ছা হৈল মনে॥, শুভ্যাত্রা করিলেন নবদ্বীপ-প্রতি। পারিষদগণ সব চলিলা সংহতি ॥ সেইমত সর্বাদ্যে আইলা আই-স্থানে। আসি নমস্করিলেন আইর-চরণে॥ নিত্যানন্দস্বরূপেরে দেখি শচী-আই। কি আনন্দ পাইলেন—তার অন্ত নাই॥ আই বলে "বাপ! তুমি সত্য অন্তর্যামী। তোমারে দেখিতে ইচ্ছা করিলাম আমি॥ মোর চিত্ত জানি তুমি আইলা সম্বর। কে তোমা' চিনিতে পারে সংসারভিতর॥ কতদিন গাক বাপ। এই নবদ্বীপে। যেন তোমা' দেখো মুঞি দশে পক্ষে মাসে মুঞি ছুঃখিণীর ইচ্ছা তোমারে দেখিতে। দৈবে তুমি আসিয়াছ ছঃখিতা তারিতে॥" শুনিয়া আইর বাক্য হাসে' নিত্যানন। যে জানে আইর প্রভাবের আদি অন্ত। নিত্যানন্দ বলে "শুন আই সর্বন্যাতা। তোমারে দেখিতে আমি আসিয়াছি হেথা॥ মোর বড ইচ্ছা তোমা দেখিতে হেথায়। রহিলাম নবদ্বীপে তোমার সাজ্ঞায়॥" হেনমতে নিত্যানন্দ আই সম্ভাষিয়া। নবদ্বাপে ভ্রমেণ আনন্দযুক্ত হৈয়া॥

নবদ্বীপে নিত্যানন্দ প্রতি-ঘরে-ঘরে। সব-পারিষদ-সজে কীর্ত্তন বিহুরে ॥ নবদ্বীপে আসি মহাপ্রভু-নিত্যানন্দ। হইলেন কার্ত্তনে আনন্দ খূর্ত্তিমস্ত 🖟 প্রতি-ঘরে-ঘরে সব-প্নারিষদ-সঙ্গে। নিরব্ধি বিরহেন সঙ্গীর্ত্তনরঙ্গে॥ পরম মোহন সঙ্গীর্ত্তনমল্ল-বেশ। দেখিতে স্থকৃতি পায় আনন্দ বিশেষ॥ শ্রীমস্তকে শোভে বহুবিধ পট্টবাস। তহুপরি বহুবিধ মাল্যের বিলাস।। কণ্ঠে বহুবিধ মণি-মুক্তা-স্বৰ্থার। শ্রেতি মূলে শোভে মুক্তা কাঞ্চন অপার॥ স্থবর্ণের অঙ্গদ বলয় শোভে করে। না জানি কতেক মালা শোভে কলেবরে॥ গোরোচনা চন্দন লেপিত সর্ব্ব-অঙ্গ। নিরবধি বালগোপালের প্রায় রঙ্গ॥ কি অপূর্বব লোহদণ্ড ধরেন লালায়। পূর্ণ দশ-অঙ্গুলি স্থবর্ণমুদ্রিকায়॥ শুক্ল নীল পীত—বহুবিধ পট্টবাস। পরম বিচিত্র পরিধানের বিলাস ॥ বেত্র বংশী পাচনী জঠর তটে শোভে। যার দরশনে ধ্যানে জগ-মন লোভে ॥ রজত-নূপুর-মল্ল শোভে শ্রীচরণে। পরম মধুর ধ্বনি, গজেন্দ্রগমনে॥ যে-मिर्ग চা रहन महा श्रञ्ज निजानन । সেই-দিগে হয় কৃষ্ণরস-মূর্তিমন্ত ॥ হেনমতে নিত্যানন্দ পরম-কৌতুকে। আছেন চৈতন্ত্য-জন্মভূমি-নবদ্বীপে॥ নবদ্বীপ---যে-হেন মথুরা-রাজধানী। কত-মত লোক আছে, অস্ত নাহি জানি॥ হেন সব স্থজন আছেন, যাহা দেখি। সর্বব মহাপাপ হৈতে মুক্ত হয় পাপী॥

তার মধ্যে তুর্জ্জন যে কত শত বৈসে। সর্বব-ধর্ম যুচে তার ছায়ার পরশে॥ তাহারাও নিত্যানন্দপ্রভুর কুপায়। কৃষ্ণ-পথে রঁত হৈল অতি অমায়ায়॥ আপনে চৈতন্য কত করিলা মোচন। নিত্যানন্দ-দারে উদ্ধারিলা ত্রিভুবন ॥ চোর-দস্তা পতিত-অধম-নাম যার। নানামতে নিত্যানন্দ কৈলেন উদ্ধার॥ শুন শুন নিত্যানন্দপ্রভুর আখ্যান। চোর-দস্তা যেমতে করিলা পরিত্রাণ॥ নবদ্বীপে বৈদে এক ব্রাহ্মণকুমার। তাহার সমান চোর-দস্যু নাহি আর॥ যত চোর-দস্ত্য তার মহাসেনাপতি। নামে সে ব্রাহ্মণ, অতি পরম কুমতি॥ পরবধে দয়ামাত্র নাহিক শরীরে। নিরস্তর দম্ভাগণ-সংহতি বিহরে॥ নিত্যানন্দসরূপের দেখি অলঙ্কার। স্তবৰ্ণ প্ৰবাল মণি মুক্তা দিব্য-হার॥ প্রভুর শ্রী অঙ্গে দেখি বহুবিধ ধন। হরিতে' হইল দস্যাবাক্ষণের মন॥ মায়াকরি নিরবধি নিত্যানন্দ-সঙ্গে। ভ্রময়ে তাঁহার ধন হরিবারে র**ঙ্গে**॥ অন্তরে পরম দুষ্ট বিপ্র ভাল নয়। জানিলেন নিত্যানন্দ অন্তর হৃদয়॥ হিরণ্যপণ্ডিভ-নামে এক সুব্রাহ্মণ। সেহ নবদ্বীপে বৈসে—মহা-অকিঞ্চন ॥ সেই ভাগ্যবস্তের মন্দিরে নিত্যানন্দ। থাকিলা বিরলে প্রভু হইয়া অসঙ্গ । সেই তুই ব্রাহ্মণ - পর্মতুইমতি। লইয়া সকল দস্তা করয়ে যুক্তি॥ "আরে ভাই! সবে আর কেনে তুঃখ পাই চণ্ডী-মা'য়ে নিধি মিলাইলা এক ঠাঁই॥

এই অবধৃতের দেহেতে অলকার। সোণা মুক্তা হীরা কসা বই নাহি আর । ক**ত লক্ষ** টাকার পদার্থ নাহি জানি। চণ্ডী-মা'য়ে এক ঠাঁই মিলাইলা আনি ॥ শূন্য-বাড়ী-খানে থাকে হিরণ্যের ঘরে। কাড়িয়া আনিব এক-দণ্ডের ভিতরে॥ ঢাল খাঁড়া লই সবে হও সমবায়। আজি গিয়া হানা দিব কতক নিশায়॥" এইমত যুক্তি করি সব দস্তাগণ। সবে নিশাভাগ জানি করিল গমন॥ খাঁড়া ছুরি ত্রিশূল লইয়া **জনে জনে**। আসিয়া বেড়িলা নিত্যানন্দে সেইস্থানে॥ একস্থানে রহিয়া সকল দস্থ্যগণ। আগে চর পাঠাইয়া দিলা একজন॥ নিত্যানন্দ-মহাপ্রভু করেন ভোজন। চতুদ্দিগে হরিনাম লয় ভক্তগণ॥ কৃষ্ণানন্দে মত্ত নিত্যানন্দ-ভৃত্যগণ। কেহ করে সিংহনাদ কেহ বা গৰ্জ্জন।। ক্রন্দন করয়ে কেহ পরানন্দরসে। কেহ করতালি দিয়া অট্ট অট্ট হাসে'॥ 'হই হই হায় হায়' করে কোনজন। কুঞ্চানন্দে নিদ্রা নাহি, সবাই চেতন॥ চরে আসি কহিলেক দম্ব্যগণস্থানে। "ভাত খায় অবধৃত, জাগে সর্ববজনে ॥''· দস্থ্যগণ বলে "সবে শুউক খাইয়া। আমরাও বসি সবে হানা দিব গিয়া॥" বিসলা সকল দস্ত্য এক-বৃক্ষতলে। পরধন লইবেক—এই কুতূহলে॥ কেহ বলে "মোহার সোণার তাড়বালা।" কেহ বলে ''মুঞি নিমু মুকুতার মালা ॥'' কেহ বলে ''মুএিঃ নিমু কর্ণ-আভরণ।" "স্বৰ্গহার নিমু মুঞি'' বলে কোন জন।।

কেহ বলে "মুঞি নিমু রূপার নূপুর।" সবে এই মনেকলা খায়েন প্রচুর॥ হেনই সময়ে নিত্যাননের ইচ্ছায়। নিদ্রা ভগবঙী আৃদি চাপিলা সবায়॥ সেইখানে ঘুমাইলা সব দস্ত্যগণ। সবেই হইল অতি মহাঅচেতন॥ প্রভুর মায়ায় হেন হইল মোহিত। রাত্রি পোহাইল, তবু নাহিক সন্বিত॥ কাকরবে জাগিলা সে সব দস্তাগণ। রাত্রি নাহি দেখি সবে হৈলা ছুঃখি-মন॥ আথে-ব্যথে চাল গাঁডা ফেলাইয়া বনে। সত্বরে চলিলা সব দস্তা গঙ্গা-স্নানে॥ শেষে সব দস্তাগণ নিজস্থানে গেলা। সবেই সবারে গালি পাডিতে লাগিলা ॥ কেছ বলে "তুই আগে পড়িলি শুইয়া।' কেহ বলে "ভুই বড় আছিলি জাগিয়া॥ কেহ বলে কলহ করহ কেনে আর। লজ্জাধর্মা চণ্ডী আজি রাখিলা সবার॥ দস্যুসেনাপতি সে ব্রাহ্মণ তুরাচার। সে বলায়ে কলহ করহ কেনে আর ॥ যে হইল সে হইল চণ্ডীর কুপায়। এক দিন গেলে কি সকল দিন যায়॥ বুঝিলাম চণ্ডী আসি মোহিলা আপনে। 'বিনি-চণ্ডী-পূজিয়া গেলাম যে কারণে॥ ভাল করি আজি সবে মন্ত মাংস দিয়া। চল সবে এক ঠাই চণ্ডী পূজি গিয়া॥" এতেক করিয়া যুক্তি সব দহ্যগণ। মছ্য মাংস দিয়া সবে করিলা পূজন॥ আর দিন দস্থ্যগণ কাচি নানা অস্ত্র। আইলেক বীর-ছাঁদে পরি নালবস্ত্র॥ মহানিশা—সর্ববলোক আছয়ে শয়নে। হেনই সময়ে বেড়িলেক দস্থ্যগণে॥

বাড়ীর নিকটে থাকি দস্ত্যগণ দেখে। চতুৰ্দ্দিগে অনেক পাইকে বাড়ী রাখে। চতুর্দিকে অস্ত্রধারী পদাতিকগণ। নিরবধি হরিনাম করেন গ্রাহণ॥ পরম প্রকাণ্ড মূর্ত্তি—সবেই উদ্দণ্ড। নানা-অস্ত্রধারী সবে—পরম প্রচণ্ড। সর্বদস্থাগণ দেখে তার একজনে। শতজন মারিতে পারয়ে সেইক্ষণে॥ भवात भनाय भाना, भवविषक हन्त्र । নিরবধি করিতেছে নাম সঙ্কীর্ত্তন ॥ নিত্যানন্দমহাপ্রভু আছেন শয়নে। চতুৰ্দ্দিগে 'কৃষ্ণ' গায় সেই-সব-জনে॥ দস্থ্যগণ দেখি বড় হইলা বিস্মিত। বাড়ী ছাড়ি সবে বসিলেন এক-ভিত॥ সর্বব-দস্থাগণে যুক্তি লাগিলা করিতে : "কোথাকার পদাতিক আইল এথাতে॥" কেহ বলে "অবধৃত কেমতে জানিয়া। কাহার পাইক আনিয়াছে মাগিয়া॥" কেহ বলে "ভাই। অবধৃত বড় জ্ঞানী। মাঝে মাঝে অনেক লোকের মুখে শুনি॥ জ্ঞানবান্ বড় অবধৃত মহাশয়। আপনার রক্ষা কিবা আপনে করয়॥ অন্যথা যে সব দেখি পদাতিকগণ। মন্তুষ্যের মত নাহি দেখি একজন। হেন বুঝি—এই সব শক্তির প্রভাবে। 'গোসাঞি' করিয়া তানে কহে লোক সবে॥ আর কেহ কেহ বলে "শুন শুন ভাই! যে খায় যে পরে সে বা কেমত গোঁসাই ?'' সকল দস্থ্যর সেনাপতি যে ব্রাহ্মণ। সে বলয়ে জানিলাম সকল কারণ। যত বড় বড় লোক চারিদিগ হৈতে। সবেই সাইসে অবধৃতেরে দেখিতে॥

কোন দিগ হৈতে কোন বিশ্বাস নক্ষর। আসিয়াছে, তার পদাতিক বহুতর॥ অতএব পদাভিকসকল ভাবক। এই সে কারণে 'হরি হরি' করে জপ। এবা নহে— তোলা-পদাতিক আনি থাকে। তবে কতদিন এডাইবে এই পাকে॥ অতএব চল সবে আজি ঘরে যাই। চাপে চুপে দিন দশ বসি থাক ভাই।" এত বলি দস্থাগণ গেলা নিজ ঘরে। অবধৃতচন্দ্র-প্রভু স্বচ্ছন্দে বিহরে॥ আর বার যুক্তি করি পাপী দস্থাগণে। আইলেক নিত্যানন্দপ্রভুর ভবনে॥ দৈবে সেই দিনে মহা-ঘোর অন্ধকার। মহা-ঘোর-নিশা---নাহি লোকের সঞ্চার॥ মহাভয়ক্ষর নিশা চোর-দস্তাগণ। দশ পাঁচ অস্ত্র একজনের কাচন॥ প্রবিষ্ট হইল মাত্র বাডীর ভিতরে। সবে হৈলা অন্ধ কেহ দেখিতে না পারে॥ কিছু নাহি দেখে, অন্ধ হৈল দস্ত্যগণ। সবেই হইল হত-প্রাণ-বৃদ্ধি-মন॥ কেহ গিয়া পড়ে গড় খাইর ভিতরে। জোঁকে পোকে ডাঁসে তারে কামড়াই মারে। উচ্ছিষ্ট-গর্ত্তেতে কেহু কেহু গিয়া পড়ে তথায় মরয়ে বিছা পোকের কামডে॥ কেহ কেহ পড়ে গিয়া কাঁটার উপরে। গা'য়ে পা'য়ে কাঁটা ফুটে নড়িতে না পারে॥ খালের ভিতরে গিয়া পড়ে কোন জন। হাত পাও ভাঙ্গি পড়ে, করয়ে ক্রন্দন॥ সেইখানে কারো কারে। গা'য়ে হৈল জুর। সব দস্তাগণ চিন্তা পাইল বিস্তর॥ হেনই সময়ে ইন্দ্র পরম-কৌতৃকী। করিতে লাগিলা মহা-ঝড়-বৃষ্টি তথি॥

একে মরে দস্থা, জোঁক পোকের কামডে। বিশেষে মরয়ে আরো মহাবৃষ্টি ঝড়ে॥ শিলা-বৃষ্টি পড়ে সব অঙ্গের উপরে। প্রাণ নাহি যায়, ভাসে তুঃখের সাগরে॥ হেন সে পড়ায়ে এক মহাঝনঝনা। ত্রাসে মৃচ্ছ । যায় সবে পাসরি আপনা॥ মহারুষ্টো দস্থাগণ তিতে নিরস্তর। মহাশীতে সবার কম্পিত কলেবর॥ অন্ধ হইয়াছে --কিছু না পায় দেখিতে। মরে দস্থাগণ মহা-ঝড়-বৃষ্টি-শীতে॥ নিত্যানন্দদ্রোহে আসিয়াছে এ জানিয়া। ক্রোধে ইন্দ্র বিশেষে মারেন তুঃখ দিয়া॥ কতক্ষণে দস্থ্যসেনাপতি যে ব্ৰাহ্মণ। অকস্মাৎ ভাগ্যে তার হইল স্মরণ॥ মনে ভাবে' বিপ্র "নিত্যানন্দ নর নহে। সতা এহো ঈশ্বর,—মনুষ্যে সতা কহে। একদিন মোহিলেন সবারে নিদ্রায়। তথাপিও না বুঝিনু ঈশ্বরমায়ায়॥ আরদিন মহাদ্তত পদাতিকগণ। দেখাইল, তবু মোর নহিল চেতন॥ যোগ্য মুঞি---পাপীষ্ঠের এ সব হুর্গতি। হরিতে' প্রভুর ধন কেন কৈনু মতি॥ এ মহাসঙ্কটে মোরে কে করিবে পার। নিত্যানন্দ বই মোর গতি নাহি আর॥" এত ভাবি বিপ্র নিত্যানন্দের চরণ। চিন্তিয়া একান্ডভাবে লইল শরণ॥ সে চরণ চিন্তিলে আপদ নাহি আর। সেইক্ষণে কোটি অপরাধীর নিস্তার॥ এইমত চিন্তিতে সকল দস্থাগণ। সবার হইল তুইচক্ষু-বিমোচন॥ নিত্যানন্দস্বরূপের স্মরণ প্রভাবে। বাড-বৃষ্টি আর কার দেহে নাহি লাগে॥

কতক্ষণে পথ দেখি সব দস্যুগণ। মৃতপ্রায় হই সবে করিলা গমন॥ সবে ঘর গিয়া সেইমতে দস্তাগণ। গঙ্গাসান করিলেক গিয়া সেইক্ষণ॥ দস্থ্যসেনাপতি বিপ্র কান্দিতে কান্দিতে। নিত্যানন্দচরণে আইল সেইমতে॥ বসিয়া আছেন নিত্যানন্দ বিশ্বনাথ। পতিতজনের করি শুভদৃষ্টিপাত॥ চতুর্দ্দিগে ভক্তগণ করে হরিধ্বনি। আনন্দে হুস্কার করে অবধৃতমণি॥ সেই মহাদস্ত্য-বিপ্র হেনই সময়। 'ত্ৰাহি' বলি বাহু তুলি দণ্ডবত হ'য়॥ আপাদমস্তক পুলকিত সর্বব-অঙ্গ। নিরবধি অশ্রুধারা বহে, মহাকম্প। হুষ্কার গর্জন নিরুব্ধি বিপ্র করে। বাহ্য নাহি জানে ডুবি আনন্দসাগরে॥ নিত্যানন্দস্বরূপের প্রভাব দেখিয়া। আপনা' আপনি নাচে হর্ষিত হয়।॥ "বাহি বাপ নিত্যানন্দ পতিতপাবন ৷" বাহু তুলি এইমত বলে' ঘনেঘন॥ দেখি হইলেন সবে পরম-বিস্মিত। "এমত দস্যার কেনে এমত চরিত ॥" কেহ বলে "মায়। বা করিয়া আসিয়াছে। কোন পাক করিয়া বা হানা দেয় পাছে॥ কেহ বলে "নিত্যানন্দ পতিতপাবন। কুপায় বা ইহার করিলা ভালমন ॥" বিপ্রের অত্যন্ত প্রেমবিকার দেখিয়া। জিজ্ঞাসিলা নিত্যানন্দ ঈষৎ হাসিয়া॥ প্রভু বলে "কহ বিপ্র! কি তোমার রীত। বড় ত তোমার দেখি অন্তুত-চরিত 🛭 কি শুনিলা কি দেখিলা কৃষ্ণ-**অনু**ভব। কিছু চিন্তা নাহি, অকপটে কহ সব॥"

শুনিয়া প্রভুর বাক্য স্থকৃতি ব্রাহ্মণু। কহিতে না পারে কিছু. করয়ে ক্রে**ন্দন**॥ গড়াগড়ি যায় পড়ি সকল–অঙ্গনে। হাসে' কান্দে নাচে গা্য় আপনা' আপনে॥ স্থুস্থির হইয়া বিপ্র তবে, কতক্ষণে। কহিতে লাগিলা সব প্রভুবিগ্রমানে॥ "এই নবদ্বীপে প্রভু! বসতি আমার। নামে সে ত্রাহ্মণ--ব্যাধ-চণ্ডাল-আচার॥ নিরস্তর হুফ্ট সঙ্গে করি ডাকা চুরি। পরহিংসা বই জন্মে আর নাহি করি॥ আমা দেখি সর্বব নবদ্বীপ কাঁপে ডরে। কিবা পাপ নাহি হয় আমার শরীরে ॥ দেখিয়া তোমার অঙ্গে দিব্য-অলফ্বার। তাহা হরিবারে চিত্ত হইল আমার॥ একদিন সাজি বহু লই দস্তাগণ। হরিতে আইনু মুই শ্রীঅঙ্গের-ধন॥ সেদিন নিদ্রায় প্রভু! মোহিলা সবারে। তোমার মায়ায় নাহি জানিনু তোমারে॥ আর দিন নানা মতে চণ্ডীকা পূজিয়া আইলাম থাঁড়া ছুরি ত্রিশূল লইয়া ॥ অদ্তত-মহিমা দেখিলাম সেইদিনে। সর্বব বাড়ী আছে বেড়ি পদাতিকগণে॥ একৈক পদাতি যেন মত্ত হস্তি প্রায়। আজাতুলন্থিত মালা সবার গলায়॥ নিরবধি হরিধ্বনি স্বার বদনে। তুমি আছ গৃহ মাঝে আনন্দে শয়নে॥ হেন সে পাপীষ্ঠ-চিত্ত আমা সবাকার। তবু নাহি বুঝিলাম মহিমা' তোমার ॥ 'কার পদাতিক আসিয়াছে কোথা হৈতে।' এত ভাবি সেদিন গেলাম সেইমতে॥ তবে কতদিন বাদে কালি আইলাম। আসিয়াই মাত্র ছুই চক্ষু খাইলাম॥

বাড়ীতে প্রবিষ্ট হই সব দস্ত্যগণে। অন্ধ হই সবে পড়িলাম নানাস্থানে ॥ কাঁটা জোঁক পোক ঝড-বৃষ্টি শিলাঘাতে সবে মরি কারো শক্তি নাহিক যাইতে।। মহা যম্যাতনা হুইল যদি ভোগ। তবে শেষে সবার হইল ভক্তি-যোগ॥ তোমার কৃপায় সবে তোমার চরণ। করিন্যু একান্ত ভাবে সবেই স্মরণ ॥ তবে হৈল সবার লোচন-বিমোচন। হেন মহাপ্রভু তুমি পতিতপাবন॥ আমি সব এড়াইনু এ সব-যাতনা। এ তোমার স্তারণের কোন বা মহিমা॥ রক্ষ রক্ষ নিত্যানন্দ শ্রীবালগোপাল। রক্ষা কর' প্রভু! তুমি সর্ব্বজীবপাল! যে জন আছাড়, প্রভু! পৃথিবীতে খায়। পুনশ্চ পৃথিবী তারে হয়েন সহায়॥ এইমত যে তোমাতে অপরাধ করে। শেষে সেহ তোমার স্মরণে তুঃখ ভরে'॥ তুমি সে জীবের ক্ষম' সর্বব্যপরাধ। পতিতজনেরে তুমি করহ প্রসাদ॥ তথাপি যত্তপি আমি ব্রহ্মত্ন গোবধী। মোর বাড়া আর প্রভু! নাহি অপরাধী॥ সর্ব্ব-মহাপাতকীও তোমার শরণ। লইলে, খণ্ডয়ে তার সংসার বন্ধন ॥ জন্মাবধি তুমি সে জীবের রাখ প্রাণ। অন্তেও তুমি সে প্রভু! কর' পরিত্রাণ॥ যাঁহার স্মরণে খণ্ডে' অবিভাবন্ধন। অনায়াসে চলি যায় বৈকুণ্ঠভুবন ॥" কহিতে কহিতে বিপ্রা কান্দে উভরায়। হেন কুপা করে প্রভু অবধৃতরায়॥ শুনিয়া সবার হৈল মহাশ্চর্যা-জ্ঞান। ব্রাহ্মণের প্রতি সবে করেন প্রণাম।

বিপ্র বলে "প্রভু! এবে আমার বিদায়। এ দেহ রাখিতে মোরে আর না জুয়ায়॥ কেন মোর চিত্ত হৈল তোমার হিংসায়। এই মোর প্রায়শ্চিত—মন্ধিব গঙ্গায় ॥" শুনি অতি অকৈতব বিপ্রের বচন। তুষ্ট হইলেন প্রভু, সর্বভক্তগণ ॥ প্রভু বলে "বিপ্র! তুমি ভাগ্যবান বড়। জন্ম জন্ম কৃষ্ণের সেবক তুমি দঢ়॥ নহিলে এমত কুপা করিবেন কেনে। এ প্রকাশ অন্তে কি দেখয়ে ভক্ত বিনে॥ পতিতপাবন হেতু চৈতন্তগোসাঞি। অবতরি আছেন, ইহাতে অশু নাঞি॥ শুন বিপ্র! যতেক পাতক কৈলা তুমি। আর যদি না কর সে সব নিমু আমি ॥ পরহিংসা ডাকা চুরি সব অনাচার। ছাড় গিয়া সব তুমি, না করহ আর॥ ধর্ম্মপথে গিয়া তুমি লও হরিনাম। তবে তুমি অন্তেরে করিব। পরিত্রাণ॥ যত চোর-দস্থ্য সব ডাকিয়া আনিয়া। ধর্ম্মপথে সবারে লওয়াও তুমি গিয়া॥" এত বলি আপন-গলার-মালা আনি। তুষ্ট হই ব্রাক্ষণেরে দিলেন আপনি॥ মহা-জয়-জয়-ধ্বনি হইলা তখন। বিপ্রের হইল সর্ববন্ধবিমোচন। কাকু করে বিপ্র প্রভুচরণে ধরিয়া। ক্র**ন্দন** কর**য়ে বহু ডাকিয়া ডাকিয়া**॥ "ওহে প্রভু! নিত্যানন্দ-পাতকাপাবন! মুই-পাতকারে দেহ চরণে শরণ॥ তোমার হিংসায় যে হইল মোর মতি। মুই-পাপীষ্ঠের কোন্ লোকে হৈব গতি। নিত্যানন্দ-মহাপ্রভু-করুণাসাগর। পাদপদ্ম দিলা তার মস্তক-উপর॥

চর্ণারবৃন্দ পাই মস্তকে প্রসাদ। ব্রা**ন্ম**ণের খণ্ডিল সকল অপরাধ ॥ সেই বিপ্র-দ্বার্থে যত চোর-দ্বস্তাগণ। ধর্ম্মপথে আসি লৈলা চৈতন্তশরণ।। ডাকা চুরি পরহিংসা ছাড়ি অনাচার। সবার হইল অতি সাধু-ব্যবহার। সবেই লয়েন হরিনাম লক্ষ লক্ষ। সবে হইলেন বিষ্ণু-ভক্তিযোগেদক ॥ কৃষ্ণ-প্রেমে মত্ত কৃষ্ণগান নিরস্তর। নিত্যানন্দপ্রভু হেন করুণাসাগর॥ অন্য অবতারে কেহ ঝাট নাহি পায়। নিরবধি নিত্যানন্দ 'চৈতন্য' লওয়ায়॥ যে ব্রাহ্মণ নিত্যানন্দস্বরূপ না মানে। তাহারে লওয়ায় সেই চোর-দফ্যগণে॥ যোগেশ্বর-সবে, বাঞ্চে যে প্রেম-বিকার। যে অঞ্ যে কম্প যে বা পুলক হুন্ধার ॥ চোর-ডাকাতের হৈল সেই প্রেমভক্তি। হেন প্রভূ-নিত্যানন্দস্বরূপের শক্তি॥ ভজ ভজ ভাই। হেন প্রভু-নিত্যানন্দ। যাঁহার প্রসাদে পাই প্রভু-গৌরচন্দ্র॥ যে শুনয়ে নিত্যানন্দ-প্রভুর আখ্যান। তাহারে মিলয়ে গৌরচক্র-ভগবান্॥ দস্যুগণ-মোচন, যে চিত্ত দিয়া শুনে। নিত্যানন্দ চৈতন্ত দেখিবে সেইজনে॥ যেইজন শুনে নিত্যানন্দের আখ্যান। তাহারে অবশ্য মিলে গৌরভগবান্॥ যেই গায় নিত্যানন্দসরূপ কৌতুকে। সে বিহরে অভয়-পরমানন্দ-স্থােখ ॥ শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান। রন্দাবনদাস তছু পদযুগে গান ॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অন্ত্যখণ্ডে শ্রীশচীমাতামিলন ও চৌর-দম্মগণ-মোচন নাম সপ্তমোহধ্যায়ঃ॥

## নিতাইচরিতে সন্দেহ এবং মহাপ্রভু কর্ত্তৃক ভঞ্জন।

## অক্টমঅধ্যায়।

- many section

জয় জয় শ্রীকৃষ্ণচৈতত্ত্ব নিত্যানন্দ। জয় জয় প্রভুর যতেক ভক্তবৃন্দ ॥ হেনমতে মহাপ্রভু নিত্যানন্দচক্র। সর্ববদাস-সহ করে কীর্ত্তন-আনন্দ ॥ বুন্দাবনমধ্যে যেন করিলেন লীলা। সেইমত নিত্যানন্দস্তরূপের খেলা॥ অকৈতবরূপে সর্ববজগতেরপতি। লওয়ায়েন শ্রীকৃষ্ণচৈতন্যে রতিমতি॥ সঙ্গে পারিষদগণ--পরম-উদ্দাম। সর্বব নবদ্বীপে ভ্রমে, মহাজ্যোতির্ধাম ॥ অলঙ্কার মালায় পূর্ণিত কলেবর। কর্পূর তাম্বুল শোভে স্থরঙ্গ অধর॥ দেখি নিত্যানন্দমহাপ্রভুর বিলাস। কেহ স্থুখ পায়, কারো না জন্মে বিশ্বাস নবদ্বীপধামে এক আছেন ব্ৰাহ্মণ। চৈতন্মের সঙ্গে তার পূর্বব অধ্যয়ন॥ নিত্যানন্দসরপের দেখিয়া বিলাস। চিত্তে তার কিছু জন্মিয়াছে অবিশ্বাস।। চৈতশ্যচন্দ্রেতে তার বড় দৃঢ়-ভক্তি। নিত্যাননস্বরূপের না জানেন শক্তি॥ দৈবে সে ব্রাহ্মণ গেলেন নীলাচলে। তথাই আছেন কতদিন কুতূহলে ॥ প্রতিদিন যায় বিপ্র চৈতত্তের স্থানে। পরম বিশ্বাস তার প্রভুর চরণে॥

দৈবে একদিন সেই ব্রাক্ষণ নিভূতে। চিত্তে ইচ্ছা করিলেন কিছু জিজ্ঞাসিতে॥ বিপ্র বলে "প্রভু! মোর এক নিবেদন। করিব তোমার স্থানে, যদি দেহ মন॥ মোরে যদি ভুত্ম হেন জ্ঞান থাকে মনে। ইহার কারণ প্রভু ! কহ শ্রীবদনে॥ নবদ্বীপে গিয়া নিত্যানন্দ-অবধৃত। কিছু ত না বুঝি মুঞি করেন কিরূপ॥ সন্মাস-আশ্রম তাঁর বলে সর্ববজন। কর্পুর তাথুল সে ভক্ষণ অনুক্ষণ ॥ ধাতুদ্রব্য পরশিতে নাহি সন্ন্যাসীরে। সোণা রূপা মুক্তা সে তাঁহার কলেবরে॥ কষায় কৌপীন ছাড়ি দিব্য পট্টবাস। ধরেন চন্দন মালা সদাই বিলাস। দণ্ড-ছাডি লোহদণ্ড ধরেন বা কেনে। শুদ্রের আশ্রমে সে গাকেন সর্বক্ষণে। শাস্ত্র-মত মুঞি তার না দেগি আচার। এতেকে মোহার চিত্তে সন্দেহ অপার॥ 'বড় লোক' বলি তাঁরে বলে সর্বজনে। তথাপে আশ্রমাচার না করেন কেনে॥ যদি মোরে 'ভূত্য' হেন জ্ঞান থাকে মনে। কি মর্ম্ম ইহার ? প্রভু! কহ শ্রীবদনে ॥" ত্তুকৃতি ব্রাহ্মণ প্রশ্ন কৈল শুভক্ষণে। অমায়ায় প্রভু তবে কহিলেন তানে॥ শুনিয়া বিপ্রের বাক্য গৌরাঙ্গস্থন্দর। হাসিয়া বিপ্রের প্রতি করিলা উত্তর॥ "শুন বিপ্রা! যদি মহা অধিকারা হয়। তবে তাঁর দোষ গুণ কিছু না জন্মায়॥

তথাহি ( ভাঃ০১২।২০৷৩৬ ) "ন মধ্যেকান্তভক্তানাং গুণদোযোন্তবা গুণাঃ

সাধুনাং সমচিত্তানা বুদ্ধেঃ পরমুপেযুষাম ॥"

"পদ্মপত্রে কভু যেন না লাগয়ে জল। এইমত নিত্যানন্দসরূপ নির্ম্মল॥ পরমার্থে ক্লফচন্দ্র তাঁহার শরীরে। নিশ্চয় জানিহ বিপ্রা! সর্কাদা বিহরে॥ অধিকারা বই করে তাঁহার আচার। তঃখ পায় সেই জন, পাপ জন্মে তার॥ রুদ্র বিনে অত্যে যদি করে বিষপান। সর্ববিথায় মরে সর্ববপুরাণ প্রমাণ॥

তথাতি (ভাঃ ১০।৩৩:৩০;২৯)——
"নৈতৎ সমাচরেজ্জাতু মনসাপি ছনীশ্বঃ।
বিনশ্যত্যাচরন্মোচ্যাদ্যথাহরুদ্রোবিজং বিষম্॥
ধর্মা ব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম্।
তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্বভুজো যথা॥"

এতেকে যে না জানিয়া নিন্দে তাঁর কশ্ম। নিজ দোষে সে-ই দুঃখ পার জনা জনা ॥ গহিত করয়ে যদি মহা-অধিকারী। নিন্দার কি দায়, তারে হাসিলেই মরি॥ ভাগবত হইতে এসব তত্ত্ব জানি। তাহা যদি বৈঞ্ব-গুরুর মুখে শুনি॥ মহাস্তের আচরণে হাসিলে যে হয়। চিত্ত দিয়া শুন ভাগবতে যেই কয়॥ এককালে রাম-কৃষ্ণ গেলেন পডিতে। বিস্তা-পূর্ণ করি চিত্ত করিলা আসিতে॥ 'কি দক্ষিণা দিব १' বলিলেন গুরু প্রতি। ত্তেঁব পত্নীসঞে গুরু করিলা যুকতি॥ মৃতপুক্ত মাগিলেন রাম-কৃষ্ণ-স্থানে। তবে রাম-কৃষ্ণ গেলা যমের সদনে। আজ্ঞায় শিশুর সর্বকর্ম্ম ঘুচাইয়া। যমালর হৈতে পুক্র দিলেন আনিয়া॥ পরম অন্তত শুনি এসব আখ্যান। দেবকাও মাগিলেন মৃত-পুক্ত-দান॥

দৈবে একদিন রাম-কৃষ্ণ সম্বোধিয়া। কহেন দেবকী অতি কাতর হইয়া॥ "শুন শুন রামুকুষ্ণ যোগেশ্বরেশ্বর ! তুমি তুই আদি নিত্য শুদ্ধ কলেবর ॥ সর্ববন্ধগতের পিণ্ডা--তুমি-তুই-জন। আমি জানি তুমি-তুই পরম-কারণ ॥ জগতের উৎপত্তি স্থিতি বা প্রলয়। তোমার অংশের অংশ হৈতে সব হয়॥ তথাপিও পৃথিবীর খণ্ডাইতে ভার। হইয়াছ মোর পুক্ররূপে অবতার। যম-ঘর হৈতে যেন গুরুর নন্দন। আনিয়া দক্ষিণা দিলে তুমি-ছুইজন॥ মোর ছয়পুত্র যে মরিল কংস হৈতে। বড় চিত্ত মোর তাহা সবারে দেখিতে॥ কত কাল গুরু-পুত্র আছিল মরিয়া। তাহা যেন আনি দিলা শক্তি প্রকাশিয়া এইমত আমারও কর পূর্ণকাম। আনি দেহ মোরে, মৃত ছয়পুত্র দান।। শুনি জননার বাক্য কৃষ্ণ সঙ্কর্ষণ। সেইক্ষণে চলি গেলা বলির ভবন॥ নিজ ইফাদেব দেখি বলি-মহারাজ। মগ্ন হইলেন প্রেমানন্দসিন্ধুমাঝ॥ দেহ গেহ পুত্র বিত্ত সকল বান্ধব। সেইক্ষণে পাদপদ্মে আনি দিলা সব॥ লোমহর্ষ অশ্রুপাত পুলক আনন্দে। স্তুতি করে পাদপদ্ম ধরি বলি কার্ন্দে॥ "জয় জয় প্রকট অনন্ত সন্কর্ষণ। জয় জয় কৃষ্ণচন্দ্র গোকুলভূষণ।। জয় সখ্য গোপাচার্য্য হলধর-রাম। জয় জয় কৃষ্ণচন্দ্র ভক্তমনস্কাম॥ যভাপিও শুদ্ধসত্ত দেবঋষিগণ। তা সবার তুল্লভি তোমার দরশন॥

তথাপি সে হেন প্রভু! করুণা তোমার। তমোগুণ অস্তুরেও হও সাক্ষাৎকার॥ অতএব শত্ৰু মিত্ৰ নাহিক তোমাতে। বেদেও কহেন, ইহা দেখিও সাক্ষাতে॥ মারিতে যে আইল লইুয়া বিষস্তন। তাহারেও পাঠাইলে বৈকুণ্ঠ-ভুবন॥ অতএব তোমার হৃদয় বুঝিবারে। বেদে শাস্ত্রে যোগেশ্বর সবেই না পারে॥ যোগেশ্বর সবে যার মায়া নাহি জানে। মুই পাপী অস্থর বা জানিব কেমনে॥ এই কুপা কর, মোরে সর্বলোকনাথ! গৃহ-অন্ধকৃপে মোরে না করিহ পাত॥ তোমার তুই পাদপদ্ম হৃদয়ে ভাবিয়া। শাস্ত হই বৃক্ষমূলে পড়ি থাকি গিয়া॥ তোমার দাসের সনে মোরে কর দাস। আর যেন চিত্তে মোর না থাকরে আশ।।'' রাম-কৃষ্ণ পাদপদ্ম ধরিয়া হৃদয়ে। এইমত স্তুতি করে বলি মহাশয়ে॥ ব্রহ্মলোক শিবলোক যে চরণোদকে। পবিত্র করিতেছেন ভাগারথী রূপে।। হেন পুণ্য-জল বলি গোণ্টীর সহিতে। পান করে শিরে ধরে ভাগ্যোদয় হৈতে॥ গন্ধে, পুষ্প, ধুপ, দীপ, বস্ত্র, অলম্বার। পাদপদ্মে দিয়া বলি করে নমস্কার॥ আজ্ঞা কর প্রভু! মোরে শিখাও আপনে। যদি মোরে ভূত্য হেন জ্ঞান থাকে মনে॥ যে করয়ে প্রভু! আজ্ঞাপালন তোমার। সেই জন হয় বিধি-নিষেধের পার॥ শুনিয়া বলির বাক্য প্রভু তুষ্ট হৈলা। যে নিমিত্ত আগমন কহিতে লাগিলা॥ প্রভু বলে "শুন শুন বলি-মহাশয়। যে নিমিত্তে আইলাম তোমার আলয়

আমার মায়ের ছয়পুত্র পাপী কংসে। মারিলেক, সেই পাপে সেহ মৈল শেষে। নিরবধি সেই পুত্র শোক সঙ্রিয়া। কান্দেন দেবকী-মাতা তুঃখিতা হইয়া॥ তোমার নিকটে আছে সেই ছয়জন। তাহা নিব জননার সম্ভোষকারণ ॥ সে সব ব্রহ্মার পৌত্র সিদ্ধ দেবগণ। তা সবার এত তুঃখ শুন যে-কারণ॥ প্রজাপতি মরাচি—যে এক্সার নন্দন। পূর্বের তার পুক্র ছিল এই ছয়জন॥ দৈবে ব্রহ্মা কামশরে হইয়া মোহিত। লজ্জা ছাড়ি কন্যা প্রতি করিলেন চিত। তাহা দেখি হাসিলেন এই ছয়জন। সেই দোষে অধঃপাত হৈল সেইক্ষণ॥ মহান্তের কর্ম্মেতে করিলা উপহাস। অস্থরযোনিতে পাইলেন গর্ৱাস॥ হিরণ্য-কশিপু জগতের দ্রোহ করে। দেব-দেহ ছাড়ি জন্মিলেন তার ঘরে॥ তথায় ইন্দ্রের বজ্রাঘাতে ছয়জন। নানা তুঃখ যাতনায় পাইল মরণ॥ তবে যোগমায়। ধরি আনি আরবার। দেবকীর গর্ব্তে লৈয়া কৈলেন সঞ্চার॥ ব্রক্ষারে যে হাসিলেন, সেই পাপ হৈতে। সেহ দেহে তুঃখ পাইলেন নানামতে॥ জন্ম হৈতে অশেষ প্রকার যাতনায়। ভাগিনা—তথাপি মারিলেন কংস-রায়॥ দেবকা এ সব গুপ্ত রহস্থ না জানে। আপনার পুত্র বলে তা সবারে গণে॥ সেই ছয় পুত্র জননারে দিব দান। এই কাৰ্য্য লাগি আইলাম তোমা স্থান। দেবকার স্তনপানে সেই ছয়জন। পাপ হৈতে মুক্ত হইবেন সেইক্ষণ॥

প্রভু বলে "শুন শুন বলি-মহাশয়ণ!
বৈষ্ণবের কর্ম্মেতে হাসিলে হেন হয়॥
সিদ্ধ-সব পাইলেন এতেঁক যাতনা।
অসিদ্ধ-জনের ছঃখ কি কহিব সীমা॥
যে ছক্ষতি জন বৈষ্ণবের নিন্দা করে।
জন্ম জন্ম নিরবধি সে-ই ছঃখে মরে॥
শুন বলি! এই শিক্ষা করাই তোমারে।
কভু পাছে নিন্দা হাস্থ কর' বৈষ্ণবেরে॥
মোর পূজা মোর নামগ্রহণ যে করে।
' মোর ভক্ত নিন্দে' যদি, তারে বিদ্ন ধরে॥
মোর ভক্তপ্রতি প্রেমভক্তি করে যে।
নিঃসংশয় বলিলাম মোরে পায় সে॥

তথাহি (বরাহ-পুরাণে)

"সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োহচ্যুতসেবিনাম্ নিঃসংশয়স্ত তম্ভক্তপরিচয্যারতাত্মনাম্॥"

মোর ভক্ত না পূজে আমারে পূজে মাত্র। সে দান্তিক, নহে মোর প্রসাদের পাত্র॥

তথাহি ( শ্রীহরিভক্তি স্থধোদয়ে ১৩।৭৬)— "অর্চ্চারিত্বাতুগোবিন্দং তদীয়ান্নার্চ্চয়ন্তি মে। ন তে বিষ্ণুপ্রসাদস্য ভাজনং দাস্তিকা জনাঃ।

'তুমি বলি ! মোর প্রিয়সেবক সর্ববথা। অতএব তোমারে কহিনু গোপ্য-কথা॥' শুনিয়া প্রভুর শিক্ষা বলি-মহাশয়। অত্যন্ত আনন্দযুক্ত হইলা হৃদয়॥ সেইক্ষণে ছয় শিশু আজ্ঞা শিরে ধরি। সন্মুখে দিলেন আনি পুরস্কার করি॥ তবে রাম-কৃষ্ণ প্রভু লই ছয়জন। জননীরে আনিয়া দিলেন ততক্ষণ॥ মৃত পুত্র দেখিয়া দেবকী সেইক্ষণে। স্নেহে স্তন স্বারে দিলেন হর্ষমনে॥ ঈর্থরের অবশেষ-স্তন করি পান। দেইক্ষণে সবার হইল দিব্য-জ্ঞান ॥ দণ্ডবত হই সবৈ ঈশ্বর-চরণে। পড়িলেন সাক্ষাতে দেখয়ে সর্বজনে॥ তবে প্রভু কৃশাদৃষ্টে সবারে চা'হিয়া। শিখাইতে লাগিলেন সদয় হইয়া ॥ 'চল চল দেবগণ। যাহ নিজ-বাস। মহাস্তেরে আর নাহি কর' উপহাস॥ ঈশ্বরের শক্তি ব্রহ্মা—ঈশ্বর-সমান। মন্দ কর্ম্ম করিলেও মন্দ নহে তান। তাঁহানে হাসিয়া এত পাইলে যাতনা। হেন বুদ্ধি নাহি আর-করিহ কামনা॥ ব্রহ্মান্তানে গিয়া মাগি লহ অপরাধ। তবে সবে চিত্তে পুনঃ পাইবা প্রসাদ॥ ঈশরের আজ্ঞা শুনি সেই ছয়জন। পরম-আদরে আজ্ঞা করিয়া গ্রহণ॥ পিতা-মাতা-রাম-ক্লফ্র-পদে নমস্করি। **চলিলেন সর্ব্বদেবগণে নিজ-পুরী**॥ কহিলাম "এই বিপ্র! ভাগবতকথা। নিত্যানন্দ-প্রতি দ্বিধা ছাড়হ সর্ববথা॥ নিত্যানন্দসরূপ পরম-অধিকারী। অল্লভাগ্যে তাহারে জানিতে নাহি পারি। অলৌকিকচেফী যে বা কিছু দেখ তান। তাহাতেও আদর করিলে পাই ত্রাণ॥ পতিতের ত্রাণ লাগি তাঁর অবতার। তাঁহা হৈতে সর্ববর্জীব পাইব উদ্ধার। তাঁহার আচার—বিধি-নিষেধের পার। তাঁহারে জানিতে শক্তি আছয়ে কাহার॥ না বুঝিয়া নিন্দে' তাঁর চরিত্র অগাধ। পাইয়াও বিফুভক্তি তার হয় বাধ॥ চল বিপ্র! তুমি শীঘ্র নবদ্বীপে যাও। এই কথা কহি তুমি সবারে বুঝাও॥

পাছে তাঁরে কেহ কোনরূপে নিদ্দা করে।
তবে আর রক্ষা তার নাহি যম-ঘরে॥
যে তাঁহারে প্রীতি করে, সে করে আমারে।
সত্য সত্য বিপ্র! এই কহিল তোমারে॥
মদিরা যবনী যদি নিত্যানন্দ ধরে।
তথাপি ব্রক্ষার বন্দ্য কহিল তোমারে॥
"

### তথাহি---

গৃহ্নীয়াদ্যবনীপাণিং বিশেদ্বাশোণ্ডিকালয়ং। ভথাপি ব্ৰহ্মণো বন্দাং, নিত্যানন্দপদাযুক্তং॥

শুনিয়া প্রভুর বাক্য স্বকৃতি ব্রাহ্মণ। পর্ম-আনন্দ্যুক্ত হইল তথন॥ নিত্যানন্দ প্রতি বড় জন্মিল বিশ্বায়। তবে আইলেন নবদ্বীপ—নিজ-বাস॥ সেই ভাগ্যবন্ত বিপ্র আসি নবদ্বীপে। সর্ব্বাদ্যে আইলা নিত্যানন্দের সমীপে॥ অকৈতবে কহিলেন নিজ অপরাধ। প্রভুও শুনিয়া তাঁরে করিলা প্রসাদ। হেন নিত্যানন্দস্বরূপের ব্যবহার। বেদগুহ্য লোকবাহ্য যাঁহার আচার॥ পরমার্থে নিত্যানন্দ-পরম যোগেন্দ্র। যাঁরে কহি---আদি-দেব ধরণী-ধরেন্দ্র ॥ সহস্রবদন নিত্য-শুদ্ধ-কলেবর। হৈতন্মের কুপা বিনা জানিতে চুচ্চর॥ কেহ বলে "নিত্যানন্দ যেন বলরাম।" কেহ বলে "চৈতন্যের বড় প্রেমধাম॥" কেহ বলে "মহাতেজী অংশ অধিকারী।" কেহ বলে "কোনরূপ বুঝিতে না পারি॥" কিবা জীব নিত্যানন্দ, কিবা ভক্ত জ্ঞানী। যার যেই মত ইচ্ছা না বলয়ে কেনি॥ সে আমার প্রভু, আমি জন্ম জন্ম দাস। তাঁহার চরণে মোর এই অভিলাষ॥

আমার প্রভুর প্রভু শ্রীগোরস্থনর।

এ বড় ভরদা আমি ধরিয়ে অন্তর ॥

হেন দিন হৈব•কি চৈতন্য-নিত্যানন্দ।

দেখিব বেপ্টিত চতুর্দিকে ভক্তবৃন্দ ॥

জয় জয় জয় মুহাপ্রভু গৌরচন্দ্র।

দিলাও মিলাও তুমি প্রভু নিত্যানন্দ ॥

তথাপিও এই কৃপা কর' গৌর-হরি।

নিত্যানন্দ-সঙ্গে যেন তোমা' না পাসরি ॥

যথা তথা তুমি-জুই কর অবতার।

তথা তথা দাস্য মোরে হউ অধিকার॥

শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান।

বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিভ্যানন্দচরিভামৃতে অন্ত্যখণ্ডে নিভাই-চরিতে-সন্দেহ এবং মহাপ্রভুকর্ত্ত্ব-ভঞ্জন নাম অন্টমোহধ্যায়ঃ॥

# নীলাচলে, মহাপ্রভু-সন্মিলন

### নবমঅধ্যয়ি

হেনমতে নিত্যানন্দ নবদ্বীপপুরে। বিহরেন প্রেমভক্তি-আনন্দসাগরে॥ নিরবধি ভক্তসঙ্গে করেন কীর্ত্তন। কৃষ্ণ-নৃত্য-গীত হৈল সবার ভজন ॥ গোপশিশুগণ-সঙ্গে প্রতি-ঘরে-ঘরে। যেন ক্রীড়া করিলেন গোকুলনগরে॥ সেইমত গোকুলের আনন্দ প্রকাশি। কীর্ত্তন করেন নিত্যানন্দ স্থবিলাসী॥ ইচ্ছাময় নিত্যানন্দচন্দ্র ভগবান। গৌরচন্দ্র দেখিতে হইল ইচ্ছা তান। আই-স্থানে হইলেন সস্তোষে বিদায়। নীলাচলে চলিলেন চৈতন্য-ইচ্ছায়॥ পরম-বিহ্বল পারিষদগণ-সঙ্গে। আইলেন শ্রীচৈতন্য-নাম-গুণ-রঙ্গে॥ হুস্কার, গর্জ্জন, নৃত্য, আনন্দ, ক্রন্দন। নিরব্ধি করে সব পারিষদগণ॥ এইমত সর্ববপথে প্রেমানন্দরসে। আইলেন নীলাচলে কতেক দিবসে॥ কমলপুরেতে আসি প্রাসাদ দেখিয়া। পড়িলেন নিত্যানন্দ মূচ্ছিত হইয়া॥ নিরবধি নয়নে বহুয়ে প্রেম-ধার। 'শ্রীকৃষ্ণচৈতন্য' বলি করেন হুস্কার॥ আসিয়া বসিলা এক পুষ্পের উছানে। কে বুঝে তাঁহার ইচ্ছা শ্রীচৈতন্য বিনে নিত্যানন্দ-বিজয় জানিয়া গৌরচন্দ্র।
একেশ্বর আইলেন ছাড়ি ভক্তবৃন্দ ॥
ধ্যানানন্দে যেখানে আছেন নিত্যানন্দ।
সেই স্থানে বিজয় হইলা গৌরচন্দ্র ॥
প্রভু আসি দেখে—নিত্যানন্দ ধ্যানপর।
প্রদক্ষিণ করিতে লাগিলা বহুতর ॥
শ্লোক বন্দে নিত্যানন্দমহিমা বর্ণিয়া।
প্রদক্ষিণ করে প্রভু প্রেমপূর্ণ হৈয়া ॥
শ্রীমুখের শ্লোক শুন—নিত্যানন্দ স্তুতি।
যে শ্লোক পড়িলে হয় নিত্যানন্দে রতি॥

### তথাহি--

' "গৃহ্ছীয়াদ্ যবনীপাণিং বিশেদ্বা শৌণ্ডিকালয়ং তথাপি ব্ৰহ্মণো বন্দ্যং নিত্যানন্দপদাস্থুজং॥

> '"মদিরা যবনী যদি ধরে নিভ্যানন্দ। তথাপি ব্রহ্মার বন্দ্য" বলে গৌরচন্দ্র ॥ এই শ্লোক পড়ি প্রভু প্রেমবৃষ্টি করি। নিত্যানন্দ-প্রদক্ষিণ করে গৌরহরি॥ নিত্যানন্দসরূপ জানিয়া সেইক্ষণে। উঠিলেন 'হরি' বলি পরম**সম্ভ**মে ॥ দেখি নিত্যানন্দ গৌরচন্দ্রের-বদন। কি আনন্দ হৈল, তাহা না যায় বৰ্ণন॥ 'হরি' বলি সিংহনাদ লাগিলা করিতে। প্রেমানন্দে আছাড় পাড়েন পৃথিবীতে॥ ছুইজন প্রদক্ষিণ করেন ছুহাঁরে। দুঁহে দণ্ডবত হই পড়েন দুঁহারে॥ ফণে ছুই প্রভু করে প্রেম-আলিঙ্গন। ফণে গলাধরি করে আনন্দ-ক্রেন্দন। পরানন্দে গড়াগড়ি যায় তুইজন। মহামত্ত সিংহ জিনি দুঁহার গর্জ্জন ॥ কি অদ্তুত প্রীতি সে করেন ছুইজনে। পূর্বের যেন শুনিয়।তি শ্রীরামলক্ষ্মণে॥

ছুইজনে শ্লোক পড়ি বর্ণেন দুঁহারে। দুঁহারেই দুঁহে যোড়হস্তে নমস্কারে॥ অশ্রু, কম্প, হাস্ত্র, মূচ্ছ্রা, পুলক বৈবর্ণ। কৃষ্ণভক্তি বিকারের যত শাছে মর্মা। ইহা বই তুই শ্রীবিগ্রহে আর নাঞি। সব করে করায়েন চৈতন্যগোসাঞি॥ কি অদ্তুত প্রেমভক্তি হইল প্রকাশ। নয়ন ভরিয়া দেখে যে একাস্তদাস॥ তবে কতক্ষণে প্রভু যোড়হস্ত করি। নিত্যানন্দপ্রতি স্তুতি করে গৌরহরি॥ "নামরূপে তুমি নিত্যানন্দ মূর্ত্তিমস্ত। 🗐 বৈষ্ণবধাৰ তুমি— ঈশ্বর অনস্ত ॥ যত কিছু তোমার শ্রীঅঙ্গে অলঙ্কার। সত্য সত্য সত্য ভক্তিযোগ-অবভার॥ স্বর্ণ, মুক্তা, রূপা-কসা-রুদ্রাক্ষাদি রূপে। নববিধা ভক্তি ধরিয়াছ নিজস্তুখে॥ নীচজাতি পতিত অধম যত জন। তোমা হৈতে সবার হইল বিমোচন। যে ভক্তি দিয়াছ ভূমি বণিক্-সবারে। তাহা বাঞ্জে স্থর সিদ্ধ মুনি যে।গেখরে॥ 'স্বতন্ত্র' করিয়া বেদে যে কুফেরে কয়। হেন কৃষ্ণ পার তুমি করিতে বিক্রয়॥ তোমার মহিমা জানিবার শক্তি কার। মুর্ত্তিমন্ত তুমি কৃষ্ণরস-অবতার ॥ বাহ্য নাহি জান' তুমি সঙ্কীৰ্ত্তন স্থথে। অহর্নিশ কৃষ্ণগুণ তোমার শ্রীমুখে। কুফচন্দ্র তোমার হৃদয়ে নিরস্তর। তোমার বিগ্রহ কৃষ্ণবিলাসের ঘর॥ অতএব তোমারে যে জনে প্রীতি করে। সত্য সত্য কভু কৃষ্ণ না ছাড়েন তাঁরে॥" তবে কতক্ষণে নিত্যানন্দ মহাশয়। বলিতে লাগিলা অতি করিয়া বিনয়॥

"প্রভু হই তুমি যে আমারে কর স্তুতি। এ তোমার বাৎসলা ভক্তের প্রতি অতি॥ প্রদক্ষিণ কর, কিবা কর নমস্কার। কিবা মার, কিবা রাখ, যে ইচ্ছা ভোমার॥ কোন্ বা বক্তব্য প্রভু! আছে তোমা স্থানে। কিবা নাহি দেখ ভূমি দিব্য-দরশনে॥ মন প্রাণ সবার ঈশর প্রভু ! তুমি। তুমি যে করাও সেইরূপ করি আমি॥ আপনেই মোরে তুমি দণ্ড ধরাইলা। আপনেই ঘুচাইয়া এরূপ করিলা। হাড়, খাড়ু, বেত্র, বংশী, শিঙ্গা, ছান্দ দড়ি। ইহা ধরিলাম আমি মুনিধর্ম ছাড়ি ॥ আচার্য্যাদি তোমার যতেক প্রিয়গণ। সবারেই দিলা তপ-ভক্তি-আচরণ ॥ মুনিধর্ম ছাড়াইয়া যে কৈলে আমারে। ব্যবহারি-জনে দেখি সবে হাসা করে॥ তোমার নর্ত্তক আমি, নাচাও যেরূপে। সেইরূপে নাচি আমি ভোমার কৌতুকে॥ নিগ্রহ কি অনুগ্রহ—তুমি সে প্রমাণ। রক্ষদারে কর তুমি তোমারি সে নাম ॥" প্রভু বলে "তোমার যে দেহে অলঙ্কার। নববিধা ভক্তি বই কিছ নহে আর ॥ শ্রবণ-কার্ত্তন-স্মরণাদি নমস্কার। এই সে ভোমার সর্বকাল অলঙ্কার॥ নাগ-বিভূষণ যেন ধরেন শঙ্করে। তাহা নাহি সর্বজনে বুঝিবারে পারে॥ পরমার্থে মহাদেব-অনস্ত জীবন। নাগ-ছলে অনস্ত ধরেন সর্ববক্ষণ॥ না বুঝিয়া নিন্দে তাঁর চরিত্র অগাধ। যতেক নিন্দয়ে তার হয় কার্য্য-বাধ॥ আমি ত তোমার অঙ্গে ভক্তিরস বিনে। অশ্য নাহি দেখি কভু কায়-বাক্য মনে॥

নন্দগোষ্ঠে বসি তুমি বৃন্দাবনস্থথে। ধরিয়াছ অলঙ্কার আপন কৌতুকে॥ ইহা দেখি যে স্থকৃতি চিত্তে পায় স্থুখ। সে অবশ্য দেখিবেক কুয়ের শ্রীমুখ ॥ বেত্র, বংশী, শিঙ্গা, গুঞাহার, মাল্য, গন্ধ। সর্ববকাল এইরূপ তোমার শ্রীঅঙ্গ ॥ যতেক বালক দেখি তোমার সংহতি। শ্রীদাম-স্থদাম-প্রায় লয় মোর মতি॥ বুন্দাবনক্রাডার যতেক শিশুগণ। সকল তোমার সঙ্গে—লয় মোর মন॥ সেই ভাব সেই কান্তি সেই সর্ববশক্তি। সর্বব দেহ দেখি সেই নন্দগোষ্ঠ-ভক্তি॥ এতেকে যে তোমারে, তোমার সেবকেরে প্রীতি করে, সত্য সত্য সে করে আমারে॥ স্বানুভাবানন্দে তুই--মুকুন্দ অনস্ত। কিরূপে কহেন কথা, কে জানয়ে অন্ত ॥ কতক্ষণে তুই প্রভু বাহ্য প্রকাশিয়া। বসিলেন নিভূতে পুষ্পের বনে গিয়া॥ ঈশরে পরমেশরে হইল কি কথা। বেদে সে ইহার তত্ত্ব জানেন সর্বব্যা। নিত্যানন্দে চৈত্তে যখন দেখা হয়। প্রায় আর কেহ নাহি গাকে সে সময়। কি করেন আনন্দবিগ্রহ ছুইজন। চৈতন্য-ইচ্ছায় কেহ না গাকে তখন॥ নিত্যানন্দস্বরূপ ও প্রভু ইচ্ছা জানি। একান্তে সে আসিয়া দেখেন ন্যাসীমণি॥ আপনারে যেন প্রভু না করেন ব্যক্ত। এইমত লুকায়েন নিজ্যানন্দ তত্ত্ব॥ স্থকোমল ছুর্বিবজ্ঞেয় ঈশ্বর-হৃদয়। বেদে শান্তে ব্রহ্মা শিব সবে এই কয়॥ না বুঝি না জানি মাত্র সবে গায় গাঁথা। লক্ষীর এই সে বাক্য, অন্যের কি কথা। এইমত ভাবরঙ্গে চৈতন্যগোসাঞি।
এক কথা না কহেন একজন-ঠাঞি॥
হেন সে তাঁহার রঙ্গ, সবেই মানেন।
"আমার অধিক প্রীত কারে না বাসেন॥
আমারে সে কহেন সকল গোপ্য-কথা।
মুনিধর্ম্ম করি রুস্ক ভজিব সর্ববথা॥
বেত্র, বংশী, বর্হা, গুঞ্জামালা, চাঁদ-দড়ি।
ইহা বা ধরেন কেনে মুনিধর্ম ছাড়ি॥"
কেহ বলে "ভক্ত-নাম যতেক প্রকার।
বুন্দাবনে গোপ-ক্রীড়া অধিক সবার॥।
গোপ-গোপী-ভক্তি সব তপস্থার ফল।
তাহা বাঞ্চে বন্ধা শিব ঈশ্বর-সকল॥
অতি রূপাপাত্র সে গোকুলভাব পায়।
যে ভক্তি বাঞ্চেন প্রভু খ্রীউদ্ধবরায়॥

তথাহি (ভাঃ ১০।৪৭।৬৩ )---"वटन नन्द्वकञ्जीगाः शानत्त्रवूपकीव्रमः। যাসাং হরিকথোদগাতং পুনাতি ভুবনত্রয়ং এইমত যে বৈঞ্চৰ করেন বিচার। সর্ববত্রেই গৌরচন্দ্র করেন স্বীকার 🕆 অন্যান্থেও রাজা যেন ঈশর ইচ্ছায়। হেন রঙ্গা মহাপ্রভু শ্রীগোরাঙ্গরায়। কুষ্ণের কুপায় সবে আনন্দে বিহ্বল। কখন কখন বাজে আনন্দ-কন্দল।। ইহাতে যে এক ঈশরের পক্ষ হৈয়া। অস্ম ঈশ্বরেরে নিন্দে, সে-ই অভাগিয়া॥ ঈশরের অভিন্ন-সকল ভক্তগণ। দেহের যেমন বাহু অঙ্গুলি চরণ॥ তথাপিও সর্বব-বৈষ্ণবের এই কথা। সবার ঈশর—কৃষ্ণচৈতন্ম সর্ববথা ॥ নিয়ন্তা পালক স্রফ্টা অবিজ্ঞাততত্ত। সবে মেলি এই মাত্র গায়েন মহত্ব॥

আবির্ভাব হইতেছে যে সব শরীরে। তাঁ সবার অনুগ্রহে ভক্তি-ফল ধরে॥ সর্ববজ্ঞতা সর্ববশক্তি দিয়াও আপনে। অপরাধে শাস্তি ও করেন-ভাল-মনে॥ ইতিমধ্যে আছয়ে বিশ্বেষ চুই প্রতি। নিত্যানন্দ, অদৈতেরে না ছাড়েন স্তুতি ॥ কোটি অলোকিক যদি এ দুই করেন। তথাপিও গৌরচন্দ্র কিছু না বলেন। এইমত কতক্ষণ পরানন্দ করি। অবধৃতচন্দ্রসঙ্গে গৌরাঙ্গ শ্রীহরি ॥ তবে নিত্যানন্দস্থানে হইয়া বিদায়। বাসায় আইলা প্রভু শ্রীগোরাঙ্গরায়। নিত্যানন্দস্বরূপো পরম-হর্ঘ-মনে। আনন্দে চলিলা জগন্নাথ-দরশনে ॥ निजानन-रेठज्ञा (य रेटल मत्रभन। ইহার শ্রবণে সর্ব্ব-বন্ধ-বিমোচন ॥ শ্রীকৃষ্ণচৈত্তথ্য নিত্যানন্দচান্দ জান। বন্দাবন্দাস তছু পদযুগে গান ॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অস্ত্যখণ্ডে নীলাচলে, মহাপ্রভু-সন্মিলন নাম নবমোহধ্যায়ঃ॥

## নিত্যানন্দপ্রভুর-জগন্নাথ-দর্শন ও গদাধর গৃহে-ভোজন।



### দশ্যঅধ্যায়।

ーコナンストランド・トラー

জগরাথ দেখি মাত্র নিত্যানন্দরায়। আনন্দে বিহবল হই গডাগডি যায়॥ আছাড পাড়েন প্রভু প্রস্তর-উপরে। শতজনে ধরিলেও ধরিতে না পারে॥ জগন্নাথ বলরাম স্তভদ্রা স্থদর্শন। সবা দেখি নিত্যানন্দ করেন ক্রন্দন ॥ সবার গলার মালা ব্রাক্ষণে আনিয়া। পুনঃ পুনঃ দেন সবে প্রভাব জানিয়া॥ নিত্যানন্দ দেখি যত জগন্নাথদাস। সবার জন্মিল অতি পরম উল্লাস ॥ যে জন না চিনে সে জিজ্ঞাসে কারো ঠাঁই। সবে কহে "এই কুষ্ণচৈতন্মের ভাই॥" নিত্যানন্দসরূপ সবারে করি কোলে। সিঞ্জিলা স্বার অঙ্গ নয়নের জলে॥ তবে জগনাথ হেরি হর্ণ সর্বব-গণে। আনন্দে চলিলা গদাধর-দর**শনে** ॥ নিত্যানন্দ গদাধরে যে প্রীত অন্তরে। ইহা কহিবারে শক্তি ঈশ্বরে সে ধরে॥ গদাধরভবনে মোহন গোপীনাথ। আছেন, যে-হেন নন্দকুমার সাক্ষাত॥ আপনে চৈতন্য তাঁরে করিয়াছেন কোলে। অতিপাষভীও সে বিগ্রহ দেখি ভুলে॥

দেখি শ্রীমুরলীমুখ অঙ্গের ভঙ্গিমা। নিত্যানন্দ-আনন্দ-অশ্রুর নাহি সীমা॥ নিত্যানন্দ-বিজয় জানিয়া গদাধর। ভাগবতপাঠ ছাড়ি আইলা সত্বর ॥ দুঁহে মাত্র দেখিয়া দুঁহার শ্রীবদন। গলা-ধরি লাগিলেন করিতে ক্রন্দন॥ অত্যাত্তেও তুই প্রভু করে নমস্কার। অত্যাত্যেও দোঁহে বলে মহিমা দুঁহার॥ কেহ বলে "আজি হৈল লোচন নিৰ্মাল।" কেহ বলে "আজি হৈল জনম সফল ॥" বাহ্যজ্ঞান নাহি তুইপ্রভুর শরীরে। তুই-প্রভু ভাসে ভক্তি-আনন্দ-সাগরে॥ হেন সে হইল প্রেমভক্তির প্রকাশ। **(मिथ हे क्रिंट्सिक अ** क्रिकार मर्ज्यमाम ॥ কি অন্তুত প্রীতি নিত্যানন্দ-গদাধরে। একের অপ্রিয় তারে সম্ভাষা না করে॥ গদাধরদেবের সঙ্কল্প এইরূপ। নিত্যানন্দ-নিন্দুকের না দেখেন মুখ ॥ নিত্যানন্দ-স্বরূপেরে প্রীতি যার নাই। দেখাও না দেন তারে পণ্ডিতগোঁসাই। তবে তুই-প্রভু স্থির হই একস্থানে। বসিলেন চৈতগ্রমঙ্গল-সঙ্কীর্ত্তনে॥ তবে গদাধরদেব নিত্যানন্দপ্রতি। নিমন্ত্রণ করিলেন "আজি ভিক্ষা ইথি॥" নিত্যানন্দ গদাধর-ভিক্ষার কারণে। এক-মণ চাউল আনিয়াছেন যতনে॥ অতি সূক্ষা-শুক্ল দেবযোগ্য সর্ববমতে। গদাধর লাগি আনিয়াছেন গৌড় হৈতে॥ আর একখানি বস্ত্র—রঙ্গিন স্থন্দর। ডুই-আনি দিলা গদাধরের গোচর॥ "গদাধর! এ তণ্ডুল করিয়া রন্ধন। শ্রীগোপীনাথেরে দিয়া করিবা ভোজন ॥"

তণ্ডল দেখিয়া হাসে' পণ্ডিত গোসাঞি। "নয়নে ত এমন তণ্ডুল দেখি নাঞি॥ এ তণ্ডল গোসাঞি! কি বৈকুঠে থাকিয়া। আনিয়াছেৰ কি গোপীনাথের লাগিয়া ? লক্ষ্মীমাত্র এ চুণ্ডল করেন রন্ধন। কৃষ্ণ যে ইহার ভোক্তা, তবে ভক্তগণ॥" সানন্দে তণ্ডল প্রশংসেন গদাধর। বস্ত্র লই গেলা গোপীনাথের গোচর॥ किवा-तक-वञ्ज (गाशीनारथत <u>न</u>ीञरक। দিলেন, দেখিয়া শোভা ভাসেন আনন্দেন। তবে রন্ধনের কার্য্য করিতে লাগিলা। আপন টোটায় শাক তুলিতে লাগিলা॥ কেহ বোনে নাহি—দৈবে হইয়াছে শাক। তাহা তুলি আনিয়া করিলা এক পাক॥ তেঁতুল বুক্ষের যত পত্র স্থকোমল। তাহা আনিয়া তথি দিলা লবণ জল।। তার এক ব্যঞ্জন করিলা অম্ল-নাম। রন্ধন করিয়া গদাধর ভাগ্যবান ॥ গোপীনাথ-অগ্রে লৈয়া ভোগ লাগাইলা। হেনকালে গৌরচন্দ্র আসিয়া মিলিলা॥ প্রসন্ন শ্রীমুখে 'হরে কৃষ্ণ কৃষ্ণ' বলি। বিজয় হইলা গোরচন্দ্র কুতৃহলী॥ "গদাধর! গদাধর!" ডাকে গৌরচক্র। সম্রমে বন্দেন গদাধর পদদ্বন্দ। হাসিয়া বলেন প্রভু "কেন গদাধর! আমি কেন নহি নিমন্ত্রণের ভিতর গ আমিত তোমরা-চুই হৈতে ভিন্ন নহি। না দিলেও তোমরা, বলেতে আমি খাই॥ নিত্যানন্দ্রবা—গোপানাথের প্রসাদ। তোমার রন্ধন—মোর ইথে আছে ভাগ॥" কুপাবাক্য শুনি নিত্যানন্দ গদাধর। মগ্ন হইলেন স্থথ-সাগর-ভিতর॥

সন্তোষে প্রসাদ আনি দেব-গদাধর। থুইলেন গৌরচন্দ্রপ্রভুর গোচর॥ সর্বব টোটা ব্যাপিলেক অন্নের স্থগন্ধে। ভ**ক্তি** করি প্রভু পুনঃ পুনঃ অন্ন বনে ॥ প্রভু বলে "তিন ভাগ সমান করিয়া। ভুঞ্জিব প্রসাদ অন্ন একত্র বসিয়া॥" নিত্যানন্দসরূপের তণ্ডুলের প্রীতে। বসিলেন মহাপ্রভু ভোজন করিতে॥ তুইপ্রভু ভোজন করেন তুইপাশে। সন্তোষে ঈশ্বর অন্ন-ব্যঞ্জন প্রশংসে॥ প্রাভু বলে "এ অন্নের **গন্ধেও সর্ব**রণা। কৃষ্ণ-ভক্তি হয়, ইণে নাহিক অন্যথা চ গদাধর! কি তোমার মনোহর পাক। আমি ত এমন কভু নাহি খাই শাক॥ গদাধর! কি তোমার বিচিত্র রন্ধন। তেঁতুল পত্রের কর এমত ব্যঞ্জন॥ বুঝিলাম বৈকুপে রন্ধন কর তুমি। ত্তবে আর আপনারে লুকাও বা কেনি॥" এইমত মহানন্দে হাস্য-পরিহাসে। ভোজন করেন তিন প্রভু প্রেমরদে॥ এ-তিন-জনার প্রাতি এ-তিনে সে জানে। গৌরচন্দ্র ঝাট না কহেন কার স্থানে।। কতক্ষণে প্রভু সব করিয়া ভো**জ**ন। চলিলেন, পত্ৰ লুট কৈল ভক্তগণ॥ গদাধর শুভদৃষ্টি করেন যাহারে। সে জানিতে পারে নিত্যানন্দসরূপেরে। নিত্যানন্দসরূপ যাহারে প্রীত মনে। লওয়ায়েন গদাধর, জানে সে-ই জনে।। হেনমতে নিত্যানন্দপ্রভু নীলাচলে। বিহরেন গৌরচন্দ্রসঙ্গে কুতূহলে॥ তিনজন একত্রে থাকেন নিরস্তর। শ্রীকৃষ্ণচৈতন্ম, নিত্যানন্দ, গদাধর॥

জগুন্নাথ একত্রে দেখেন তিনজনে।
আনন্দে বিহবল সবে মাত্র সঙ্কার্ত্তনে॥
এ আনন্দ-ভৌজন যে পড়ে যে বা শুনে।
কৃষ্ণভক্তি কৃষ্ণ পায় সেই সব জনে॥
শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দচান্দ জান।
বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অন্ত্যখণ্ডে নিত্যানন্দপ্রভুরজগন্নাথ-দর্শন ও গদাধর-গৃহে ভোজন নাম দশমোহধ্যায়ঃ॥

## নিত্যানন্দপ্রভুর গোড়ে রাঘব-গৃহে-গমন।

~000<del>~</del>

### একাদশঅধ্যায়

একদিন গৌরচন্দ্র নিত্যানন্দ-সনে। নীলাচলে যেই যুক্তি করিল নির্জ্জনে॥ **"তুমি** যাও গৌড়-দেশে করহ সংসার। তবে এ সব লোকের হইবে নিস্তার। পুনহ আসিব আমি তোমার-মন্দিরে। ভোমার গৃহে হবে আমার অবতারে॥ ভক্তি বিলাইয়া পুনঃ তারিব সংসার। গুপ্ত-অবতার শাস্ত্রে নহেত প্রচার॥ অচিন্তা আমার শক্তি কেহ নাহি জানে। সেই সে জানয়ে তুমি জানাহ যাহানে। পূর্বের যত্ন বিস্তার না করিলা দ্বাপরে। এবে তোমার বংশ-বৃদ্ধি হৈবে সংসারে॥" নিত্যানন্দ কহেন "সকলি কর তুমি। তুমি যন্ত্ৰি হও, যন্ত্ৰ-তুল্য হই আমি ॥ যথন যে করাও ফিরাও যথা তথা। কে আছে, স্বতন্ত্ৰ তাহে চালিবেক মাথা। বিশেষে আমার তুমি হর্ত্তা, কর্ত্তা, ভর্ত্তা। বিকর্ম্ম, স্থকর্ম্ম করাও তোমাতে সত্তা॥ অবধৃত করিয়া সংসার ভ্রমাইলা। মোর নেত্রে-পট দিয়া লুকায়া রহিলা। কিছু দিন বই মোরে দরশন দিয়া। নিকটে রাখিলা মোরে কৃতার্থ করিয়া॥ আপনার প্রেমেতে বহুত নাচাইলা। ভক্তি দিয়া ভক্ত করি বৈষ্ণব করিলা॥

পুনঃ ভূষা পরাইয়া করিলে বিষই। আপন বুঝিতে নারি কখন কি হই॥ পুনঃ মোরে কাঁইতেছ করিতে সংসার। আপনে ত জাতি ধর্ম করিলে সীকার॥ রমণী-লম্পট ছাড়ি কীর্ত্তন-লম্পটে। সব ভোগ ত্যাগ করি ভিক্ষারিব বটে॥ এমন নিগ্রহ কেনে করিছ গোসাঞি। তুমি সে অনন্যগতি মোর আর নাঞি॥ আজ্ঞাকারি দাস, আজ্ঞা লজ্ঞিতে না পারি। যথন যে আজ্ঞা, তাহা বহি শিরে ধরি॥" এতেক কহিয়া নিত্যানন্দ-মৌন হৈলা। প্রভু তাঁর হস্তে ধরি কহিতে লাগিলা। "নিত্যানন্দ হও তুমি আনন্দ-মূর্ত্তিমান। মোর স্থখ সম্পত্তির তুমি সে নিধান । তুমি শক্তি হও আমি হই শক্তিমান্। শক্তি বিনা শক্তিমন্ত বুথা অবস্থান। কোন কালে তোমাতে আমাতে নহে ভিন্ন। কলিকালে অবতার সকার্য্য সাধন। থৈছে মস্থরের দাল ছুই ফাক্ হয়। তৈচে তুমি আমি এক, ভিন্ন দেহ নয়॥ অতএব তোমাতেই মোর স্থণ-শক্তি। কখন বা আবিৰ্ভাব কখন বা স্ফুৰ্ত্তি॥ চলি বলি করি যত তোমার ইচ্ছায়। আমার যেখানে যত তোমার সহায়॥" নিত্যানন্দ কহে "কপট কণা তোমার। কত ভাতি কহ মন পাতিয়ান মোর॥ পূর্বের গোপীগণে ব্রহ্মজ্ঞান শিখাইয়া। উদ্ধবের হাতে দিলে যোগ পাঠাইয়া॥ সব-ছাড়ি ভঞ্জি তোমা না পাইল সঙ্গ। স্বগণ সন্তাপি সর্ববকাল এই রঙ্গ ॥ মাতা, পিতা, পুক্রে, মৈত্রে করিলা উদাস। মোরা ভাথে কি বলিব অকিঞ্চন দাস॥

যা বলিবে, তাহাই করিতে হয় মোরে। অলজ্যন-বচন, কে পারে লজ্যিবারে॥ সত্য বল পুনঃ কবে দরশন পাব। তোমার বিচ্ছেদ-ছঃখ কেশ্বনে সহিব॥" প্রভু কহে "প্রতি বর্ষ এথা না আসিবা। ইচ্ছা মাত্ৰ আমাকে সে দেখিতে পাইবা॥° ভোমার নর্ত্তনে আর মাতার রন্ধনে। নিঃসন্দেহ আমারে পাইবে দুই-স্থানে॥ রাত্রি দিন রাধা ভাবে ভাবিত হইয়া। কুষ্ণের বিরহ সব আস্বাদ করিয়া॥ অল্লদিনে এই লালা করি তিরোভাব। তৰ গৃহে পুনহ হইব আবিৰ্ভাব॥" নিত্যানন্দ সঙ্গে যত গুপ্তকথা হৈল। অন্তরঙ্গ-ভক্তে স্বরূপ প্রকাশ কৈল ॥ "গুপ্ত অবতার মোর বেদে নাহি জানে। আপনার মন-কথা কহি তোমা স্থানে॥ সত্য সত্য কহি যে অশুথা কভু নয়। তোমার গৃহেতে মোর হইবে বিজয়॥" এত শুনি নিত্যানন্দ পড়ে লোটাইয়া। চরণের ধুলা লোটে চৈতন্ত আসিয়া॥ দুই জনে গলাগলি করয়ে রোদন। এইমতে সেই রাত্রি হৈল জাগরণ॥ প্রাতে গিয়া চুই-জনা নিত্য-ক্রিয়া করি। অনিমিষে দেখে জগন্নাথের-মাধুরী॥ সেদিন হৈতে প্রভুর হৈল কোন দশা। নিরস্তর কহে কৃষ্ণ-বিরহের-ভাষা॥ এ অতি নিগৃঢ় কথা কেহ না জানিল। প্রভুর মনোর্ত্তি প্রভু সকলি বুঝিল 🖟 ইঙ্গিতে কহিল অন্তরঙ্গ ভক্ত-স্থানে। এইসব কথা আর কেহ নাহি জানে॥ একে একে ভক্তবৃন্দে তীর্থ যাত্রাচ্ছলে। প্রভু-পদে বিদায় হইয়া সবে-চলে।।

নিজানন্দ আইলেন গৌড়-দেশ দিয়া। কতেক মহান্তগণ সঙ্গেতে লইয়া॥ পথে পথে কৃষ্ণ প্রেমানন্দে যায় চলি। মধু-পানে-মত্ত যেন পড়ে ঢলি-ঢলি॥ পূর্ববৰৎ চলিয়া, আইল গঙ্গা-তীরে। পানিহাটী-গ্রামে আইলা রাঘব-ঘরে॥ শুনি সব লোক আসে আনন্দ-উন্মাদে। বৃদ্ধ বালক সব দরশনের সাধে॥ ত্রিবেণী পর্যান্ত আর পানিহাটী-গ্রাম। কীর্ত্তন দেখিতে লোক চলে অবিরাম॥ • কত লোক খায়, বাবি লয় কত আর। কেবা আনে কেবা দেয় নাহিক নিদ্ধার। দিবসে ভোজন আর রাত্রিতে কীর্ত্তন। অনস্ত কহিতে নারে আসে যত জন ॥ নর্ত্তনের কালে কত কীর্ত্তনিয়া গায়। কত বা ময়ুর-পুচ্ছ চামর দুলায়॥ শিরে-লটপটি-পাগ শ্রবণে-কুণ্ডল। স্তধাংশু জিনিয়া মুগ করে ঝলমল॥ অঙ্গদ বলয়। ভুজে অঙ্গুলে অঙ্গুরি। গলে দোলে নীলমণি কণ্ঠেতে শিকলি ॥ চরণকমলে বাজে সোণার-নূপুর। শ্রবণ মাত্রেকে পাপ তাপ যায় দূর॥ কমল-নয়নে ধারা পড়ে মুখ বেয়ে। পদ্মমধু, ভ্রমরা ফেলিছে উগারিয়ে॥ সিংহগ্রীব গজস্বন্ধ প্রকাণ্ড-শর্রার। আজানুলন্বিতভুজ মহা-মল্লবীর॥ অরুণ-বরুণ-অঙ্গ প্রেমে ডগমগি। কীর্ত্তন-লম্পট সদা গোর-অমুরাগী॥ কুষ্ণ কৃষ্ণ বলি সে ডাহিনে বামে হেলে। অঙ্গুশের-ঘাতে যেন মত্ত-হস্তী দোলে॥ ঘূর্ণিত-লোচন করি ক্ষণে ক্ষণে হাসে। হয় হয় করি কথা মধুর করি ভাষে॥

কখন বা মোনে রহে নয়ন মুদিয়া।
কৃষ্ণরে ! বাপরে ! বলি ডাকয়ে কান্দিয়া।
কখন বা যোড়-হন্তে প্রভু বলি ডাকে।
কখন বসনে মুখ লুকাইয়ে রাখে।
মৃত্র মৃত্র সরে প্রাণনাথ বলি কান্দে।
অঙ্গ আচ্ছাদিয়া পড়ে স্থির নাহি বান্ধে।
ভায়ারে ! ভায়ারে ! বলি কখন বা হাসে।
বিধি স্থানে পাখা চাহে উড়িতে আকাশে।
এইমত নিত্যানন্দ ভাবের উদগম।
কি ভাবে কেমন করে বুকিতে হুর্গম।
ব্রীকৃষ্ণচৈতন্ম নিভ্যানন্দচান্দ জান।
বুন্দাবনদাস তছু পদযুগে গান॥

হতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামৃতে অন্ত্যুখণ্ডে নিত্যানন্দপ্রভুরগোড়ে-রাঘবগুহে গমন নাম একাদশোহধ্যায়ঃ॥

# নিঁত্যানন্দপ্রভুর-বিবাহ।

### দ্বাদশঅধ্যায়

ころかのできまってい

একদিন নিত্যানন্দ প্রভাতে উঠিয়া। অন্দিকা-নগরে যায় এক ভুত্য লৈয়া॥। জাতিতে-বণিক. নাম উদ্ধারণ-দত্ত। প্রভু পারিষদ হন পরম-মহর ॥ সূর্য্যদাস-পণ্ডিতের দ্বারেতে রহিয়া। অন্তঃপুরে দত্তেরে দিলেন পাঠাইয়া॥ তিহোঁ গিয়া কহিলেন প্রভু সমাচার। শুনে পণ্ডিত আদি হৈলা সাক্ষাৎকার॥ দ ওবৎ হৈয়া পড়ে চরণ-যুগলে। "কি ভাগ্য প্রসন্ন' বলি যোড়হন্তে বলে প্রভু কহে "তোমা কাছে আইলাম আমি বিবাহ' করিব মোরে কন্সা দেহ তুমি ॥" জানিয়া প্রভুর তত্ত্ব মায়াতে ভুলিলা। আমি ছার প্রায় বিপ্র কহিতে লাগিলা॥ 'পণ্ডিত কহেন "প্রভু ইহা কৈছে হয়। বর্ণযুক্ত গ্রহাচারি আছে জাতি ভয়॥ যদ্যপি আপনি হও পূর্ণ-নারায়ণ। তথাপিও বৰ্ণত্যাগি, আমি যে ব্ৰাহ্মণ॥" এতশুনি নিত্যানন্দ চলেন ফিরিয়া। লোক সব নির্ক্ষয়ে আশ্চর্য্য হইয়া॥ পশ্ভিত বিমনা হৈয়া গেলা অভ্যন্তরে। স্থপন সার্থক হৈল মনে মনে করে॥ হে কৃষ্ণ। "এমন কি করিবেন বিধাতা। নিত্যানন্দ হইবেন আমার জামাতা ?"

এত চিন্তি চলিলেন বাডীর ভিত্রো। স্বগণ-আনাই সব করিল গোচরে॥ "গত-নিশি শেষে এই দৈখিল স্বপন। তালধ্বজ রণে চডি এক মহাজন॥ শুভ্র-গোর-কান্তি অতি প্রকাণ্ড-শরীর। আরক্ত-লোচন যেন মহামল্ল-বীর॥ আমার ছুয়ারে-রথ রাখিল আসিয়া। এই বাড়া পণ্ডিতের ক**হেন হাসি**য়া ॥ স্কন্ধাবলন্ধিয়া হল, মুধল ধরিয়া। আমারে ডাকিয়া নিল হাত সান দিয়া॥ পুষ্পে-মণ্ডিত-চূড়া কুণ্ডল ছুই-কাণে। নাল-ধটা পরিধান নূপুর-চরণে ॥ আর কহে তোর কন্ম। বিবাহিব আমি। অদ্যাবধি আমারেও না চিনিলে তুমি॥ এতেক কহিয়ে মোরে হৈলা অন্তর্জান। নিদ্রা ভঙ্গ হৈল দেখি হয়েছে বিহান ॥ বস্থধা শুনিল সপ্ন গৃহ মাঝে থাকি। স্বাভাবিক-প্রেম উথলিল ঝরে আঁথি॥ বসনে আপন মুখ ঝাঁপিয়া রহিল। নয়নের নাঁরেতে বসন ভিজি গেল। ওহে বন্ধু ! কহি এই অপরপ কথা।" কেহ বলে স্বপ্নেতে দেখায় বহুবস্থা।। নিত্যানন্দ-ব্রহ্ম কিন্তু আচরিত এই। আমরা গৃহস্থ, কন্সা দিতে পারি কই॥ সূর্য্যদাস-পণ্ডিত অতি হৃদয় সতৃষ্ণ। অস্তর চুঃখিত হঞা কহে রক্ষ কৃষ্ণ। হেনকালে গৃহ-মধ্যে ক্রন্দন উঠিল। আচন্মিতে বস্থধার কি হৈল ! কি হৈল ! বেগে সবে প্রবেশিলা গৃহের ভিতরে। ধরি শুরাইল আনি মণ্ডপ-ছুয়ারে। অসন্থিত অঙ্গ-কম্প নয়ন-উত্তান। সর্বাঙ্গ-শীতল মুখে অবিরত ঘাম॥

চিক্রিৎসক-গণ দেখি মৃত্যু নির্দ্ধার। কদাচিত প্রাণ রহে ব্যাধি অপস্মার॥ অকস্মাৎ সন্নিণাত করায় ইহাতে। কহিয়া চিকিৎসা করিল শাস্ত্র-মতে॥ তথাপি নাহিক কিছু ভালর বিষয়। উষধাদি বান্ধিয়া চিকিৎসক কয়॥ এবে কর ইহার পরমার্থের চেফা। গঙ্গাতীরে লও, তব কন্সা কুল-জ্যেষ্ঠা॥ এতশুনি সুর্য্যদাস কান্দিতে লাগিলা। তারে আশ্বাসিয়া গৌরীদাস যে বলিলা॥ "বুঝি সবে ঠেকিলাম অবধৃত স্থানে। ফিরায়া আনহ তাঁরে ধরিয়া চরণে॥ যতক্ষণ জীয়ে ততক্ষণ ব্যবহার। মরিলে সম্বন্ধ থাকে কার সনে কার॥ বাঁচাইতে পারে যদি কন্সা দিব তাঁরে। এই প্রতিশ্রুত বাক্য কহিন্তু সবারে॥" সবে কহে "এই কথা সবাকার দৃঢ়। সবে মেলি চল নিত্যানন্দপদে পড়॥'' প্রভু বসি গঙ্গাতীরে বটবৃক্ষ তলে। কৃষ্ণ কৃষ্ণ বলে নেত্রে ধারা বহি চলে।। স্বগণ সহিতে গৌরীদাস পায়ে পড়ে। প্রভু ধরি উঠাইল মারিয়া চাপড়ে॥ "ভুলিয়া রহিলি সব মূর্থ গোয়ালিয়া।" কণ্ঠেতে ধরিল প্রভু এতেক বলিয়া॥ পগুত-গোসাঞি কান্দে চরণে ধরিয়া। "আপনে লুটিলা সব মোরে ভুলাইয়া॥ বর্ণাশ্রম ধর্ম্মবর্গ না ছাডালে মোর। সকল করিতে পার ঠাকুরালি তোর॥ শাত্র শ্রীচরণ তব করাহ বিজয়। দেখিয়া করহ যাহা উপযুক্ত হয় ॥" এত কহি প্রভু নিল বাড়ীর ভিতরে। বস্থ শুইয়া আছে যে ঘরের তুয়ারে॥

ৰসনে আছুন্ন তন্ত্ৰ কিৱণ উপৱে মেংঘতে বিছ্যাৎ যেন ঝল-মল করে॥ উত্তান নয়নামূজধারা মকরন্দ। চাঁচর চিকুর ভালে শোঙে মধ্যচন্দ্র॥ দশন কিরণ উঠে অম্বলি উপরে। বিস্বের অস্তরে যেন কিরণ-সঞ্চরে॥ নবম-দশার শেষ তনুতে প্রকাশ। এসময়ে শ্রীক্সক্ষের লাগিল বাতাস॥ অঙ্গন্ধ গিয়া নাসাতে প্রবেশ কৈল। মৃতসঞ্জাবনী স্পর্শে চেতন পাইল। তমুর বসন সে বদনে ঢাকি নিল। একি! একি! বলি গৃহে প্রবেশ করিল। লীলাশক্তি নিত্যানন্দ আবেশ করিল। প্রাঙ্গনে প্রাচীন মূর্ত্তি ষড্ভুজ হৈল। উৰ্দ্ধে ধন্তৰ্ববাণ মধ্যে শ্ৰীহল মুষল। নমু ছুই-হস্তে ধরে দণ্ড-কুমণ্ডল ॥ মস্তকে কিরাট শোভে শ্রবণে কুণ্ডল। সর্বব অঙ্গে মণি-ভুষা করে ঝল-মল॥ (प्रथिया नकन लाक পড़िन नुिया। পশ্ভিত করয়ে স্তুতি কর-মোড় হৈয়া॥ ব্রাহ্মণ সকলে দেখি হৈল চমৎকার। দেখিতে দেখিতে অবধৃতের আকার॥ হাসিয়া বসিল বিষ্ণুমণ্ডপ উপরি। ব্রাহ্মণ বৈষ্ণব সবে জীয়ে জীয়ে করে॥ সেবা করি দূর করাইলা পরিশ্রান্ত। এখন না হয় বিপ্ৰ হেন মতি-ভ্ৰাস্ত। পণ্ডিত কুলীন আর কুলাচার্য্য যত। সবার হ**ইল পরাম**র্শ একমত ॥ বেদ সংস্কারে পুনঃ যে দিব উপবীত। পূর্ব্বাশ্রমের গোত্র গাঁই যে আছে নীত॥ প্রভু-পাশে এই কথা করিল প্রচার। অট্ট অট্ট হাসি প্রভু করিল স্বীকার॥

যা করি তাহাই কর মোর দায় নাই। এক**লে স্বতন্ত্র মাত্র চৈতন্য-গোসা**ঞি ॥ সকলে আনন্দ হৈল করিয়া প্রবণ। পণ্ডিত-গোণাঞি দ্রব্য করে আয়োজন॥ রাজপুত্র-বিবাহের সম আয়োজন। ভিক্ষাতি শিক্ষাতি জড করিল বাক্ষণ।। আস-পাশে সব-জনে নিমন্ত্রণ কৈল। অনেক গুৱাক পান উপস্থিত হৈল॥ শুভদিন কৈল, বিপ্র আচার্য্য আনিয়া। উত্তম করিয়া দিন করিল গণিয়া॥ সে দিন হৈতে নিতা নিতা মহোৎসব। আসিয়া মিলয়ে গত আজাবন্ধ-সব॥ বাছ্যকার বাজায় বিবিধ বাছ্যগণ। নিত্য নিতা শত শত ভুঞ্জয়ে বাকাণ। ক্রীগণেতে বিলায় সিন্দুর-গুয়া-পান। তৈল-সন্দেশ কত যে বিবিধ বিধান ॥ তার পর্যদিন প্রাতে ব্রাহ্মণ সকলে। সন্ধ্যা-আহ্নিক করি আইলা এক-কালে। বজ্ঞকাষ্ঠ পুষ্পা আনি কৃশ-কুশাসন উদুখল-মুষল-শ্ৰক্যদি যত হন ॥ দও কুমণ্ডল ছত্র পাতুকাদি ঘুত। মেখলা কৌপীন কুফাজিনে-উপবাত॥ বেদমত যজ্ঞাদিক করিয়া সকলে। পুরোহিত নিত্যানন্দে অত্রাগচ্ছ বলে। বসিলেন নিত্যানন্দ বাকাণ-মণ্ডলে। শ্রুতিমতে অগ্নি মধ্যে স্বতাহুতিজ্বলে। যত বেদ বিধি মত শাস্ত্রেতে লিখিল। তাহা করি দণ্ড-কুমণ্ডল হস্তে দিল। অরুণ-কৌপীন বহির্ববাস কান্ধে ঝুলি। ভবতি ভিক্ষাং দেহি মাতা এ বোল বলি সংভ্রম করিয়ে সূর্য্যদাসের গৃহিণী। স্থবৰ্ণ রজত-মুদ্র। ভিক্ষা দিল আনি ॥

পুরোহিত কহে পাত্রী দানের নির্মিতে। নিত্যানন্দ কহেন "ও সব আছে চিত্তে॥" এতকহি শুনাল পুরে।হিতের কানে। তেহো কহে এই বটে না হইবে কেনে॥ -দও-কুমওল ধরি প্রভু, অট্টহাসে। বার বার তিন বার এইত প্রকাশে॥ চরণে পাতুকা, ক্ষন্ধে ছত্র, চলি যায়। সকলে দেখায়ে যেন নবৰট প্ৰায়॥ সেই মূর্ত্তি স্ত্রীগণ দেখিয়া কহে হাসি। রামজেঠ হইবে মরমে হেন বাসি॥ প্রধান গৃহেতে প্রভু প্রবেশ করিলা। তিনদিন সেইমত নির্জ্জনে রহিল।॥ অতি প্রাতেঃ সূর্যারথ দর্শন করিয়া। বাহির হইল বিপ্রা, বদন দেখিয়া॥ বিষ্ণকে প্রণাম করি পিড়ার উপর। বসিলেন নিত্যানন্দচন্দ্র মনোহর॥ গলাগলি করিয়া নগর-নারী যত। পণ্ডিতের গুহেতে আইসে কতশত॥ বদনে তান্দ্রল পুরি নয়নে ক**জল**। অঙ্গ দোলাইয়া এবে আইলা সকল ৷ অধিবাস করিতে আইল পুরোহিত। নারীগণ হুলাহুলি দেয় চতুর্ভিত ॥ সূত্র বান্ধিলেন গিয়া গুজনার হাতে। বস্তুদেবা গুছে প্রবেশিলা নম্রমাথে॥ বাহিরে বাজায় কত মঙ্গল বাজনা। পরম-আনন্দে আসে যায় কত জনা।। জল সহিবারে চলে নাগরীরগণ। "বস্তু-ভাগ্যবতী,' বলি বলে কত জন। "কেবা পাইয়াছে হেন পুরুষ-স্থ**ন্দর**। পূর্বেবতে রেবতী যেন পাইলেন বর॥" কেহ বলে "পার্ববর্তা শঙ্করে যেন মেলা।" কেহ বলে "নারায়ণ সনেতে কমলা॥"

কেই বলে "কাম-দেব রতিতে মিলন।" কেহ কহে "সীতারাম এই দরশন॥" যার যত মনের কথা বলিয়া বলিয়া। হাসিয়া হাসিয়া পড়ে ঢলিয়া ঢলিয়া। একে নবতরুণী নাগরী বিভাঘর। আনন্দে ধরিতে নারে অঙ্গ পরস্পর॥ এইমত আনন্দে সমস্ত দিন গেল। প্রদোষ-সময় আসি উপসন্ন হৈল ॥ বর-কন্মা সাজাইতে কহিলা পণ্ডিত। শুনিয়া সবার মনে হৈল বড প্রীত॥ নিত্যানন্দ বসি বিষ্ণুমগুপ-উপরে। গৌরীদাস আসিয়া বরের বেশ করে॥ সহজেই নিত্যানন্দ অনঙ্গ-মোহন। তাহাতে তিলক দিল কপালে চন্দন॥ সহক্ষেই প্রেমেমত্ত ঘূর্ণিত-লোচন। তাহাতে দীঘল করি দিলেন অঞ্চন ॥ উন্নত নাসিকা তাহে চন্দন-তিলকে। সে মুখের শোভা বিধুমণ্ডল-ঝলকে॥ পরিসর হৃদয়ে মণ্ডিত ঘনসার। মিলিতে চন্দন যেন সাক্ষাৎ শঙ্গার॥ শুক্লবন্ত্র পরিধান শুভ-উপবীত। বিচিত্র-বিক্রম যেন অনস্ত বেষ্টিত॥ মস্তকে মুকুট আর শ্রবণে-কুণ্ডল। সর্ববাঙ্গে স্ত্রর্ণ-ভূষা করে ঝলমল।। শিল্পি-পণ্ডিতা সে নারী বসিয়া নির্জ্জনে বস্থার অঙ্গবেশ করে একমনে॥ করে চিরুণী ধরি কেশসংস্কার করি। বন্ধন করিলা কত ছান্ধেতে কবরী॥

রঙ্গন পাটের থোপা, ছই দিঞ্চে কর্ণ-ঝাঁপা, পিঠে পড়ে হৈয়া সারি সারি। ললাটের ক্ষ্দ্রালকে, ৩ এক এক করি তা'কে, বেণী বনাইল মনোকারী ॥ বস্ত্রের অঞ্চল দিয়া, , মুচি মুখ নির্থিয়া, কুঙ্গুম মাজিল পুনঃ তায়। অলক। তিলক করে, নয়নে অঞ্জন পরে, সাজাইয়া দীর্ঘরেখায়॥ কপাল চিত্রিত করি, বিন্দু দিলা সারি সারি, চিবুকেতে চন্দন রচিল। নাসায় তিলক দিয়া, বহে তাহা নিরখিয়া, তার পরে ভূষা পরাইল ॥ ামুক্তা, স্তবর্ণের গুলযুক্তা, দোলে কিবা অধর শিখরে। নাসাগ্রেতে স্লমুক্তা, তিল পুষ্প অগ্রে যেন, পড়ে মকরন্দ-কণ. স্থল রূপে বিন্দের উপরে॥ কণ্ঠ-বক্ষ-পরিচয়. স্তবর্ণের কণ্ঠি হয়, আর দিলা স্বর্ণ-পদক। সে অতি বিচিত্র সাজে, ধরিল বক্ষের মাঝে, শোভে যেন অনঙ্গ-ফলক॥ কর্ণে দিলা চাঁপা সোণা. সে যেন বিজুরি-কোণা. নত্র রহে অংশের উপরে। রহিলা একত্র স্থিতি, সভাব-চঞ্চল-মতি, অংশ পরশিতে সাধ করে। স্থবর্ণ-বলয়া ভুজে, করে নব-সঙ্গ-সাজে, তার কোনে কনক-কঙ্কণ। পরাইল বহু সাধে. সোণার-নৃপুর পদে, যাবক রঞ্জিত শ্রীচরণ॥ শুক্ল বস্ত্র পরাইয়া, অধরে তাস্থূল দিয়া, গলে দিলা গন্ধ পুষ্প মাল। চন্দন-চর্চিত করি, তাহে গন্ধ দিবা ধরি, ঘন সার করিয়া মিসাল।

আত্মবন্ধু সবে মেলি কহিল পণ্ডিতে। সকলে বলেন বর-ভ্রমণ করিতে॥ পণ্ডিত শুনিয়া তাহা কৈল অঙ্গীকার। সকলের স্বভিক্তি কর্ত্তব্য আমার॥ শুনি সবে আ্নন্দে ধাইল চতুর্ভিতে। যার যত আয়োজন একত্র করিতে॥ আনি উপস্থিত কৈল পণ্ডিতের দারে। দিব্য-চতুর্দ্দোলোপরি বসান প্রভুরে॥ বান্তকার সকলে বাজায় একতানে। কত শত শত বাছা উঠিল গগণে॥ নৰ্ত্তক গায়ন গায় স্থযন্ত্ৰিত ভানে। দিবা বস্ত্র-ভূষা-পরি প্রভু বিদ্যামানে ॥ দোলায় চলিলা নিত্যানন্দ-নগরেতে। আনন্দ-মঙ্গল-ধ্বনি হয় চতুৰ্ভিতে॥ সারি সারি দোয়ারে নগর-নারীগণ। শিশু-কোলে করি ধেয়া যায় কতজন ॥ পৌগণ্ড বালক আগে আগে কভ ধায়। আনন্দে উন্মন্ত কত শত গাত গায়॥ এইমতে নগর-ভ্রমিয়া-নিত্যানন্দ । পণ্ডিতের হুয়ারে উদয়-পূর্ণচন্দ্র ॥ পণ্ডিত আসিয়া নিল করেতে ধরিয়া। धुश, माल, शक्त, श्रुष्त्र, भाना शक्त निश **ज**न-धाता फिया लिना विवाद-छारनरत । স্ত্রীগণ মেলিয়া সব তলাতলি করে॥ নিত্যানন্দ দাঁডাইলা পিড়ার উপরে। অঙ্গের ছটায় দিক ঝল মল করে। বিপ্রগণ দাপমালা ধরি সব করে। নিত্যানন্দে সাত্যার প্রদক্ষিণ করে। ন্ত্রীগণ হাসয়ে সব মুখে-বস্ত্র দিয়া। পরস্পর অঙ্গে অঙ্গে পড়য়ে ঢলিয়া॥ কম্মা আনিলেন দিব্য-সিংহাসনোপরি। ফিরিলেন নিত্যানন্দে প্রদক্ষিণ করি॥

পান পুষ্প ছড়াইয়া সন্দর্শন কৈলা। স্বাভাবিক-প্রেম দোঁহার উদয় হৈলা॥ চিরদিন বিয়োগে দেখিয়া প্রাণনাথে। অভিমানে বস্তুধা রহিলা হেট-মাথে॥ পুনঃ তাঁরে লইলেন গুঁহের ভিতরে। ব্রাহ্মণ সকল বিধিমত ক্রিয়া করে॥ বছবিধ তৈজসাদি বস্ত্র অভরণ। সাক্ষাতে পণ্ডিত কৈল জামাতা বরণ॥ পুনঃ কন্তা আনিয়া করিল সম্প্রদান। পূর্ববাপর আছে যেন বেদের বিধান। বর-কন্মা লইলেন গৃহের ভিতরে। দিবা-শযা। পুষ্পময় পাতিয়া বাসরে॥ বিদ্যা যুবতী সব প্রবেশিলা ঘরে। রক্ষ পরিহাসে সবে জাগিল। বাসরে। এমন আনন্দ-রাত্রি প্রভাত হইলা। স্নান করি প্রভু কুশণ্ডিকাতে বসিলা ॥ বিধি শান্তে যজ্ঞাদিক কর্ম্ম সব কৈল। তারপর শত শত ব্রাহ্মণ-ভুঞ্জিল॥ এইমত আনন্দে কতেক দিন যায়। একদিন গুহে বসি নিভ্যানন্দ-রায়॥ কুষ্ণের-প্রসাদ-অন্ন করেন ভোজন। বারে বার শ্রীজাফবা দিছেন ব্যঞ্জন ৮ সূর্য্যাদাসের কন্মা হন বস্ত্র-কনিষ্ঠ:। বাল্যকালাবধি নিত্যানন্দে তার নিষ্ঠা॥ পারসিতে মস্তকের বসন খসিলা। আর তুই ভূজে নাস-সংভ্রম করিলা। ইহা দেখি নিত্যানন্দ করে আক্ষিয়া। বসাইল বস্থধারে দক্ষিণে আনিয়া॥ সূর্যদাস পণ্ডিতেরে কহিল এই কথা। জৌতুকে লইলাম কনিষ্ঠা এ ছহিতা॥ শুনিয়া পণ্ডিত গোসাঞি কৈলা স্বাকার। ভোমারে কিবা অদেয় আছয়ে আমার॥

জাতি প্রাণ ধন গৃহ পরিজন মোর। এক কালে সমর্পণ কৈলা পায়ে তোর ॥ এতেক কহি পণ্ডিত উর্দ্ধবাল করি। প্রেমে-পরিপূর্ণ নাচে বলে হরি হরি॥ হে কৃষ্ণ। যাদ্ধি হেন করিবে কখন। নিত্যানদের রহু মোর কায়-বাক্য-মন। এই সব কহিলেন স্বগণ আনিয়া। ভাল ভাল কহে তারা হাসিয়া হাসিয়া॥ তোমার সম্বন্ধে মোরা হলাম কৃতার্থ। প্রভু আজ্ঞা লজ্ফিবারে কাহার সামর্থ॥ • সবে কহে পণ্ডিতেরে যোড়হস্ত হৈয়া। কলিকালে নিলা তুমি ক্ষেত্রে কিনিয়া। এইমত অন্দিকাতে নিত্যানন্দ-রায়। প্রেমানন্দ-সিন্ধু-মাঝে লোকেরে ভাসায়। শ্রীকৃষ্ণচৈত্র নিত্যানন্দচান্দ জান। বুন্দাবন্দাস ভছু পদযুগে গান।

হতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতায়তে অন্তাখণ্ডে নিত্যানন্দপ্রভুগ্ন-বিবাহ

## বীরচন্দ্রপ্রভুরজন্ম ও নিত্যানন্দপ্রভুর-তিরোভাব।

#### এয়োদশঅধ্যায়

হেনমতে অম্বিকাতে নিত্যানন্দ-রায়। অনস্ত অচিন্ত্য লীলা করয়ে সদায়॥ এত সব প্রকাশেও কেহ নাহি চিনে। সিন্ধু মাঝে চন্দ্ৰ, যেন না জানিল মীনে। মন হৈল খডদহে করিব শ্রীপাট। প্রভু আজ্ঞা পালিবারে বসাইব হাট ॥ এত চিন্তি চলিলেন খডদহ-গ্রাম। প্রকট করিল তাহা আত্ম-লীলা-ধান ॥ গৃহাশ্রমীধর্ম্ম প্রভু সকলি করিল। "শ্যামস্থন্দর বিগ্রহ" সেবা প্রকাশিল ॥ শ্রীবস্থ-জাহ্নবা দোঁহে চরণ সেবয়ে। কারে কোনু শক্তি সঞ্চারিল স্বেচ্ছাময়ে ছুই-প্রিয়াসঙ্গে নানারস বিলাসিয়া। ছুই-প্রিয়ার মনবাঞ্চা পূর্ণ করিয়া। তুই-প্রিয়ার আনন্দের নাহিক ওর। নিত্যানন্দ-হেন-সামা পেয়ে প্রেমেভোর চৈতন্যচরণে দোঁহে প্রার্থনা করয়। জন্মে জন্মে যেন স্বামী নিত্যানন্দ হয়॥ শুভদিন শুভলগ্ন শুভক্ষণ পায়া। ঈশ্বর আপন বাক্য স্থদুত জানিয়া॥ শরৎ-कृष्धा-नवमो (वाधन फिराम । ঈশ্বাবিভাবে লোক আনন্দেতে ভাসে। তিন-লোকে জয় জয় হরিধ্বদি হৈল। দেবলোক নরলোক আনন্দে ভাসিল।

। थबा थया वस्न-नक्यी वर्तन नर्वकन। পুত প্রসবিলা যেমন চন্দ্র-বদন ॥ পঞ্চদশ–মাস তেজো-রূপী যে রহিলা। মার্গশীষ-শুক্ল-চতুর্থীতে প্রসবিলা॥ বারচন্দ্র রূপে পুনঃ-গোর-অবতার। যে না দেখেছে গৌর সে দেখুক এবার ॥ ভুবন-মোহন বাল্য-রূপে করে লীলা। দিন দিন বাড়ে যেন স্থধাংশুর-কলা॥ একদিন প্রভু বসিয়াছেন বাহিরে। হেনকালে \* 'অভিরাম' আইলা সম্বরে ৷ मामा-त्र-वलाइ विल प्रशास्त्र छाकिल। প্রাঙ্গনে আসিয়া পুনঃ অনেক হাসিল ॥ নিত্যানন্দ ধাইয়া ধরিল-তার-গলে। মধুর মধুর করি 'অভিরাম' বলে॥ "শুনিলাম তোমার যে হয়েছে সন্তান। আমারে দেখাও আমি করিব প্রণাম।" নিত্যানন্দ কহে "তুমি সকলি জান' সে। আমিত না জানি কোথাকারে আইল কে॥" এইমত ঠারে ঠোরে কহেন হুজনা। গলে গলে ধরি করে প্রেমের-কান্দনা॥ অভিরাম আইলা, শুনিয়া বস্তু-দেবী। কি করেন কৃষ্ণ এই মনে মনে ভাবি॥ শুনিতেছি শ্রীবিগ্রহে দণ্ডবৎ হৈয়া। আসিতেছে কত স্থানে বিদার করিয়া॥ বীরচন্দ্র শুইয়াছে খট্টার উপরি। দিব্য-স্থরঙ্গ বস্ত্র–খণ্ড বক্ষেতে ধরি॥

<sup>. - \*</sup> ছগলী জেলার অন্তর্গত খানাকুল থানার অধীন কৃষ্ণনগর গ্রামে "শ্রীশ্রীঅভিরামগোপাল" অতি গূঢ়তম লীলাদি প্রকাশ করিয়া শ্রীশ্রীকৃষ্ণের সরং সরূপ শ্রীশ্রীত গোপীনাথজাউ স্থাপন পূর্বক তথাকার অধিবাদী হইয়া ছিলেন।

এই কলিযুগে "শ্রীশ্রীঅভিরামগোপাল" জন্মপরিগ্রহ না করিয়া সেই দ্বাপরযুগের সপ্তহস্ত পরিমিত দেহতেই শ্রীরন্দাবন হইতে গৌড়

আধ আধ মুদি রহে নয়নের তারা 🏾 প্রদোষে কমল-কোষে ডবিছে ভ্রমরা॥ কজল উজ্জ্বল রেখা শ্রেকণের কাছে। গোময়-অঞ্জন-ফোঁটা ললাট্রের মাঝে॥ স্থচারু চিকুরে সন্মুখের,ঝুটী **সাজে**। যেবা নিরখে, তার জাগয়ে হিয়া-মাঝে॥ হেনকালে অভিরাম তথায় আসিয়া। অনিমিষে রছে, শিশুরূপ নির্থিয়া॥ নয়নে লাগিল যেন অমিয়া অঞ্জন। সর্বেবন্দ্রিয় জুড়াইল করি দরশন ॥ প্রভু শুইয়াছে নিঙ্গ খট্টার উপরে। অরুণ-কিরণ যেন গৃহেতে সঞ্চারে॥ উন্নত নাসিকা আর স্থন্দর কপাল। মহাভুজ দীর্ঘকায় বক্ষ স্থবিশাল ॥ কর-পদতলে যেন মাড়িল হিঙ্গুলে। মহাপুরুষের আকৃতি তার উপরে॥ দেখি আনন্দিত হইলেন অভিরাম। চরণের-তলে গিয়া করিলা প্রণাম ॥ উঠি দরশন করে পুনঃ দগুবৎ। বার বার তিন বার কৈলা এইমত ॥ যোগনিদ্রা হৈতে প্রভু জাগিয়া হাসয়। চরণ-চারণ-করি শিশুপ্রায় হয়॥ প্রদক্ষিণ করি পুনঃ দণ্ডবৎ করি। প্রেমানন্দে ভাসিয়া বলেন হরি হরি॥

দেশে বিহরণ করত শ্রীশ্রীগোরাক্সমহাপ্রভুর মনোরত্তি সাধনের বিশেষ পোষকতা করেন। শ্রীদানের আবির্ভাব অভাবে শ্রীশচীনন্দন "শ্রীকৃষ্ণ অচৈতন্ত্র" নাম ধরেন; শ্রীদাম 'অভিরাম' নামে আবির্ভূত হইলে পর শ্রীগোরাক্স "শ্রীশ্রীকৃষ্ণচৈতন্ত্র" নাম ধরিয়া জীবগণকে চেতনা দেন। শ্রীগোরাক্সই যে শ্রীকৃষ্ণ, এ বিষয়ের দৃঢ়তম প্রমাণ জন্যই শ্রীদাম দ্বাপর যুগের দেহতেই গৌড়মগুলে আইসেন। শ্রীগোরাক্ষ মহাপ্রভুর এই উদ্দেশ্য সিদ্ধির জন্য শ্রীদাম গৌড়মগুলে আসিবার কালে জন্ম গ্রহণ প্রবাদ স্বীকার করিলেন না।

শিন্যা বেণু বাজাইয়া বাহির আইলা। নিত্যানন্দ সমাদর করি বসাইলা॥ ময়ূর-পুচেছর-চুড়া, গুঞ্জ-পুষ্পা-মালা। মকর কুণ্ডল কানে হস্তে তাড় বালা h কটিতে কিঙ্কিণী ধড়া চরণে নৃপুর। কেতকী বরণ অঙ্গ গঠন মধুর॥ র্ষভান্য-নৃপতির নন্দন-শ্রীদাম। সেই সিদ্ধ-গোপমাত্র নাম অভিরাম॥ একরাত্র রহিয়া গেলেন অশ্য-স্থানে। উৎকণ্ঠা-আনন্দে ফেরে নাহি বিশ্রামে ॥ বাল্যলীলাচ্ছলে প্রভু আত্ম-প্রকাশিয়া। বিহরয়ে নিত্যানন্দচন্দ্রে স্থখ দিয়া॥ অদৈত-প্রভু শান্তিপুর হৈতে আইলা। দেখি আনন্দিত হৈয়া সাবধানে কৈলা।। "চোরের ঘরের চোর নিতি চুরি করে। এ চোর ধরিব মোরা কেমন প্রকারে ॥" সহজে অদ্বৈত প্রভু তর্জ্জায় সমর্থ। তাঁর কুপা যারে, সেই জানে সব অর্থ। প্রদক্ষিণ করিয়া অদ্বৈত গেলা পুরে। আর যত বৈঞ্চবাগ্রগণা গেলা ঘরে॥ এইমত বীরচন্দ্র বাল্য-লীলাবেশে। মনোহর লীলা করে দিবসে দিবসে 🛭 কি কহিব বীর**চন্দ্র** রূপের মাধুরী। যার যাহা নেত্র পড়ে রহে তাহা হেরি॥

দ্বাপরযুগে যিনি কৃষ্ণসথা শ্রীদাম, তিনিই কলিতে 'অভিরাম' নামে খ্যাত। ইনি শ্রীশ্রীকৃষ্ণের প্রধান সথা, দ্বাদশগোপালের প্রধান ও প্রথম গোপাল, সংগ্রপ্রেমরাশিভাব মাধুর্য্যের পূর্ণাবতার। ত্রেতাযুগেইনি দশরথাত্মজ্ঞ 'ভরত'।

শ্রীশ্রীঅভিরামগোপাল শ্রীশ্রীনিত্যানন্দপ্রভুর সন্তান কয়টা বিনষ্ট করিয়া দ্বিতীয় শ্রীগোরাঙ্গ শ্রীশ্রীবীরচন্দ্রের" প্রকাশ করেন।"

শ্রীশ্রীঅভিরামলীলামুত গ্রন্থ।

চরণে মগরা-খাড়ু বাঘনখ গলে। বিধি কি গডিল রূপ রসের মিসালে। বীরচন্দ্রে গৌরচন্দ্রে কিছু নাহি ভেদ। আবির্ভাব তিরোভাব মাত্র ক্লহে বেদ॥ সর্বব-অবতার শ্রেষ্ঠ টেকুন্স-গোঁসাই। তাঁহার দ্বিতায় দেহ নিত্যানন্দ-ভাই॥ চৈতন্য বিচেছদে প্রভুর সদা বিলাপ। কদাচিত বাহ্য হৈলে চৈতন্য-আলাপ। কায়মনোবাক্যে সদা চৈত্ত্য-ধেয়ায়। উচ্চৈঃশ্বর করিয়া হৈতত্য-গুণ-গায়॥ নিরস্তর খড়দহে অভ্যস্তরে স্থিতি। শ্যামস্থন্দরেও কভু দেখে 'গৌর-মূর্ত্তি'॥ কে বুঝিতে পারে নিত্যানন্দের প্রভাব। মন্দির প্রবেশ করি কৈলা তিরোভাব॥ পুনঃ প্রভু মনে ভাবি প্রবোধ হইলা। বস্থ-জাহ্নবারে লৈয়া গমন করিলা॥ তথা হৈতে একঢাকা করিলা গমন। বঙ্কিম-দেবেরে গিয়া করে দরশন। কতদিন বঙ্কিম-দেবেরে দেখি তথা। বঙ্কিম-দেবে অন্তৰ্জান হইল সেথা॥ প্রভু-দরশনাভাবে বৈশ্বব আকুল। এক বারচন্দ্র সবার প্রাণ-সমতুল। প্রভুর বিচ্ছেদে বীরচন্দ্র অম্যমন।। বিরলে বসিয়া সদা করয়ে ভাবনা।। কি করিব কোথা যাব বচন না স্ফুরে। অপ্রকট হৈলা প্রভু ছাড়িয়া আমারে॥ অনাথের নাথ প্রভু গেলেন চলিয়া। আমা সবে বিরহ সমুদ্রে ফেলাইয়া॥ হইয়া অচেতন, কাঁদে সব ভক্তগণ. হরি হরি বলি উচ্চস্বরে। কিবা মোর জীবন, কিবা মোর ধন জন,

প্রভু ছাড়ি গেলা সবাকারে ॥

মাথায় দিয়া কাত, বুকে মারে নির্ঘাত, হরি হরি নিত্যানন্দ রায়। অনায়াসে চলি গেলা. আমা সবা না বলিলা. काँद्रि उच्छ धूलाग्न धूमत्र ॥ শুনিয়া ক্রন্দন রব, নদীয়ার লোক সব দেখিতে আইসে সব ধাঞা। সবে পায় মহা ছুঃখ, না দেখি প্রভুর মুখ, কাঁদে সবে মাথে হাত দিয়া।। তারা কাঁদে অবিরত নাগরিয়া যত ভক্ত. বাল বৃদ্ধ নাহিক বিচার। काँ ए जिंद की श्री श्री करिय

বাল বৃদ্ধ নাহিক বিচার।
ব স্ত্রী-পুরুষে, পাষণ্ডীগণ হাসে,
নিতাইরে না দৈখিমু আর ॥
পতিতপাবন-নিত্যানন্দ-মহাপ্রভু।
তাঁহার চরণ বিন্মু না সেবিহ কভু॥
অতিশয় মূর্থ-জন না জানে মহিমা।
বলে অন্য বোল সেই পাপিষ্ঠের দীমা॥

জয় নিত্যানন্দ চৈতন্যের প্রিয়তম।
ব্রিজগতে আর কেহ নাহি তোমা' সম॥
আনন্দকন্দ মহাপ্রাভু প্রেমভক্তিদাতা।
যে সেবয়ে সে-ই ভক্তি পায়ে ত সর্বর্থা॥
সকল জীবের প্রভু! করিলা প্রসাদ।
ক্ষেমিলা সকল মহা মহা অপরাধ॥
শ্রীকৃষ্ণচৈতন্যদেব নিত্যানন্দ-নাম।
পৃথিবীর ভাগ্য অবতারি অমুপাম॥
আর কি কহিব কথা ভাগ্যের অবধি।
শ্রীচৈতন্য-নিত্যানন্দ মহা-গুণনিধি॥
অভিমান দুরস্ক তথি, না পাই কৃষ্ণে রতি।

অভিমান চুরস্ত তথি, না পাই কৃষ্ণে রতি ইহা জানি নিতাানন্দে করহ ভকতি॥ যাহার প্রসাদে পামর পাইল নিস্তার। হেন প্রভু-নাম হার হউক গলার॥ জয় জয় নিত্যানন্দ প্রেমময় (রূপ) ধাম। স্বভাবে পরম শুদ্ধ নিত্যানন্দ-নাম॥

জগত-তারণ-হেতু যাঁর অবতার ৷ যে জন না ভজে সে-ই পাপের আকর॥ শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যাসন্দ এক-দেহ। ইহাতে নিশ্চয় করি কর' এক লেহ॥ পরানন্দময় তুহুঁ মূর্ত্তি রসাল। নিতাইচৈতন্যপ্রভু শ্রীরাম-গোপাল। ইহাতে করয়ে ভিন্ন অতি বুদ্ধিহীন। আর না দেখিয়ে তার বিষ্ণুভক্তিচিন ॥ জয় জয় শচীস্থত আনন্দবিহার। পতিতপাবন নাম বিদিত ঘাঁহার॥ নিজ নাম দিয়া জীব নিস্তার করিলা। হেন দয়াময় প্রভু ভজিতে নারিলা॥ কায়-বাক্য-মনে মোর প্রভুর শরণ। মোর সম পভিত নাহিক ত্রিভুবন॥ জয় জয় গৌরচন্দ্র ভুবনস্থন্দর। প্রকাশহ পদ মোর হৃদয়-ভিতর॥ যত যত বিহার করিলা গৌড়দেশে। সকল প্রকাশ মোর হউক বিশেষে n জয় জয় লক্ষ্মীকান্ত ত্রিভুবননাথ। চরণে শরণ মোর হউক একাস্ত॥ আর অবতারে কহি নানাবিধ ধর্ম। কেবল কহিল এবে প্রেমভক্তিমর্শ্ম॥ ইহাতে যাহার মতি নহিল আনন্দ। তাহারেই জানিহ পাপিষ্ঠ মহা-অন্ধ॥ সর্বব-বৈষ্ণবের পায়ে মোর নমস্কার। ইথে অপরাধ কিছু নহুক আমার॥ সংসারের পার হৈয়া ভক্তির সাগরে। যে ডুবিব সে ভজুক্ নিতাই-চাঁদেরে॥ আমার প্রভুর প্রভু শ্রীগৌরস্থন্দর। এ বড় ভরসা চিতে ধরি নিরস্তর ॥ কেহ বলে "প্রভু নিত্যানন্দ বলরাম।" কেহ বলে "চৈতন্যের মহাপ্রিয় ধাম॥"

বেহু বলে "মহা-তেজীয়ান অধিকারী। কেহ বলে "কোনরূপ বুঝিতে না পারি॥" কিবা যতী নিতাানন্দ কিবা ভক্ত-জ্ঞানী। যার যেন মত-ইচ্ছা না বলয়ে কেনি॥ যে সে কেনে চৈতনোর নিতানিক নহে। সে চরণ-খন মোর রক্তক হৃদয়ে॥ জয় জয় নিত্যানন্দ চৈতন্য-জীবন। ভোমার চরণ মোর হউক শরণ। তোমার হইয়া খেন গৌর-গুণ-গাই। জন্মে জন্মে যেন তোমা' সংহতি বেডাই॥ এই মোর কাম্য যেন দেখা পাই তান। যে পড়ে যে শুনে তারে মিলে প্রেম-ধন॥ আনে কহে ভক্ত সব তোমা পরতন্ত্র। যখন যা কর প্রভু তুমিত স্বতন্ত্র॥ এইমত ঈশর-লালার নাহিক বিচ্ছেদ। আবিভাব তিরোভাব মাত্র কহে বেদ॥ শ্রীক্ষণতৈত্য নিত্যানন্দচান্দ জান। বুন্দাবনদাস তছ পদযুগে গান॥

ইতি শ্রীশ্রীনিত্যানন্দচরিতামূতে অন্ত্যখণ্ডে বারচল্রপ্রভুরজন্ম নিত্যানন্দপ্রভুর তিরোভাব নাম এয়োদশোহধ্যায়ঃ॥

#### সন্ত্যগণ্ড দমাপ্ত।

ইতি শ্রীলবৃন্দাবনদাস ঠাকুর বিরচিতং শ্রীশ্রীনিত্যানন্দচরিতায়ত গ্রন্থ সম্পূর্ণম্

### পরিশিষ্ট

## নিত্যানন্দপ্রভুর-পারিষদগণ বর্ণন

ভজ ভজ ভাই! হেন প্রভু-নিত্যানন্দ। যাঁহার প্রসাদে পাই প্রভু-গৌরচন্দ্র॥ নিত্যানন্দস্তরূপের পারিষদগণ। নিরবধি সবেই পর্মানন্দ-মন কার কোনো কর্ম্ম নাহি সংকীর্ত্তন-বিনে সবার গোপালভাব বাডে ক্ষণে ক্ষণে ॥ বেত্র, বংশী, শিঙ্গা, ছাঁদদড়ি গুঞ্জাহার। তাড় খাড়ু গায়ে, পা'য়ে নুপুর সবার॥ নিরবধি সবার শরীরে কৃষ্ণভাব। **অশ্রু**, কম্প, পুলক—যতেক অনুরাগ ॥ সবার সৌন্দর্য্য যেন অভিন্ন-মদন। নিরবধি সবেই করেন সংকীর্দ্তন ॥ পাইয়া অভয় স্বামী প্রভু নিত্যানন্দ। নিরব্ধি কৌতুকে থাকেন ভক্তবৃন্দ ॥ নিত্যানন্দস্বরূপের দাসের মহিমা। শতবৎসরেও কহি বারে নাহি সীমা। তথাপিহ নাম কহি-জানি যাঁর যাঁর। নাম মাত্র স্মরণেও তরিয়ে সংসার॥ যাঁর যাঁর সঙ্গে নিত্যানন্দের বিহার। সবে নন্দগোষ্ঠী-গোপ-গোপী-অবতার॥ নিত্যানন্দস্বরূপের নিষেধ লাগিয়া। পূৰ্ব্ব-নাম না লিখিল বিদিত করিয়া॥ পরম পার্যদ-রামদাস মহাশয়। নিরবধি ঈশ্বর-ভাবে সে কথা কয়'॥

যাঁর বাক্য কেহ ঝাট না পারে বুঝিতে নিরবধি নিত্যা**নন্দ** থাঁর **হৃদয়েতে**॥ সবার অধিক ভাব-গ্রস্ত রামদাস। যাঁর দেহে ক্লুফ আছিলেন তিন মাস।। প্রসিদ্ধ চৈতন্যদাস মুরারিপণ্ডিত। থাঁর খেলা মহাসর্প-ব্যায়ের সহিত। রঘুনাথ-বৈদ্য-উপাধ্যায় মহামতি। যাঁর দৃষ্টিপাতে কৃষ্ণে হয় রতি মতি॥ প্রেমভক্তি-রসময় গদাধরদাস। যাঁর দরশন-মাত্র সর্বব-পাপ-নাশ ॥ প্রেমরস-সমুদ্র—স্থন্দরানন্দ-নাম। নিত্যানন্দস্তরপের পার্যদপ্রধান॥ পণ্ডিত-কমলাকান্ত-পরম-উদ্দাম। যাঁহারে দিলেন নিত্যানন্দ সপ্তগ্রাম॥ গৌরীদাসপণ্ডিত—পরমভাগ্যবান। কায়-মন-বাক্যে নিত্যানন্দ যাঁর প্রাণ॥ বড়গাছি নিবাসী স্থকৃতি কৃষ্ণদাস। যাঁহার মন্দিরে নিত্যানন্দের-বিলাস।। পুরন্দরপণ্ডিত—পরম শাস্ত দাস্ত। নিত্যানন্দসরূপের বল্লভ একান্ড॥ নিত্যানন্দজীবন পর্মেশ্বরদাস। যাঁহার বিগ্রহে নিত্যানন্দের বিলাস ॥ ধনপ্রয়পণ্ডিত মহান্ত বিলক্ষণ। যাঁহার হৃদয়ে নিত্যানন্দ সর্বক্ষণ।। প্রেমরুসে মহামত্ত-বলরামদাস। যাঁহার বাতাসে সব পাপ যায় নাশ। যতুনাথ কবিচন্দ্র—প্রেমরসময়। নিরবধি নিত্যানন্দ যাঁহারে সদয়॥ জগদীশপণ্ডিত-পরমজ্যোতির্ধাম সপার্বদে নিত্যানন্দ যাঁর ধন প্রাণ॥ পণ্ডিতপুরুষোত্তম—নবদ্বীপে জন্ম। নিত্যানন্দস্তরূপের মহাভূত্য মর্ম্ম॥

পূর্বের যাঁর ঘরে নিত্যানন্দের বস্তি। যাঁহার প্রসাদে হয় নিত্যানন্দে মতি॥ রাতে জন্ম মহাশয় দ্বিজ-কৃষ্ণদাস। নিত্যানন্দপারিষদে যাঁহার বিলাস।। প্রসিদ্ধ কালিয়া-কৃষ্ণদীস ত্রিভুৰনে। গৌরচক্র লভ্য হয় যাঁহার স্মরণে॥ সদাশিবকবিরাজ—মহাভাগ্যবান্। যাঁর পুত্ত-শ্রীপুরুষোত্তমদাস-নাম। বাহ্য নাহি পুরুষোত্তমদাদের শরীরে। নিত্যানন্দচন্দ্র যাঁর হৃদয়ে বিহরে॥ উদ্ধারণদত্ত—মহাবৈষ্ণব উদার। নিত্যানন্দসেবায় যাহার অধিকার॥ মহেশপণ্ডিত-অতি পরম মহাস্ত। পরমানন্দ-উপাধ্যায়—বৈষ্ণব একাস্ত॥ চতুভূজিপণ্ডিত নন্দন গঙ্গাদাস। পূর্বের যাঁর ঘরে নিত্যানন্দের বিলাস॥ আচার্ঘ্যবৈষ্ণবানন্দ—পর্ম-উদার। পূর্বের রঘুনাথপুরী নাম খ্যাতি যাঁর॥ প্রসিদ্ধ পরমানন্দগুপ্ত মহাশয়। পূর্বের যাঁর ঘরে নিত্যানন্দের আলয়॥ কৃষ্ণদাস দেবানন্দ—তুই শুদ্ধমতি। মহান্ত আচাৰ্য্যচন্দ্ৰ—নিত্যানন্দগতি॥ গায়েন মাধবানন্দ্রোষ মহাশয়। বাস্তদেবঘোষ—অতি প্রেমরসময়॥ মহাভাগ্যবস্ত জীবপণ্ডিত উদার। যাঁর ঘরে নিত্যানন্দচন্দ্রের বিহার॥ নিত্যানন্দপ্রিয়—মনোহর নারায়ণ। কৃষ্ণদাদদেবানন্দ—এই চারিজন॥ যত ভূত্য নিত্যানন্দচন্দ্রের সহিতে। শত-বৎসরেও তাহা না পারি লিখিতে॥ সহস্র সহস্র এক সেবকের গণ। নিত্যানন্দপ্রসাদে তাঁহারা গুরু-সম॥

শীতৈতন্যরসে সবে পরম উদ্ধান।
সবার চৈতন্য নিত্যানন্দ—ধন প্রাণ।
কিছুমাত্র আমি লিখিলাম জানি যাঁরে।
সকল বিশিক্ত হৈব বেদব্যাস-দ্বারে॥
সর্ববেশেষ ভূত্য তান —রন্দাবনদাস।
অবশেষপাত্র-নারায়ণী-গর্ভ্জাত॥
অদ্যাপিও বৈষ্ণবমগুলে খার ধ্বনি।
"চৈতন্যের অবশেষপাত্র নারায়ণী॥"
সে সবার বিধিমতে মন্ত্র যন্ত্র লয়ে।
নিত্যানন্দ সহ ভজ গৌর কৃপাময়ে॥
শীকৃষ্ণচৈত্ত্য নিত্যানন্দ পদে আশ।
ভক্ত-কৃত্য কহে রন্দাবনচন্দ্র দাস॥

"অপ্রেকৈকগতিঃ নিত্যানন্দচন্দ্রময়ী প্রভুঃ। যদিচ্ছয়া পামরোহপি উত্তমশ্লোকমায়তেঃ।

মন নিত্যানন্দ বলি ডাক। এমন দয়াল প্রভু, আর না পাইবে কভু, कामग्र कमरल कति त्रांश॥ নটন কীৰ্ত্তন কলা, কিবা সে মধুর লালা, অতাব গন্তীর অবতার। আপনার গুপ্ত ধনে, আনি মর্ত্তে করি দানে, ত্রাণ কৈল এ তিন সংসার॥ পরশ মণির গুণে তুচ্ছ লাগে মোর মনে, লৌহ পরশিলে হেম করে। নিতাই চৈতন্য গুণে, সান করে কত জনে, রতন হইল বরে ঘরে 🛭 আমোদে বলিয়া হরি, নাম সঙ্গীর্ত্তন করি, প্রেমাবেশে পড়ে লোটাইয়া। এমতে করিলা আশ, কহে বৃন্দাবন দাস, বঞ্চিত রহিমু অভাগিয়া॥

> গুরুদেব ! এই প্রার্থনা করি দদাই। যেন অন্তে মিলে হরিরে গৌরনিতাই॥